এতং মমেহ সন্দে হং বক্তুমহস্থারিন্দন ! ॥২২॥
ধর্মঃ কিংলক্ষণঃ প্রোক্তঃ কথং বা চরিতুং নরৈঃ।
শক্যো ধর্ম্মবিন্দদ্ভিধ শক্তঃ ! বদ মে প্রভো!॥২৩॥

নারদ উবাচ।

ততো মুনিগণঃ দর্বস্তাং দেবীং .প্রত্যপূজ্বৎ। বাগ্ ভিশ্ব গ্ ভূষিতার্থাভিঃ স্তবৈশ্চার্থবিশারদৈঃ ॥২৪॥

মহেশ্বর উবাচ।

অহিংসা সত্যবচনং সর্বভূতামুকম্পনম্। শমো দানং যথাশক্তি গার্হস্থ্যো ধর্ম উত্তমঃ ॥২৫॥

ভাবতকোমুদী

অন্তেডি। ঋষিসভ্যন্ত মূনিগণস্ত ॥২২॥

धर्म हेकि। किः कीषृषः तक्ष्यः यञ्ज मः॥२७॥

তত ইতি। প্রত্যপ্তরং প্রাশংসং স্বাভিপ্রেতপ্রশ্নকরণাং। ঝচামিব মন্ত্রাণামিব ভূবিতঃ প্রমাণত্যা প্রশন্তঃ অর্থো বাসাং তাভিঃ অর্থানাং বিশার্মনঃ স্কুপ্রকাশকৈঃ ॥২৪॥

আহিংগেতি। সর্বভ্তের্ অন্তক্তশনং দল্লাকরণম্, শম ইন্দ্রিযদমনম্ ॥২৫॥ ভাবতভাবদীপঃ

ক্ষেয়ম্ ॥১৩—১৯॥ বোগজ্ধর্মং বৃবং বারাণসীং শ্বশানঞ্চ সেবিভূমশক্তানাং তপআদিকং বিধাতৃং ভগবন্নিত্যাদিগ্রস্থি: প্রবর্ত্ততে ॥২০॥ তপোবেষঃ তপঃস্চকো বেষো নথলোমজটাধানি-

প্রভূ! এই মুনিগণ তপস্থা কবিতেছেন বলিষা তপস্থাব উপযোগী বেষ ধারণ কবিয়া নানাবিধকপে জগতে ভ্রমণ কবিষা থাকেন ॥২১॥

শক্রদমনকাবী ভগবন্। এই ঋষিগণেব ও আমার প্রীতি কামনা করিয়া এখন আপনি আমার এই সন্দিশ্ধ বিষয় বলিতে পাবেন ॥২২॥

ধর্মজ্ঞ প্রভূ! ধর্মেব কি লক্ষণ বলা হইযাছে ? অলব্ধর্মা মনুযাগণই বা কিপ্রকাবে সেই ধর্মাচবণ কবিতে পাবে ? তাহা আপনি আমাব নিকট বলুন' ॥২৩॥

নাবদ বলিলেন—'ভাহাব পৰ সমস্ত মুনিগণ মন্ত্ৰের স্থায সদৰ্থ বাক্য এবং সদৰ্থপ্ৰকাশক স্তবদ্বাবা সেই দেবীৰ প্ৰশংসা কৰিলেন' ॥২৪॥

মহাদেব বলিলেন—'হিংসানাকবা, সভ্যবাক্য বলা, সর্বভৃতে দযা প্রকাশ, ইক্রিয়দমন ও শক্তি অনুসাবে দান কবা—এইগুলি গৃহস্থেব উত্তম ধর্ম॥২৫॥

⁽२२) এতরামেহ সন্দেহম্—दक्ष वर्षः।

পরদারেষসংসর্গো স্থাসম্ভ্রীপররক্ষণম্। অদক্তাদানবিরমো মধুমাংসস্থ বর্জনম্ ॥২৬॥ এব পঞ্চবিধাে ধর্মোে বহুশাখঃ হুখােদয়ঃ। দেহিভিধ র্মপরমৈশ্চর্তব্যা ধর্মসম্ভবঃ ॥২৭॥

উযোবাচ।

ভগবন্ ! সংশয়ঃ পৃষ্টস্তন্মে শংসিতৃমইসি ।
চাতুর্বর্ণ্যস্ত যো ধর্মঃ স্বে স্বে বর্ণে গুণাবহঃ ॥২৮॥
ব্রাহ্মণে কীদৃশো ধর্মঃ ক্ষত্রিয়ে কীদৃশো ভবেৎ ।
বৈশ্যে কিংলক্ষণো ধর্মঃ শুদ্রে কিংলক্ষণো ভবেৎ ॥২৯॥

মহেশ্বর উবাচ।

স্থায়তন্তে মহাভাগে! সর্বশঃ সমুদীরিতঃ। ভূমিদেবা মহাভাগাঃ সদা 'লোকে দ্বিজ্বাতয়ঃ॥৩০॥

ভারতকৌমুদী

পরেতি। স্থাসভূতা নিক্ষিপ্তা যা স্ত্রী তস্তাঃ পরিবন্ধণমপরিত্যাগঃ, অদন্তাদানবিধয়ঃ চৌর্যাপরিত্যাগঃ ॥২৬॥

এব ইতি। পঞ্চবিধ: পূর্ববচনোক্ত: পঞ্চপ্রকার: পরবচনোক্তপঞ্চপ্রকারণ সম্বামেন দশ্বিধঃ, বছশাখো বছপ্রকার:, স্থাক্ত উদয়ো স্বাৎ স:। ধর্ম এব পরম: শ্রেটো যেবাং তৈ: অপরে। ধর্ম: সম্ভবত্যক্রাদিতি স:॥২৭॥

ভগবন্ধিতি। সংশয়ং অন্তঃ সন্দেহং, পৃষ্টঃ পৃক্ততে ॥২৮॥ ব্ৰাহ্মণ ইতি। কিং কীদৃশং লক্ষণং যন্ত সং ॥২০॥

পরপ্রী সংসর্গ না করা, গচ্ছিত স্ত্রী বক্ষা করা, চৌর্য্য পরিত্যাগ কবা এবং মন্ত ও মাংস বর্জন কবা ॥২৬॥

পূর্ববচনোক্ত পঞ্চিথ এবং প্রবচনোক্ত পঞ্চিথ—এই দশবিধ ধর্মই আরও বন্ধ প্রকার স্থান্তনক ও ধর্মান্তরোৎপাদক হইয়া থাকে, অতএব ধর্মনিষ্ঠ লোকেবা এই সকল ধর্মেব অনুষ্ঠান করিবেন'॥২৭॥

পার্বতী বলিলেন—'ভগবন্। চাবিবর্ণের মধ্যে নিজ নিজ বর্ণে উৎকর্বজনব যে যে ধর্ম আছে, সেই সকল ধর্ম বিষয়ে আর একটা সন্দিন্ধ বিষয় আছে, তাহা আমি জিজ্ঞাসা করিতেছি, আপনি উহ। আমাব নিকট বলুন ॥২৮॥

বান্ধণেব কিপ্রকাব ধর্ম ? ক্ষতিয়েব কীদৃশ ধর্ম হইবে ? বৈশ্যেব কিংম্বরণ ধর্ম ? এবং শুজেবই বা কীদৃশ ধর্ম অনুষ্ঠেয় হইবে ?' ॥২৯॥

⁽৩০) সংশয়: সম্দীবিত:-- পি।

উপবাসঃ সদা ধর্ম্মো ব্রাহ্মণশু ন সংশয়ঃ।
স হি ধর্মার্থসম্পনো ব্রহ্মভূষায় কল্পতে ॥৩১॥
তশু ধর্মাক্রিয়া দেবি । ব্রহ্মভর্ম্যা চ স্থায়তঃ।
ব্রতোপন্যনং চৈব দ্বিজ্ঞো যেনোপপগুতে ॥৩২॥
গুরুদৈবতপূজার্থং স্বাধ্যায়াভ্যাসনাত্মকঃ।
দেহিভিধর্মপবনৈশ্চর্তব্যো ধর্মসম্ভবঃ॥৩৩॥

উযোবাচ।

ভগবন্ ! সংশ্যো মেহস্তি তং মে ব্যাখ্যাতুম্ইসি । চাতুর্বর্ণ্যস্থ ধর্মাং বৈ নৈপুণ্যেন প্রকীর্ত্তয ॥৩৪॥

মহেশ্বর উবাচ।

রহস্তপ্রবর্ণং ধর্ম্মো বেদত্রতনিষেবণম্। অগ্রিকার্ব্যং তথা ধর্ম্মো গুরুকার্য্যপ্রসাধনম্॥৩৫॥

ভারতকোমুদী

শ্বাৰত ইতি। সৰ্বশং সৰ্বপ্ৰকাৰো ধৰ্মঃ। ভূমৌ পৃথিব্যাং দেবা: ॥৩০॥ উপেতি। উপ ব্ৰহ্মসমীপে বাসো ষম্মাদিত্যপৰাস ইক্ৰিৰজ্বঃ। ব্ৰহ্মভূষায় ব্ৰহ্মদ্বাভাষ। "ভাবে ভূবঃ" ইতি ভূবো ভাবে ক্যপ্॥৩১॥

তস্তেতি। ব্রহ্মচর্য্যা ব্রহ্মচর্য্যম্। বেন ব্রতোপনয়নেন বিব্ধ উপপদ্ধতে সম্পদ্ধতে, বির্জাযত ইতি বিহুঃ ইতি ব্যুৎপত্তেঃ, উপন্যমস্ত জন্মান্তবন্ধপদ্ধাৎ ॥৩২॥

শুর্বিতি। স্বাধ্যায়ানাং বেদানাম্ অভ্যাসনাত্মক: অভ্যাসরপোধর্ম্ম:, দেহিভিত্র স্মিণে: ।৩০॥ ভগবন্নিতি। নৈপুণ্যেন বিশেষভাবেন ॥৩৪॥

মহাদেব বলিলেন—'মহাভাগে। আমি ভোমাব নিকট সর্বপ্রকাব ধর্মাই বলিভেছি। মহাত্মা ব্রাক্ষণেবা জগতে সর্ববদাই পৃথিবীব দেবভাত্মকপ ॥৩০॥

সর্বদা ইন্দ্রিয় জয়ই ব্রাক্ষণের ধশ্ম, এবিষয়ে কোন সন্দেহ নাই। কাবণ, ব্রাহ্মণ উক্তবিধ ধর্মসম্পন্ন হইয়া ব্রহ্মন্থ লাভ কবিতে পাবেন ॥৩১॥

দেবি ! ব্ৰাহ্মণেৰ ধৰ্মানুষ্ঠান, ব্ৰহ্মচৰ্য্য এবং স্থাযানুসাৰে ব্ৰভৰূপ উপন্যন কৰ্মব্য ; যাহাতে তিনি দ্বিন্ধ হইযা থাকেন ॥৩২॥

ধর্মনিষ্ঠ ব্রাহ্মণেবা গুরুপ্জা ও দেবতাপূজাব নিমিন্ত বেদাভ্যাসকপ ধর্মাচবণ কবিবেন' ॥৩৩॥

পার্বতী বলিলেন—'ভগবন্। আমাব আব একটা সন্দেহ আছে, আপনি আমাব নিকট তাহাব উত্তব বলুন, বিশেষভাবে চাবিবর্ণেব ধর্ম কীর্ত্তন ককন' ॥৩৪॥

⁽৩৪) ভন্মে ব্যাখ্যাভূমর্হসি—বন্ধ বর্দ্ধ মি।

ভিক্ষচর্য্যা পরো ধর্ম্মো নিত্যযজ্ঞোপবীতিতা।
নিত্যস্বাধ্যায়িতা ধর্ম্মো ব্রহ্মচর্য্যাঞ্জমস্তথা ॥৩৬॥
শুরুণা চাভ্যসুজ্ঞাতঃ সমাবর্ত্তেত বৈ দ্বিজঃ।
বিদ্যেতানস্তরং ভার্য্যামসুরূপাং ষথাবিধি ॥৩৭॥
শুরুষরর্জনং ধর্মস্তথা সৎপথসেবনম্।
ধর্ম্মো নিত্যোপবাসিত্বং ব্রহ্মচর্য্যং তথৈব চ ॥৩৮॥
আহিতাগ্রিরধীয়ানো জুহ্বানঃ সংযতেন্দ্রিয়ঃ।
বিদ্যাশী ষতাহারো গৃহস্থঃ সত্যবাক্ শুচিঃ ॥৩৯॥
অতিথিব্রততা ধর্মো ধর্মস্ত্রেতাগ্রিধারণম্।
ইপ্তীশ্চ পশুবদ্ধাংশ্চ বিধিপূর্ব্বং সমাচরেৎ ॥৪০॥

ভাৰতকৌমুদী

वहरक्रि । वहक्रानाः खश्चवानीनाः खेवनम् ।००।

ভৈক্ষেতি। নিতাস্বাধ্যায়িতা প্রতাহবেদগাঠ: ॥৩৬॥

গুরুণেতি। সমাবর্দ্ধেত গৃহে প্রত্যাবর্দ্ধেত, বিন্দেড লভেড ।৩৭।

শুব্রেডি। নিভ্যোপবাসিত্বং নক্তব্রতম্ ॥৩৮॥

আহিতেতি। আহিতো হোমায স্থাপিতঃ অগ্নির্ধেন সঃ, অধীয়ানো বেদম্, জুবোনো হোমং কুর্বন্, বিষসাশী দেবতাতিথিডোজনশেবভোজী ॥৩১॥

অভিণীতি। ত্রেভায়িধারণং দক্ষিণায়ি-গার্হপত্যাহ্বনীয়রপায়িয়য়ক্ষণম্। ইষ্টার্যজ্ঞান্, পশুবদ্ধান্ যজার্থনেব বৃপেষ্ পশুবদ্ধনানি ॥৪০॥

মহাদেব বলিলেন—'গুপ্তমন্ত্ৰপ্ৰভৃতি শ্ৰবণ, বেদপাঠ, ব্ৰতান্ত্ৰ্চান, হোম ও শুকুৰ কাৰ্য্যসম্পাদন—এইগুলি ধৰ্মকাৰ্য্য ॥৩৫॥

ভিক্ষা করা ও সর্বনা যজ্ঞোপবীত ধাবণ প্রম ধর্ম এবং প্রভ্যন্থ বেদাধ্যয়ন ও বেন্দার্হ্যাশ্রম গ্রহণ সামাশ্র ধর্ম ॥৩৬॥

ব্রাহ্মণ গুরুর অমুমতি লইয়া গৃহে প্রত্যাবৃত্ত হইবেন; তাহার পর যথা-বিধানে নিজের অমুরূপা ভার্য্যা গ্রহণ করিবেন ॥৩৭॥

শূজার বর্জন ও সংপথসেবন ধর্ম এবং প্রভাহ উপবাস ও ব্লচর্ষ্য ধর্ম ॥৩৮॥

অগ্নিস্থাপন, বেদপাঠ, হোম, ইন্দ্রিয়সংযম, দেবতা ও অতিথির শেবভোজন, সংযত আহাব, সত্যবাক্য ও পবিত্রতা—এইগুলি গৃহস্থের ধন্ম ॥৩৯॥

নিয়ত অতিথিসেবা ধন্ম এবং ত্রিবিধ অগ্নিস্থাপন ধন্ম ; আব ব্রাহ্মণ যথা-বিধানে যজ্ঞ ও যজ্ঞার্থ পশুবন্ধন করিবেন ॥৪০॥ যজ্ঞশ্চ পরমো ধর্মস্তথাহহিংসা চ দেহিরু।
অপূর্বভোজনং দির্মো বিঘসাশিদ্ধমেব চ ॥৪১॥
ভূজে পরিজনে পশ্চাদ্ভোজনং ধর্ম উচ্যতে।
ব্রাহ্মণস্থা গৃহস্থস্য শ্রোত্রিয়স্থা বিশেষতঃ ॥৪২॥
দম্পত্যোঃ সমশীলত্বং ধর্মঃ স্থাদ্গৃহসেধিনঃ।
গৃহ্থাণাং চৈব দেবানাং নিত্যং পুষ্পাবলিক্রিয়া ॥৪৩॥
নিত্যোপলেপনং ধর্মস্তথা নিত্যোপবাসিতা।
স্থান্ম্যৌপলিপ্তে চ সাজ্যধুমো ভবেদ্গৃহে ॥৪৪॥
এষ দ্বিজজনে ধর্মো গাইস্থো লোকধারণঃ।
দ্বিজানাঞ্চ সতাং নিত্যং সদৈবৈষ প্রবর্ত্তে ॥৪৫॥

ভারতকৌমুদী

যুক্ত ইডি। অহিংসা হিংসাত্যাগ:। পূর্বস্থ পূর্বভুক্তস্তব্যস্ত ভোজনং পূর্বভোজনং ন পূর্বভোজনমপূর্বভোজনম, অহুচ্ছিইভোজনমিত্যর্থ: বিদ্যাশিষং দেবভাভিণিশেষ-ভোজিমু ॥৪১॥

ভূক ইতি। শ্রোত্তিবমাহ দেবল:--"একাং শাখাং সকলাং বা বভ্ভিরলৈরধীত্য বা। বট্কর্মনিরতো বিপ্র: শ্রোত্তিযো নাম ধর্মবিং ॥" ॥৪২॥

া দম্পভ্যোরিতি। সমশীলত্বং নিরামিধভোজনাদিসমানস্বভাবত্বস্। গৃহাণাং গৃহস্থিতানাম, পুশাণাং বলীনামক্যোগহারাণাঞ্চ, ক্রিয়া পূজার্থং দান্ম্ ॥৪৩।

নিড্যেডি। নিড্যোপলেপনং দেবগৃহস্ত, নিড্যোপবাসিতা প্রভাহং দেবগৃহোপস্থিতি:। সাজ্যধুমো হোসকরণাৎ সন্থভতিলধাক্তাদিধুম: ॥৪৪॥

ভাবতভাবদীপঃ

স্বাদি: ॥২১—২৬॥ পঞ্চিধ: অহিংদাদিবিশিটো গার্হস্তাধশ্বাদিং, ধর্মত পুণ্যতা দম্ভবো যোনিং
॥২৭—৩০॥ উপবাস ইন্দ্রিয়জ্য: ।৩১—৪০॥ অপূর্কভোজনং পূর্বভোজনং প্রাণ্ডোজনং

যজ্ঞ এবং প্রাণিগণেব হিংসা না করা প্রম ধর্মা, আব অনুচ্ছিষ্ট ভোজন এবং দেবতা ও অতিথিব শেষভোজন ধর্মা ॥৪১॥

গৃহস্থ সাধাৰণ ব্ৰাহ্মণেৰ, বিশেষতঃ শ্ৰোত্ৰিয় ব্ৰাহ্মণেৰ পক্ষে পৰিজনবৰ্গেৰ ভোজনের পৰে ভোজন কৰাকে ধন্ম বিলা হইয়া থাকে ॥৪২॥

গৃহস্থ পতি ও পত্নীব সমান স্বভাব হওয়া ধর্ম এবং প্রভাহ গৃহস্থিত দেব-গণের পুষ্প ও অক্সান্ত উপহাবদাবা পূজা কবা ধর্ম ॥৪৩॥

প্রতাহ দেবগৃহলেপন ও দেবগৃহে উপস্থিতি গৃহস্থের ধর্ম এবং স্থুমার্জিত ও উপলিপ্ত দেবগৃহে মৃত ও তিলধান্ত প্রভৃতিব ধৃম উত্থিত হইবে ॥৪৪॥

⁽B4) **বিজাতীনাং সভাং নিত্যস্—নি**।

যস্ত ক্ষত্রগতো দৈবি । স্থা ধর্ম উদীরিতঃ।
তসহং তে প্রবক্ষামি তমে শৃণু সমাহিতা ॥৪৬॥
ক্ষত্রিয়স্থ স্মৃতো ধর্মঃ প্রজাপালনমাদিতঃ।
নির্দিষ্টফলভোক্তা হি রাজা ধর্মেণ যুজ্যতে ॥৪৭॥
প্রজাঃ পালয়তে যো হি ধর্মেণ সকুজাধিপঃ।
তস্থ ধর্মাজ্জিতা লোকাঃ প্রজাপালনসঞ্চিতাঃ॥৪৮॥
তস্থ রাজঃ পরো ধর্মো দমঃ স্বাধ্যায় এব চ।
অগ্রিহোত্রপরিস্পদো দানাধ্যয়নমেব চ॥৪৯॥
যজোপবীতধরণং যজো ধর্মাজিয়ান্তথা।
ভূত্যানাং ভরণং ধর্মঃ ক্বতে কর্ম্মণ্যোঘতা॥৫০॥

ভারতকোমূদী

थव हेिख। *क्लाक्*शंत्रत्भा बाक्यनमास्राह्मतत्रक्कः ॥८८॥

ষ ইভি। উদীরিতঃ পূর্ব্বমূক্তঃ, সমাহিতা কৃতমনোযোগা ॥৪৬॥

ক্ষত্রিক্তেতি। আদিত আন্তঃ প্রধান ইত্যর্থ:, নির্দিষ্টস্ত শাস্ত্রনির্দিতস্ত ফলস্ত শস্তাদি-ষড়্ভাগস্ত ভোক্তা ॥৪৭॥

প্রজা ইভি। ধর্মেণ কব্দিডা আয়ম্ভীরুডা:, লোকা: বর্গা: ॥৪৮॥

ज्ञाजि । तम हेक्षियतमनम्, सोगारा दिवशोठीः, जित्रीरहाज्ज शिवण्यमः मण्यातनम्, सानम्, जशातनः खर्ताः भोजनिक्ष्यम् ॥३३॥

বজেতি। ভৃত্যানাং ভরণীবানাম্। ক্রতে আবরে ॥৫০॥

গৃহস্থ ব্ৰাহ্মণগণেৰ এই ধৰ্ম ব্ৰাহ্মণসমাজেৰ আচাৰবক্ষক; অভএৰ সৰ্ব্বদা প্ৰত্যহ উৎকৃষ্ট ব্ৰাহ্মণগণেৰ এই ধৰ্ম চিলিয়া থাকে ॥৪৫॥

দেবি! আমি পূর্বেক ক্ষত্রিযজাতিব যে ধর্ম বলিয়াছিলাম, তাহা এখন তোমাব নিকট বলিতেছি; তাহা তুমি মনোযোগিনী হইয়া প্রবণ কর ॥৪৬॥

প্রজাপালনই ক্ষত্রিয়েব প্রধান ধর্ম এবং বাজা প্রজাবর্গেব নিকট হইডে শস্তপ্রভৃতিব শান্ত্রনির্দিষ্ট ষষ্ঠ ভাগ গ্রহণ কবিয়া ধর্মযুক্ত হইয়া থাকেন ॥৪৭॥

যে রাজা ধর্মানুসাবে প্রজা পালন কবেন, ভাঁহাব সেই প্রজাপালন ধর্মেব গুণে স্বর্গ সকল আয়ত্তীকৃত হয় ॥৪৮॥

ইন্দ্রিদমন, বেদপাঠ, অগ্নিহোত্র হোম, দান এবং অধ্যয়ন সেই ক্ষত্তিয়েব প্রমুধ্য ॥৪৯॥

যজোপবীত ধাৰণ যজ্ঞ, অস্থান্ত ধর্মকার্য্যেব অনুষ্ঠান ও ভবণীয় ব্যক্তিবর্গেব ভরণ এবং আরক্ষ কার্য্যের সফলতা ক্ষত্রিয়েব ধর্ম ॥৫০॥

⁽৪৯) অগ্নিহোত্রপরিস্থন্য-শি।

সম্যগ্দণ্ডে স্থিতির্ধর্ম্মা ধর্ম্মা দেবক্রত্বক্রিয়াঃ।
ব্যবহাবস্থিতির্ধর্মাঃ সত্যবাক্যরতিন্তথা ॥৫১॥
আর্ত্রহুপ্রদাে রাজা প্রেত্য চেহ মহীয়তে।
গোব্রাহ্মণার্থং বিক্রান্তঃ সংগ্রামে নিধনং গতঃ।
আর্মমেধজিতার্মে কানাপ্রোতি ত্রিদিবালয়ে ॥৫২॥
বৈশ্যস্ত সততং ধর্মাঃ পাশুপাল্যং কৃষিস্তথা।
আরিহোত্রপরিস্পান্দে। দানাধ্যয়নমেব ॥৫৩॥
বাণিজ্যং সৎপথস্থানমাতিথ্যং প্রশমো দমঃ।
বিপ্রাণাং স্বাগতং ত্যাগো বৈশ্যধর্ম্মঃ সনাতনঃ ॥৫৪॥
তিলান্ গন্ধান্ রসাংশৈচব বিক্রীণীধান্ন চৈব হি।
বণিকৃপথমুপাসীনো বৈশ্যঃ সৎপথসাঞ্রিতঃ ॥৫৫॥

ভাৰতকৌমূদী

সমাগিতি। সমাগ্দণ্ডে অপরাধিনো ফাষ্যদণ্ডবিধানে, দেবানাং জিষা: পূজা:, জতুনাং জিয়াশ্চাহ্ছটানানি, ব্যবহারে বাদিপ্রতিবাদিনো ফাষ্যবিচারে স্থিতি:, সভ্যবাক্যে রতি-রহুরাগশ্চ।৫১॥

আর্থ্ডেডি। আর্থেষ্ দারিক্রাদিনা পীভিতেষ্, হস্তপ্রদ: সাহায্যার্থং হস্তক্ষেপ্তা, প্রেডা পর্যানেক ইহলোকে চ মহীয়তে পূজ্যো ভবতি। অখনেধেন যজেন জিতান্, অজিতান্ লোকান্ স্থানানি, ত্রিদিবাদ্যে স্থানি। ষট্পাদোহযং শ্লোকঃ ॥৫২॥

বৈশ্বভেতি। অগ্নিহোত্রেন্ত পরিম্পান্য: সম্পাদনম্॥৫৩॥

বাণিজ্যমিতি। প্রশম: অস্তরিজিয়দমনম্, দমো বহিবিজিয়া দমনম্, আগতানাং বিপ্রাণাং স্বাগতং সংপূচ্য ত্যাগো দান্ধ ॥ ৪॥

অপবাধীৰ ভাষ্য দশুবিধান, দেবপৃজা, যজামুষ্ঠান, স্থাষ্যবিচার ও সভ্যবাক্যে অনুবাগ ক্ষতিয়েৰ ধন্ম ॥৫১॥

বাজা পীড়িতেব সাহায্য কৰিয়া ইহলোকে ও পরলোকে সম্মানিত হন; আব গো ও ব্রাহ্মণেৰ জন্ম বিক্রম প্রকাশ এবং যুদ্ধে মৃত্যু বাজার ধর্ম। এই কপ বাজা স্বর্গলোকে অধ্যমেধ্যজ্ঞলভ্য স্থান লাভ করেন ॥৫২॥

পশুপালন, কৃষি, অগ্নিহোত্রানুষ্ঠান, দান ও অধ্যয়ন বৈশ্বের প্রাত্যহিক বন্দ ॥৫ খা

বাণিজ্ঞা, সংপথে অবস্থিতি, অতিথিসংকাব, অস্তবিজ্ঞিযদমন, বহিবিজ্ঞিযদমন এবং ব্ৰাহ্মণ উপস্থিত হইলে উাহাকে স্থাগতপ্ৰশ্ন কবিয়া দান কবা— এইগুলি বৈশ্যেৰ সনাতন ধৰ্ম ॥৫৪॥ সর্বাতিথাং ত্রিবর্গস্থ যথাশক্তি যথাইতঃ।
শৃদ্রধর্মঃ পরো নিত্যং শুশ্রুষা চ দ্বিজাতিয়ু॥৫৬॥
স শৃদ্রঃ সংশিততপাঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
শুশ্রেমরতিথিং প্রাপ্তং তপঃ সঞ্চিমুতে মহৎ॥৫৭॥
নিত্যং স হি শুভাচারো দেবতাদ্বিজপূজকঃ।
শৃদ্রো ধর্মফলৈরিকৈঃ সম্প্রযুজ্যেত বুদ্ধিমান্॥৫৮॥
এতত্তে সর্ব্বমাখ্যাতং চাতুর্বর্ণ্যস্থ শোভনে।।
একৈকস্থেহ স্বভগে। কিম্মত ্শ্রোত্মিছেদি॥৫৯॥
উমোবাচ

উক্তস্ত্রয়া পৃথগ্ধর্ম-চাতুর্বণ্যহিতঃ শুভঃ। সর্বব্যাপী তু যে। ধর্মো ভগবংস্তদ্ত্রবীহি মে॥৬०॥

ভারতকোমুদী

ভিলানিভি। त्रभान् भारतान्। উপাসীनः व्यवस्थानः uccu

সংবৃতি। স্বাভিথাং জাতিবর্ণনির্বিশেষে সর্বেষামেবাতিথাকরণম, ত্তিবর্ণভা ধর্মাথ-কামানামছষ্ঠানম্, ষ্থাইতো যোগ্যভাম্সারেণ ॥৫৬॥

স ইতি। সংশিতভগা: প্রশংসিভভগশ্বরণ: ॥৫ १॥

নিভানিভি। ইটেধ নজনাণিভি: ॥৫৮॥

এত্দিতি। চাতুৰ্বৰ্ণ্যক্ত ৰাক্ষণাদীনাং চতুৰ্ণাং বৰ্ণানাম্ । ধনা

উक्ट हे कि । नर्दगांत्री नर्द्दर्यनाधादणः ॥७०॥

সংপথবর্তী ও বাণিজ্যব্যবসায়ী বৈশ্য তিল, গদ্ধজ্ব্য ও পারদ বিক্রয় করিবেন না ॥৫৫॥

জাতিবর্ণনিবিবশেষে সকলেবই আতিখ্যকরণ, শক্তি ও যোগ্যভায়ুসারে ধর্ম, অর্থ ও কামের অনুষ্ঠান এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যেব পরিচর্য্যা—এইগুলি সর্ববদাই শুদ্রের পরম ধর্ম ॥৫৬॥

যে শৃত্ত, প্রশস্কভাবে তপস্থ। করেন, সত্যবাদী ও জিতেন্দ্রিয় হন এবং উপস্থিত অতিথিব সেবা কবিয়া থাকেন; সেই শৃত্ত গুকতর তপস্থাই করেন ॥৫৭॥

সর্বদা সদাচারসম্পন্ন এবং দেবতা ও ছিজাতির পূজক সেই বুদ্ধিমান্ শুজ অভীষ্ট ধর্মফল লাভ করিয়া থাকেন ॥৫৮॥

সুন্দবি! ভাগ্যবিভি! এই আমি তোমার নিকট ব্রাহ্মণাদি চারিবর্ণের মধ্যে প্রত্যেক বর্ণের সমস্ত ধন্ম বলিলাম; এখন তুমি আব কি শুনিতে ইচ্ছা কল্প ॥৫১॥

মহেশ্বর উবাচ।

ব্রাহ্মণা লোকসারেণ স্থকী ধাত্রা গুণার্থিন।।
লোকাংস্তারয়িত্বং কুৎস্নান্মর্ত্ত্যের ক্ষিতিদেবতাঃ ॥৬১॥
তেষানপি প্রবন্ধ্যামি ধর্মকর্মফলোদয়ন্।
ব্রাহ্মণের হি যে। ধর্মঃ স ধর্মঃ পরমো মতঃ ॥৬২॥
ইমে তে লোকধর্মার্থং ত্রয়ঃ স্থকীঃ স্বয়ন্তুবা।
পৃথিব্যাং সর্জনে নিত্যং স্থকীংস্তানপি মে শৃণু ॥৬০॥
বেদোক্তঃ পরমো ধর্মঃ স্বৃতিশাস্ত্রগতোহপরঃ।
শিক্ষাচীর্ণোহপরঃ প্রোক্তস্ত্রয়ো ধর্মাঃ সনাতনাঃ ॥৬৪॥

ভারতকৌমুদী

ব্ৰাহ্মণা ইভি। লোকানাং জগভাং সাবেণ শ্ৰেষ্ঠপদাৰ্থেন, গুণাৰ্থিনা স্টানাং ব্ৰাহ্মণানামেৰ উৎক্ৰান্তিলাবিণা। মৰ্জ্যেৰু লোকেষু ৮৬১॥

তেবামিতি। ফলানাম্ উদয় উৎপত্তিবঁশাৎ তৎ, ধর্মাকর্ম প্রবক্ষ্যামি ॥৬২॥
ইম ইতি। অন্নো বক্ষ্যমাণা ধর্মাঃ। সর্জনে সংগ্রী প্রাবৃত্তেনেতি শেষঃ॥৬৩॥
অতঃ কে তে অয়ো ধর্মা ইত্যাহ বেদোক্ত ইতি। শিষ্টেরাচীর্ণ আচ্বিতঃ॥৬৪॥
ভাবতভাবদীপঃ

তদভাব: সক্কণ্ডোজনমিত্যর্থ: 18১—৪৬। নির্দিষ্টঃ বড্ভাগ: আর্ত্রহন্তেত্যার্তপ্রিয় ইত্যর্থ: । আর্ট্রেভি পাঠে সঙ্গলেন হন্তেন দদাভি 18৭—৫৫। সর্বপ্রকারেণাভিণ্যং সর্ব।ভিণ্যম্ 11৫৬—৬২॥

পার্বতী বলিলেন—'ভগবন্! আপনি বাংলাগি চারিবর্ণের হিওজনক ও মঙ্গলকর পৃথক্ পৃথক্ ধর্ম বলিলেন; এখন যে ধর্মটী সর্বসাধারণ, ভাহা আপনি আমার নিকট বলুন' ॥৬০॥

মহাদেব বলিলেন—'গুণাভিলাষী বিধাত। সমস্ত লোক্ উদ্ধার করিবার জগু জগতের সারবস্তবারা মর্ত্তালোকে পৃথিবীর দেবতাম্বরূপ আহ্বাণগণকে সৃষ্টি করিয়াছেন ॥৬১॥

সেই ত্রাহ্মণগণেরও ফলজনক ধর্মকর্ম বলিডেছি। ত্রাহ্মণগণেব যে ধর্ম রহিয়াছে, সেই ধর্মই উত্তম ধর্ম বলিয়া সকলের অভিমত ॥৬২॥

পৃথিবী সৃষ্টি করণে প্রবৃত্ত ব্রহ্মা জনসাধারণের ধর্মের জন্ত এই সেই তিনটা ধর্ম সৃষ্টি করিয়াছিলেন। সেই সৃষ্ট তিনটা ধর্ম আমাব নিকট প্রবণ কর ॥৬৩॥ বেদোক্ত ধর্ম পরম ধর্ম এক, স্মৃতিশাজোক্ত ধর্ম দিতীয় এবং শিষ্টজনাচরিত

ধর্ম ডৃডীয়-এই ডিনটী ধর্মই সনাতন ধর্ম ॥৬৪॥

ত্রৈবিছো ব্রান্ধণো বিদান চাধ্যয়নজীবকঃ।

ত্রিকম্মণ ত্রিপরিজান্তো নৈত্র এষ স্থাতো দ্বিজঃ ॥৬৫॥

ষড়িমানি তু কম্মণি প্রোবাচ ভুবনেশ্বরঃ।

রন্ত্যর্থং ব্রাহ্মণানাং বৈ শৃণু ধম্মণিন সনাতনান্ ॥৬৬॥

যজনং যাজনকৈব তথা দানপ্রতিগ্রহোঁ।

অধ্যাপনকাধ্যয়নং ষট্ কম্মণ ধর্ম ভাগ্ দ্বিজঃ ॥৬৭॥

নিত্যঃ স্বাধ্যাবিতা ধন্মেণ ধর্মেণ যজঃ সনাতনঃ।

দানং প্রশন্তে চাস্ত যথাশক্তি যথাবিধি ॥৬৮॥

শমস্ত্রপরমো ধর্মঃ প্রবৃত্তঃ সংস্ত নিত্যশঃ।

গৃহস্থানাং বিশুদ্ধানাং ধর্মস্ত নিচয়ো মহান্ ॥৬৯॥

ভাবতকৌমুদী

বৈবিশ্ব ইতি। তিত্ৰ ঝক্দামযজুৰ্গতা বিশ্বা বেন্তীতি বৈবিশ্ব:, অধ্যয়নেন জীবভীতি দঃ। জীণি দানাধ্যমনযজনানি কৰ্মাণি যক্ত সঃ, জীন্ কামক্ৰোধলোভান্ পরিক্রান্তঃ অভিক্রান্তঃ এব উদুশো বিজ্ঞো ব্রাহ্মণঃ মৈত্রঃ সর্কেবামেব প্রাণিনাং মিত্রভূতঃ স্বতঃ ।৬৫॥

বড়িতি। ইমানি বক্ষ্যমাণানি, ভূবনেশ্বরো ব্রহ্মা, বৃত্ত্যর্থং জীবিকানির্বাহার্থন্ ॥৬৬॥ বন্ধনমিতি। উক্তানি ষট্কর্মাণি বক্ষ সং, বিজো ব্রাহ্মণঃ ॥৬৭॥ নিত্যমিতি। স্বাধ্যাবিতা বেদপাঠঃ, সনাতনশ্চিরস্তনঃ ॥৬৮॥

শম ইতি ৷ শম: ইন্দ্রিষদসনম্, উপরমো বিবয়বৈরাগ্যম্, নিভাশ: প্রভাহং সংস্ক কর্মন্থ সন্ধ্যাবন্দনাদিষু প্রবৃত্তো ভবেদ্রান্দণ: ৷ তেন চ মহান্ ধর্মস্ত নিচয়: সম্হো ভবতি ॥৬১॥

ঋক্, সাম ও যজুর্বেদে অভিজ্ঞ বিদ্যান ব্রাহ্মণ চিব্কাল অধ্যয়নদ্বারা জীবন অতিবাহিত করিবেন না। দান, অধ্যয়ন ও যজন এই তিনটা তাঁহার কর্ম এবং কাম, ক্রোধ ও লোভ এই তিনটা তিনি অতিক্রম করিবেন; এরূপ ব্রাহ্মণকে সকলেবই মিত্র বলিয়া জানিবে ॥৬৫॥

ব্রহ্মা, ব্রাহ্মণগণের এই ছয়টা কর্ম বলিয়াছেন। দেবি। ভূমি ব্রাহ্মণগণের জীবিকানিবাহের জন্ম সনাতন ধর্ম সকল শ্রবণ কর্মাড্ডা

যজন, যাজন, দান, প্রতিগ্রহ, অধ্যয়ন ও অধ্যাপন—এই ষ্টুকর্মশালী ব্রাহ্মণ ধর্মভাগী হন ॥৬৭॥

প্রভাহ বেদপাঠ বাক্ষণের ধর্ম, যজ্ঞামুষ্ঠান তাঁহার সনাতন ধর্ম এবং শক্তি অমুসারে ও যথাবিধানে দান কবাও ব্রাক্ষণের পক্ষে প্রশস্ত ॥৬৮॥

ইন্দ্রিদমন ও বিষয়বৈরাগ্য বাহ্মণের ধর্ম এবং বাহ্মণ প্রভাহ সন্ধ্যা-বন্দনাদি সংকার্যো প্রবৃত্ত হইবেন। ভাহা হইলে গৃহস্থ বিশুদ্ধ বাহ্মণগণের বিশাল ধর্মসমূহ উৎপন্ন হইয়া থাকে ॥৬৯॥ পঞ্চযক্তবিশুদ্ধান্তা সভ্যবাগনসূত্যক:।
দাতা ব্রাহ্মণসংকর্ত্তা সুসংমুফনিবেশন:॥৭০॥
অমানী চ সদাজিক্ষঃ স্মিগ্ধবাণীপ্রদন্তথা।
অতিথ্যভ্যাগতবিতঃ শেষামক্তভোজনঃ॥৭১॥
পাত্যমর্ত্যং যথাভাষমাসনং শ্রনং তথা।
দীপং প্রতিশ্রেষ্টেশ্ব যো দদাতি স ধান্মিকঃ॥৭২॥
প্রাতক্ষথায় চাচম্য ভোজনেনোপমন্ত্র্য চ।
সংকৃত্যানুব্রজেদ্যস্তু তন্তু ধন্মঃ সনাতনঃ॥৭০॥
সর্ব্বাতিথ্যং ব্রিবর্গন্ত যথাশক্তি নিশানিশম্।
শ্রেধর্মঃ সমাধ্যাতন্ত্রিবর্গপরিচারণম্॥৭৪॥

ভারতকৌমুদী

পঞ্চে। পঞ্যজ্ঞানাহ সহঃ—"অধ্যাপনং ব্রহ্মযক্তঃ পিতৃযক্তম্ব তর্পণম্। হোমো দৈবো বলিভোঁতো নুযক্তোহভিথিপুজনম্॥" অসংমুচং পরিসাজ্জিতং নিবেশনং গৃহং যতা সং॥৭০॥

অমানীতি। সদা অমানী অনহকারী, অঞ্জিলঃ অকুটিলঃ, সিগ্ধবাণীপ্রদঃ সম্বেহবাক্যবক্তা, অভিখ্যভ্যাগতরো রতিরহুরাগো বস্তু সং শেষারেন তত্ত্তাবশিষ্টারেন কৃতং ভোক্তনং যেন সং ॥৭১॥

পাছমিতি। শম্বনং শয়। নৃ, প্রতিপ্রবং বাসস্থানম্ ॥ ৭২॥
প্রাতরিতি। উপমন্ত্র নিমন্ত্র্য, সংকৃত্য ভোজনাদিনা ॥ ৭৩॥
সর্বেতি। ত্রিবর্গক্ত ধর্মার্থকামানাসম্প্রানমিতি শেষ:। নিশানিশং প্রতিরাত্তং প্রভাহমিত্যর্থ:।
উক্তক্ত ত্রিবর্গক্ত পরিচারণং পরিজনেরু প্রচার: ॥ ৭৪॥

বান্ধণ অধ্যাপনাদি পঞ্চযজ্ঞেব অনুষ্ঠান কবিয়া শুদ্ধচিত, সভ্যবাদী, অসুযাশৃত্য, দাভা, বান্ধণের সহিত সদ্ব্যবহারকাবী ও পরিমাজ্জিত গৃহ হইয়া খাকেন ॥৭০॥

গৃহস্থ সর্বদা অহস্কানশৃক্ত, সবল, সম্নেহভাষী, অতিথি ও অভ্যাগতের প্রতি অমুরক্ত এবং ডাহাদের ভূক্তাবশিষ্ট অর ভোজনকাবী হইবে ॥৭১॥

যে লোক অভ্যাগত ব্যক্তিকে স্থায় অনুসাবে বাসস্থান, পান্ত, অৰ্ঘ্য, আসন, শ্ব্যা ও প্ৰদীপ দান কৰে, সেই লোককেই ধাৰ্ম্মিক বলা হয় ॥৭২॥

যে লোক প্রাতঃকালে গাত্রোখানপূর্বক আচমন করিয়া ভোজনের জন্ম কোন ব্যক্তিকে নিমন্ত্রণপূর্বক ভোজনাদিদ্বাবা ভাহার আদব করিয়া ভাহার অনুগমন কবে, সেই লোকের চিবস্থায়ী ধর্ম হয় ॥৭৩॥

প্রত্যহ শক্তি অনুসারে সকলেবই অভিথি সংকার ধর্ম, অর্থ ও কামের

প্রবৃত্তিলক্ষণো ধর্মো। গৃহক্ষের্ বিধীয়তে।
তমহং বর্ত্তবিশ্বামি সর্বভৃতহিতং শুভ্য ॥৭৫॥
দাতব্যমসকৃত্ততা যক্তব্যমসকৃত্তথা।
পুষ্টিকর্মবিধানক্ষ কর্তব্যং ভৃতিমিচ্ছতা ॥৭৬॥
ধর্মেগার্থঃ সমাহার্য্যো ধর্মালব্ধং ত্রিধা ধনম্।
কর্তব্যং ধর্মাপরমং মানবেন প্রযন্ততঃ ॥৭৭॥
একেনাংশেন ধর্মার্থক্ততিব্যো ভৃতিমিচ্ছতা।
একেনাংশেন কামার্থ একমংশং বিবর্দ্ধয়েৎ ॥৭৮॥
নির্ত্তিলক্ষণস্তুত্যো ধর্মো। মোক্ষায় তিঠিত।
তত্ম বৃত্তিং প্রবক্ষ্যামি শৃণু মে দেবি। তত্ত্তঃ ॥৭৯॥
সর্বেভ্তদয়া ধর্মো। ন চৈক্প্রামবাসিতা।
আশাপাশবিমোক্ষণ্ট শস্ততে মোক্ষকাঞ্জিশাম্॥৮০॥

ভারতকৌমুদী

প্রবৃত্তেতি। প্রবৃত্তিসক্ষণো বিষয়াস্তিক্রপ:। বর্ত্তয়িক্সামি বক্ষামি ॥१৫॥
দাতব্যাস্তি। পৃষ্টিকর্দ্রণাং পূত্র্যাগাদীনাং বিধানম, ভৃতিং সম্পদম্ ॥१৬॥
ধর্মেণেতি। অর্থো ধনম, সমাহার্য্য: সমানেয়ঃ, ধর্মদক্ষং ধনং জিধা ভোগার্থং দানার্থং
সঞ্চয়ার্থক। ধর্ম এব পরমঃ শ্রেষ্ঠো যম্ম তৎ তাদৃশং কার্য্যম্ ॥११॥

ধনক্ত ত্রৈবিধামাহ একেনেতি। ধর্ম এবার্থো ধর্মার্থ: ॥१৮॥ নিবৃত্তীতি। নিবৃত্তিলক্ষণো বিষয়বৈবাগ্যরূপ:। বৃত্তিং স্বভাবম্ ॥१३॥

অমুষ্ঠান এবং পবিজনবর্গেব মধ্যে সেই ধর্ম, অর্থ ও কামের প্রচার করা;

গৃহস্থের পক্ষে প্রারম্ভিই বিহিত হইয়াছে। দেবি! সর্বভূতের হিছে ও মঙ্গলজনক সেই ধর্ম আমি বলিতেছি॥৭৫॥

সম্পত্তিকামী মাতৃষ শক্তি অনুসারে বছবার দান, অনেকবার যজ্ঞ ও পুত্র-যাগাদি পুষ্টিকশ্ম করিবে ॥৭৬॥

মার্ষ যত্নপূর্বক ধর্মদ্বারা ধন আহরণ করিবে। ধর্মলক্ষ ধনকে ভিন-প্রকার করিবে এবং সর্ববদাই ধর্মপ্রধান কার্য্য করিবে ॥৭৭॥

সম্প্রকামী মামুষ ধনেব এক অংশদারা ধর্মাচরণ করিবে, এক অংশদারা কামভোগ কবিবে এবং এক অংশ বর্দ্ধিত করিবে ॥৭৮॥

দেবি। নিবৃত্তিরূপ অক্স ধর্ম মোক্ষসাধক হইরা থাকে। আমি যথাযথভাবে ডাহার স্বরূপ বলিডেছি, ভূমি শ্রবণ কর ॥৭৯॥ ন কুট্যাং নোদকে সঙ্গো ন বাসসি ন চাসনে।
ন জিদণ্ডে ন শ্বনে নাগো ন শরণাল্যে ॥৮১॥
অধ্যাত্মগতিচিত্তো যন্তম্মনান্তৎপরায়ণঃ।
যুক্তো যোগং প্রতি সদা প্রতিসংখ্যানমের চ ॥৮২॥
রক্ষমূলপরো নিত্যং শূন্যাগারনিবেশনঃ।
নদীপুলিনশাযী চ নদীতীররতিশ্চ যঃ॥৮৩॥
বিমৃক্তঃ সর্বসঙ্গেরু সেহবন্ধেরু চ দ্বিজঃ।
আত্মহাত্মনা ভাবঃ সমাসজ্জেত বৈ দ্বিজঃ॥৮৪॥

ভারতকৌমূদী

সর্বেতি। আশাগাশবিমোক্ষো নিস্পৃহত্বম্ ॥৮०॥

নেতি। ক্টাং ক্টারে, জিনতে বৈৰপালাশবৈণবরূপে দগুল্লয়ে, শরণালয়ে রক্ষকগৃছে
মুমুকো: নকো ন কর্ত্তব্য ইতি শেষ: ॥৮১॥

অধ্যাত্মেতি। অধ্যাত্মগতে নির্বাণনাতে চিত্তং বস্তা স: ভশ্মিন্ ব্রহণে মনো যতা স: ভদ্বশৈষ পরামণং পরমাশ্রেষা যতা স:, যুক্ত একাঞাচিত্তশ্চ ভবেৎ, প্রতিসংখ্যানমধ্যনসায়শ্চ কর্ত্তব্যঃ ॥৮২॥

ব্বক্ষেতি। বৃক্ষম্লখেব পরং পরমাঞ্জারো বস্তু সঃ, শৃত্যাগার্মেব নিবেশনং গৃহং বস্তু সঃ। নদীতীরে রভিরবস্থিত্যস্বাগো বস্তু সঃ, এবস্তুতো যঃ স মুমুক্রিত্যর্থ: ক্লেআ

বিমুক্ত ইভি। স্বাস্থানি ব্ৰহ্মণ্যেৰ ভাবো লাভশ্চেষ্টা, স্বাস্থান্তৰ সমাসক্ষেত চ ৮৪॥

মোক্ষার্থী মানবঁদিগের সর্বভূতে দ্যাই ধর্মা, এক গ্রামে বাস না করাই স্বভাব এবং আশাপাশ পবিভ্যাগ কবাই প্রশস্ত ॥৮০॥

মোকার্থী মানুষ কুটাবে, জলে, বস্ত্রে, আসনে, দত্তে, শয্যায়, জয়িতে কিংবা কোন রক্ষকের গৃতে আসক্তি কবিবেন ন। ॥৮১॥

যিনি নির্বাণমুক্তি লাভ কবিবাব ইচ্ছ। কবেন, তিনি ব্রহ্মগতচিত্ত, ব্রহ্ম-পরায়ণ, ব্রহ্মে একাগ্রচিত্ত হইবেন এবং যোগবিষয়ে সর্বাদা অধ্যবসায় কবিবেন ॥৮২॥

যিনি মোক্ষার্থী হইবেন, তিনি সর্বাদা বৃক্ষমূলে বা শৃত্যগৃহে আশ্রয় লইবেন, ন্দীপুলিনে শয্যা কবিবেন এবং নদীতীবে অনুবক্ত বহিবেন ॥৮৩॥

মুমুক্ষ্ ব্রাহ্মণ সমস্ত সংসর্গ এবং সমস্ত স্নেহবন্ধন হইতে বিমুক্ত থাকিবেন, প্রমাত্মাতেই নিচ্ছেব সমস্ত চেষ্টা প্রযোগ কবিবেন এবং প্রব্রহ্মেই আসক্ত বহিবেন ॥৮৪॥

⁽৮১) ন শবর।লয়ে—পি। (৮৩) বৃক্ষমূলচরে। নিত্যমৃ—পি।

স্থাপুত্তো নিরাহারো মোক্ষদৃষ্টেন কন্মণা।
পরিব্রজ্ঞতি যো যুক্তন্তশ্র ধন্মঃ সনাতনঃ ॥৮৫॥
ন চৈকত্র সমাসক্রোন চৈকপ্রামগোচরঃ।
মুক্তো হুটতি নিম্মুক্তো ন চৈকপুলিনে শয়ঃ ॥৮৬॥
এম মোক্ষবিদাং ধন্মো বেদোক্তঃ সংপ্রথঃ সতাম।
যো মার্গমন্থাতীমং পদং তক্স চ বিভাতে ॥৮৭॥
চতুর্বিধা ভিক্ষবক্তে কুটীচরবহুদকো।
হংসঃ পরসহংসশ্চ যো যঃ পশ্চাৎ স উত্তমঃ ॥৮৮॥
সতঃ পরতরং নান্তি নাবরং ন তিরোগ্রতঃ।
সতঃখমন্ত্র্থং সাম্যমজরামরমব্যয়ম্॥৮৯॥

ভাবতকোমূদী

স্থাপুরিতি। স্থাপুত্তঃ প্রাথেণৈর ধ্যানেন স্থিরীভূতঃ। মুক্তো বন্ধণোরৈকাগ্রচিতঃ ৮০। নেতি। একত্র কলিরপি বন্ধনি। মুক্তো মুমুক্তঃ। নিশ্ব্ ক্তঃ সর্বনদাৎ ৮৮॥ এব ইতি। মার্গং পদানম্, পদং বন্ধবংগং স্থানম্ ৮৮॥

চত্রিতি। ক্টাাং চরতীতি ক্টাচরো গৃহবাসী, বহুহাদকানি যা স বহুদকা বহুদকা

ভাবতভাবদীপঃ

অয়ো ধর্মা:, গর্জনে সর্জনকালে ॥৬৩—৬৪। ত্রিকর্মা দানাধায়ন্যজনকর্মা, জীন কামজোধ-লোভান্ পরিক্রাপ্ত: পরিভাজা গভ: ॥৬৫—१১॥ অজিদ্ধ ইভি ছেদ: ॥१২—৮१॥ কুটীচক-বহুদকৌ ত্রিদণ্ডিনৌ একো গৃহে বসভি অপরস্তীর্থাক্তটভি, ইভরৌ একদণ্ডিনৌ ভবোরাদ্ব

যিনি সোক্ষশান্ত্রদৃষ্ট কর্ম অনুসারে ধ্যানের সময়ে স্থিরতর থাকেন, প্রায় সময়েই আহার করেন না এবং ত্রন্ধো একাগ্রচিত্ত হইয়া বিচরণ করেন, তাঁহার সেই ধর্মাই সনাতন মোক্ষধর্ম হয় ॥৮৫॥

মুমুক্ষ্ মান্ত্য কোন এক বস্তুতে আসক্ত কিংবা এক গ্রামবাসী হন না,
সর্ববিসক্ত বিমৃক্ত হইয়া বিচরণ কবেন এবং এক পুলিনে শয়ন করেন না ॥৮৬॥

এই মোক্ষ জ্ঞানীদিগের ধর্ম এবং সজ্জনগণের সংপথ বেদে উক্ত হইয়াছে। বিনি এই পথের অমুসরণ কবেন, তাঁহার ব্রহ্মপদ লাভ হয় ॥৮৭॥

সেই সন্ন্যাসীরা চাবিপ্রকার—কুটাচব, বহুদক, হংস ও পরমহংস। ইহাদের মধ্যে যিনি যিনি পববর্তী, তিনি তিনি শ্রেষ্ঠ ॥৮৮॥

⁽bb) কুটাচকবস্থদকো—বন্ধ বর্দ, কুটাচর: কুডোদক:—পি।

উমোবাচ।

গার্হস্থাে মােশধন্ম দি সজ্জনাচরিতস্ত্রথা।
ভাষিতাে জীবলােকস্থ সার্গঃ শ্রেমস্করাে মহান্॥৯০॥
খাষিধন্ম স্তি ধন্ম জি। ভােভিমিচহাম্যতঃ পরম্।
স্পৃহা ভবতি মে নিত্যং তপােবননিবাদিয়ু॥৯১॥
আজ্যধুমােদ্রবাে গদ্ধাে রুণজীব তপােবনম্।
তদ্দ্স্ট্রা মে মনঃ প্রীতং মহেশর! সদা ভবেৎ॥৯২॥
এতন্মে সংশয়ং দেব! মুনিধন্ম কৃতং বিভাে!।
সর্বধন্ম ধিতত্বজ্ঞ। দেবদেব! বদস্ব মে।
নিখিলেন ময়া পৃষ্টং মহাদেব! ষথাতথম্॥৯০॥

ভাবতকৌমুদী

আত ইতি। অতঃ পরমহংসাথ পরতরং শ্রেষ্ঠতরং ভূতং নান্তি, এতভূতং কলাদৃশি নাবরং ন নিরুষ্ট্রম্, অস্ত অগ্রতঃ পরমাত্মা ন তিরোভবতি, এতভূত্সভূংগমত্বং সাম্যং সর্ব্বে সমান্ত্রপম্, অজ্বামর্ম্ অব্যামক্ষণ ॥৮১॥

গার্হয় ইতি। গার্হয়: সজনাচ্বিতশ্চ ধর্ম: ॥১०॥

ঋষীতি। তপোবননিবানিযু ঋষিষু ॥১১॥

আব্যেতি। কণ্দ্ধি আরুণে।তি। প্রীতমানন্দিতম্ ॥৯২॥

এভমিতি। সংশবং সন্দিশ্ধবিষষ্। নিখিলেন সর্বপ্রকারেণ। বটুপাদোহয়ং স্লোক: ॥৯৩॥

এই প্রমহংস হইতে কেহ শ্রেষ্ঠ নাই, এই প্রমহংস কাহা হইতেও নিকৃষ্ঠ নহেন। তাহার সন্ম্থ চইতে প্রমান্তা অন্তর্হিত হন না, সেই প্রমহংসের স্থ-ছংথ, জরা, মরণ বা ক্ষয় নাই এবং তিনি সর্বত্র সমদর্শী হইয়া থাকেন' ॥৮৯॥

পার্বতী বলিলেন—'ভগবন্। আপনি গৃহস্থর্শা, মোক্ষর্শা, সজ্জনাচরিত-ধর্ম এবং জীবলোকেব মহামঙ্গলন্ধনক পথ বলিলেন ॥৯০॥

ধর্মজ্ঞ। আমি ইহার পব ঋষিধর্ম শুনিজে ইচ্ছা করি। কারণ, তপোবন-নিবাসী ঋষিগণেব প্রতি সর্বদাই আমাব স্পৃহা হয়॥১১॥

মহেশ্বর। ঘৃতেব ধৃম হইতে উৎপন্ন গন্ধ ভপোবনকে ধেন রুদ্ধ করিয়া কেলে; ভাহা দেখিয়া আমাৰ মন সর্বদাই আনন্দিত হয়॥৯২॥

দেব। সর্বধশ্মার্থভন্তজ্ঞ দেবদেব প্রভো। আমাব এই সন্দিশ্ধ মুনিধর্ম বিষয়ে আপনি আমার নিকট বলুন, মহাদেব। আমি সর্বপ্রকারে ও যথাযথভাবে এই প্রশ্ন কবিলাম' ॥৯৩॥

শ্রীভগবানুবাচ।

হস্ত তেহহং প্রবক্ষ্যানি মুনিধন্ম মনুত্তমম্।
বৎ কৃষা মুনয়ো যান্তি সিদ্ধিং সতপসা শুভে! ॥৯৪॥
কেনপানামুষীণাং যো ধন্মো ধন্ম বিদাং সতাম্।
তন্মে শৃণু মহাভাগে! ধন্ম জে! ধর্ম্মাদিতঃ ॥৯৫॥
উপ্তন্তি সততং যে তে ব্রাক্ষ্যং ফেনোৎকরং শুভম্।
অমৃতং ব্রাক্ষাণাপীতমধ্বরে প্রস্তুতং দিবি॥৯৬॥
এম তেষাং বিশুদ্ধানাং ফেনপানাং তপোধনে!।
ধর্মচর্য্যাকৃতো মার্গো বালখিল্যগণৈঃ শৃণু ॥৯৭॥ (মুশ্মকম্)

ভারতকৌমুদী

হন্তেতি। ন বিশ্বতে উত্তমো ৰশান্তম্ ॥>৪॥

কেনেডি। কেনং পিবস্তীতি ভেষাস্। আদিতঃ প্রথমত এব ।১৫।

উপ্পত্তীতি। তে প্রসিদ্ধা বে মূন্য:, ব্রান্ধ্যং বন্ধপ্রাপকম্, শুভং ফেনোৎকরং চ্যুপান-প্রার্থ্যবংসমূপপ্রস্তকেনকণসমূহম্, সভতম্, উপ্পত্তি অল্পন্নং গৃহন্তি, তদেব অধ্বরে বজে প্রস্তাং বিস্তৃতম্, ব্রাহ্মণা ব্রাহ্মণেন পীতম্, পরঞ্চ দিবি স্বর্গে অমৃতাং ভবতি বালখিল্যা ধবি-বিশেবান্তেয়াং গগৈ:, ধর্মচর্যায়ে ধর্মাচরণায় কৃতঃ, ভেবাং বিশ্বধানাং ফেনপানাম্ এব মার্গো ধর্মার্ক্সনপ্রকারঃ। তঞ্চ শৃণু ॥৯৬—৯৭॥

ভাবতভাবদীপঃ

আশ্রমধর্মনিয়ত: পরো নিষ্টেশ্রণ্য ইতি তেবাং ভেদঃ ॥৮৮॥ অতঃ পারমহংস্থেনাস্থাধিগমাৎ পরং শ্রেষ্ঠং নান্তি, নাপি অবরাদি, দর্বস্থাতৈবাস্তভূতিবাং ॥৮৯—৯৩॥ মূনযং সন্নাদিন ।।৯৪—৯৫॥ ব্রাক্ষ্যং ব্রহ্মশজাতীয়সম্বন্ধি ফেনোংক্রমগ্রান্নসমূহ্য উপ্স্তান্ত্রশ আদদতে তদিদমুক্তং ব্রহ্মণা নাধকাবস্থায়াং পীতসধ্বরে বৃষ্ট্যাদিবারা যক্তাক্রপেণ দিবি দিব্যভোগাত্মনা চ

মহাদেব বলিলেন—'কল্যাণি। আমি ভোমার নিকট সর্বোত্তম মূনিধর্ম বলিতেছি; যে ধর্ম কবিয়ামুনিরা আপন তপস্থার গুণে সিদ্ধিলাভ করেন ॥১৪॥

মহাভাগে ! ধর্মজ্ঞে ! ফেনপায়ী, ধর্মজ্ঞ ও সাধুপ্রকৃতি ঋষিগণের যে ধর্ম, সেই ধর্ম তুমি প্রথম হইতে আমার নিকট প্রবণ কব ॥৯৫॥

হে তপোধনে পার্বতি! প্রসিদ্ধ যে বালখিল্য মুনিগণ বৃদ্ধপাপক ও মঙ্গলজনক বংসমুখনিঃস্ত ফেনকণসমূহ অল্প অল্প গ্রহণ করেন, সেই ফেনকণসমূহ
যজ্ঞে উপস্থিত হয়, ব্রাহ্মণগণ তাহা পান কবেন এবং তাহাবই কিয়দংশ স্থাপি
ফাইয়া অমৃত হয়; ধর্মাচরণের নিমিত্ত বালখিল্য মুনিগণাবিভ্নত এই পদ্ধা
গোই বিশুদ্ধ ফেনপায়ী মুনিগণও গ্রহণ করিয়াছেন; তাহা তুমি বিস্তৃতভাবেশ্রবণ কর ॥৯৬—৯৭॥

বালখিল্যান্তপঃসিদ্ধা মুন্যঃ সূর্য্যশগুলে।
উদ্ধে তির্চন্তি ধর্মজ্ঞাঃ শাকুলীং ব্যক্তিমান্থিতাঃ ॥৯৮॥
মুগনির্মোকবসনাশ্চীববল্ধলবাসসঃ।
নিম্ব ল্বাঃ সৎপথং প্রাপ্তা বালখিল্যান্তপোধনাঃ ॥৯৯॥
অঙ্গুপর্বমাত্রা যে ভূজা স্বে যে ব্যবন্থিতাঃ।
তপশ্চরণমীহন্তে তেষাং ধর্ম ফলং মহৎ ॥১০০॥
তে হুরৈঃ সমতাং যান্তি হুরকার্য্যার্থসিদ্ধযে।
ত্যোত্রযন্তি দিশঃ সর্বান্তপদা দগ্ধকিল্বিষাঃ ॥১০১॥
যে স্থন্যে শুদ্ধমনসো দ্যাধর্মপরায়ণাঃ।
সন্তশ্চক্রচরা পুণ্যাঃ সোমলোকচরাশ্চ যে ॥১০২॥
পিতৃলোকসমীপন্থান্ত উঞ্জে যথাবিধি।
সম্প্রক্ষালাশাকুট্রাশ্চ দক্তোল্খলিকাশ্চ তে ॥১০৩॥ (যুগ্যকম্)

ভাবতকৌমূদী

বালেতি। উচ্ছে ঈদৃশাল্পারগ্রহণে প্রবৃত্তা ইতি শেষং, শাকুনীং পক্ষিদছদ্দিনীং বৃত্তিং ব্যবহারম, আছিতা আশ্রিতাঃ ॥৯৮॥

মুগেতি। মুগনির্ন্দোকা: পশুচর্মাণ্যেব বসনানি বেষাং তে, নির্দ্ধা: শীতোফাদি হুখ-ছঃখর্হিতা: ॥৯৯॥

অন্তিতি। অনুষ্ঠপর্বাণি মাত্রাণি পরিমাণানি বেষাং তে, স্বে স্বে স্থানে, স্ব্রুত্তে কর্তুং চেইন্ডে ॥১০০॥

ত ইতি। স্বকাৰ্ব্যাৰ্থসিদ্ধয়ে স্বতগদা স্বাণাং তেজোবৰ্জনাৎ ॥১০১॥

ধর্মজ্ঞ, তপ:সিদ্ধ ও পদিবৃত্তি অবলম্বনকাবী সেই বালখিল্য মুনিগণ উক্ত উপ্লুবৃত্তিতে থাকিয়া সূর্য্যমণ্ডলে অবস্থান কবেন ॥১৮॥

শীতোঞাদিদ্দ্ত গ্রুখসহিফুও সংপথবর্তী সেই বালখিলা মুনিগণের মধ্যে অনেকে পশুচর্মা, কেহ কেই কৌপীন এবং বছ ব্যক্তি বৃক্ষেব বন্ধল পরিধান করেন ॥৯৯॥

যাঁহার। অঙ্গুষ্ঠপর্বপ্রমাণ হইযা আপন আপন স্থানে থাকিয়া তপস্থা করিবার চেষ্টা করেন, সেই বালখিল্য মুনিগণেব গুক্তব ধর্মফল হয়॥১০০॥

সেই বালখিল্য মূনিরা তপস্থাব গুণে পাপ দক্ষ কবিষা দেবগণেব তুল্যতা লাভ কবিয়াছেন এবং দেবগণেব কার্য্যসিদ্ধির নিমিত্ত সকল দিক্ প্রকাশ করিতেছেন ॥১০১॥ শোমপানাঞ্চ দেবানামুম্মপাণাং তথৈব চ।
উপ্তত্তিয়ে যে সমীপন্থাঃ সদারা নিয়তেন্দ্রিয়াঃ ॥১০৪॥
তেষামগ্রিপরিস্থান্দঃ পিতৃণাং চার্চনং তথা।
যজ্ঞানাঞ্চৈব পঞ্চানাং যজনং ধর্ম উচ্যতে ॥১০৫॥ (যুগাকম্)
এষ চক্রচরৈর্দ্দেবি। দেবলোকচরৈদ্বিজ্ঞঃ।
ঋষিধর্মাঃ সদা চীর্ণো যোক্সস্তমপি মে শূণু॥১০৬॥
সর্বেষেবর্ষিধর্মেয় জ্জেয়োত্মা সংযতেন্দ্রিয়াঃ।
কামক্রোধৌ ততঃ পশ্চাজ্জেতব্যাবিতি সে মতি॥১০৭॥

ভাৰতকোমূদী

য ইতি। চক্রবং চরন্থি অসম্ভীতি তে, ন পুনরেকতা বাসিন ইতি ভাব:। উছন্তি বাল-থিন্যবং অল্পনাং গৃহস্তি। গাতানি সম্প্রকালয়ন্তীতি সম্প্রকালাং, অশাস্থ পাধাণের ক্ট্রন্তি থাতাং পিংবস্তীতি তে, দন্তা এব উলুখলাং পেষণমুদারা, বেষাং তে। ইমানি ত্রীণি তেষাং নামানি ॥১০২—১০৩॥

সোমেতি। সোমং সোমকিরণং পিবস্তীতি তেষাম্, উন্নাণং স্ব্যকিরণং শিবস্তীতি তেষাম্। দেবানাং সমীপস্থা ইতি সম্বন্ধঃ। অন্নৌ পরিভালো মুতনিক্ষেণঃ। পঞ্চানাং প্রাপ্তকাধ্যাপনাদীনাম্॥১০৪—১০৫॥

এব ইতি। চক্রবৎ চরস্থি ল্রমন্তীতি তৈ:। চীর্ণ আচরিত:॥১০৬॥ সর্বেদিতি। জ্বের আগ্রা ক্রন। উদৃশ: সন্ধিরার্ব:॥১০৭॥ ভাবতভাবদীপ:

প্রাক্তম্ ॥৯৬॥ মার্গ উক্ত ইতি শেষ: ॥৯৭—৯৯॥ স্বে স্বে ধর্ম ইতি শেষ: ॥১০০—১০১॥ চক্রচরা: চক্রবচ্চরস্তি বাদরস্থিতা ইত্যর্থ: ॥১০২॥ উম্বন্ত্যর্থাৎ দোমকিরণাৎ সম্প্রকালা: সমাক্

শুদ্ধ তি ও দয়াধর্মপরায়ণ অন্ত যে সকল সাধু আছেন, অপর যে সকল পুণ্যবান্ চক্রের স্থায় পবিভ্রমণ কবেন; আব যে সকল মূনি চক্রলোকে বিচবণ করিয়া থাকেন; তাহাবা পিতৃলোকেব নিকটে বাস করেন এবং যথাবিধানে উপ্পৃত্তি করিয়া থাকেন; তাহাদেব মধ্যে প্রথম বর্গের নাম সম্প্রকাল, বিতীয় বর্গেব নাম অশাকৃত্তি এবং তৃতীয় বর্গেব নাম দস্যোলৃখলিক ॥১০২—১০৬॥

সোমপায়ী ও উদ্মপায়ী মুনিগণের মধ্যে বাহারা দেবগণের নিকটে থাকিয়া ইন্দ্রির সংযত হইয়া ভার্যাদের সহিত মিলিয়া উপ্পৃত্তি করেন, তাঁহাদেরও হোম, পিতৃপ্রাদ্ধ ও পঞ্চযজ্ঞের অনুষ্ঠান ধর্ম বলিয়া কথিত হয় ॥১০৪—১০৫॥

দেবি! চক্রেব স্থায় ভ্রমণকাবী এবং স্বর্গচাবী প্রাক্ষণেরা সর্ব্বদা এই ঋষি-ধর্ম্মেব আচবণ কবিয়া থাকেন। এতদ্ভিন্ন তাঁহাদেব জন্ম যে ধর্ম্ম আছে, তাহাও আমাব নিকট প্রবণ কর ॥১০৬॥ অগ্নিহোত্রপরিস্পন্দে। ধর্ম্মরাত্রিসমাসনম্।
সোমযজাভ্যমুজ্ঞানং পঞ্চমী যজ্ঞদক্ষিণা ॥১০৮॥
নিত্যং যজ্ঞজিবাধর্মঃ পিতৃদেবার্চনে রতিঃ।
সর্বাতিথ্যঞ্চ কর্ত্তব্যমন্ধেনাঞ্চার্জ্জিতেন বৈ ॥১০৯॥
নিম্মতিরুপভোগেয়ু গোরসানাং শমে রতিঃ।
স্থিলে শযনে যোগং শাকপর্ণনিষেবণম্॥১১০॥
ফলমুলাশনং বামুবাপঃ শৈবলভক্ষণম্।
ঋষীণাং নিষমা হেতে যেহর্জ্জযন্তাজিতাং গতিম্॥১১১॥

ভারতকৌমুদী

আরি ইতি। অরিহোত্তত পরিস্পদ: সম্পাদনম, ধর্মরাত্রো তদাথ্যে বজ্ঞে সমাসনমবস্থিতি:, সোমবজ্জত অভ্যন্তজ্ঞানং প্রধানাভ্যন্তজ্ঞানাদহঠানম, পঞ্চমীক্রিয়া চ বজ্ঞানাং দক্ষিণা। প্রথমা ক্রিয়া সম্বন্ধ: বিতীয়া বেদিমার্জ্জনাদিকা, তৃতীয়া বহ্নিস্থাগনম, চতুর্থী হবি:ক্ষেণাদিকা, পঞ্চমী চ দক্ষিণেতি ॥১০৮॥

নিত্যমিতি। রতিরহরাগ:। উহবা উহবুত্তা অব্দিতেন ॥>০>॥

নিবৃত্তিরিতি। গোবদানাং ছ্ঝানাসণি উপভোগেরু নিবৃত্তিং, শবে ই জ্রিয়দ্যনে রতিরছ-রাগং স্থাওলে শ্যনে যোগ স্থাস্তিং, শাকানাং পর্ণানাঞ্চ নিবেরণং ডোজন্মু ॥১১০॥

ফলেভি। ফলমূলযোরশনং ভোজনম্, কদাচিবাযুত্জাতে কদাচিবা আপো জলানি ভূজাতে। অজিতামলকাম, গতিং ব্রহ্মলোকাদিপ্রাপ্তিম ॥১১১॥

ভাবতভাবদীপঃ

পাজাদিকং প্রকালয়ন্তি ন ভূ খোহর্থে কিঞ্ছিং স্থাপর্যন্তি ॥১০০—১০৭॥ ধর্মরাজির্ম্বসক্রং ভেন সম্যাসনং সমাসনম্ ধর্মচক্রং সনাভনমিতি গৌডাং ॥১০৮—১১৪॥

ইতি শ্রীমহাভারতে শহশাসনপর্মণি দানধর্ম্মে নৈলক্ষ্পীষে গ্রায়তভাবদীপে উনবিংশত্যধিকশততমোহধ্যায়: ॥১১৯॥

সকল ঝবিধর্শেই প্রথমে সংযতে ক্রিয়গণেব ব্রহ্মজ্ঞান করা কর্তব্য , তাহার পরে কাম ও ক্রোধকে জয় কবা উচিত, ইহাই সামাব অভিমভ ॥১০৭॥

অগ্নিহোত্র সম্পাদন, ধর্মবাত্রিনামক যজ্ঞেব অন্তর্ম্ভান, সোমযাগের নিষ্পাদন এবং সেই সকল যজ্ঞের দক্ষিণা দান পঞ্চম কার্য্য ॥১০৮॥

প্রত্যহ যজ্ঞকার্য্য, দেবপুজা ও পিতৃশ্রাদ্ধে অনুবাগ এবং উপ্পবৃত্তিদারা অর্জ্জিত অন্ন দিয়া সকলেবই অতিথিসংকাব করা কর্ত্তব্য ॥১০৯॥

গোতৃষপানেও বৈমুখ্য, ইন্দ্রিযদমনে অনুবাগ, স্থান্তিলামনে আসজি এবং শাক ও পত্রভোজন ॥১১০॥

क्षमं क्लम्ल, क्लां हिंद वायू, क्लांन ममस्य छल वा रेमवल (मध्ना)

বিধ্যে সন্নম্সলে ব্যঙ্গারে ভুক্তবর্জনে।
ত্বাভীতপাত্রসঞ্চারে কালে বিগতভিক্ষুকে॥১১২॥
ত্বাভিথং কাজ্জমাণো বৈ শেষান্নকৃতভোজনঃ।
সত্যধর্মরতঃ শান্ডো মুনিধর্মেণ যুজ্যতে॥১১০॥ (যুগাক্ম)
ন স্তম্ভী ন চ সানী স্থান্নাপ্রসন্মো ন বিস্মিতঃ।
সিত্রাসিত্রস্সো সৈত্রো যঃ স ধর্মবিভুক্তমঃ॥১১৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহজ্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্ববি দানধর্শ্যে উমামহেশ্বরসংবাদে ঊনবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥৽॥ *

ভাবতকৌমুদী

বিৰ্য ইতি। বিৰ্যে পাকবিরামান, মশ্তে, সরং পেষণবিরামান্বিরতং ম্বলং বত্ত তিমিন, বিগতাঃ পাকনির্বাহানির্ভা অসারা বত্ত তিমিন, ভূকুবস্তো জনা যত্ত তিমিন, অতীডো বিরতঃ পাত্রাণাং ভোক্তঃ গাং সঞ্চারো যত্মিন্ তত্ত, বিগতা ভিক্ষ্কা যত্মিন্ তত্ত কালে। শেষায়েন সর্বাভূকাবশিষ্টায়েন কৃতং ভোজনং যেন সঃ॥১১২—১১৩।

নেতি। স্বন্ধী স্বন্ধো দ্বড:, মানী স্বহ্মারবান্। মৈত্র: সর্বাত্ত মিত্রতাযুক্ত: ॥১১৪॥
ইতি সহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবির্দিতায়াৎ
মহাভারতটীকাষাং ভারতকৌমুদীসমাখ্যাযামহশাসনপর্বাণি
দানধর্ষে উনবিংশভ্যাধিকশততযোহধ্যায়: ॥•॥

মাত্র ভক্ষণ। বাঁহাবা অন্তোর অথাপ্ত স্থান লাভ কবিবার যোগ্য হন, সেই সকল ঋষিব এই সকল নিয়ম হইয়া থাকে ॥১১১॥

যে সময়ে ধ্ম থাকে না, মৃসল বিরত হয়, অঙ্গাব নিবিয়া যায়, সকল লোকেব ভোজন নিষ্পান হয়, ভোজাদেব গমনাগমন থাকে না এবং ভিক্লুকেবাও প্রস্থান কবে, সেই সময়ে অভিথির কামনাযুক্ত হইয়া যিনি অবশিষ্টান ভোজন কবেন, সত্যধশ্যে নিবত থাকেন এবং শাস্তুচিত্ত হন, ডিনিই মৃনিধ্যা সমন্বিত হন ॥১১২—১১৩॥

যিনি স্তব্ধ, অভিমানী, অপ্রসন্নচিত্ত ও বিস্ময়াপন্ন হন না, শত্রু ও মিত্রে সমদশী হন এবং সর্বভূতে মিত্রতা কবেন, ডিনিই উত্তম ধর্ম বিং' ॥১১৪॥

⁽১১২) বিধ্যে ক্সন্তম্বলে—পি।

⁽১১৪) নাপ্রমজোন বিশ্বিত:-পি

^{🛊 &#}x27;…একচত্বারিংশদ্ধিকশততমোহধাায়ः'—বঙ্গ বর্দ্ধ। দাক্ষিণাত্যপুত্তকে বিভিন্ন: পাঠ: পি।

বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

উদোবাচ।

দেশের রস্ণীবের নদীনাং নির্বরের চ।

অবস্থীনাং নির্ঞ্জের পর্বতের বনের চ॥১॥
দেশের চ বিচিত্রের ফলবৎস্থ সমাহিতাঃ।
মূলবৎস্থ চ মেধ্যের বসন্তি নিযভত্রতাঃ॥২॥ (রুগ্মকম্)
তেষাসপি বিধিং পুণ্যং শ্রোভূমিচ্ছামি শঙ্কর!।
বানপ্রস্থের দেবেশ। স্থানীবোপজীবির ॥৩॥
সহেশ্বর উবাচ।
বানপ্রস্থের যো ধর্মান্তং মে শৃণু সমাহিতা।
শুদ্ধা চিক্যনা দেবি! ধর্মাবৃদ্ধিপরা ভব॥৪॥

ভাবতকৌমূদী

দেশেদিতি। শ্রবন্তীনাং প্রবহন্তীনাং নদীনাং তীবেদিতি শেষ:। সেধ্যেষ্ পবিত্রেষ্, সমাহিতা ব্রন্ধণ্যকাগ্রচিতাঃ ॥১—২॥

তেবামিতি। বশরীরেণ ফলমূলাভাহবণাত্বপদ্ধীতি তের বিষ্যের্ বিণিং শ্রোত্মিচ্ছা-মীতি সম্বর্ধঃ ।৩ন

বানেতি। ধর্মে বৃদ্ধিং পরা প্রধানা ষ্ট্রাং না ॥৪॥

পার্বতী বলিলেন—'নির্দ্দিষ্ট নিষমসম্পন বহু লোক একাগ্রচিত্ত হইবা মনোহব দেশ-প্রবাহিনী নদীব তীব, জলপ্রপাতের সন্নিহিত স্থান, লডাবৃত-স্থল, পর্ব্বত, বন, বিচিত্র দেশ এবং পবিক্র ফলমূলযুক্ত দেশে বাস কবিয়া থাকেন ॥১—২॥

দেবদেব শঙ্কৰ ! আমি ভাঁচাদেব যে পবিত্র নিষম এবং স্বশ্বীবজীবী বান-প্রস্থাণের পবিত্র আচৰণ শুনিতে ইচ্ছা কবি' ॥৩॥

সহাদেব বলিলেন—'দেবি। তুমি একাগ্রচিত্ত চইষা বানপ্রস্থগণেব যে ধদ্ম ভাষা আমার নিকট প্রবণ কব এবং প্রবণ কবিষা একাগ্রচিত হইয়া ধদ্ম বুদ্ধিমম্পারা হও ॥৪॥

⁽⁻⁾ प्रात्मेष् ह शविष्वय्-राष्ट्र वर्ष ।

সংসিদৈনিয়নৈঃ সন্তির্বনবাসমুপাগতৈঃ।
বানপ্রতিষ্বাদং কর্মা কর্ত্তব্যং শৃণু যাদৃশম্॥৫॥
ত্রিকালমভিষেকঞ্চ পিতৃদেবার্চনং তথা।
ভাগিছোত্রপরিস্পান্দ ইপ্রিছোসবিধিস্তথা॥৬॥
নীবারগ্রহণথৈক ফলমূলনিষেবণম্।
ইঙ্গুদৈরগুতৈলানাং স্নেছার্থে চ নিষেবণম্॥৭॥
যোগচর্যাকৃতিঃ সিদ্ধৈঃ কাসক্রোধবিবভিন্নতৈঃ।
বীরশয্যামুপাসন্তির্বীরস্থানোপসেবিভিঃ॥৮॥
যুক্তৈর্যোগবহঃ সন্তির্গ্রীস্থোনাপসেবিভিঃ॥৮॥
যুক্তের্যোগনিয়তৈর্যথাস্থামং নিষেবিভিঃ॥৯॥
বীরাসনরতৈর্নিত্যং স্থিলে শয়নং তথা।
শীততোযাগিযোগশ্চ চর্তব্যো ধর্মাবৃদ্ধিভিঃ॥১০॥ (বিশেষকম্)

ভাবভকৌমুদী

সংসিবৈরিতি। সংসিবৈঃ শান্তেষ্ প্রসিবৈঃ। যাদৃশং কর্ম কর্ম্বব্যম্, ইদং তৎ শৃণু ধা ত্রীতি। ত্রিকালং প্রাতর্মধ্যাক্ষ্মায়ংকালের, অভিযেকং স্থানম্। অগ্নিহোত্রত পরিম্পদ্দঃ সম্পাদনম্, ইট্রে অভীটলাভায় হোসবিধিঃ ॥৬॥

নীবারেতি। নীবারগ্রহণং মৃনিধান্ততত্ত্লারভক্তার্, ফলস্লবোর্নিষেরণং ভক্তার্, স্বেহার্থে গাত্রসিশ্বতাসম্পাদনার্থন ॥ গাত্রসিশ্বতাসম্পাদনার্থন ॥ গাত্রসিশ্বতাসম্পাদনার্থন ॥ গাত্রসিশ্বতাসম্পাদনার্থন ॥ গাত্রসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্পাদনার্থন শ্বরসম্পাদনার্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্থন শ্বরসম্পাদনার্পাদনার্থন শ্বরসম্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পাদনার্পা

ষোগেতি। যোগচর্ব্যাষাং কৃতিঃ কৃতাভ্যাদৈ:। বীরশ্ব্যাং ভৃতলশব্যাম্, উপাসম্ভিনাশ্বাছিঃ, বীরস্থানোপসেবিভিঃ ভিজ্ঞাদিকমনাশ্রিজ্যোপবিষ্টেঃ, মৃত্তৈর্নায়ণরায়ণৈ:, বোগং চিজ্তবৃদ্ধিনিরোধং বহস্তি কৃর্বস্তীতি তৈঃ, সম্ভিঃ সাধুভিঃ, গ্রীমে কালে, সন্মুখে বৌ পশ্চাম্ভাগে চ খৌ বহ্নিজ্পে উপবি চ স্থ্য ইতি পঞ্চপাঃ সম্ভাপকরা বেষাং তৈঃ। মণ্ড্রুযোগে হঠষোগে নিম্নতৈর্ব্যাপ্তৈঃ, বথান্তায়ং নিষেবিভিধ্যানাদিকারিভিঃ, বীরাসনেষ্ কিঞ্চিদনবলস্থ্যোপবেশনেষ্ রতৈঃ অপরৈর্বানপ্রতিয়ঃ সহ। শীলভোষং শীভলজ্ঞলম্, অগ্নিশ্চ ত্যোর্ঘোগঃ সংযোগঃ, চর্ত্ব্যঃ কর্ত্ব্যঃ ॥৮—১০॥

বনবাসেব জন্ম আগত বানপ্রস্থাণ শাস্ত্রপ্রসিদ্ধ সাধ্নিয়ম অনুসাবে যে প্রকাব কম্ম কবিবেন, তাহা ভূমি শ্রবণ কব ॥৫॥

প্রাতঃ, মধ্যাক ও সাবংকালে স্নান, পিতৃপ্রাদ্ধ ও দেবপূজা, অগ্নিহোত্র সম্পাদন এবং অভীষ্ঠ লাডেব নিমিত্ত হোম কবণ ॥৬॥

উড়ীধান্ত তভূলেব অন্ন ভক্ষণ, ফলমূল ভোজন এবং গাত্ত স্নিগ্ধ কবিবার জ্ঞাইজুদ ও এরগুতৈল ব্যবহার—এইগুলি বানপ্রস্থাশ্রমীর ধর্মা গাণা

অন্তর্কের্বাযুভকৈশ্চ শৈবলোত্তরভোজনৈঃ।
অশাকুট্রেস্তথা দান্তিঃ সম্প্রক্ষালৈস্তথাপরৈঃ॥১১॥
চীরবল্ধলসংবীতৈমু গচর্মনিবাসিভিঃ।
কার্য্যা যাত্র। যথাকালং যথাধর্মং যথাবিধি॥১২॥ (যুগ্মকম্)
বননিত্যৈর্বনচরের্বনস্থৈর্বনগোচরৈঃ।
বনং গুরুমিবাসান্ত বস্তব্যং বনজীবিভিঃ॥১৯॥
তেষাং হোসক্রিয়া ধর্মঃ পঞ্চযজ্ঞনিষ্বেণম্।
ভাগঞ্চ পঞ্চযজ্ঞশ্ব বেদোক্তন্তাকুপালনম্॥১৪॥

ভাবতকৌমুদী

শ্বিতি। শ্বণো জলানি ভক্ষরতীতি তৈ:। শক্তে প্রাগ্রাখ্যাতা:। চীরবঙ্কগাড্যাং সংবীতৈরার্ভগাত্তি:, মৃগচর্মনিবাসিভি: পশুচর্মপবিধারিভি:, যাত্রা জীবননির্বাহ: ॥১১—১২॥ বনেভি। বনমেব নিভ্যং সর্বাদা ব্যবহার্য্যং বেষাং ভৈ:, বনমেব গোচরো দৃষ্টিবিবয়ো বেষাং ভৈ: ॥১৩॥

তেবামিতি। পঞ্চানাং যজ্ঞানামধ্যাপনাদীনাং নিষেবশং সম্পাদনম্। ভাগং সম্যবিভাগং বিধায়েতি শেষঃ ॥১৪॥

ভাবতভাবদীপঃ

দেশেবিতি ॥১—২॥ স্বশরীরমেবোপজীবন্তি ন তু ভৃত্যাদি, স্বয়ং দাসা ইত্যর্ব: ॥৩—१॥ বীরশব্যাং বীরাসনম্, বীরস্থানং মহারণ্যং ভীক্ষভিরপ্রবেশ্রম্ ।৮॥ মণ্ড্কবোগো হঠশান্তপ্রসিদ্ধঃ ॥৯॥ বীরাসনং সদোপদেশনং শীতং বার্ধাস্থাশারশাষী তোষং হেমন্তে জলবাসী অগ্নিঃ গ্রীদ্ধে

যোগাভ্যাসকাৰী, যোগসিদ্ধ, কামক্রোধশৃষ্থা, ভূতলশালী, বীরাসনোপবিষ্টা, স্থায্যকার্য্যকার্য্য, যোগব্যাপৃত, সাধ্প্রকৃতি, গ্রীম্মকালে পঞ্চমন্তাপসেবী, হঠযোগী, স্থাযপবাষণ ও বীবাসনোপবিষ্ট অস্থান্থ বানপ্রস্থাশ্রমিগণের সহিত প্রত্যহ স্থান্তিলে শযন করা বানপ্রস্থাশ্রমীব ধন্ম এবং ধন্ম বৃদ্ধিসম্পন্ন বানপ্রস্থাশ্রমিগণ শীতকালে শীতল জলে অবগাহন এবং গ্রীম্মকালে অগ্নিসন্তাপ গ্রহণ কর্তব্য ॥৮—১০॥

জল, বাযু ও শৈবলমাত্রভোজী, জিতেন্দ্রিয়, অশ্যকুট্ট, সম্প্রকাল এবং অপরহংস ও প্রমহংসেবা কৌপীন, বৃক্ষবন্ধল ও মৃগচন্দ্র্র পরিধান কবিয়া ধন্দ্রামুসাবে যথাকালে ও যথাবিধানে জীবন্যতা নির্বাহ করিবেন ॥১১—১২॥।

বানপ্রস্থাপ্রমীবা সর্বদ। বন ব্যবহার কবিবেন, বনে চলিবেন, বনে থাকিবেন, বন দেখিবেন-এবং বন্থ ফলদাবাই জীবন ধাবণ কবিবেন; এইভাবে শুরুর স্থায় বন পাইযা বাস কবিবেন ॥১৩॥ অন্তনী যজ্ঞপরতা চাতুর্মান্তনিষেবণন্।
পৌর্শনাদায়ে যজ্ঞা নিত্যযজ্ঞপ্তথৈব চ ॥১৫॥
বিমুক্তা দারসংযোগৈবিমুক্তাঃ দর্বসঙ্করৈঃ।
বিমুক্তাঃ দর্বপাপৈন্চ চরন্তি মুনয়ো বনে ॥১৬॥
ক্রেগ ভাগুপরনা নিত্যং ত্রেতাগ্রিশরণাঃ দদা।
দন্তঃ সৎপর্থনিত্যা যে তে যান্তি পরনাং গতিম্ ॥১৭॥
বেন্দানেকং মহাপুণ্যং দোমলোকক শাশ্বতম্।
গচ্ছন্তি মুনয়ঃ দিদ্ধাঃ দত্যধর্মব্যপাশ্রয়াঃ ॥১৮॥
এব ধর্ম্মো ময়া দেবি। বানপ্রস্থাশ্রতঃ ৩৩ঃ।
বিস্তরেণাথ সম্পন্ধো যথাস্থলমুদান্ততঃ ॥১৯॥

ভাৰতকৌমুদী

অটমীতি। অধ্যাপনাদয: পঞ্চয়া: সাষংপ্রাভর্হোমোঁ চ মাবিতি সপ্তথজ্ঞা:, মটমী চ কাম্যযুজপরতা। যজা অহুষ্টেয়া ইতি শেব: ॥১৫॥

বিমুক্তা ইতি। সর্বান্ধবৈরু ভাগাতাদিনিশ্রেভসমন্তপ্রমোদৈ: ॥১৬॥

ক্ষণিতি। ক্ষণ্ভাগুনি ক্ষক্কবাদিপাত্রাণি পর্যাণি প্রধানানি বেষাং তে, জেভারয়ো দক্ষিণারিগার্হপত্যাহবনীয়া: শরণানি বক্ষণা যেষাং তে ॥১ ॥

ব্রন্ধেতি। শাখতং চিরস্থায়িণম্ ॥১৮॥

এব ইতি। সম্পন্ন: সমন্বিত:, স্থুলমনতিক্রম্যেতি ধর্থাস্থুলম্ ॥১৯॥

সেই বানপ্রস্থাঞ্জিগণেব হোম ও পঞ্চযজ্ঞ কবা ধর্ম এবং তাঁহাবা সময বিভাগ করিয়া বেদোক্ত পঞ্চযজ্ঞ সম্পাদন করিবেন ॥১৪॥

অধ্যাপনাদি পঞ্চযজ্ঞ, প্রাতর্হোম ও সায়ংহোম এই সপ্তযজ্ঞ, আর অষ্টম কাম্যযজ্ঞ এবং চাতৃশ্মাশুব্রত, পৌর্ণমাস্যাগ ও দর্শযাগপ্রভৃতি যজ্ঞ, তিরের নিত্যযজ্ঞেবও তাঁহারা অনুষ্ঠান করিবেন ॥১৫॥

এই মুনিরা ভার্য্যা সংসর্গ, নৃত্যুগীতাদি প্রমোদ ও সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া বনে বিচরণ কবেন ॥১৬॥

ব্ৰুক্কবাদি পাত্ৰই বাঁহাদেব সৰ্ব্বদ। প্ৰধান, দক্ষিণাগ্নি, গাৰ্ছপ্ত্য ও আহ্বনীয়-এই ত্ৰিবিধ অগ্নি বাঁহাদের বক্ষক এবং বাঁহাবা সৰ্বদাই সংপ্ৰথে চলিয়া থাকেন, সেই সাধ্প্ৰকৃতি মুনিবা প্ৰম গতি লাভ ক্ৰেন ॥১৭॥

সভ্যধন্ম শ্রিভ সিদ্ধ মুনিবামহাপবিত্র ব্রহ্মলোক এবং চিবস্থায়ী চম্রলোকে গ্রমন করিয়া থাকেন ॥১৮॥

উমোবাচ।

ভগবন্ ! সর্বভূতেশ ! সর্বভূতনসম্কৃত ! ।
ধো ধর্ম্মো মুনিসঞ্জয়া সিদ্ধিবাদেরু তং বদ ॥২০॥
সিদ্ধিবাদেরু সংসিদ্ধান্তথা বননিবাসিনঃ ।
সৈরিণো দারসংযুক্তান্তেষাং ধর্মঃ কথং স্মৃতঃ ॥২১॥

সহেশ্বর উবাচ।

সৈরিণস্তপদা দেবি। দর্বে দারবিহারিণঃ।
তেষাং মোণ্ড্যং কষায*চ বাদে রাত্রি*চ কারণম্ ॥২২॥
ত্রিকালনভিষেক*চ হোত্রং স্কৃষিকৃতং মহৎ।
সমাধিদৎপথস্থানং যথোদ্ধিউনিষেবণম্ ॥২৩॥

ভাবতকোমুদী

ভগবন্ধিতি। দিন্ধিবাদেষ্ দিন্ধিবোধকশান্তেষ্ উক্ত ইতি শেষঃ ॥২০॥
দিন্ধীতি। দিন্ধিবাদেষ্ শাজেষ, সংদিদ্ধাঃ প্রদিদ্ধাঃ। বৈরিণঃ বেচ্ছাচারিণঃ ॥২১॥
বৈরিণ ইতি। মৌগ্যং মন্তকম্প্রনম্, ক্ষায়ঃ কাষার্বসন্ধারণম্, দাবৈঃ সহ বাসে রাজিঃ
কারণং ন পুনর্দ্ধিনম্ ॥২২॥

ত্রিকালমিতি। হোত্রসন্নিহোত্রম্। সমাধো ধ্যানে সংপথে চ স্থানং স্থিতিঃ, বথোন্দিই-নিবেবণং শাস্ত্রোক্রফলমূলাদিভক্ষণম্ ॥২৩॥

ভাবভভাবদীপ:

পঞারিসধ্যন্থ: এবং শীততোয়ারিবে।গ: ॥>০---২০॥ সিদ্ধিবাদের জ্ঞানগোঞ্জীর। সংসিদ্ধা: সম্পন্না:, তে ক্লাচিৎ স্থৈবিণ: ক্লাচিদাবসংযুক্তা: ॥২১॥ তত্ত্ব বৈরিণাং মৌগুঃ ক্লায়ন্চ কারণং জ্ঞাপক্ষ, দারসংযুক্তানাং রাত্তির্কানে কারণং ন স্থৈরিণাসিব তেবাং বথেষ্টো বিহারো-

দেবি ৷ এই আমি তোমাব নিকট মঙ্গলময় বানপ্রস্থর্ম বিস্তরক্রমে ও স্থুলভাবে বলিলাম' ॥১৯॥

পার্বতী বলিলেন—'ভগবন্। সর্বভূতেশ্ব। সর্বভূতনসম্বত। সিদ্ধিবোধক শাস্ত্রে মুনিগণের যে ধর্ম কথিত আছে, তাহা আপনি বলুন ॥২০॥

শাস্ত্রপ্রসিদ্ধ ভার্য্যাসমন্বিত বনবাসীবা স্বেচ্ছাচাবী হইযা থাকেন, তাঁহাদের ধর্ম কি প্রকাব ?'॥২১॥

মহাদেব বলিলেন—'দেবি। স্বেচ্ছাচারী বানপ্রস্থাপ্রামীরা সকলেই তপস্থাও কবেন, ভার্যাব সহিত বিহারও করিয়া থাকেন। ভাহাদেরও মস্তক মৃত্তন, কাষায বস্ত্র ধাবণ এবং বাজিতে ভার্যার সহবাস কর্ত্ব্য ॥২২॥ যে চ তে পূর্বকথিত। ধর্মান্তে বনবাসিনাম্।

যদি সেবন্তি ধর্মাংস্তানাপ্নুবন্তি তপঃফলম্ ॥২৪॥

যে চ দম্পতিধর্মাণঃ সদারনিষতেন্দ্রিষাঃ।

চরন্তি বিধিদৃষ্টিং তদকুকালাভিগাসিদঃ ॥২৫॥

তেষাস্বিকৃতো ধর্মো ধর্ম্মিণামুপপছতে।

ন কামকারাৎ কামোহতঃ সংসেব্যো ধর্মদর্শিভিঃ ॥২৬॥

সর্বভূতেমু যঃ সম্যুগ্দদাত্যভ্যদক্ষিণাম্।

হিংসাদোষবিমুক্তাজা স বৈ ধর্মেণ যুজ্যতে ॥২৭॥

সর্বভূতাজভূতশ্চ স বৈ ধর্মেণ যুজ্যতে ॥২৮॥

সর্বভূতাজভূতশ্চ স বৈ ধর্মেণ যুজ্যতে ॥২৮॥

ভাবতকৌমুদী

য ইতি। যে চ তে পঞ্চজাদনঃ ॥২৪॥

য ইতি। দম্পত্যোভার্য্যাপত্যোবের ধর্ম্মো যেবাং তে স্বদারেছপি নিষ্ডানি ইঞ্জিষাণি যেবাং তে ভদ্গমন্ম, অনুকালাভিগামিন ঋতুকালমাত্রগামিন: ॥২৫॥

ভেষামিতি। উপপদ্ধতে যুজ্ঞাতে। কামকাবামদনব্যাপারাৎ স্ত্রীসংসর্গাৎ, জন্তঃ কামো নৃত্যগীতাম্বন্ধন, ন সংসেব্যঃ কর্ত্তবঃ ॥২৬॥

সর্বেতি। অভযদক্ষিণামভ্যদানম্ ॥২৭॥

সর্বেতি। সর্বভূতেরু অনুকম্পতে দযত ইতি সং সর্বভূতের আঞ্জবং সর্বতিব বতং যশু সং, সর্বাণি ভূতান্তেব আত্মভূতানি নিজকপাণি বন্ধকপাণি বা যশু সং॥২৮॥

তিনবেলা স্নান মহাফলজনক, ঋষিপ্রবর্ত্তিত অগ্নিহোত্র, ধ্যান, সংপথে স্থিতি এবং শাস্ত্রোক্ত ফলমূলাদি ভঙ্গণ উাহাদেব ধর্ম ॥২৩॥

দেবি ! তোমাব নিকট পূৰ্বেযে সেই বনবাসীদেব ধন্ম বলিয়াছি, ভাহাবা যদি সেই ধন্মে ব অনুষ্ঠান কবেন; তাহা হঠলে তপস্থাব ফল লাভ কবিযা থাকেন ॥২৪॥

ষাহারা দম্পতিধশ্বসম্মিত এবং আপন ভার্য্যাতেও সংমতে দ্রিয়; তাঁহারা ঋতুকালগামী হইয়া শাস্ত্রদৃষ্ট সেই ভার্য্যাগমন কবিয়া থাকেন ॥২৫॥

সেই ধার্মিকগণেব ঋষিপ্রবর্ত্তিত ধর্মাই যুক্তিযুক্ত; স্থতবাং সেই ধর্মজ্ঞেবা স্ত্রীসংসর্গ ব্যতীত অস্থ কাম্যবস্তু ভোগ কবিবেন না ॥২৬॥

যিনি সর্বভূতে সমীচীনভাবে অভয দান কবেন এবং হিংসাশৃষ্ট থাকেন, তিনিই ধার্দ্মিক হন ॥২৭॥

যিনি সর্বভূতে দযা কবেন, সর্বভূতেব প্রতি সবলতা কবিয়া থাকেন এবং সর্বভূতকে নিজের মত মনে কবেন, তিনি ধর্মসম্পন্ন হন ॥২৮॥

সর্ববেদের বা সানং সর্বভূতের চার্চ্জবম্।
উত্তে এতে সমে স্থাতামার্চ্জবং বা বিশিয়তে ॥২৯॥
আর্চ্জবং ধর্মমিত্যাত্ত্রধর্মো জিন্ধ উচ্যতে।
আর্চ্জবেনেই সংযুক্তো নরো ধর্মেণ যুজ্যতে ॥৩০॥
আর্চ্জবে তু রতো নিত্যং বসত্যমরসমিধো।
তত্মাদার্চ্জবযুক্তঃ স্থাদ্যইচ্ছেদ্ধর্মমাল্পনঃ ॥৩১॥
কান্ডো দান্ডো জিতক্রোধো ধর্মাভূতো বিহিংসকঃ।
ধর্মে রতমনা নিত্যং নরে। ধর্মেণ যুজ্যতে ॥৩২॥
ব্যপেততন্তিধর্মাল্পা শক্ত্যা সৎপর্থমান্তিতঃ।
চারিত্রপরনো বৃদ্ধে। ব্রক্ষাভূমান্ন কল্পতে ॥৩৩॥
উন্মোবাচ।

আশ্রেণাভিবতা দেব। তথসা যে তপোধনাঃ। দীপ্তিমন্তঃ কয়া চৈব চর্য্যথা ভবস্তি তে॥৩৪॥

ভাবতকৌমুদী

সর্বেডি। জানস্বগাহনসভিজ্ঞতা ॥২১॥

আৰ্জবনিতি। দিক্ষ: কৌটিল্যন্। ভাবপ্ৰাধান্তমাৰ্য্যাও।

আৰ্কবেভি। বভো ব্যাপৃত: ১১।

কান্ত ইতি। য: কান্তাদিরণ:, স ধর্মভূতো ধর্মস্বরূপ এব ॥৩২॥

ব্যথেতেতি। ব্যথেতা তিবোহিত। তক্তিস্তক্তা ধর্ষে অসতর্কতা যশু সং। চারিত্রং চরিত্রং পরমমৃত্তমং যশু সং, বৃদ্ধো জানবান্, ত্রন্ধভূষায় নির্বাধমোক্ষলাভায়, কয়তে শক্ষোভি ॥৩৩॥

সমস্ত বেদে অভিজ্ঞতা এবং সর্বভূতে সবলতা—এই তৃই প্রণই সমান অথবা সবলতাই শ্রেষ্ঠ ॥২১॥

মূনিব। সরলভাকে ধর্ম বলেন এবং কুটিলভাকে পাপ বলিয়া থাকেন, অভএব এই জগতে মানুষ সবলভাযুক্ত হইলেই ধর্মযুক্ত হয় ॥৩০॥

মানুষ সর্বদা সবলভাষ নিবত থাকিয়া মৃত্যুব পবে দেবগণেব নিকটে যাইয়া বাস কবে; অতএব যে লোক নিজেব ধর্ম লাভ ইচ্ছা করে, সেই লোক সবলতাযুক্ত হইবে ॥৩১॥

ন্দমানীল, জিভেন্সিয, ক্রোধজ্যী, হিংসাশৃত্য এবং সর্বদা ধর্মে নিবভ চিত্ত সামুষ ধন্ম যুক্ত হয় কিংবা ধর্মেন স্বৰপই হইয়া যায় ॥৩২॥

ধশার্জনে সতর্ক, বর্শে আবিষ্ট চিত্ত, শক্তি অনুসারে সংপথাবলম্বী, উত্তম চবিত্রযুক্ত ও জ্ঞানবান্ মানুষ মুক্তিলাভ সমর্থ হইষা থাকে' ॥৩০॥

⁽৩১) তন্মাদার্জ্বনিত্য: স্থাৎ—পি।

রাজনো রাজপুত্রাশ্চ নির্দ্ধন। যে মহাধনাঃ।
কর্মাণা কেন ভগবন্! প্রাপ্তার্থান্ত মহাফলম্ ॥৩৫॥
নিত্যং স্থানমূপাগম্য দিব্যচন্দনভূষিতাঃ।
কেন বা কর্মাণা দেব! ভবন্তি বনগোচরাঃ॥৩৬॥
এতং মে সংশয়ং দেব! তপশ্চর্যাঞ্জিতং শুভম্।
শংস সর্ব্যাশেষণ ত্রাহ্ম! তিপুরনাশন।॥৩৭॥

সহেশ্বর উবাচ।

উপবাদত্রতৈদ ভি। ছহিংস্রাঃ সত্যবাদিনঃ। সংসিদ্ধাঃ প্রেত্য গন্ধবৈঃ সহ মোদস্ত্যনাময়াঃ॥৩৮॥ সন্ত্রুকষোগশয়নো যথান্তায়ং যথাবিধি। দীক্ষাং চরতি ধর্মাজা স নাগৈঃ সহ মোদতে॥৩৯॥

ভাবতকোমূদী

আশ্রমাত। তপদা অবিতা ইতি শেষ:। দীপ্তিমহত্তেপ্সধিন:, চর্যাধা আচরপেন ॥৩৪॥ রাজান ইতি। মহান্তি প্রচুবাণি ধনানি যেবাং তে ॥৩৫॥ নিতামিতি। বনমেব গোচরো বিষয়ো যেবাং তে ॥৩৬॥ এতমিতি। জীণি অকীণি লোচনানি যক্ত তৎ সম্বোধনম্ ॥৩৭॥ উপেতি। দাস্তা জিতেক্রিয়া:, অহিংশ্রা হিংসাশৃক্তব্যাগাঃ ॥৩৮॥ মণ্ডুকেতি। মণ্ডুক্রোগেন হঠবোগনিষ্যেন শ্রমং যক্ত সং। দীকাং যক্তার্ভ্তম্ ॥৩৯॥

পাৰ্বতী বলিলেন—'দেব ৷ যে সকল তপোধন তপঃসমন্বিত হইয়া আশ্রমে থাকেন, তাঁহাবা কোন্ আচবণে তেজস্বী হন ?॥৩৪॥-

ভগবন্। ইাহাবা বাজা বা বাজপুত্র কিংবা ধনী বা নিগুনি হন, উাহাবা কোন কর্ম্মেব গুণে মহাফল লাভ কবেন ? ॥৩৫॥

দেব ৷ বনবাসীৰা কোন্ কৰ্ষেৰ ফলে নিতাস্থানে পমন কৰিয়া দিব্যচন্দনে ভূষিত হইতে পাৰেন ? ॥৩৬॥

দেব! ত্রিলোচন! ত্রিপুরনাশন! তপস্তা বিষয়ে আমাব এই সন্দেহেব সমস্ত উত্তব আপনি সর্ব্ধপ্রকাবে বলুন' ॥৩৭॥

মহাদেব বলিলেন—'জিডেজিষ, হিংসাশৃষ্ঠ ও সভ্যবাদী সিদ্ধপুক্ষেব। প্রলোকে যাইয়া উপবাসব্রভেব ফলে নিকপজন হইয়া গন্ধর্বগণেব সহিত হামোদ কবেন ॥৬৮॥

यिनि यथानियरम ७ स्थ। विश्वारन क्षेत्रां शासूत्रां त्यान करनन अवः यर छ

শব্দং মৃগমুখে। চিছফং যে। মুগৈঃ দহ সেবতে।
দীক্ষিতো বৈ মুদা যুক্তঃ দ গচ্ছত্যমবাবতী গৃ॥৪০॥
শৈবালং শীর্ণপর্ণং বা তদ্ত্রতী যে। নিষেবতে।
শীতায়াদদহে। নিত্যং দ গচ্ছেৎ প্রমাং গতিম্॥৪১॥
বাযুক্তক্ষোহস্থকো বা ফলমূলাশনোহপি বা।
যক্ষেষের্যমাধায় মোদতেহক্ষরদাং গগৈঃ॥৪২॥
ভাগ্নিযোগবহে। গ্রীক্ষে বিধিদৃফেন কর্মণা।
চীর্ম। দাদশব্দণি রাজা ভবতি পার্থিবঃ॥৪০॥
ভালবিন্যমং কৃত্বা মুনির্দ্ধাদশবাদিকম্।
সক্ষং সংসাধ্য যত্নেন রাজা ভবতি পার্থিবঃ॥৪৪॥

ভারতকোমুদী

শশ্মিতি। শশ্যং যাসম্। সেবতে ভৃঙ্কো। দীক্ষিত আবর্ষজ্ঞ: ॥৪০॥
শৈবালমিতি। তদ্বতী বানপ্রস্থাপ্রমী, নিষেবতে ভক্ষৰতি ॥৪১॥
বাবি তি। এখর্ব্যং সম্পদম, আধাষ আত্মনি সংস্থাপ্য ॥৪২॥
স্থাতি। অয়ের্ধোগং সম্পর্কং বহতীতি সং। চীত্র্য ভদ্বতং চরিত্বা। পাথিবঃ
পৃথিবীসন্থনী ॥৪৬॥

আহারেতি। বাহারত নিষমম্ একভক্তাদিকম্, সকং জলশ্ভাদেশম্, সংসাধ্য আলিতা। ৪৪॥

ভাবতভাবদীপঃ

যে লোক ষজ্ঞে দীক্ষিত হঠযা মুগগণেৰ সহিত মুগমুখোচিছ্ট ঘাস ভক্ষণ করেন, তিনি আনন্দিত হঠযা অমৰাৰতী পুৰীতে গম্ন কৰেন॥৪০॥

যে বানপ্রস্থাশ্রমী শৈবাল ও শীর্ণপর্ণ ভক্ষণ কবেন এবং সর্ব্বদা শীতের কষ্ট সহ্য করিষা থাকেন, তিনি প্রমুগতি লাভ কবেন ॥৪১॥

সেই বানপ্রস্থাশ্রমী কেবল বায়, জল বা ফলমূল ভোজনে থাকিয়া যক্ষলোকে যাইয়া ঐশ্বর্যা লাভ কবিয়া, অঞ্স্বাগণেব সহিত আমোদ কবেন ॥৪২॥ বনবাসী লোক গ্রীম্মকালে শাস্ত্রদৃষ্ট কর্মা অনুসাবে অগ্নিব ভাপ সহিতে থাকিয়া দ্বাদশ বংসব সেই ব্রত কবিয়া প্রজন্ম পৃথিবীর বাজা হন ॥৪৩॥

(৪১) শীভযোগবহে। নিতাম্ বঞ্বর্ধ।

ষ্ঠিলে শুদাবাকাশং পরিগৃহ্থ সমস্ততঃ।
প্রবিশ্য চ মুদা যুক্তো দীক্ষাং দ্বাদশবার্ষিকীমৃ॥৪৫॥
দেহং চানশনে ত্যক্ত্যা স স্বর্গে হুখমেধতে।
স্থাঞ্জিলস্য ফলান্যান্ত্র্যানানি শয়নানি চ॥৪৬॥
গৃহাণি চ মহার্হাণি চক্রশুজাণি ভামিনি!।
আাদ্যানমুপদ্ধীবন্ যে। নিয়তো নিয়তাশনঃ॥৪৭॥
দেহং বাহনশনে ত্যক্ত্যা স স্বর্গং সমুপার্গুতে।
আাদ্যানমুপদ্ধীবন্ যো দীক্ষাং দ্বাদশবার্ষিকীম্॥৪৮॥
ত্যক্ত্যা মহার্গবে দেহং বারুণং লোকমগুতে।
আাদ্যানমুপদ্ধীবন্ যো দীক্ষাং দ্বাদশবার্ষিকীম্॥৪৯॥

ভাবতকৌমূদী

স্থানিক ইতি। শুদ্ধং কেবলম্, স্থানিকে প্রবিশ্রেডি সম্বন্ধঃ #se#

দেহমিতি। অনশনে সতি। ছণ্ডিলকা ছণ্ডিলশয়নক ।৪৬।

গৃহাণীতি। হে ভামিনি ! অভিসানিনি । আত্মানমেব ন পুন্তিকাত্তৰ্গং প্রম্পদীবন্ তিষ্ঠতি। নিয়তঃ সংযত্তিতঃ ॥৪৭॥

দেহমিতি। দীকাং বানপ্রস্থবতারম্ভং করোতীতি শেষ: ।৪৮॥

ত্যক্তেতি। স্বাত্মানমিতি পূর্ববদেব বাাগ্যেমম্ ॥৪৯॥

মুনি যত্নপূৰ্বক সকভূমিতে যাইয়া দ্বাদশ বংসৰ যাবং এক ভক্তয়প্ৰভৃতি আহাবেৰ নিয়ম কৰিয়া প্ৰজন্মে পৃথিবীর রাজা হন ॥৪৪॥

বনবাসী সকল দিকে আবাশ গ্রহণ কবিয়া দ্বাদশবর্ষব্যাপী সেই ব্রড অবলম্বনপূর্বক স্থান্তিলে শয়ন কবিলে পরজন্মে চিবদিন আনন্দিত হন ॥৪৫॥

যিনি ভোজন না কবায় দেহ ত্যাগ কবেন, তিনি অর্গে বাইয়া ত্থ লাভ কবিযা থাকেন; আব স্থানিল শয়নেব ফল যান ও শয্যা ইহা মুনিবা বলেন ॥৪৬॥

ভামিনি! যে লোক সংযতচিত্ত ও নিয়ত ভোজন হইয়া কেবল আপনাকে অবলম্বনপূর্বকই অবস্থান করেন, তিনি পরজনোচন্দ্রেব ক্যায় শুত্রবর্ণ ও মহামূল্য গৃহ সকল লাভ কবিয়া থাকেন ॥৪৭॥

যে লোক দ্বাদশবর্ষব্যাপী বৃত আবস্ত করিয়া কেবল আপনাকে উপজীব্য বাখিয়া সেই বৃত করে: সেই লোক অন্তিমে অনুধনে দেহ ত্যাগ করিয়া স্বর্গে যাইয়া সুখ লাভ কবিতে থাকে ॥৪৮॥

যে ব্যক্তি কেবল সাপনাকে উপজীব্য বাখিষা দ্বাদশ বংসবব্যাপী ব্রভাবস্ত কবে; সেই ব্যক্তি পবিণামে মহাসমুক্তে দেহ ত্যাগ করিয়া বকণলোক লাভ করিয়া থাকে ॥৪৯॥ অশ্বনা চরণোঁ ভিত্তা গুছকেষু স সোদতে।
সাধ্যিত্বাহত্বানং নির্দ্ধ নিজ্পরিগ্রহঃ ॥৫০॥
চীত্বা দাদশবর্ষাণি দীক্ষামেতাং মনোগতাম্।
স্বৰ্গলোকসবাপ্নোতি দেবৈশ্চ সহ মোদতে ॥৫১॥
আজানমুপজীবন্ যো দীক্ষাং দাদশবার্ষিকীম্।
ভূত্বাগ্রো দেহমুৎস্ক্র বহ্লিলোকে সহীযতে ॥৫২॥
যস্ত দেবি। যথাভাষং দীক্ষিতো নিযতো দ্বিজঃ।
আত্মাজানসাধায নির্মাসো ধর্মলালসঃ ॥৫০॥
চীত্বা দাদশবর্ষাণি দীক্ষামেতাং সনোগতাম্।
অরণীসহিতং ক্ষমে বদ্ধা গচ্ছত্যনার্তঃ ॥৫৪॥
বীরন্ধানগতো নিত্যং বীরাসনরতন্তথা।
বীরস্থায়ী চ সততং স বীরগতিসাপ্রুযাৎ ॥৫৫॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

ষশ্মনেতি। অশ্মনা প্রস্তরেণ। সাধরিদা পরিপোয়া, নির্দশ্ধ: শীভোঞাদিবন্দত্:খরছিড: ॥৫০॥ চীদে তি। এডাং দীক্ষাং বনবাদরভরূপম্ ॥৫১॥

সাত্মানমিতি। স্বাত্মানমেব উপদীবন ন পুনঃ পরম্ ॥ ২॥

ৰ ইতি। দীন্দিতো বনবাদে প্ৰবৃত্তঃ, অৱণীদহিতং অগ্নুংপাদককাঠযুক্তমুম্ভরীয়ং চর্ম। বীরাসনং ভিত্তাভ্যনাশ্রিত্যোপবেশনং গভঃ। বীর ইব তিঠতীতি বীরস্থায়ী ॥৫৩—৫৫॥

যে লোক দ্বতঃখসহিষ্ণু ও পবিগ্রহশৃত্য হইষা আপনিই আপনাকে পবিপোষণ কবিষা প্রস্তবদ্ধাবা চবণ বিদাবণপূর্বক দেহ ত্যাগ কবে, সেই লোক গুত্তকলোকে যাইয়া আমোদ কবিষা থাকে ॥৫০॥

মানুষ দ্বাদশবর্ষ পর্যান্ত অভীষ্ট এই বনবাসত্রত কবিয়া স্বর্গ লাভ কবে এবং দেবগণেব সহিত আমোদ কবিয়া থাকে ॥৫১॥

যে লোক কেবল আপনাকে অবলম্বন কবিষা ছাদশবর্ষ ব্যাপী বনবাসে প্রবৃত্ত হইযা, অগ্নিতে হোম কবিয়া দেহত্যাগ কবে, সেই লোক অগ্নিলোকে গমন কবে ॥৫২॥

দেবি! যে ব্রাহ্মণ সংষত থাকিষা, যথানিষমে বনবাসত্রতে প্রবৃত্ত হইষা, আপনাকে আপনাব উপবেই বাখিয়া মমতাশৃষ্ঠ ও ধর্ম লোলুপভাবে বাব বংসব মনোগত এই বনবাসত্রভাচবণ কবিষা অবণীকাষ্ঠ সহিত উত্তরীয় মৃগচম্ম স্কন্ধে লইষা অনাবৃত অবস্থায় গমন করে; সর্বদা বীরাসনে উপবিষ্ট, বীবাসনে

স শক্রলোকগো নিত্যং সর্বকাসপুরস্কৃতঃ।

দিব্যপুষ্পসমাকীর্ণো দিব্যচন্দনভূষিতঃ ॥৫৬॥

হুখং বসতি ধর্মাত্মা দিবি দেবগণৈঃ সহ।
বীরলোকগতো নিত্যং বীর্যোগসহঃ সদা ॥৫৭॥ (যুগ্যকম্)

সক্ত্যঃ সর্বমুৎসজ্য দীন্দিতো নিয়তঃ শুচিঃ।
বীরাধ্বানং প্রপ্রেজ্য লোকাঃ সনাতনাঃ ॥৫৮॥

কামগেন বিমানেন স বৈ চরতি ছন্দতঃ।

শক্রলোকগতঃ শ্রীমান্মোদতে চ নিরাময়ঃ ॥৫৯॥

ইতি শ্রীসহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাসনুশাসনপর্বাণি দানধর্ম্মে উমামহেশ্বরসংবাদে বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ #

ভারতকৌমুদী

স ইন্তি। শক্রণোকং গচ্ছতীতি সং। বীরৈর্বোগং সম্পর্কং বছতি প্রাপ্তোতি সং ॥६७-৫ १॥
সংঘতি। সম্বন্ধং কেবলসম্বর্ধণবর্তী, দীক্ষিতো বনবাসে প্রবৃত্তঃ। বীরাধ্বানং বীর্বদাশ্বমাত্রোপদীবনম্, প্রপঞ্জেং প্রাপ্ত য়াধ্বাং ॥৫৮॥

ভারতভাবদীপঃ

সেই মানুষ যদি ভোগে পুণ্যক্ষয়েব পর মনুষ্মধ্যে জন্মগ্রহণ করে, ভবে অল্প পীড়াযুক্ত ও নিবাভক্ক হইয়া অনায়াসে উন্নতি লাভ কবিয়া থাকে ॥৪১॥

আর সেই মামুষ সর্বদা সুখভোগ কবে এবং পরিশ্রমশৃক্ত ও নিরুছেগ থাকে। দেবি ! ইহাই সজ্জনের পথ, যে পথে কোন বাধা থাকে না' ॥৪২॥

পার্বতী বলিলেন—'এই এক প্রকাব মামুষ দেখা যায় ; ইহারা বাদপ্রতি-বাদে নিপুণ, জ্ঞানবিজ্ঞানসম্পন্ন, বৃদ্ধিমান্ ও অর্থতত্ত্বক্ত ॥৪৩॥ অল্পপ্রে বিরপাক। কথং ভবতি সানবঃ। এতং সে সংশবং ছিন্ধি সর্ববর্ণমবিদাংবর!॥৪৫॥ জাত্যন্ধাশ্চাপরে দেব! রোগার্ভাশ্চাপবে তথা। নরাঃ শ্লীবাশ্চ দৃশ্যন্তে কারণং ক্রহি তত্র বৈ॥৪৬॥

মহেশ্বর উবাচ।

ব্রাহ্মণান্ বেদবিত্বঃ সিদ্ধান্ ধর্মবিদস্তথা।
পরিপৃচ্ছন্ত্যহরহঃ কুশলাঃ কুশলং তথা ॥৪৭॥
বর্জ্জযন্তোহশুভং কর্মা সেবমানাঃ শুভং তথা।
লভন্তে স্বর্গতিং নিত্যমিহলোকে তথা স্থখম্ ॥৪৮॥
স চেন্মানুষ্তাং যাতি মেধাবী তত্ত জাযতে।
শুভং প্রজ্ঞানুগঞ্চান্ত কল্যাণমুপজ্ঞাযতে ॥৪৯॥

ভাবতকৌমূদী

আলেডি। বিরপাণি চক্রস্থ্যায়িরগদাৎ পরস্পব্বিকর্নকণানি অকীণি ষশ্র ডৎ সংখাধনম্ ॥৪৫॥

জাতীতি। জাতাকা ক্যাকা:, রোগার্জান্টররোগপীডিতা: ॥৪৬॥ বাদ্দানিতি। কুশলা বাঙ্নিপুণা:, কুশলং মদলম্ ॥৪৭॥ বর্জ্বযন্তীতি। সেবমানা অমৃতিঠন্ত:, শুভং কর্ম ॥৪৮॥ স ইতি। শ্রুতং শাস্তজানম্, প্রজামুগং জ্ঞানামুদারি ॥৪৯॥

অপর কতকগুলি লোক দেখা যায়, ইহারা বৃদ্ধিশৃত্য ও জ্ঞানবিজ্ঞানবর্জিত ; অতএব দেব ৷ মানুষ কোন্ কর্ম বিশেষের ফলে বৃদ্ধিমান্ হয় গ ॥৪৪॥

এবং সর্বধর্মজন্মেষ্ঠ বিরূপাক্ষ। সান্ত্য কেনই বা অল্পবৃদ্ধিযুক্ত হইয়া থাকে; আপনি আমার এই সংশয ছেদন ককন ॥৪৫॥

দেব ! অনেক মানুষকে জন্মান্ধ, অস্ত বহু লোককে চিববোগার্ড এবং বহু ব্যক্তিকে জন্মনপুংসক দেখা যায়, আপনি সেই সমস্ত বিষ্যেব কাবণ বলুন' ॥৪৬॥

মহাদেব বলিলেন—'বাক্পটু লোকেবা প্রত্যহ বেদজ্ঞসিদ্ধ ও ধর্দাজ্ঞ বাহ্মণগণেব নিকট তাঁহাদেব মঙ্গল জিজ্ঞাসা কবেন ॥৪৭॥

তাঁহারা সর্বদা শুভ কর্ম্মেব অনুষ্ঠান কবেন এবং অমাঙ্গলিক কর্মা বর্জন করিয়া থাকেন; স্থভবাং তাঁহাবা ইহলোকে স্থুখ এবং পরলোকে স্থর্গ লাভ করেন ॥৪৮॥

⁽⁸⁴⁾ এতন্মে সংশযং ছিদ্ধি—বন্দ বর্দ্ধ। (8৮) লভন্তে সদৃগতিং নিভাস্—পি। ১৯৯

পরদারের যে চাপি চক্ষুত্ सेং প্রযুঞ্জতে।
তেন প্রফমভাবেন জাত্যন্ধান্তে ভবন্তি হি॥৫০॥
यনসা তু প্রত্নেইন নয়াং পশ্যন্তি যে স্ত্রিয়য়য়ৄ।
রোগার্ত্তান্তে ভবন্তীহ নর। প্রস্কৃতকশ্মিণঃ॥৫১॥
যে তু মূঢ়া প্রনাচারা বিষোনো মৈথুনে রতাঃ।
পুরুষের অপ্রভাজাঃ ক্লীবন্ধমুপযান্তি তে॥৫২॥
পশ্ংক যে ঘাত্যন্তি যে চৈব শুরুতক্লগাঃ।
প্রকীর্ণ মৈথুনা যে চ ক্লীবা জাযন্তি তে নরাঃ॥৫০॥

উযোবাচ।

সাবভাং কিন্ধু বৈ কর্মা নিরবভাং তথৈব চ। শ্রেয়ঃ কুর্বন্ধবাধ্যোতি যানবো দেবসভ্য। ॥৫৪॥

ভারতকোমুদী

পরেতি। তৃষ্টং কামেন, প্রযুঞ্জতে নিক্ষিপন্তি । ৫০।

মনসেতি। প্রছুষ্টেন কামাকুলতবেতি ভাব: ॥৫১॥

व देखि। विरयानो अभगारमानो। ऋष्यका अजीवजूर् काः॥४२॥

পশুনিতি। প্রকীর্ণং নানাযোনিযু সংসক্তং সৈথুনং ষেষাং তে ॥৫৩॥

সেতি। শ্রেয়ঃ পুণ্যতয়া মঙ্গলজনকং কর্ম কুর্মন্ মানবঃ, অবছেন নিন্দরা সহেতি সাব্ভম্, নির্ন বিভত্তে অবভাং নিন্দা যত্র ভাদৃশং কর্মফলমবাপ্নোভি।৫৪॥

সেই সমস্ত লোক যদি মন্থুমুদ্ধ লাভ কবেন; ডবে সেই জন্মে মেধাবী হন এবং তাঁহাদেব শাস্ত্ৰজ্ঞান ও শাস্ত্ৰজ্ঞানেব অনুক্ৰণ মঙ্গল হইতে থাকে ॥৪৯॥

যাহার। পরস্ত্রীর প্রতি কামছ্ষ্ট চক্ষু নিক্ষেপ কবে, তাহাব। সেই ছ্টপ্ততাব-নিবন্ধন জন্মান্ধ হয় ॥৫০॥

যাহাব। কামছ্ট মনে বিবস্তা পবস্ত্রী দর্শন কবে, সেই পাপকর্মা মান্নবেবা এই জগতে চিববোগার্ত হয় ॥৫১॥

ত্বাচাব যে সকল মূর্খ অগম্যা স্ত্রীব মৈথুনে ব্যাপৃত হয়, পুক্ষের মধ্যে অতি তুর্দ্ধি সেই মাতুষেরা নপুংসকত্ব প্রাপ্ত হইয়। থাকে 1৫২॥

যাহারা অবৈধভাবে পশুবধ কবে কিংবা গুকভার্য্যাগামী এবং নানা স্ত্রীর মৈথুনে প্রবৃত্ত হয়, সেই মানুষেবা নপুংসক হইয়া থাকে' ॥৫৩॥

পার্বতী বলিলেন—'দেবশ্রেষ্ঠ ! মামুষ কোন্ মাঙ্গলিক কর্ম করিতে থাকিয়া নিন্দনীয় বা অনিন্দনীয় ফল লাভ করে ?' ৷৫৪॥

⁽৫৩) পশূন যে রন্ধযম্ভি শ ক্রীবর্জং যান্ডি তে নরাঃ—পি।

মহেশ্বর উবাচ।

শ্রোবাংসং মার্গসন্ধিচ্ছন্ সদা যঃ পৃচ্ছতি দ্বিজান্।
ধর্মান্থেয়ী গুণাকাজ্জী স স্বর্গং সমুপাশ্ব তে ॥৫৫॥
যদি মানুষতাং দেবি । কদাচিৎ পরিগচ্ছতি ।
মেধাবী ধাবণাযুক্তঃ প্রাযন্তবাভিজাযতে ॥৫৬॥
এম দেবি ! সতাং ধর্মো মন্তব্যো ভৃতিকারকঃ।
নৃণাং হিতার্থায় স্বা তব বৈ সমুদাহতঃ ॥৫৭॥

উসোবাচ।

অপরে স্কল্পবিজ্ঞান। ধর্মবিদ্বেষিণো নরাঃ।
ব্রাহ্মণান্ বেদবিছ্যো নেচছন্তি পরিসর্পিতৃম্ ॥৫৮॥
ব্রতবস্তো নরাঃ কেচিচ্ছ্রাধর্মপরায়ণাঃ।
অব্রতা ভ্রফীনিয়মাস্তথাত্যে রাক্ষদোপসাঃ॥৫৯॥
যজ্বানশ্চ তথৈবাত্যে নির্হোমাশ্চ তথাপরে।
কেন কর্মবিপাকেন ভবস্তীহ বদস্ব সে॥৬০॥ (যুগ্মক্ম)

ভাবতকোমুদী

শ্রেয়াংসমিতি। গুণান্ যশো লোকসন্তোষাদীন আকাজ্জন্তীতি সং ॥ ৫ ৫॥ यদীতি। যদীত্যনেন প্রাণ্যস্তবতাপ্রাপ্তিরপি স্টিত। ॥ ৫ ৬। এব ইতি। মন্তব্যং স্বীকর্তব্যং, ভূতিকারকং সম্পক্ষনকং ॥ ৫ ৭॥ অণর ইতি। পরিস্পিতৃষ্ উপদেশলাভার্থমূপগন্তম্ ॥ ৫ ৮। বতেতি। বতবতো ব্রহ্মচর্য্যাদিনিষ্মবন্তঃ। ব্রহ্মানো ষ্ণাবিধিষ্ক্রকারিণঃ ॥ ৫ ৯ — ৬ ০॥

মহাদেব বলিলেন—'যে লোক মজলময পথ অবলম্বন কবিয়া ধর্মান্বেষী ও গুণাভিলাষী হইয়া ব্রাহ্মণগণেব নিকট সর্বদা জিজ্ঞাসা কবে, সেই লোক স্বর্গ লাভ কবিয়া থাকে ॥৫৫॥

দেবি ৷ সেই লোক যদি কখনও মনুয়াত লাভ কবে ; তবে তখন সে প্রায়ই মেধারী ও ধারণাশক্তিসম্পন্ন হইয়া থাকে ॥৫৬॥

দেবি। এই সম্পজনক সজ্জনেব ধর্ম সকলেবই স্বীকাব কবা উচিত। আমি মনুষ্যুগণেব হিতেব নিমিত্ত ভোমাব নিকট ইহা বলিলাম'॥৫৭॥

পাৰ্বভী বলিলেন—'অল্পজ্ঞানী ও ধশাদ্বেষী অন্ত মানুষেবা বেদবিদ্ ব্ৰাহ্মণ-গণেব নিকট গমন ক'বিভে ইচ্ছা কবে না ॥৫৮॥

দেব। কতকগুলি মান্তৰ ত্ৰতানুষ্ঠানসম্পন্ন, প্ৰদ্ধাশীল ও ধর্ম্মপ্রায়ণ; অন্ত অনেক মানুষ ত্ৰতশূত্ম ও নিয়মভ্ৰষ্ট, আবার অনেকে একেবাবে বাক্ষমের তুল্য,

মহেশ্বর উবাচ।

আগমা লোকধর্মাণাং মর্যাদাঃ সর্বনিশ্মিতাঃ।
প্রামাণ্যেনামুবর্ত্তন্তে দৃশুন্তে চ দৃঢ়ব্রতাঃ ॥৬১॥
অধর্মং ধর্মমিত্যাহুর্বে চ মোহবশং গতাঃ।
অব্রতা নফমর্যাদান্তে প্রোক্তা ব্রহ্মরাক্ষসাঃ ॥৬২॥
তে চেৎ কালকতোদ্যোগাৎ সম্ভবন্তীহ মানুষাঃ।
নির্হোমা নির্বিষট্ কারান্তে ভবন্তি নরাধমাঃ ॥৬৩॥
এব দেবি। ময়া সর্বঃ সংশয়চ্ছেদনায় তে।
কুশলাকুশলো নূণাং ব্যাখ্যাতো ধর্মসাগরঃ ॥৬৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাসমুশাসনপর্বাণি দানধর্ম্মে উমামহেশ্বসংবাদে ত্রয়োবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ #

ভারতকৌমূদী

আগমা ইতি। লোকধর্মাণাম, আগমা নিয়ামকানি শাস্তাণি, সর্কৈর্লোকৈনির্মিতা আচরিতাঃ, মর্যানা আচারান্চ বিভন্তে, লোকান্চ প্রামাণ্যেন তানাগমান্ তান্চ মর্যানাঃ, অম্বর্জন্তে অম্পর্কি , তে চ লোকাঃ তেঘাগমেষ্ তাম্ম মর্যানাম্ম চ দৃচত্রতা দৃশ্বতে। ত এব ধার্মিকা ইতি ভাবঃ ॥৬১॥

অধন্মমিতি। নটমর্ব্যাদা ভটতদাচারা: ॥৬২॥ ত ইতি। কালেন ঈশ্বর্বপেণ কডোদ্ধোগাৎ কর্মবর্দেন কুডজননোম্বমাৎ ॥৬৩॥

অনেক লোক যাজ্ঞিক, আবার বহু ব্যক্তি হোমশৃশু দৃষ্টিগোচর হয়; স্কুতবাং মান্তুষেবা কোন্ কোন্ কর্মেব ফলে এইৰূপ বিবিধ প্রকাব হয়; তাহা আপনি এখন আমার নিকট বলুন' ॥৫৯—৬০॥

মহাদেব বলিলেন—'মনুষ্যধর্মের নিয়ামক শাস্ত্র এবং জদমুসারে সকলের আচবিত আচার রহিয়াছে; তাহার প্রামাণ্য স্বীকার করিয়া তদমুসাবে বাহাবা চলেন, তাঁহাদিগকে ধর্মে দৃঢ়ব্রত দেখা যায় ৮৬১৮

আব যাহাবা সোহেব বশীভূত হইয়া অধর্মকে ধর্ম বলে, কোন ব্রভ করে না এবং আচারও মানে না, ভাহাদিগকে ব্রহ্মবাক্ষস বলা হইয়াছে ॥৬২॥

ভাহারা নবক ভোগেব পবে যদি কালক্রেমে এই জগতে সমুখ্য হইয়া জন্ম-গ্রহণ কবে, তবে ভাহাবাই হোম ও বষট্কাবশৃক্ত নরাধম হইয়া থাকে ॥৬৩॥

 [&]quot; · · পঞ্চত্বারিং পদ্ধিকশততমো২ধায়:'—বঙ্গ বর্দ্ধ।

চতুর্বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

नात्रम छेवाह ।

এবমুক্তা সহাদেবঃ শ্রোতুকামঃ স্বযং প্রভূ:।

অনুকূলাং প্রিয়াং ভার্য্যাং পার্যস্থাং সমভাষত ॥১॥

মহেশ্বর উবাচ।

পৰাবরক্তে ! ধর্মান্তে ! তপোবননিবাসিনি !। সাধিব ! স্থক্ষ ! স্থকেশান্তে ! হিমবৎপর্বভান্ধকে । ॥२॥ দক্ষে ! শমদমোপেতে ! নির্ম্মমে । ধর্মাচারিণি ।। পৃচ্ছামি স্থাং বরারোহে ! পৃক্টা বদ মমেন্দিতম্ ॥৩॥ (যুগাকম্)

ভারতকোমূদী

এব ইভি। কুশলাকুশলো মঙ্গলামজনজনক:, ব্যাখ্যাত উক্ত:, ধর্ম: সাগর ইব্ স বিভারাতিশন্ধং ॥৬৪॥

ইভি মহামহোপাধ্যায-ভারভাচার্য্য-শ্রহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্ব্যবিরচিতায়াং মহাভারভটীকায়াং ভারতকৌম্দীসমাধ্যাযামকুশাসনপর্ববি দানধর্মে দ্রযোবিংশতাধিকশততমেহিধ্যায়ঃ ॥।।

--:*:--

এবমিতি। অমূক্লাং সর্বেধেব কার্ব্যের্ অমতাফুসারিণীম্ ॥১॥ পরেতি। হে পরাববজ্ঞে। সর্বেধামুৎকর্বাপকর্বাভিজ্ঞে। শোভনা কেশাস্তা: কেশশেহা বস্তাস্তৎ সম্বোধনম্। হক্ষে। সর্বকার্যানিপুণে। নির্ম্বয়ে। সর্বত্ত সমতাশৃত্যে। ॥২—৩॥

দেবি। এই আমি ভোমাব সংশ্যচ্ছেদনেব নিমিত্তমমুখ্যগণেব মঙ্গলামঙ্গল-জনক সমুদ্রভুল্য সমস্ত ধর্ম বলিলাম'॥৬৪॥

--:#:---

নাবদ বলিলেন—'প্ৰভূ মহাদেব এইৰূপ বলিয়া নিক্তেও কিছু গুনিতে ইচ্ছা কবিয়া পাৰ্শ্বৰ্তিনী অনুকূলা প্ৰিয়তমা ভাৰ্য্যাকে বলিতে লাগিলেন ॥১॥

সহাদেব বলিলেন—'মুক্ত। সাধ্বি। তুমি সকলেবই উৎকর্ষ ও অপকর্ষ এবং ধর্ম জান, তপোবনে বাস কব, হিমাল্যেব ভন্যা, সমস্ত কার্য্যে নিপুণা, শম্দম-সম্পন্না, সমতাশৃত্যা ও ধর্মচানিনী। অতএব হে স্থকেশাস্তে। হে ববাবোচে।

⁽১) এষ শ্লোকঃ পি নান্তি। শিব উবাচ। পি।

সাবিত্রী ব্রহ্মণঃ সাধনী কোশিকস্থ শচী সতী।

মার্কণ্ডেয়স্থ ঘূমোর্ণা ঋদ্ধিবৈশ্রেবণস্থ চ ॥৪॥

বরুণস্থ তথা গোরী সূর্য্যস্থ চ স্থবর্চনা।

রোহিণা শশিনঃ সাধনী স্বাহা চৈব বিভাবসোঃ॥৫॥

ভাদিতিঃ কশ্যপস্থাধ স্বাস্তাঃ পতিদেবতাঃ।

পৃষ্টাশ্চোপাদিতাশৈচৰ তাস্ত্ৰয়া দেবি ! নিত্যশঃ ॥৬॥ (বিশেষকম্)

তেন স্বাং পরিপৃচ্ছানি ধর্মছে ! ধর্মবাদিনি !।
স্ত্রীধর্মং শ্রোত্মচ্ছানি স্বয়োদাহুতনাদিতঃ ॥৭॥
সধর্মচারিণী মে স্থং সমশীলা সমত্রতা।
স্থানসারবীর্যা চ তপন্তীত্রং কৃতঞ্চ তে ॥৮॥
স্বয়া হ্যক্তো বিশেষেণ গুণবান্ স ভবিশ্বতি।
লোকে চৈব স্বয়া দেবি ! প্রমাণস্বমুপেশ্বতি ॥৯॥

ভারতকৌমুদী

নাবিজীতি। নাবিজী নাম। এবসম্ভক্ত। কৌশিকত ইন্দ্রতা বৈশ্রবণত কুবেরত। বিভাবসোরয়েঃ, উপাসিতা উপদেশগ্রহণায় ॥৪——৬॥

ভেনেতি: আদিভ: প্রথমত এব স্বয়া উদাস্তম্কুম্ । १।

সেতি। সমানে সারবীর্ষ্যে হৈর্ঘাশক্তী ষক্তা: সা, তে স্বরা ।৮॥

ব্যাতি। গুণবাছংকর্ববান্, স স্ত্রীধর্মঃ। স্বয়া উক্তমাদিতি শেষঃ।।

তোমাকে আমি জিজ্ঞানা কবিতেছি; সুভরাং ভূমিও আমাৰ অভীষ্ট বিষয় বল ॥২—৩॥

সাধবী সাবিত্রী ব্রশার, সভী শচী ইন্দ্রেব, ধ্মোর্ণা মার্কণ্ডেয়েব, ঋজি কুবেরের, গৌরী বরুণের, স্বর্চলা সূর্য্যেব, বে। হিণী চন্দ্রের, সাধ্বী স্বাচা অগ্নিব এবং অদিতি কশ্যপেব পত্নী। দেবি। তুমি সর্বদা সেই সকল পতিদেবতা স্ত্রী-দিগকে জিজ্ঞাসা কবিয়াছ এবং তাঁহাদেব উপাসনাও করিয়াছ ॥৪—৬॥

ধর্মজে! ধর্মবাদিনি ৷ সেইজক্সই আমি তোমাকে জিজ্ঞাসা করিতেছি ; প্রথম হইতে তোমাব উক্ত স্ত্রীধর্ম আমি শুনিতে ইচ্ছা কবি ॥৭॥

তুমি আমাব সহধশ্মিণী এবং তোমার স্বভাব, নিরম, সাব ও শক্তি আমারই সমান ; বিশেষতঃ গুরুতব তপস্থাও কবিয়াছ 🕪

দেবি ! তুমি স্ত্রীধর্ম বলিলে সেই ধর্ম বিশেষ উৎকর্ষশালী হইবে এবং তুমি বলিয়াছ বলিয়া তাহা জগতে প্রামাণ্য লাভ কবিবে ॥৯॥

⁽b) সহধর্মচারিণী ষে অম্—বন্ধ বর্দ্ধ। (a) লোকে চৈব ভথা দেবি!—শি।

স্ত্রিযদৈত্ব বিশেষেণ স্ত্রীজনস্থ গতিঃ পরা।
গোর্গাং গচছতি স্থলোণি! লোকেষেষা গতিঃ দদা॥১০॥
মন চার্দ্ধং শবীবস্থ তব চার্দ্ধেন নির্দ্মিতম্।
স্থবকার্য্যকবী চ ত্বং লোকসন্তানকারিণী॥১১॥
তব সর্ব্বঃ স্থবিদিতঃ স্ত্রীধর্ম্মঃ শাশ্বতঃ শুভে।
তস্মাদশেষতো ক্রহি স্বধর্মাং বিস্তবেণ মে॥১২॥

উমোবাচ।

ভগবন্ । সর্বভূতেশ । ভূতভব্যভবে। ত্তম । ।

ছৎপ্রসাদাদিয়ং দেব ! বাক্ চৈব প্রতিভাতি মে ॥১০॥

ইমাস্ত নতো দেবেশ ! সর্বতীর্থোদকৈযুঁ তাঃ ।

উপস্পর্শনহেতোম্বামুপযান্তি সমীপতঃ ॥১৪॥

ভাবতকোমূদী

ত্ত্বিষ ইতি। ত্ত্বিষ এব ত্ত্ৰীজনক্ত বিশেষেণ গতিবাশ্র্যা:। উক্তার্থে দৃষ্টান্তমাহ্ গোধে হং, গাং ধেহং গচ্ছতি অহুসরতি। গতিঃ রীভি: ॥>•॥

মমেডি। স্থাকার্যকরী রূপান্তরেণাস্থবসংহারাৎ ॥১১॥

তবেতি। শাখত শিরস্কনঃ। স্বধর্মং স্ত্রীধর্মস্ ॥১২॥

ভগবন্নিতি। ভূতানামতীতানাম্, ভবানাং ভবিশ্বতাম্, ভবানাং বর্ত্তমানানাঞ্চ লোকানাং মধ্যে উদ্ভয় ।। প্রতিভাতি ক্ষুর্তি॥১৩॥

ইমা ইভি। উপস্পর্শনহেভোঃ স্থানাচসনাদিনিমিস্তম্ ॥১৪॥

স্নিতম্বে। স্ত্রীলোকেবাই স্থীলোকদেব প্রধান গতি। দেখ, গব্দ গক্বই অনুসরণ কবে; স্ত্বাং ইহাই জগতে চিবস্তন বীতি ॥১০॥

দেবি। তোমাব শ্বীবেৰ অদ্ধদার। আমাব শ্বীবেৰ অৰ্দ্ধ নিশ্মিত হইষাছে। বিশেষতঃ, তুমি দেবকাৰ্য্যসম্পাদিনী এবং লোকেৰ সম্ভানকাৰিণী ॥১১॥

কল্যাণি ! চিনস্তন সমস্ত গ্রীধর্মই ভোমাব বিশেষভাবে বিদিত আছে ; অতএব বিস্তবক্রমে তুমি আমাব নিকট সমস্ত নিজ ধর্ম বল' ॥১২॥

পাৰ্বেডী বলিলেন—'ভগবন্। দৰ্বভূতেশ্বব। ভূতভবিষ্যুৎ ও বর্ত্তমানেব শ্রেষ্ঠ। দেব। আপনাব অমুগ্রহেই আমাব এই বাক্য ক্রুর্ত্তি হইতেছে ॥১০॥

দেবেশ্বর ! সর্বতীর্থজলযুক্তা এই নদীগুলি আপনাব স্নান্ ও আচমনাদিব জন্মই আপনাব নিকট দিযা যাইতেছে ॥১৪॥

⁽১০) গৌৰ্য্যাং গচ্ছতি স্থল্ৰোণি।—বন্ধ বৰ্দ্ধ।

⁽১৩) ডৎ প্রভাবাদিশং দেব। বাক্ চৈবং প্রতিভাতি মে—পি।

প্রতাভিঃ সহ সংমন্ত্র্য প্রবিক্যাম্যমুগূর্বশঃ।
প্রভবন্ যোহনহংবাদী স বৈ পুরুষ উচ্যতে ॥১৫॥
স্ত্রী চ ভূতেশ! সততং স্ত্রিয়মেবামুধাবতি।
ময়া সম্মানিতাশ্চৈব ভবিশ্বন্তি সরিদ্ধরাঃ ॥১৬॥
প্রধা সরস্বতী পুণ্যা নদীনামুক্তমা নদী।
প্রথমা সর্বসরিতাং নদী সাগরগামিনী ॥১৭॥
বিপাশা চ বিতন্তা চ চক্রভাগা ইরাবতী।
শতক্রদে বিকা সিদ্ধুঃ কোশিকী গোতমী তথা ॥১৮॥
তথা দেবনদী চেয়ং সর্ববতীর্থাভিসম্ভূতা।
গগনাদ্গাং গভা দেবী গঙ্গা সর্বসরিদ্ধরা ॥১৯॥
ইত্যুক্ত্বা দেবদেবস্থ পত্নীধর্মভূতাংবরা।
স্মিতপূর্বমথাভাশ্য সর্বান্তাঃ সরিতন্তথা ॥২০॥

ভারতকৌমুদী

এডাভিবিভি। সংমন্ত্র আলোচ্য। প্রভবন্ প্রভুঃ সন্, অনহংবাদী অহবারশ্রঃ। ভবান্ ধ্বিখভূত এব পুরুষ ইভি ভাবঃ ॥১৫॥

ন্ত্রীতি। অহধাবতি অহসরতি। অতএবাহমিমান্ অহসরামীতি ভাবঃ। ভবিয়ম্ভি মৎ-প্রশোভরদানে অহকুলা ইতি শেবঃ ॥১৬॥

এবেভি। প্রথমা প্রথমোৎপরা ॥১ १॥

বিণাশেতি। দেবিকাসিক্ষুণ্ট নদীবিশেষযোর্নামনী ৪১৮॥

ডথেতি। সর্বৈস্তীর্থের্ডিসংবৃতা সম্মানিতা। গাং পৃথিবীম্ ॥১৯॥

আমি ইহাদের সহিত আলোচনা কবিয়া আত্মপূর্কীক জীধর্ম বলিব। যিনি প্রভূ হইয়াও অহন্ধারশৃক্ত হন, তাহাকেই পুরুষ বলা হয় ॥১৫॥

ভূতেশ্ব ! জ্রীলোক সর্বদা জ্রীলোকেরই অনুসবণ করে। ভাবপব আমি ইহাদের সন্মান কবিলে, এই নদীশ্রেষ্ঠাবা আমার প্রশ্নেব উত্তব দানে সন্মত হইবেন ॥১৬॥

এই পবিত্রা সরস্বতী নদী সমস্ত নদীর মধ্যে শ্রেষ্ঠা এবং এই নদী সকল নদীব প্রথমে উৎপন্না ও সাগরগামিনী ॥১৭॥

ভাৰপর বিপাশা, বিভস্তা, চম্রভাগা, ইরাবভী, শতক্র, দেবিকা, সিদ্ধ্, কৌশিকী ও গৌডমী নদী রহিয়াছেন ॥১৮॥

আর সর্বভীর্থসম্মানিতা, আকাশ হইতে ভূতলে অবভীর্ণা ও সর্বনদীশ্রেষ্ঠা এই দেবনদী গঙ্গাদেবী প্রবাহিতা হইতেছেন' ॥১৯॥ অপৃচ্ছদেবসহিমী স্ত্রীধর্মাং ধর্মবৎসলা। স্ত্রীধর্মানুশলাস্তা বৈ গঙ্গাভাঃ সরিতাংবরাঃ॥২১॥ (যুগাকম্) উমোবাচ।

অয়ং ভগবত। প্রোক্তঃ প্রশ্নঃ স্ত্রীধর্মসংগ্রিতঃ।
তং তু সংমন্ত্র্য বুদ্মাভির্বক নিছামি শঙ্করম্ ॥২২॥
ন কৈনাধ্যং পশ্যামি বিজ্ঞানং ভুবি কিঞ্চন।
দিবি বা দাগরগমান্তেন বো দান্যাম্যহম্ ॥২০॥
এবং দর্বাঃ সরিচেছ্ ঠাঃ পৃষ্টাঃ পুণ্যতমাঃ শিবাঃ।
ততো দেবনদী গঙ্গা নিযুক্তা প্রতিপূজ্য চ ॥২৪॥
বহুরীভির্ দ্ধিভিঃ স্ফীতা স্ত্রীধর্মজ্য শুচিস্মিতা।
শৈলরাজস্থতাং দেবীং পুণ্যা পাপভ্যাপহা ॥২৫॥
বৃদ্ধ্যা বিনয়সম্পন্না সর্বধর্মবিশারদা।
সন্মিতং বহুবুদ্ধ্যান্যা গঙ্গা বচনমত্রবীৎ ॥২৬॥ (বিশেষকম্)

ভাৰতকোমুদী

हेडोिछ। त्यिष्ठशृद्धम् क्रेयकाच्छशूद्धकम्। तनवमहियी महात्मवशृष्टी, जीधार्य कूमना निशृशीः ॥२०—२১॥

পদ্মনিতি। ভগবতা শহবেণ। যুদ্মাভি: সহ সংমন্ত্র । ১২।
নৈতি। একবা দাবাং সম্পান্তম্। হে দাগবগমাঃ! সমুদ্রগামিন্তঃ। ॥২৩।
এবমিতি। শিবা মদলজনিকাঃ। নিযুক্তা অক্তাভিনদীভিক্তিকুং ব্যাপাবিতা। ভটিন্মিতা
ভন্মুত্বাভা। বহুবুজাঢা নানাবিধবুজিযুক্তা ॥২৪—২৬॥

এই কথ। বলিয়া ধর্মবংসলা দেবদেবপত্মী মহাদেবমহিষী ধাশ্মিকশ্রেষ্ঠা পার্বেতী মৃত্ হাশুপূর্বক সেই সকল নদীকে সম্বোধন কবিয়া জীধর্মনিপুণা সেই গঙ্গাপ্রভৃতি নদীশ্রেষ্ঠাগণেব নিকট জীধর্ম জিজ্ঞাসা কবিলেন ॥২০—২১॥

পার্বভী বলিলেন—'নদীগণ! ভগবান্ শঙ্কর জ্রীধর্ম বিষয়ে এই প্রশ্ন কবিয়াছেন। আমি আপনাদের সহিত আলোচনা করিয়া তাঁহাকে সেই ধর্ম বলিতে ইচ্ছা কবি ॥২২॥

হে সাগরগামিনীগণ ! পৃথিবীতে বা স্বর্গে কোন জ্ঞানই একজন নিষ্পান্ত দেখিতে পাই না : সেই জন্মই আমি আপেনাদিগকে প্রমাণ কবিতেছি' ॥২৩॥ পার্বতী এইভাবে পুণ্যতমা ও মঙ্গলজনিকা সমস্ত নদীশ্রেষ্ঠাদিগকে জিজ্ঞাসা

পাৰত। এইভাবে পুণ্যতমা ও মঙ্গলজানকা সমস্ত নদান্ত্ৰেন্তা দিগকৈ জেজ্ঞানা কবিলেন। তাহাৰ পৰ অন্ত নদীগণ পাৰ্বতীৰ প্ৰতি পূজা করিয়া দেবনদী

গঙ্গোবাচ।

ধত্যাস্যান্ত্ৰ্গৃহীতান্মি দেবি ! ধর্মপরায়ণে !।

যা দ্বং সর্বজগনাত্যা নদীং সানয়সেহনঘে ! ॥২৭॥
প্রভবন্ ! পৃচ্ছতে যে। হি সম্মানয়তি বা পুনঃ ।
নূনং মত্যে সধর্মাদ্যা পণ্ডিতাখ্যাং স গচ্ছতি ॥২৮॥
জ্ঞানবিজ্ঞানসম্পন্নান্হাপোহবিশারদান্ ।
প্রবক্ত্বন্ পৃচ্ছতে যোহত্যান্ স বৈ নাপদমুচ্ছতি ॥২৯॥
প্রত্যথা বছবুদ্ধ্যাট্যো বাক্যং বদতি সংসদি ।
ক্রতথব ছহংবাদী তুর্বলং বদতে বচঃ ॥৩০॥

ভাবভকৌমুদী

ধন্তেতি। মানমদে প্রমাণবেন গৌরবাস্পদীকরোবি ॥২৭॥
প্রভবিন্নতি। প্রভবন্ প্রভাববান্ সন্, পৃচ্ছতে পরং পৃচ্ছতি ॥২৮॥
জ্ঞানেতি। উহাপোহবিশারদান্ বাদপ্রতিবাদদক্ষান্ ॥২৯॥
অপেতি। অন্তথা অন্তপ্রকারম্, সারগর্ভং বাক্যম্। অন্তবৈব অন্তপ্রকারমেব অসারং বচঃ,
অহংবাদী অহঙ্কারবান্ জনঃ, ভূকাশং জানে নিক্লইং জনম্॥৩০॥

গঙ্গাকে বলিবার জন্ম নিযুক্ত কবিলেন। তখন বছবৃদ্ধিসম্পন্না, জীংশ্মাভিজ্ঞা, শুভাহাসিনী, পুণ্যকাবিণী, পাপভয়নাশিনী, বিনয়সম্পন্না, সর্বধশ্ববিশারদা ও বিবিধ বৃদ্ধিযুক্তা গঙ্গা মন্দ হাস্থা কবিয়া বৃদ্ধি অমুসাবে দেবী পার্কভীকে এই সকল বাক্য বলিলেন—॥২৪—২৬॥

'নিপাপে। ধর্মপ্রায়ণে। দেবি। যিনি সর্বজ্ঞগৎ পূজনীয়া, সেই আপনি যে নদীকে সম্মানিত কবিতেছেন, সেই নদী আমি ধন্তাও অনুগৃহীতা হইলাম ॥২৭॥

যিনি প্রভাবশালী হইয়াও অত্যেব নিকট জিজ্ঞাসা করেন বা জন্মকে সম্মান কবেন; আমি মনে কবি, নিশ্চয়ই ভিনি ধর্মাত্মা এবং নিশ্চয়ই ভিনি পণ্ডিড নাম লাভ কবেন ॥২৮॥

যিনি জ্ঞানবিজ্ঞানসম্পন্ন এবং বাদ-প্রতিবাদে দক্ষ অস্ত বাগ্মীদেব নিকট জিজ্ঞাসা করেন; তিনি কখনও বিপদে পতিত হন না ॥২৯॥

বিবিধ বুদ্ধিসম্পন্ন মানুষ সভায় অহা প্রকার বাক্য বলেন; আর অহঙ্কার-শালী লোক জ্ঞানত্বলৈ লোকের নিকট অহা প্রকার বাক্য বলিয়া থাকে 🗝 🖟

⁽२१) नमीर्यानग्रत्मश्नत्य !-- शि । (२२) म देव नाशमपर्शक-- शि ।

দিব্যজ্ঞানে ! দিবিশ্রেষ্ঠে ! দিব্যৈ: পুণ্যৈ: সহোখিতে !।
ছমেবার্হদি নে। দেবি ! স্ত্রীধর্মানকুভাষিতুম্ ॥৩১॥
ততঃ সারাধিতা দেবী গঙ্গধা বহুভিগু গৈঃ।
প্রাহ্ সর্ব্বমন্দরী ॥৩২॥

উমোবাচ।

স্ত্রীধর্মো সাং প্রতি যথা প্রতিভাতি যথাবিধি।
তমহং কীর্ত্তয়িয়াসি তথৈব প্রশ্রিতো ভব ॥৩০॥
স্ত্রীধর্মঃ পূর্ব্ব এবায়ং বিবাহে বন্ধুভিঃ কৃতঃ।
সহধর্মচরী ভর্ত্তুর্ভবত্যগ্রিসমীপতঃ ॥৩৪॥
স্থবভাবা স্থবচনা হুর্ত্তা স্থবদর্শনা।
অনভাচিত্তা সুমুখী ভর্ত্তুঃ সাধর্মচারিণী॥৩৫॥

ভারতকৌমূদী

मित्याजि । मित्रामर्गाकिकर कानः वजाखरमस्याधनम् । উचित्छ । উৎপদ্ধ ।। नः जन्माकः जीवारं मस्या ॥७১॥

তত ইতি। আরাধিতা সম্যক্ ছতা ।৩২॥

স্বীতি। প্রতিভাতি ক্ষুর্তি। প্রলিভঃ প্রণিধানবান্ ॥৩০॥

শ্রীতি। সহধর্মচরী "সপদ্মীকো ধর্মমাচরেৎ" ইতি শাস্তাৎ ॥৩৪॥

স্থিতি। স্থাৰা সচ্চবিত্ৰা, ন বিশ্বতে অৱস্মিন্ পুৰুষে চিন্তং ষস্থাঃ সা ॥৩৫॥

দেবি! আপনি অলৌকিক জ্ঞানসম্পন্না, স্বৰ্গলোকমধ্যে শ্ৰেষ্ঠা এবং অলৌকিক পূণ্যের সহিতই উৎপন্না; অতএব আমাদেব মধ্যে আপনিই স্ত্ৰীধৰ্ম বলিতে পাবেন' ॥৩১॥

ভাহাব পৰ গঙ্গা বছতৰ গুণ উল্লেখ কৰিয়া প্ৰশংসা করিলে, সুরস্থলবী দেই পার্বভী দেবী শেষ না বাথিয়া সমস্ত স্ত্রীধর্ম বলিতে লাগিলেন ॥৩২॥

পার্বতী বলিলেন—'দেবদেব। আমার মনে দ্রীধর্ম যে প্রকাব উদিত হইতেছে; তাহা আমি যথাবিধানে বলিতেছি; আপনিও সেইরূপই মনোযোগী হউন ॥৩০॥

বিবাহেব সমযে কম্মার বন্ধুবর্গ পূর্বেই এই স্ত্রীধর্ম আবিষ্কার করিয়া গিয়াছেন যে, বিবাহকালে অগ্নিব নিকটে স্ত্রী ভর্তার সহধর্মচাবিণী হইবেন ৫০৪॥

যে স্ত্রী সংস্কৃতাবা, প্রিয়ভাষিণী, সচ্চবিত্রা, স্থদৃশ্যা, অনক্সচিত্তা ও স্থমুখী— সেই স্ত্রী ভর্তাব সধর্মচারিণী হইতে পারেন ॥৩৫॥ সা ভবেদ্বর্মপর্মা সা ভবেদ্বর্মভাগিনী।
দেববৎ সততং সাধ্বী যা ভর্তারং প্রপশ্যতি । ৩৬॥
শুক্রমাং পরিচারঞ্চ দেববদ্যা করোতি চ।
নাম্যভাবা হ্যবিমনাঃ স্মুব্রতা স্থপদর্শনা ॥৩৭॥
পুব্রবন্ধ্র মিবাভীক্ষং ভর্ত্ত্র্বদন্মীক্ষতে।
যা সাধ্বী নিয়তাহারা সা ভবেদ্বর্মচারিণী ॥৩৮॥
শুক্রা দম্পতিধর্মাং বৈ সহধর্মঃ কৃতং শুভ্যু,
যা ভবেদ্বর্মপর্মা নারী ভর্ত্ত্সমন্ত্রতা ॥৩৯॥
দেববৎ সততং সাধ্বী ভর্তারমকুপশ্যতি।
দম্পত্যোরেষ বৈ ধর্মঃ সহধর্মকৃতঃ শুভঃ ॥৪০॥
শুশ্রমাং পরিচারঞ্চ দেবতুল্যং প্রকৃবতী।
বশ্যাভাবেন স্থমনাঃ স্প্রতা স্থদর্শনা।
স্বন্যচিত্তা স্থম্থী ভর্তঃ সা ধর্মচারিণী ॥৪১॥

ভারতকৌমুদী

সেতি। ধর্ম এব পরস: শ্রেষ্ঠো ধক্ষা: সা ॥৩৬,
শুক্রমামিতি। পরিচারং সমস্থাধিচরণন্। মবিমনা অবিক্ষচিন্তা ॥৩৭॥
পুরেতি। অভীক্ষং সর্বাদা, ঈক্ষতে সম্বেহং গুড়াতি ৯৬৮॥
শ্রুষ্কেতি। কৃতং স্নিভিঃ প্রবর্তিতন্। এর্জু; নসং তুল্যং রতং নিম্মো মুখা: সা ৯৬০॥
দেববদিতি। সহধর্মতমা কৃত ইতি সহধর্মগ্রত, ভাবপ্রধাননির্দ্দেশাং। দম্পভ্যোরিত্যুক্তে
ভর্ত্তাপি সাধনীং ভার্যাং দেবীমিব পশ্রতীতি স্বিত্ন্ ॥৪০॥

যে সাধ্বী দ্র্তী ভর্ত্তাকে সর্ব্বদা দেবতাব স্থায় দর্শন কবেন ; তিনি নামে ধর্ম-পরমা হন এবং ধর্মভাগিনীও হইয়া থাকেন ॥২৬॥

অনক্ষচিতা, অবিকদ্ধমনা, স্থানিয়ম। ও সুখদর্শনা যে নাবী দেবতার স্থায় ভর্তাব শুক্রায় ও অমুসবণ কবেন , তিনিও ধর্মভাগিনী হন ॥৬৭॥

যে সাংবী ন্ত্ৰী পুত্ৰেব মুখেব স্থায় ভৰ্তাৰ মুখও সৰ্ববদা সম্বেহে দৰ্শন কৰেন ত্ৰবং সংযতভোজনা হন, তিনি ধৰ্মচ।বিণী হইয়া থাকেন ॥৬৮॥

যে নারী মূনিগণ প্রবর্ত্তিত সঙ্গলজনক দম্পতিধর্মরূপ সহধর্ম শ্রাবণ করিয়া ভর্তার সমান ব্রতচারিণী হন ; তিনি সেই ধর্মের গুণে প্রধান হইয়া থাকেন ॥৩৯॥

সাধ্বী স্ত্রী সর্ববদাই ভর্তাকে দেবতাব স্থায় দর্শন কবেন। পতি ও পত্নীব এই মঙ্গলময় ধর্মকেই মুনিবা সহধর্মকপে প্রবর্ত্তিত করিয়াছেন ॥৪০॥

⁽৩৭) । শুক্রাবাং পরিচর্ব্যাঞ্চলি। (৬৮) বা সাধ্বী নিষভাচারালিগ।

পরুষাণ্যপি চোক্তা যা দৃষ্টা ছুষ্টেন চক্ষুষা।
স্থাসমমুখী ভর্ত্তুর্যা নারী সা পতিব্রতা ॥৪২॥
ন চন্দ্রসূর্যো ন তরুং পুনান্ধা যা নিরীক্ষতে।
ভর্ত্বর্জন বরারোহা সা ভবেদ্ধর্মচারিণী ॥৪৩॥
দরিদ্রং ব্যাধিতং দীনসংধনা পরিকশিতম্।
পতিং পুত্রমিবোপান্তে সা নারী ধর্মচারিণী ॥৪৪॥
যা নারী প্রযাতা দক্ষা যা নারী পুত্রিণী ভবেৎ।
পতিব্রতা পতিপ্রাণা সা নারী ধর্মভাগিনী ॥৪৫॥

ভারতকোমুদী

তশ্রবামিতি। পরিচারং পত্যুং সমস্তাহিচরণম্। বট্পাদোহমং শ্লোকং 18১॥ পর্মবাণীতি। পর্মবাণি নিষ্ঠ্রবচনানি পত্যা উক্তাপি দৃষ্টাপি চ 18২॥ নেতি। পুংনারা বিশিষ্টং ডক্ষং বনস্পতিসপি ॥৪৩॥ দরিত্রশিতি। দীনং ছংস্থ্যু, পরিকশিতং পরিশ্রাস্তম্ ॥৪৪॥ বেতি। প্রযতা সংযতা, দক্ষা গৃহকার্য্যনিপুণা ॥৪৫॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—৮॥ গুণবান্ স জীধর্ম: ॥১৭ গোর্যাং ভূমে পচ্ছত্যনাদিপরস্পর্যা চল্ডি ॥১০—৪০॥ ব্যাভাবেন মন্ত্রাদিনা বশীকরণং বিনা ॥৪১—৪২॥ চন্দ্রস্থ্রো তরুমণি বা পুরুষনাম-

যে নারী প্রসন্নচিন্তা, স্থানরমা, স্থাদর্শনা, স্থাদর্শনা, স্বান্থাতি ও প্রফুল্লবদনা হইরা বশীভূতভাবে দেবতার তুল্য পতির শুক্রারা ও নিকটে বিচবণ কবেন, সেই নারী ধর্মচারিণী বলিযা গণ্য হন ॥৪১॥

ভর্তা নিষ্ঠুব বাক্য বলিলেও কিংবা বাক্ষ দৃষ্টিতে দর্শন কবিলেও যে নাবী অত্যস্ত প্রসন্নবদনাই থাকেন, সেই নাবী পভিত্রতা ॥৪২॥

যে নারী পতি ব্যতীত চন্দ্রপ্য কিংব। পুক্ষ নাম বিশিষ্ট কোন বৃক্ষের প্রতিও সকাম দৃষ্টিপাত না কবেন, সেই নাবীই উত্তম। জ্রী ও ধর্মচাবিণী বিলয়া গণ্য হন ॥৪৩॥

পতি দরিজ. বোগগ্রস্ত, ছংস্থ বা পথশ্রান্ত ইইলে যে নাবী পুত্রেব স্থায তাঁহার শুশ্রাষা কবেন; সেই নাবী ধর্মচাবিণী ॥৪৪॥

যে নাবী সংযতা ও গৃহকার্য্যনিপুণা হন কিংবা যে নারী পুত্রবডী হইযাও পতিব্রতা এবং পতিপ্রাণাই থাকেন, সেই নাবীই ধর্মভাগিনী হন ॥৪৫॥

⁽৪৩) • পুরায়ো যা নিরীক্তে—বদ্ধ বর্দ্ধ। (৪৫) পতিপ্রায়া পতিপ্রাণা—পি।

শুশ্রমণ পরিচর্যাঞ্চ করে।ত্যবিষনাঃ সদা।
শুপ্রতীতা বিনীতা চ সা নারী ধর্মভাগিনী ॥৪৬॥
বিভর্ত্তামপ্রদানেন কুটুম্বং চৈব নিত্যদা।
ন কামেয়ুন ভোগেয়ু নৈশ্বর্যে ন স্থথে তথা।
স্পূহা যস্তা যথা পত্যো সা নারী ধর্মভাগিনী ॥৪৭॥
কল্যোখানরতির্নিত্যং গৃহশুশ্রমণে রতা।
স্থাংমুস্টমক্ষয়া চৈব গোশকুৎকৃতলেপনা ॥৪৮॥
শ্রমিকার্য্যপরা নিত্যং সদা পুষ্পবলিপ্রদা।
দেবতাতিথিভূত্যানাং নির্বাপ্য পতিনা সহ ॥৪৯॥
শেবামমুপভূঞ্জানা যথান্তায়ং যথাবিধি।
ভূক্তপুক্তজনা নিত্যং নারী ধর্মেণ যুজ্যতে ॥৫০॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

শুশ্রবামিতি। পরিচর্যাং ভর্ত্তু: পরিতো বিচরণম্। স্প্রতীতা শতীববিশ্বতা ॥৪৬॥ বিভর্ত্তীতি। কুটুশং পরিজনম্। বস্তা নার্ব্যা: পত্যো যথা স্পৃহা ইচ্ছমা আকর্ষণম্, তথা কামাদিয় ন। বটুপাদোহয়ং শ্লোক: ॥৪৭॥

কল্যেতি। নিত্যং প্রত্যহম্, কল্যে প্রত্যুবে উখানে, বতিবিচ্ছা বস্তাঃ সা, গৃহস্ত শুশ্রবণে শোভাসম্পাদনাদৌ রতা, স্থসংস্টঃ পবিমাজ্জিতঃ ক্ষধো গৃহং ব্যা সা, "নিল্যাশচয়ৌ ক্ষয়ৌ" ইত্যমরঃ, গোণক্কতা গোম্যেন কৃতং লেপনং য্যা সা, ধর্মছাগিনীতামুবৃত্তিঃ ॥৪৮॥

অয়ীতি। অগ্নিকার্য্যপরা পাকসম্পাদনাৎ, পূল্যবলিপ্রদা দ্বেপ্জাযাং পুশোপহাবদাতী। নির্ব্বাপ্য অন্নাদিকং দন্তা। তুটাঃ পুষ্টাশ্চ জনাঃ পবিজ্ঞনা ব্য়া সা গ্রহন্ত ।।

যে নাবী সর্বদ। প্রসন্নচিত্তা হইয়া ভর্তাব শুক্রাবা ও নিকটে বিচবণ কবেন এবং ভর্তাব অত্যস্ত বিশ্বস্তা ও বিনয়সম্পন্না থাকেন, সেই নারীই ধর্ম-ভাগিনী ॥৪৬॥

যে নাবী প্রত্যহ অন্ধান কবিয়া পবিজ্ঞনবর্গেব ভরণ কবেন এবং যে নারীব পতিব প্রতি যেমন আকর্ষণ থাকে; তেমন আকর্ষণ কামে, ভোগে, প্রভূছে ও সুথে থাকে না; সেই নারীই ধর্মভাগিনী হন ॥৪৭॥

যে নারী প্রত্যহ প্রত্যুবে গাত্রোখান কবেন, গৃহেব শোভা সম্পাদন কবিয়া থাকেন, গৃহকে পবিমাজ্জিত বাখেন এবং গোময়দ্বারা গৃহ লেপন কবেন, সেই নারীই ধর্মভাগিনী হইয়া থাকেন ॥৪৮॥

যে নাবী প্রতাহ পাকপ্রভৃতি করায় অগ্নিকার্য্যপবায়ণা থাকেন; দেবতাকে নিতা পুষ্প উপহাব দেন, পতিব সহিত দেবতা, অতিথি ৫ ভৃত্য-

শৃঞ্জশৃশুরয়েঃ পাদে তোষযন্তী শুণান্বিতা।

মাতাপিতৃপরা নিত্যং যা নারী সা তপোধনা ॥৫১॥
ব্রাহ্মণান্ তুর্বলানাথান্ দীনান্ধরূপণাংস্তথা।
বিভর্ত্তান্ধেন যা নারী সা পতিব্রতভাগিনী ॥৫২॥
ব্রতং চরতি যা নিত্যং তুশ্চবং লঘুসন্ত্বযা।
পতিচিত্তা পতিহিতা সা পতিব্রতভাগিনী ॥৫০॥
পূণ্যমেতত্তপশৈচৰ স্বর্গশৈচৰ সনাতনঃ।
সা নারী ভর্ত্পবসা ভবেত্ত্ব্রতা সতী।।৫৪।।
পতিহি দেবে। নারীণাং পতিবন্ধুঃ পতির্গতিঃ।
পত্যা সমা গতিনাস্তি দৈবতং বা যথা পতিঃ।।৫৫।।

ভারতকৌমূদী

শব্দি, তি। তোষমন্তী সংবাহনাদিনা পরিচরন্তী ॥৫১॥
বান্ধণানিতি। কপণ: ক্তঃ। বিভর্তি পুকাতি।৫২॥
বভমিতি। লঘু অল্লম্, সন্তং বিষযান্তরাধ্যবসাধো সন্তাং তথা বৃদ্ধা॥৫৩॥
পুণ্যমিতি। এতৎ পতিসেবনম্। ভর্তিব পরমো মন্তাঃ না ॥৫৪॥
ভাবতভাবদীপঃ

ষাম নিরীক্ষতে কিম্ নরং পশুং বেভি ভাব: ॥৪৩—৪৭। স্বসংষ্টক্ষা শোধিতগৃহা ॥৪৮—৫২॥ লঘুসম্বয়া শীপ্রমর্য্যাদাববোধিকা বৃদ্ধ্যা ॥৫৩—৬১॥

ইডি শ্রীমহাভারতে অফুশাসনপর্বাণি দানধর্মে নৈলকন্ধীয়ে ভাবতভাবদীপে
চতুর্বিংশত্যধিকশতভমোহধ্যায়ঃ ॥১২৪॥

দিগকে অন্ন দান করিয়া নিজে শেষান্ন ভোজন কবেন এবং প্রভাহ যথানিয়মে ও যথাবিধানে পবিজনবর্গকে স্বষ্টপুষ্ট কবিষা থাকেন; সেই নাবী ধর্মভাগিনী হন ॥৪৯—৫০॥

গুণবভী যে নাৰী সর্বাদা শ্বঞ্জা ও শৃশুবেব চবণযুগলের সেবা কবেন এবং মাভা ও পিতাব উপবে ভক্তি কবিয়া থাকেন; সেই নাৰী তপোধনা বলিয়া অভিহিত হন ॥৫১॥

যে নারী অন্নদাবা আহ্মণ, তুর্বল, অনাথ, দবিজ, অন্ধ ও ক্ষুজ লোকদিগকে ভরণ কবেন; সেই নাবী পতিব্রভাধর্মের অধিকাবিণী হন ॥৫২॥

যে নারী সর্বাদা পভিগতচিত্তা ও পতিব হিতকাবিণী হইয়া একাগ্রচিত্তে ছক্ষ্য ব্রত করেন, তিনি পতিব্রতা ধর্মের অধিকাবিণী হন ॥৫৩॥

যে নাবী পভিসর্বস্থা, পভিত্রতা ও সঙী হন; সেই নাবীর পক্ষে, এই পভিসেবা পুণ্যেব হেতু, তপস্থা ও সনাতন স্বর্গস্বরূপ হইষা থাকে ॥৫৪॥ পতিপ্রসাদঃ স্বর্গো বা তুল্যো নার্য্যান বা ভবেং।
অহং স্বর্গং ন হীচ্ছেয়ং ত্ব্যপ্রীতে সহেশ্বর। ॥৫৬॥
যত্তকার্য্যমধর্মাং বা যদি বা প্রাণনাশনম্।
পতিব্রে রাদ্দরিদ্রো বা ব্যাধিতো বা কঞ্চন ॥৫৭॥
আপনাে রিপুসংস্থা বা ব্রহ্মশাপার্দ্দিতােইপি বা।
আপদ্রশানমুপ্রেক্ষ্য তৎকার্য্যমবিশঙ্কয়া ॥৫৮॥ (য়ুয়কম্)
এম দেব। ময়া প্রোক্তঃ স্ত্রীধর্মো বচনাত্তব।
যা ত্বেংভাবিনী নারী সা পতিব্রতভাগিনী ॥৫৯॥

স্বর্গনাম্বা

নারদ উবাচ।

ইত্যুক্তঃ স তু দেবেশঃ প্রতিপূজ্য গিরেঃ স্থতাম। লোকান্ বিসর্জ্বরামাস সর্বৈরন্মচরৈর তান্॥৬০॥

ভাবতকোমূদী

পতিবিভি। গভিরাশ্রমঃ। দৈবতং দেবতা ।ধর।

পতীতি। পত্যু: প্রসাদ: অচ্গ্রহ:। ন বা ভবেৎ, পতিপ্রসাদ: স্বর্গাদিশি শ্রেষ্ঠ ইত্যাশয়: ॥৫৬॥

ষদীতি। অকার্যাং নিন্দনীয়ং কর্ম। আগর আগদং প্রাপ্তঃ। কার্যাং কর্ত্তবাম্ ॥৫৭—৫৮॥ এব ইতি। বচনাদাদেশাং। এবং ভাবিনী ইপজ্জা ॥৫৯॥ ইতীতি। দেবেশো মহাদেবঃ, প্রতিপূজ্য প্রশক্ত ॥৬০।

নারীর পক্ষে পতিই দেবতা, পতিই বন্ধু এবং পতিই গতি; আর নারীর পক্ষে পতিব তুল্য আশ্রয় নাই এবং পতি বেমন দেবতা, তেমন দেবতাও নাই ॥৫৫॥

পতিব অমুগ্রহ বা স্বর্গ এই চুইই নাবীব নিকট সমান কিংবা সমান নাও হইতে পারে (অর্থাৎ নারীব পক্ষে স্বর্গাপেক্ষাও পতির অনুগ্রহ শ্রেষ্ঠ); স্কুতরাং মহেশ্বর ! আপনি অসম্ভষ্ট হইবার সম্ভব হইলে আমি স্বর্গও ইচ্ছা করি না ॥৫৬॥

দরিজ বা কোন প্রকার রোগগ্রস্ক, বিপন্ন, শক্রহস্তগত কিংবা ব্রহ্মশাপগ্রস্থ হইয়া পতি যদি কিছু বলেন; তবে তাহা যদি অকর্ত্তব্য বা পাপের কার্য্য কিংবা প্রাণনাশকও হয়; তথাপি ভার্য্য আপদ্ধর্ম লক্ষ্য কবিয়া নিঃশঙ্ক চিত্তে তাহা করিবেন ॥৫৭—৫৮॥

দেব। এই আমি আপনার আদেশে স্ত্রীধর্ম বলিলাম। যে নারী এইরূপ হন, তিনি পতিব্রতাধর্মের অধিকারিণী হইয়া থাকেন' ॥৫৯॥ ততো যযুভূ তগণাঃ সরিতশ্চ যথাগতম্। গন্ধবাঞ্গরসশ্চেষ প্রণম্য শিরসা ভবম্ ॥৬১॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্বাণি দানধর্মে স্ত্রীধর্মকথনে চতুর্বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

পঞ্চবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

শাষ্য উচুঃ। পিনাকিন্। ভগনেত্রন্ন। সর্বলোকনসস্কৃত।। মাহাল্যং বাম্নদেবভা শ্রোত্মিচ্ছাসঃ শঙ্কর।॥১॥

ভারতকোমুদী

ডড ইভি। সরিতো গদাভা নতঃ। তবং মহাদেবন্ ॥৬১॥
ইভি সহামহোপাধ্যাৰ-ভাষতাচার্য্য-শ্রীহরিদাসনিদান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাবাং
নহাভাষতটীকাবাং ভাষতকৌম্দীসমাধ্যাবামস্থাসনপর্বাণি
দানধর্শে চতুর্বিংশভাধিকশভতমোহধ্যায়ঃ ॥•॥

--:*:---

পিনাকিরিতি। হে পিনাকিন্। পিনাকধহর্মর। ভগস্ত তদাখ্যদেবতা নেজং হস্তি দক্ষয়ে নাশয়তীতি তৎসম্বোধনস্ ॥১॥

নারদ বলিলেন—'পার্ব্বতী এইবাপ বলিলে সেই মহাদেব পার্বতীর প্রশংসা ক্রিয়া সমস্ত অন্তুচ্ববেষ্টিত উপস্থিত লোক্দিগকে বিদায দিলেন ॥৬০॥

তাহার পৰ ভূতগণ, নদীগণ, গন্ধর্বগণ ও অপ্সবোগণ মস্তকদ্বাবা মহাদেবকে নমস্কাব কবিয়া যথাস্থানে চলিযা গেলেন' ॥৬১॥

ঋষিগণ বলিলেন—'পিনাকধনুর্দ্ধর। ভগনেত্রনাশক। সর্বলোকনমস্কৃত। শঙ্কর। আমবা বাস্থদেবেব মাহাত্ম্য শুনিতে ইচ্ছা কবি'॥১॥

- 'বট্চত্বারিংশদধিকশতভমোহধ্যায়ঃ'—বক বর্দ্ধ।
- (১) শ্রোত্মি**ছামি শহর !—বন্ধ বর্দ্ধ**।

মহেশ্বর উবাচ।

পিতামহাদিপি বরং শাখতঃ পুরুষো হরিং।
কুষো জামুনদাভাসো ব্যজে সূর্য্য ইবোদিতঃ ॥২॥
দশবাহর্মহাতেজ। দেবতারিনিস্দনঃ।
শ্রীবৎসাক্ষো হুষীকেশঃ সর্ববিদ্বতপূজিতঃ॥৩॥
ব্রেমা তস্যোদরভবস্তস্থাহঞ্চ শিরোভবঃ।
শিরোক্রহেভ্যে। জ্যোতীংঘি রোমভ্যশ্চ সুরাহ্মরাঃ॥৪॥
ঋষয়ো দেহসম্ভূতান্তস্থ লোকাশ্চ শাখতাঃ।
পিতামহগৃহং সাক্ষাৎ সর্ববেদবগৃহঞ্চ সঃ॥৫॥
সোহস্তাঃ পৃথিব্যাঃ কুৎসায়াঃ ভ্রুফা ত্রিভুবনেশরঃ।
সংহর্ত্তা চৈব ভূতানাং স্থাবরস্থ চরস্থ চ ॥৬॥

ভাৰতকৌমুদী

পিতেতি। পিতামহাদ্রক্ষণ:, শাখতো নিত্য:। জাছ্নদাভাগো জছ্তুলাহাতি:, বিগতমহং মেঘো যন্ত্ৰাৎ তন্মিন গগনে উদিত: ত্থ্য ইব তেজ্যীতি শেষ: ॥২॥

দশেতি। শ্রীবংলো বক্ষোরোমাবর্তঃ অকশিচহুং যক্ত সং, হ্ববীকা মায়া তক্তা দশো নিয়স্তা ।তা

ব্রন্ধেতি। উদরভবে। নাজিপল্লছাততাং। শিরোক্তেন্ডা: কেশেন্ডা:, জ্যোতীংবি গ্রহনক্ষরাণি সম্ভানীতি শেবঃ মধ্য

ঋষয় ইভি। লোকা গোলোকাদয:। পিতাসহত বন্ধণো গৃহমাভায়স্থানম্ ॥৫॥

মহাদেব বলিলেন—'সনাতন পুরুষ হবি ব্রহ্মা অপেক্ষাও শ্রেষ্ঠ এবং সেই কৃষ্ণ জন্মুবর্গ ও মেঘশৃষ্ণ গগনোদিত সুর্য্যের স্থায় তেজস্বী॥২॥

ভিনি দশবান্ত, মহাতেজা, অস্ত্ৰহন্তা, শ্ৰীবংসচিহ্নিত, মায়াব অধীধৰ ও সমস্ত দেবগণ পুজিত ॥তা

ব্ৰন্মা তাঁহাৰ নাভিপদ্ম হইতে উৎপদ্ম হইয়াছেন, আমি মস্তক হইতে জন্মিয়াছি, কেশকলাপ হইতে গ্ৰহনক্ষত্ৰ আবিভূতি হইয়াছেন এবংলোম হইতে দেবগণ ও অসুবগণ জন্মগ্ৰহণ কৰিয়াছেন ॥৪॥

ঝবিগণ তাঁহাব দেহ হইতে জন্মিয়াছেন, শাখত লোক সকলও তাঁহাব দেহ হইতেই উৎপন্ন হইযাছে এবং তিনি সাক্ষাৎ ব্রহ্মাব ও সমস্ত দেবতার আত্রয়স্থান ॥৫॥

⁽২) শিব উবাচ। পিতামহাদণি পর: জাত্মলাভোৎসো-পি।

⁽৩) স্ব্টিদ্বভযুগণ:—পি। (৪) ভত্তাহকাবরোইভবস্··বোসমধ্যাৎ—পি।

স হি দেববরঃ সাক্ষাদ্দেবনাথঃ পরন্তপঃ।
সর্বজ্ঞঃ সর্বসংশ্লিক্টঃ সর্ববগঃ সর্ববেতামুখঃ ॥৭॥
প্রসাত্মা হ্বীকেশঃ সর্বব্যাপী মহেশ্বরঃ।
ন তত্মাৎ পরসং ভূতং ত্রিয়ু লোকেয়ু কিঞ্চন ॥৮॥
সনাতনে। বৈ মধুহা গোবিন্দ ইতি বিশ্রুতঃ।
স সর্বান্ পার্থিবান্ সংখ্যে ঘাতয়িয়তি মানদঃ ॥৯॥
স্থরকার্য্যার্থমুৎপ্রমো মানুষং বপুরাস্থিতঃ।
ন হি দেবগণাঃ শক্তান্ত্রিবিক্রমবিনাক্ষতাঃ ॥১০॥
ভূবনে দেবকার্য্যাণি কর্ত্তুং নাযকবর্চ্জিতাঃ।
নায়কঃ সর্বভূতানাং সর্বদেবনসস্থতঃ ॥১১॥

ভারতকৌমূদী

গ ইতি। কুংখারা: নর্মক্তা:। চরক্ত জনমক্ত ।৬।

म हेकि। मर्त्सव् भवार्र्यव् मः भ्रिष्टेः मः मक्तः अन्नत्रभवाद मः, मर्त्सविचाद ॥१॥

পরমেতি। পরসং শ্রেষ্ঠম্, ভূডং প্রাণী ।৮॥

সনেতি। মধুং নাম দৈত্যং হতবানিতি মধুহা ॥ ।।

স্থরেতি। ত্রিবিজমেণ কৃষ্ণেন বিনাক্ষতা বিরহিতা: ॥১।।

ভূবন ইতি। যেন হি তে দেবাশ্বিবিক্তমবিনা ক্লভাঃ সম্ভঃ, দেবকার্যাণি কর্ত্তুং নায়ক-বৰ্জিভাঃ স্থাঃ ॥১১॥

ত্রিভূবনাধিপতি সেই কৃষ্ণ, এই সমগ্র পৃথিবীর এবং সমস্ত স্থাবর ও জঙ্গম প্রাণীব সৃষ্টিকর্তা ও সংহারকারী ॥৬॥

তিনি দেবশ্রেষ্ঠ, দেবগণেব বক্ষক, শত্রুসস্থাপক, সর্বজ্ঞ, সাক্ষাৎভাবে সর্ব্ব-সংসক্ত, সর্ব্বগামী ও সর্ব্বদর্শী ॥৭॥

কৃষ্ণই প্রমাত্মা, মাধাব নিযস্তা, সর্বব্যাপী ও মহেশ্বব এবং ত্রিভূবনে তাঁহা হইতে প্রধান কোন ভূত নাই ॥৮॥

সনাতন, মধুহস্তা ও গোবিন্দ নামে বিখ্যাত এবং মাননীয়গণেব মানদাতা, সেই কৃষ্ণ যুদ্ধে (কুক্লেত্র সমবে) সমস্ত বাজাকে বিনাশ করাইবেন ॥১॥

তিনি দেবকার্য্য সাধনেব জন্ম মনুষ্যদেহ ধাবণ করিয়া উৎপন্ন হইয়াছেন। কারণ, দেবগণ কৃষ্ণ ব্যতীত এই গুক্তব কার্য্য কবিতে সমর্থ নহেন ॥১০॥

কাবণ, দেবভাষা কৃষ্ণ না থাকিলে দেবকার্য্য করিবাব পক্ষে নাযকবিহীন চইষা পড়েন। যে তেতু কৃষ্ণ সর্বভূতেব নাযক এবং সর্বদেবনমস্কৃত ॥১১॥

⁽১০) মাত্ৰং বপুরাশ্রিত:-- পি।

এতত্ত দেবনাথত্ত দেবকার্যপরত্ত চ।
ব্রহ্মভৃতত্ত সততং ব্রহ্মবিশরণত্ত চ॥১২॥
ব্রহ্মা বসতি গর্ভন্থ: শরীরে স্থপংস্থিতঃ।
সর্বাঃ স্থথং সংশ্রিতশ্চ শরীরে অ্থসংস্থিতঃ॥১০॥ (রুগ্মকর্যু)
সর্বাঃ স্থথং সংশ্রিতশ্চ শরীরে তত্ত্ত দেবতাঃ।
স দেবঃ পুগুরীকাক্ষঃ শ্রীগর্ভঃ শ্রীসহোষিতঃ॥১৪॥
শাঙ্গ চক্রায়ুধঃ থড় গী সর্বনাগরিপুধ্বজঃ।
উত্তমেন স শীলেন দমেন চ শযেন চ॥১৫॥
পরাক্রমেণ বীর্যোণ বপুষা দর্শনেন চ।
আরোহেণ প্রমাণেন ধৈর্যোণর্জ্জবসম্পদা॥১৬॥
আনৃশংস্থেন রূপেণ বলেন চ সমন্বিতঃ।
অক্তৈঃ সমুদিতঃ সর্বৈদিব্যৈরস্কু তদর্শ নৈঃ॥১৭॥ (বিশেষকর্যু)
যোগমায়ঃ সহস্রাক্ষো নিরপায়ো মহামনাঃ।
বীরো মিত্রজনপ্লাঘী জ্ঞাতিবন্ধুজনপ্রিয়ঃ॥১৮॥

ভারতকোমুদী

এততেতি। বন্ধভৃতত প্রমাত্মরণত্ম, বন্ধর্যাণাং শরণত রক্ষকত্ম, গর্ভস্থোনাভিপন্ধতিং, সর্বো মহাদেবং। "ঈশ্বং সর্বা ঈশানং" ইত্যাসরং ॥১২—১৩।

সর্বা ইতি। শ্রী: শোভা গর্তে দেহমধ্যে যক্ত সং, শ্রিষা লক্ষীদেব্যা সহ উখিতঃ স্থিতঃ ॥১৪॥
শাকে তি। শ্র্বনাগরিপূর্গরুড়ো ধ্বজে যক্ত সং, দমেন বহিরিশ্রিয়দমনেন, এমেন অন্তরিশ্রিয়দমনেন চ। আরোহেণ স্থোল্যেন, প্রমাণেন দৈর্ঘোন, আর্ক্রবসম্পদা সরলভাষাহল্যেন, আনুশংক্রেন দয়য়া, সমৃদিতঃ সম্পায়ঃ ॥১৫—১৭॥

দেবগণের প্রভু, দেবকার্য্য তৎপব, ব্রহ্মস্বরণ এবং সর্বদ। ব্রহ্মবিগণের রক্ষক এই নারাযণের নাভিপদ্মে থাকিয়া ব্রহ্মা স্থাধ ইহাবই শরীরে বাস করিতেছেন; আব মহাদেবও ইহাব শবীরে স্থাধ রহিয়াছেন ও স্থাভোগ করিতেছেন ॥১২—১৩॥

সমস্ত দেবতাও তাঁহার শরীরে স্থা আছেন। সেই দেব নারায়ণ শ্রীসমন্বিত ও শ্রীর সহিত বাস কবেন ॥১৪॥

তিনি শার্ক ধনু, স্থদর্শন চক্র ও খজাধারী এবং গরুড়ধ্বজ। আব উত্তম স্বভাব, শম, দম, পবাক্রম, বল, উৎকৃষ্ট দেহ ও আকৃতি, স্থুলতা, দৈখ্য, ধৈর্য্য, সবলতা, দয়া, রূপ ও শক্তিসমন্থিত এবং অন্তু ভদর্শন ও অলৌকিব সমস্ত অন্তর্যুক্ত ॥১৫-১৭॥ ক্ষমাবাংশ্চানহংবাদী ত্রাক্ষণো ত্রক্ষনাযকঃ।
ভয়হর্ত্তা ভয়ার্ত্তানাং দিলাবাং নন্দিবর্দ্ধনঃ॥১৯॥
শরণ্যঃ সর্বভূতানাং দীনানাং পালনে রতঃ।
গ্রুতবানর্থসম্পনঃ সর্বভূতনসম্পতঃ॥২০॥
সমাঞ্জিতানাং বরদঃ শত্রুণাসপি ধর্মবিৎ।
নীতিজ্ঞা নীতিসম্পন্নো ত্রক্ষবাদী জিতেন্দ্রিয়ঃ॥২১॥
ভবার্থমিহ দেবানাং বৃদ্ধ্যা পরম্যা যুতঃ।
প্রাক্ষাপত্যে শুভে মার্গে মানবে ধর্মসংস্কৃতে ॥২২॥
সমুৎপৎস্তৃতি গোবিন্দো সনোর্বংশে মহাত্মনঃ।
ভবেলা নাম মনোঃ পুত্রো হৃত্তর্ধানা ততঃ পরঃ॥২০॥
ভত্তর্ধান্মে হবিধানা প্রজ্ঞাপতিরনিন্দিতঃ।
প্রাচীনবহির্ভবিতা হবিধান্ধঃ স্তুতো মহান্॥২৪॥ (বিশেষকম্)

ভাৰতকৌমুদী

বোগেতি। বোগমায়া অক্তান্তীতি বোগমায়: অর্শ আদিখাদৎ, সহত্রক: শহন্তন্যন ইব সর্বদর্শিখাৎ, নিরপায়ো ধ্বংসশৃক্ত: ॥১৮॥

ক্ষাবানিতি। জনহংবাদী জহহাবশ্তা, ব্রান্ধণ্যো ব্রান্ধণেষ্ সদ্যবহণ্ডা, ব্রন্ধণায়কো ব্রান্ধণানাং পরিচালক: ॥১२॥

শরণ্য ইতি । শরণ্যো রক্কশ্রেষ্ঠ: । শ্রুতবান্ পাস্ত্রানবান্ ॥২০॥

नमिणि। वदमः अञीहेमाणा। बन्धवामी (वमवन्धा ॥२)॥

ভবেতি। ভবার্থং মদলার্থম্। প্রজাপভির্মহবের তৎপ্রবর্ত্তিত ইতি প্রাজ্ব গড়ে, মানবে মহপ্রচারিতে মার্গে স্থিত ইতি শেষ:। অন্তর্ধামা নাম। প্রাচীনবহিরপি নাম ॥২২—২৪॥

কৃষ্ণ যোগমাযাযুক্ত, সহস্র নযন, ধ্বংসশৃহ্য, প্রশস্ত চিত্ত, বীন, মিত্রলোকের প্রশংসাকাবী এবং জ্ঞাতি ও বন্ধুজনেব প্রিয় ॥১৮॥

তিনি ক্ষমাশীল, অহস্কারশৃত্য, বাক্ষণেব সঙ্গে সদ্ব্যবহারকাবী, ত্রাহ্মণ-গণের পবিচালক, ভ্যার্ভগণেব ভ্যহর্তা এবং মিত্রগণেব আনন্দবর্দ্ধক ॥১৯॥

কৃষ্ণ সমস্ত প্রাণীব বক্ষক, দীন পালনে নিবত, শাস্ত্রজ্ঞানশালী, ধনসম্পন্ন এবং সর্ববভূতনসম্ভুত ॥২০॥

কৃষ্ণ শবণাপর, শত্রুগণেবও অভীষ্টদাতা, ধর্মবিং, নীডিজ্ঞ, নীডিযুক্ত, বেদবক্তা ও জিতেন্দ্রিয় ॥২১॥

দেবগণেৰ মঙ্গলেৰ নিমিত্ত ভগৰান্ নাৰ।যণ মহাত্মা মনুৰ বংশে এই জগতে

⁽২১) সমাশ্রিতানাং মৃদক্ৎ-- পি।

তত্ত প্রচেতঃপ্রমুখা ভবিয়ন্তি দশাত্মজা:।
প্রাচেতসন্তথা দক্ষো ভবিতেহ প্রজাপতি: ॥২৫॥
দাক্ষায়ণ্যান্তথাদিত্যো মনুরাদিত্যতন্তথা।
মনোশ্চ বংশজ ইলা স্ক্র্যান্ত্রশ্চ ভবিয়ন্তি ॥২৬॥
বুধাৎ পুররবাশ্চাপি তত্মাদায়ুর্ভবিয়ন্তি।
নহুষো ভবিত। তত্মাদ্যযাতিন্তত্ত্য চাত্মজঃ ॥২৭॥
যক্তন্তত্মান্তাসন্তঃ ক্রোন্টা তত্মাদ্ভবিয়তি।
ক্রোন্ট কৈন্ত্র মহান্ পুত্রো বুজিনীবান্ ভবিয়তি ॥২৮॥
বুজিনীবতশ্চ ভবিতা উষস্করপরাজিতঃ।
উষস্পোর্ভবিতা পুত্রঃ শ্রশ্চিত্ররথন্তথা।
তত্ত্য স্বরজঃ পুত্রঃ শ্রুনের নাম ভবিয়তি ॥২৯॥

ভারতকোমূদী

তত্তেতি। দক্ষোনাম, প্রজানাং পতির্নিষম্ভা।২৫॥

দাক্ষেতি। দাক্ষারণ্যা দক্ষতনয়ায়া অদিত্যাঃ, আদিত্যঃ পুর্ব্যঃ ॥২৬॥

व्यामिकि। हेलाटका व्यक्तभाष्व्याप्व्यार ॥२१॥

यष्त्रि । गहांत्राचा गहातनः । दुष्टिनीवान् नाग ॥२৮॥

वृक्षिनी छि। मृत्रा वीत्रः, विव्वत्रत्था नाम। वहेशात्माश्यः त्भाकः ॥२०।

'গোবিলা' নাম ধাবণ কবিয়া উৎপন্ন হইবেন; তিনি অত্যন্ত বৃদ্ধিমান্ হইয়া ধর্মসম্পন্ন প্রজাপতি সমূব প্রবর্ত্তিত মঙ্গলময় পথে চলিবেন। মনুর পুত্র অঙ্গ, অঙ্গেব পুত্র অন্তর্ধামা, অন্তর্ধামাব পুত্র হবিধামা। এই হবিধামা অনিন্দিত প্রজাপতি হইবেন; প্রাচীনবর্হিনামে সেই হবিধামের একটা উত্তম পুত্র জ্বাবে ॥২২—২৪॥

সেই প্রাচীনবর্হিব প্রচেডাপ্রভৃতি দশটী পুত্র হইবে এবং প্রচেডার পুত্র দক্ষ মর্ত্ত্যলোকে প্রজাপতি হইবেন ॥২৫॥

সেই দক্ষকক্স। অদিভিব গর্ভে সূর্য্য জন্মিবেন এবং সূর্য্য হইতে মন্থ। আবার মনুব বংশে ইলা ও সূত্যুয় উৎপন্ন হইবেন ॥২৬॥

সেই ইলা হইতে বৃধ, বৃধ হইতে পুৰববা, পুৰৱবা হইতে আযু জন্মিবেন এবং আযু হইতে নছষ ও নছষ হইতে য্যাতি জন্মগ্ৰহণ করিবেন ॥২৭॥

সেই যবাতি হইতে মহাবল যত্ এবং যত্ হইতে ক্রোষ্টা জন্মিবেন। আবাব সেই ক্রোষ্টা হইতে বুজিনীবান্ নামে প্রশস্ত একটী পুত্র হইবে ॥২৮॥

⁽২৯) উষদ্গুরপরাব্দিত:। উষদ্গোর্ডবিজা--পি।

তেষাং বিখ্যাতবীর্য্যাণাং চরিত্রগুণশালিনাম্।

যজনাং স্থবিশুদ্ধানাং বংশে ব্রাক্ষণসন্মতে ॥৩০॥

স শৃবঃ ক্ষত্রিযঞ্চেটো মহাবীর্য্যে। মহাযশাঃ।

স্বংশবিস্তবকরং জন্মিয়তি সানদঃ ॥৩১॥

বস্থদেব ইতি খ্যাতং পুত্রমানকত্বন্তিম্।

তস্থ পুত্রশ্চতুর্বাহুর্বাস্থদেবো ভবিষ্যতি ॥৩২॥ (বিশেষকম্)

দাতা ব্রাক্ষণসংকর্জান্মোক্ষমিয়তি বাদবঃ ॥৩০॥

জরাসন্ধস্ক রাজানং নিজিত্য গিরিগছবরে।

সর্বপার্থিববদ্ধান্যে। ভবিষ্যতি স্বীর্য্যবান্ ॥৩৪॥

পৃথিব্যামপ্রতিহতে। বীর্ষ্যেণ চ ভবিষ্যতি।

বিক্রমেণ চ সম্পন্ধঃ সর্বপার্থিবপার্থিবঃ ॥৩৫॥

ভাবতকোমুদী

তেবামিতি। যজনাং যথাবিধিষজ্ঞকারিণাম্। মাননীয়ানাং মানং দদাতীতি স:। "আনক এব দুন্দুভিবস্ত" ইতি বহুমাথ:। চতুর্কাভর্জন্মকালে ॥৩০—৩২॥

দাডেতি। ব্রহ্মভূত: পরসাত্মরণ:। সাগণেন মগণরাজেন জরাসন্ধেন সংক্রানাস্কান্, রাজ্যো নুপতীন্, বাদব: ক্ল: ॥৩৩॥

জবেতি। গিরিগহ্বরে গিরিত্রকে। দ রুফ: ॥০৪॥ পৃথিব্যামিতি। দর্কেধাং পাধিবানাং বাজ্ঞাস, পাধিবো রাছা ॥০৫॥

সেই বৃজ্জিনীবান্ হইতে অপবাজিত উষজু জন্মিবেন এবং উষজু হইতে বীর চিত্ররথ উৎপন্ন হইবেন; আৰু শূবনামে তাঁহাৰ কনিষ্ঠ পুত্র জন্মিবেন ॥২৯॥

বিখ্যাত বীৰ্য্য, চবিত্ৰগুণসম্পন্ন, যজ্ঞকাৰী ও নিৰ্দ্মল চিত্ত সেই ক্ষত্ৰিযগণেৰ আক্ষণপ্ৰিয় বংশে ক্ষত্ৰিযজেষ্ঠ, মহাবীৰ, মহাযশা ও মানিগণেৰ মানদাতা, সেই শূর নিজবংশবিস্তাৰকাৰী বস্থদেৰ ও আনকত্বলুভি নামে বিখ্যাত একটি পুত্ৰ উৎপাদন কবিবেন, ৰাস্থদেৰ তাঁহাৰই পুত্ৰ হইবেন এবং জন্মকালে তাঁহাৰ চাৰিটা বাহু হইবে ॥৩০—৩২॥

দাতা, ব্ৰাহ্মণগণেৰ সম্মানকাৰী, ব্ৰাহ্মণগণেৰ প্ৰিয় ও প্ৰব্ৰহ্মস্বৰূপ সেই কৃষ্ণ জ্বাসন্ধকৰ্তৃক আৰদ্ধ ৰাজগণকে মুক্ত ক্ৰিবেন ॥৩৩॥

বলবান্ বাস্থদেব, গিনিব্ৰজনগবে বাজা জ্বাসন্ধকে জ্ব ক্ৰিয়৷ তাহাব সমস্ত রত্নসম্পন্ন হইবেন ॥৩৪॥

বিক্রমসম্পন্ন কৃষ্ণ নিজেব বাছবলে পৃথিবীতে অপ্রতিহত এবং সমস্ত রাজাব রাজা হইবেন ॥৩৫॥ শ্রদেনেয়ু সংর্দ্ধে। দারকায়াং বসন্ প্রাভূ:।
পালয়িয়তি গাং দেবীং বিজিত্য নথবিৎ সদা॥৩৬॥
তং ভবন্তঃ সমাসাত্য বাঙ্গালৈয়রহিণবিরৈ:।
অর্চ্চয়ন্ত যথাতায়ং ব্রহ্মাণমিব শাশ্বতম্॥৩৭॥
যোহি সাং জেই মিচ্ছেত ব্রহ্মাণক পিতামহম্।
জেইব্যক্তেন ভগবান্ বাশ্বদেবঃ প্রতাপবান্॥৩৮॥
দৃষ্টে তশ্মিমহং দৃষ্টো ন মেহল্রান্তি বিচারণা।
পিতামহো বা দেবেশ ইতি বিত্ত তপোধনাং!॥৩৯॥
স যত্য পুগুরীকাক্ষঃ প্রীতিমুক্তো ভবিয়তি।
তত্য দেবগণঃ প্রীতো ব্রহ্মপূর্বো ভবিয়তি॥৪০॥

ভারতকৌমূদী

শুরেভি। শুরনেনেষু ভদাখ্যে দেশে, সংবৃদ্ধ উন্ধতিং প্রাপ্তঃ। গাং পৃথিবীম্ ১৩৬॥

ভমিতি। বাচ এব সাল্যানি ভৈ: স্তব্য:, স্থান্তব্যেত ।০০।।

ষ ইতি। অস্মাকং ত্রয়াণামেবাভিন্নঘাদিতি ভাব: ॥৩৮॥

मृष्ठे हेकि। ज्ञांशि श्र्वरत्तव छावः। विख जानीक ॥७३॥

ন ইতি। অন্নপূর্বে। অন্ধাদিঃ, ডক্ত সর্বদেবসমূজাৎ ।৪০॥

প্রভাবশালী ও নীতিজ্ঞ কৃষ্ণ শ্রুসেন দেশে বৃদ্ধি প্রাপ্ত হইয়া, ধারকানগরে বাস করিতে থাকিয়া, পৃথিবী জয় কবিয়া সর্বাদা তাহা পালন কবিবেন ॥৩৬॥

মুনিগণ। আপনারা তাঁহাব নিকটে উপস্থিত হইয়া নানাবিধ স্তব ও উৎকৃষ্ট পূজা জব্যদারা যথানিয়মে ব্রহ্মার স্থায় সেই সনাতন নারায়ণেব পূজা করিবেন ॥৩৭॥

যিনি আমাকে এবং পিতামহ বক্ষাকে দর্শন করিতে ইচ্ছা করেন; তাঁহার প্রতাপশালী ভগবান্ বাস্থদেবকে দর্শন কবা উচিত ॥৩৮॥

ভপোধনগণ। ইহা আপনাবা জানিয়া বাখুন যে, সেই বাস্থদেবকে দর্শন করিলে আমাকে এবং দেবেশ্বৰ ব্রহ্মাকেও দর্শন করা হয়; এবিষয়ে আমার কোন সন্দেহ নাই ॥৩১॥

সেই পুগুরীকাক্ষ বাঁহাব উপবে সম্ভষ্ট হইবেন, ব্রহ্মাদি দেবগণও তাঁহার উপরে সম্ভষ্ট হইবেন ॥৪০॥ যশ্চ তং সানবে লোকে সংশ্রেষিয়তি কেশবস্।
তক্স কীর্ত্তির্জযদৈচব স্বর্গদৈচৰ ভবিয়তি ॥৪১॥
ধর্মাণাং দেশিকঃ সাক্ষাৎ স ভবিয়তি ধর্মাভাক্।
ধর্মবিদ্ধিঃ স দেবেশো নসস্কার্য্যঃ সদোহ্যতিঃ ॥৪২॥
ধর্ম এব পরো হি স্থান্তিস্মিমভার্চিতে বিভৌ।
স হি দেবো মহাতেজাঃ প্রজাহিতচিকীর্ষণা ॥৪০॥
ধর্মার্থং পুরুষব্যান্ত্র ঋণিকোটীঃ সমর্চ্জ হ।
তাঃ স্ফটন্ডেন বিভুনা পর্বতে গন্ধসাদনে ।৪৪॥
সনৎকুমারপ্রমুখান্তিষ্ঠন্তি তপসায়িতাঃ।
তন্মাৎ স বাগ্যী ধর্মজ্ঞো নসম্খা দ্বিজপুস্ববাঃ । ॥৪৫॥ (যুগাকম্)

ভাবতকৌমূদী

য ইতি। মানবে লোকে মর্দ্তালোকে ॥৪১॥

धर्मानामिन्छि। दिश्यक উপদেষ্টা। উদ্বাহি উদ্যোগিতিঃ निर्द्धः ॥६२॥

ধর্ম ইভি। পর: প্রধান: প্রজানাং লোকানাং হিডচিকীর্ধনা হিভকরণেচ্ছয়। সর্ব্বদা প্রবর্ত্তত ইভি শেষ: ॥৪৩॥

ধন্মবিনিতি। পুরুষব্যামো নারাষণঃ, সমর্জ উৎপাদযামাস। তক্ষাৎ জনকরণ-ছাৎ ॥৪৪—৪৫॥

যে সামুষ মর্ত্ত্যলোকে সেই নাবাযণেব আঞাষ লইবে, ভাহাব কীর্ত্তি, জয় ও স্বর্গ হইবে ॥৪১॥

ধার্মিক সেই কেশব সাক্ষাৎ ধর্মেব উপদেশক হইবেন; অভএব ধান্মিক লোকেবা উদ্যোগী হইষা সর্বদা সেই দেবদেবকৈ নমস্কার করিবেন ॥৪২॥

সেই প্রভূর পূজা কবিলে প্রম ধর্মই হইয়া থাকে। কারণ, সেই মহাভেজা নারায়ণ লোকের হিভসাধন কবিবার ইচ্ছায় সর্বদা ভাহাতে প্রবৃত্ত আছেন ॥৪৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠগণ! পুক্ষপ্রেষ্ঠ নাবায়ণ ধর্মেব জন্মই কোটা কোটা ঋষি সৃষ্টি কবিয়াছেন। নাবায়ণ সৃষ্টি কবিলে সনংকুমাবপ্রভৃতি সেই ঋষিগণ তপস্থা করিতে থাকিয়া গন্ধমাদনপর্বতে অবস্থান কবিতেছেন; অতএব সেই বাগ্মী ও ধর্মজ্ঞ নারায়ণকে নমস্কাব কবা উচিত ॥৪৪—৪৫॥

⁽৪১) যক্ষ ভং মানবো লোকে ভবিশ্বতি ন সংশয়:—পি। ২০২

দিবিশ্রেষ্ঠে। হি ভগবান্ হরির্নারায়ণঃ প্রভুঃ।
বন্দিতো হি স বন্দেত মানিতো মান্যীত চ।
ভার্হিতশ্চার্হয়েয়ত্যং পূজিতঃ প্রতিপূজ্য়েৎ ॥৪৬॥
দৃষ্টঃ পশ্যেদহরহঃ সংশ্রেতঃ প্রতিসংশ্রেষে ।
ভার্চিতশ্চার্চয়েমিত্যং স দেবো দ্বিজসত্তসাঃ! ॥৪৭॥
এতত্তত্তানবপ্রত্য বিষ্ণোর্বির পরমং ব্রত্য ।
ভার্দিদেবত্র মহতঃ সজ্জনাচরিতং সদা ॥৪৮॥
ভূবনেহভ্যুচ্চিতো নিত্যং দেবৈরপি সনাতনঃ।
ভাভ্যেনাত্রপেণ যুজ্যন্তে তমনুব্রতাঃ ॥৪৯॥
কর্ম্মণা মনসা বাচা স সমত্যো দিকৈঃ সদা ।
যত্ত্ববিদ্ধকপস্থায় ক্রফ্ব্যো দেবকীমতঃ ॥৫০॥

ভারতকোমদী

দিবীতি। বন্দেত বন্দনীয়ং কুর্যাৎ, মানধীত মাননীয়ং বিদধীত। অর্হিতো বাচা, পুজিতঃ

দৃষ্ট ইতি। ভজ্যা দৃষ্ট:, গশ্তেৎ সদয়ম্ ॥৪৭॥ এতদিতি। অনবভাক্ত অনিন্দনীয়ক্ত, ব্ৰতং নিয়ম: ॥৪৮॥ ভূবন ইতি। ডং বিষ্ণুম্ অহ লক্ষ্যীকৃত্য ব্ৰতং বেষাং ডে ॥৪০॥ কৰ্মণেতি। উপস্থায় উপগম্য ॥৫০॥

ভাবতভাবদীপঃ

পিনাকিরিতি। অসিরধ্যায়ে বে। হি মাং ত্রষ্ট্রিচ্ছেডেডি শ্লোক্ষ্যেন ত্রন্ধবিফুক্তাণা-মৈকাত্মাং দশিতং বং প্রাঞ্পদশিত, তদেবাত্রোপসংস্কৃতিমিতি বোধান্ 1>—৪৫॥ অর্হিডঃ পূপ্ণ-

স্বর্গের শ্রেষ্ঠ ও প্রভাবশালী ভগবান্ হরিনারায়ণের বন্দনা করিলে, তিনিও বন্দনীয় করেন, সম্মানিত করিলে সম্মান কবেন, স্তব কবিলে স্তবের যোগ্য কবেন এবং পূজা করিলে প্রতিপৃক্ষিত করিয়া থাকেন ॥৪৬॥

বাহ্মণশ্রেষ্ঠগণ। প্রত্যহ ভক্তিপূর্বক নাবায়ণকে দর্শন করিলে, তিনিও স্নেহের সহিত দর্শন করেন, তাঁহাকে আশ্রয় করিলে তিনিও আশ্রয় করেন এবং পূজা করিলে পূজা করিয়া থাকেন ॥৪৭॥

অনিন্দনীয় আদিদেব ও মহান্ সেই বিষ্ণুর ইহাই পবস ব্রড এবং এইবপই সর্ব্বদা সজ্জনোচিত আচরণ মান্তু

জগতে দেবতারাও সর্বদা সেই সনাতনের অর্চনা কবিয়া থাকেন এবং তাঁহার অমুগামী লোকেবা অনুবাপ অভযযুক্ত হইয়া থাকে ॥৪৯॥ এব বোহভিহিতো মার্গো সয়া বৈ মুনিসত্তনাঃ।
তং দৃষ্ট্রা সর্বশো দেবং দৃষ্টাঃ স্থাঃ স্থরসত্তনাঃ॥৫১॥

যহাবরাহং তং দেবং সর্বলোকপিতাসহম্।
অহং চৈব নমস্থামি নিতামেব জগৎপতিম্॥৫২॥

তত্র চ ত্রিতয়ং দৃষ্টং ভবিষ্যতি ন সংশয়ঃ।

সমস্তা হি বয়ং দেবাস্তম্ম দেহে বদাসহে॥৫০॥

তম্ম চৈবাগ্রজে। ভাতা সিতাজিনিচয়প্রভঃ।

হলী বল ইতি খ্যাতো ভবিষ্যতি ধরাধরঃ॥৫৪॥

ত্রিশিরাস্তম্ম দেবস্ম শাতকুস্তমযো ক্রমঃ।
ধ্রজন্ত শেক্রো দেবস্ম ভবিষ্যতি রথাশ্রৈতঃ ॥৫৫॥

ভাবতকৌমূদী

এব ইতি। বো ব্মাকষ্, স্থরসভ্যা ইন্তাদযো দেবশ্রেষ্ঠা: "সর্বদেবস্যো হরি"রিভি

মহেতি। সর্বলোকপিডাসহং জনকন্তাপি জনকথাৎ ॥৫२॥

তত্ত্ৰেডি। তত্ত্ব কৃষ্ণে দৃষ্টে সভি, ত্ৰিভষং ব্ৰহ্মবিঞ্শিবানাং ত্ৰষ্ম্ । । ।

তত্তেতি। সিতাত্তিনিচমগ্রভঃ শুলপ্রথারসমূহতুল্যবর্ণঃ। ধরাং পৃথিবীং ধরতীতি ধরাধরো বাস্কবিং ॥৫৪॥

ত্রীতি। ত্রিশিরা মন্তক্তবযুক্ত:, শাতকুত্তবয়: বর্ণস্য:, ত্বেন্দ্রেক্সন্তালবৃক্ষ: ॥৫৫॥

দ্বিজাতিবা কায়মনোবাক্যে সর্বদা সেই নাবায়ণকে নমস্কাব কবিবেন এবং উপস্থিত হইয়া স্যত্নে তাঁহাকে দর্শন কবিবেন ॥৫০॥

মুনিশ্রেষ্ঠগণ। এই আমি আপনাদেব নিকটে উৎকৃষ্ট পথ বলিলাম। সেই বাস্থদেবকে সর্বপ্রকাবে দর্শন কবিলে সমস্ত দেবশ্রেষ্ঠগণকেই দেখা হয়॥৫১॥

মহাবেৰাহৰূপধাৰী, সমস্ত লোকেৰ পিভামহ ও জগদীশ্বৰ সেই বাস্থদেবকে আমিও সৰ্বদাই নমস্কাৰ কৰি ॥৫২॥

সেই বাস্থদেবকে দর্শন কবিলে ব্রহ্মা, বিষ্ণু ও শিব—এই ভিনজনকেই দেখা হইবে, এবিষয়ে কোন সন্দেহ নাই। কাবণ, আমরা সমস্ত দেবভাবাই ভাঁহার শবীবে বাস কবিয়া থাকি ॥৫৩॥

স্বয়ং অনস্তনাগ যাইয়া শুভ্ৰ পাষাণসমানবর্ণ হলধব ও বলরাম নামে বিখ্যাত সেই বাস্থদেবেব অগ্রজা ভাতা হইবেন ॥৫৪॥

তিনটী মন্তক্যুক্ত ও স্বর্ণময় একটা তালবৃক্ষ সেই বলবামের রথে ধ্রক্ত হইবে ॥৫৫॥ শিরো নাগৈর্ম হাভোগৈঃ পরিকীর্ণং মহাজ্মভিঃ।
ভবিশ্যতি মহাবাহোঃ সর্বলোকেশ্বরশ্য চ ॥৫৬॥
চিন্তিতানি সমেশ্যন্তি শস্ত্রাণ্যস্ত্রাণি চৈব হ।
অনন্তশ্চ স এবোজাে ভগবান্ হরিরব্য়েঃ ॥৫৭॥
সমাদিইশ্চ বিবৃধৈদ শ্য় স্থানিতি প্রভাে!।
স্থপর্ণাে যশ্য বীর্ষােণ কশ্যপশ্যাত্মজাে বলী।
অন্তং নৈবাশকদ্দেই; দেবশ্য পর্মাজ্মনঃ ॥৫৮॥
স চ শেষাে বিচরতে পর্যা বৈ মুদা যুতঃ।
অন্তর্বসতি ভােগেন পরিরভ্য বহুন্ধরাম্ ॥৫৯॥
য এব বিষ্ণঃ সোহনন্তাে ভগবান্ বহুধাধরঃ।
যো রামঃ স হাষীকেশাে যােহচ্যুতঃ স ধরাধরঃ ॥৬০॥

ভারতকৌমুদী

শির ইতি। সহাভোগৈর্বিশালদেহৈ:, পরিকীর্ণং পরিবেটিতম্ হও। চিন্তিতানীতি। সন্নিধৌ হিংসাসাধকানি শঙ্কাণি "শহু হিংসায়া"নিতি ধাত্র্বাচ্সারাৎ, কেপেণ দুরে হিংসাসাধকানি অক্তাণি "অহু কেপণে" ইতি ধাত্র্বাচ্সরণাৎ হেণ্য

সমিতি। দর্শর পশ্চ। স্থপর্ণো গরকু:। দেবস্ত হরে:। ষট্পাদোহরং শ্লোক: ॥৫৮। স ইতি। শেব: অনন্তনাগ:, অন্তর্ক্সতি বলরামদেহস্ত, ভোগেন ফণরা, বস্কুরাং পৃথিবীং পরিবভ্য আলিফা ধুড়া ॥৫০॥

ষ ইতি। ধরাধরঃ পৃথিবীধারী ॥৬०॥

বিশাল দেহ ও মহাত্মা নাগগণ মহাবাছ ও সর্বলোকেখন বলনামের মস্তক পবিবেষ্টন করিয়া রহিবেন ॥৫৬॥

চিস্তা করিবামাত্র বলরামের নিকটে সমস্ত অত্র ও শল্প উপস্থিত হইবে। যিনি অনশ্ব ভগবান্ হরি, তিনিই অনস্ত বলিয়া অভিহিত হইয়া থাকেন ॥৫৭॥

একদা দেবগণ গরুড়কে আদেশ করিয়াছিলেন যে, 'প্রভাবশালী ! তুমি নাবায়ণের দেহের শেষ দর্শন কর দেখি', তাহাব পর কশ্যপের পুত্র বলবান্ গরুড় যে পরমাত্মা নারায়ণের শক্তির গুণে তাঁহার দেহের শেষ দর্শন করিতে সমর্থ হন নাই ॥৫৮॥

সেই হরিস্বরূপ অনস্তনাগই অত্যস্ত আনন্দিত হইয়া মর্দ্যলোকে বিচরণ করিবেন এবং ফণার উপরে পৃথিবী ধারণ করিয়া বলরামের দেহের ভিতবে বাস করিবেন ॥৫৯॥

এই যিনি বিষ্ণু, তিনি ভগবান্ পৃথিবীবাহী অনস্ত ; আবার যিনি রাম, তিনিই কৃষ্ণ এবং যিনি কৃষ্ণ, তিনিই অনস্তব্দপ রাম ॥৬০॥

⁽e1) অনস্কভৃতো বেদোক্ত:—গি।

তাবুভো পুরুষব্যান্ত্রো দিব্যো দিব্যপরাক্রমো।
দ্রেষ্টব্যো সাননীযো চ চক্রলাঙ্গলধারিণো ॥৬১॥
এষ বোহতুগ্রহঃ প্রোক্তো নয়া পুণ্যস্তপোধনাঃ!।
যন্তবস্তো যতুপ্রেষ্ঠং পূক্রয়েয়ঃ প্রযন্ততঃ॥৬২॥

ইতি ঐ্রাহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাসনুশাসনপর্বাণি দানধর্মে পুরুষোত্তমসাহাত্ম্যে পঞ্চবিংশত্যধিকশততমোহধ্যায়ঃ॥०॥ *

ষড়্বিংশত্যধিকশততমোহধ্যায়ঃ।

নারদ উবাচ।

অথ ব্যোদ্ধি নহাঞ্জঃ সবিদ্যুৎ স্তন্যিত্নু সান্।

মেবৈশ্চ গগনং নীলং সংরুদ্ধনভবদ্বনৈঃ ॥১॥

ভারতকৌমূদী

ভাবিতি। চক্রধারী রুক্ষ:, লাজলধারী চ রামন্তে। ১৯১০
এব ইতি। বো যুমাকমন্তিকে, অহুগৃহতে অনেনেতি অহুগ্রহো বৃত্তান্তঃ ৯৬২॥
ইতি মহামহোপাধ্যাব-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতানাং
মহাভারতটীকানাং ভারতকৌমুদীসমাধ্যান্যমুশাসনপর্বাণি
দানধর্মে পঞ্চবিংশত্যধিকশতভ্যোহধ্যারঃ ১০৪
ভাবভভাবদীপঃ

ধ্পাদিনার্চ্চিতঃ, প্রিতঃ বাচা চ সহীক্বতঃ ॥৪৬॥ অর্চিতো সন্সাধ্যাতঃ ॥৪৭—৫৪॥ ভূণেন্দ্রঃ ভালফ্রসঃ ॥৫৫—৬২॥

> ইতি শ্রীমহাভারতে অন্থশাসনপর্বাদি দানধর্ম্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে পঞ্চবিংশত্যধিকশতভমো২ধ্যাম্য ॥১২৫॥

অলৌকিক ও অলৌকিক পৰাক্রমশালী এবং চক্র ও লাঙ্গলখাৰী সেই পুক্ষ-শ্রেষ্ঠ বাম ও কৃষ্ণকে আপনাৰা দেখিবেন ও পূজা করিবেন ॥৬১॥

তপোধনগণ। এই আমি আপনাদের নিকট অনুগ্রাহকও পুণ্যজনক বৃত্তান্ত বলিলাম, যাহাব ফলে আপনারা যত্নপূর্বক যত্নংশশ্রেষ্ঠ কৃষ্ণকে পূজা কবিবেন' ॥৬২॥

 ^{&#}x27; সপ্তচছারিংশদ্ধিকশততমোহব্যায়ঃ'-বদ বর্দ্ধ।

প্রার্থীব চ পর্জ্জন্যো বর্ষে নির্মালং প্রাঃ।
তমশ্চেবাভবদ্ঘোরং দিশশ্চ ন চকাশিরে॥২॥
ততো দেবগিরো তস্মিন্ রুম্যে পুণ্যে সনাতনে।
ন শর্বং ভূতসজ্জং বা দদৃশুর্মু নয়স্তদা ॥৩॥
ব্যত্রঞ্চ গগনং সন্তঃ ক্ষণেন সমপত্যত।
তীর্থযাত্রাং ততো বিপ্রা জগ্মু শ্চান্তে যথাগতম্॥৪॥
তদভূতমচিন্তাঞ্চ দৃষ্ট্রা তে বিস্মিতাহভবন্।
শক্ষরস্থোসয়া সার্দ্ধং সংবাদং তৎকথাপ্রেম্ ॥৫॥
স ভবান্ পুরুষব্যান্ত। ত্রক্ষভূতঃ সনাতনঃ।
যদর্থমনুশিক্টাঃ স্মো গিরিপৃষ্ঠে মহাত্মনা ॥৬॥
দিতীয়ং স্ক্রুতমিদং স্বভেজঃ কৃতমন্ত বৈ।
দৃষ্ট্রা চ বিশ্বিতাঃ কৃষ্ণ। সা চ নঃ স্মৃতিরাগতা॥৭॥

ভাৰতকোমূদী

অথেতি। জনমিত্মান্ গর্জনবান্। খনৈনিবিজৈঃ ॥১॥
প্রার্বীতি। প্রার্বি বর্ষাস্থ, পর্জনো মেদঃ ॥২॥
তত ইতি। পর্বাং মহাদেবম্, ন দদৃশুঃ ভমসাবৃত্তবাং ॥৩॥
ব্যক্রমিতি। বিগতমন্ত্রং মেঘো যশাং তং, সমপত্তত সঞ্জাতম্ ॥৪॥
তদিতি। সংবাদং শ্রুছেতি শেষঃ। বিশ্বিতাহভবন্নিতি বিসর্গলোপেহপি সন্ধিরার্বঃ ॥৫॥

ভাষাত। সংবাদং লগে লগে । বিশ্বতার্ত্যামাত বিশ্ববিদ্যালয় । বার্থার জন্ম নির্দ্ধি ভবদর্শনার্থম, ইদানীং নারদঃ সন্নিহিতং ক্লফমাহ সইতি। ব্রহ্মভূতঃ পর্মাজ্মস্কপঃ। ব্দর্থং ভবদর্শনার্থম, অনুশিষ্টা উপদ্বিষ্টাঃ শো ব্যুষ্, গিরিপুঠে হিমালয়োপরি, মহাস্থানা সহাদেবেন । আ

নারদ বলিলেন—'ভাহাব পব আকাশে বিছ্যুৎ ও গর্জনযুক্ত বৃষ্টির মহাশব্দ হইতে লাগিল এবং নীলবর্ণ আকাশ নিবিড় মেঘে আবৃত হইয়া গেল ॥১॥

ক্রমে বর্ষাকালের স্থায় মেঘ নির্মাল জল বর্ষণ কবিতে লাগিল, ভয়ঙ্কর অন্ধকাব উপস্থিত হইল এবং দিক্ সকল প্রকাশ পাইল না ॥২॥

তাহাব পব মূনিগণ সেই মনোহব ও চিবস্তুন পবিত্র হিমালয়পর্বতে মহাদেবকেও ভূতসমূহকে আব দেখিতে পাইলেন না ।।

আবাৰ ভংক্ষণাৎ আকাশ মেঘশৃন্ত হইয়া গেল, ভাহার পর ব্রাহ্মণেরা তীর্থযাত্রায় গমন কবিলেন, অস্ত সকলেও যথাস্থানে চলিয়া গেল ॥৪॥

তাহারা কিন্তু অন্তুত ও অচিন্তনীয় সেই ব্যাপার দেখিয়া এবং পার্বভীর সহিত মহাদেবেব ধর্মকথা শ্রিত সংবাদ শুনিয়া বিস্মযাপন্ন হইলেন ॥৫॥

⁽৬) সর্বভৃতসনাতন: ···পি, · তদর্থসক্রশিষ্টাঃ স্থা: · বল বর্দ্ধ।

এতত্তে দেবদেবস্থ সাহাত্ম্যং কথিতং প্রভো!।
কপদিনো গিরীশস্থ মহাবাহো! জনদিন!॥৮॥
ইত্যুক্তঃ স তদা কৃষ্ণস্তপোবননিবাসিভিঃ।
মানযামাস তান্ সর্ববান্ধীন্ দেবকিনন্দনঃ॥৯॥
অথর্ষ্যঃ সম্প্রহুক্তাঃ পুনস্তে কৃষ্ণমক্রুবন্।
পুনঃ পুনদ শ্বাস্থান্ সদেব মধুসূদন!॥১০॥
ন হি নঃ সা রতিঃ স্বর্গে যা চ ছদর্শনে বিভো!।
তদৃতক্ষ মহাবাহো! যদাহ ভগবান্ ভবঃ॥১১॥
এতত্তে সর্বমাখ্যাতং রহস্থমরিকর্শন!।
ছমেব হুর্থতত্ত্তঃ পুষ্টোহস্মান্ পুচ্ছসে যদা॥১২॥

ভারতকোমূদী

বিতীযমিতি। প্রথমং তদানীং মহাদেবভেজ্পা রুতম্, বৃদ্ধ তু ছজেজঃরুতমিদং বিতীয়মভূতম্। সামহাদেবকৃতাভূতবিষ্যা । গ॥

এতদিতি। তে তব সমীপে, কবিতমন্বাভিঃ। কপর্দিনো কটাকুট্ধারিণঃ ॥৮॥

ইতীতি। মানরামান অর্ঘ্যাদিভি: প্রধামান ॥।।।

অথেতি। অস্মান্ দর্শয আত্মানমিভি শেব: ॥১০॥

নহীতি। বতিবছবাগঃ, ঋতং সত্যম্, ভবো মহাদেবঃ ॥১১॥

এতদিতি। वहकः श्रश्यः वृष्ठम्, व्यर्थज्युकः नर्सिविवव्रमर्भविद ॥>२॥

পু্কষঞ্চে নারায়ণ। আপনিইসেই সনাতন প্রব্রহ্মস্বর্ণ কৃষ্ণ। আপনার দর্শনের জন্মই মহাস্বা মহাদেব হিমালযপর্বতের উপবে আমাদিগকে উপদেশ দিয়াছিলেন ॥৬॥

কৃষণ । আজ আপনাব তেজঃকৃত এই দ্বিতীয় অস্তুত দেখিয়া আমরা বিশ্বযাপন হইয়াছি এবং সেই মহাদেবকৃত অস্তুত ব্যাপারেব সেই শ্বতি আমাদের উপস্থিত হইয়াছে ॥৭॥

প্রভূ মহাবাহু জনার্দন। এই আমবা আপনাব নিকটে জটাজুটধারী দেবদেব মহাদেবেৰ মাহাত্ম্য বলিলাম'॥৮॥

তপোবনবাসী মুনিবা এইকপ বলিলে, তখন দেবকিনন্দন কৃষ্ণ সেই সকল মুনিব পূজা করিলেন ॥৯॥

তাহাব পর সেই মুনিরা সম্ভষ্ট হইযা পুনরায ক্বফকে বলিলেন—'মধুস্পন। আপনি সর্বদাই আমাদিগকে বার বার দর্শন দান ককন॥১০॥

প্রভু! আপনাব দর্শনে আমাদেব যেরপ অনুবাগ আছে, স্বর্গে সেরপ অনুরাগ নাই। মহাবাহু! ভগবান্ মহাদেব যাহা বলিষাছেন, ডাহা সভ্য ॥১১॥ তদস্মাভিরিদং শুহুং শ্বং প্রথমার্থমুদাহতম্।
ন চ তেইবিদিতং কিঞ্চিত্রিয়ু লোকেয়ু বিছাতে ॥১০॥
জন্ম চৈব প্রসৃতিশ্চ যক্ষান্তং কারণং বিভো!।
বয়স্ত বহুচাপল্যাদশক্তা শুহুধারণে ॥১৪॥
ততঃ স্থিতে শ্বয়ি বিভো! লঘুশ্বাৎ প্রলপানহে।
ন হি কিঞ্চিত্রদাশ্চর্য্যং যন্ন বেত্তি ভবানিহ ॥১৫॥
দিবি বা ভুবি বা দেব! সর্বং হি বিদিতং তব।
সাধ্যাম বয়ং কৃষ্ণ ! বুদ্ধিং পুষ্টিমবাপ্লাহি ॥১৬॥

ভাবতকোমুদী

তদিতি। গুহুং গোপনীযমাখ্যানম্॥১৩॥

জন্মতি। জন্ম গর্ভে প্রথমোৎপত্তিঃ, প্রস্থতিভূমো গর্ভাৎ পতন্ম, কাবণং তরাবির্ভাবে হেতৃ:। বহুচাপল্যাৎ অভ্যন্তচাঞ্চল্যাৎ, গুঞ্চানাং গোপনীযানাং তব জন্মাদীনাং ধারণে তদ্বভাস্তাংবরণে বয়ম্ অপজাঃ ॥১৪॥

তত ইতি। স্থিতে সন্নিধৌ বিশ্বসানে, লঘুৰাৎ চপলস্বভাবত্বাৎ, প্রলপামহে ক্রম: ।১৫॥
দিবীতি। সাধন্নাম গচ্ছাম, "প্রান্নেণ ণ্যস্তক্সাধির্গমে স্থানে প্রযুজ্যতে" ইতি সাহিত্যদর্পণাৎ ॥১৬॥

শক্তদমন ! আপনিই সমস্ত বিষয়েব মর্শ্ম জানেন; স্থতবাং আমরা আপনাব নিকট জিজ্ঞাসা করিয়াছিলাম; ডাহাতে আপনি আবার যাহা আমাদেব নিকট জিজ্ঞাসা কবিয়াছেন; এই আমরা আপনাব নিকট সেই সমস্ত গুপ্ত বিষয় বলিলাম ॥১২॥

দেব ৷ আপনাব প্রীতিব জন্ম আমবা এই সেই গোপনীয় বিষয় বলিলাম ;
কিন্তু ত্রিভূবনে কিছুই আপনাব অবিদিত নাই ॥১৩॥

প্রভু! জননীব গর্ভে আপনার উৎপত্তি, প্রসব এবং আবির্ভাবে অস্ত যে কারণ ছিল; অত্যন্ত চঞ্চলতাবশতঃ আমরা সেই গোপনীয় বিষয় সংবরণ ক্রিতে সমর্থ নহি ॥১৪॥

প্রভূ। সেইজন্ত আপনি সম্মুখে থাকিতে চঞ্চলতাবশতঃ আমবা বলিতেছি। এই জগতে আপনি যাহা জানেন না, সেরূপ আশ্চর্য্য কিছু নাই ॥১৫॥

দেব। স্বর্গে বা মর্ত্তো সমন্তই আপনাব বিদিত আছে। সে যাহা হউক, আমবা এখন চলিয়া যাই, আপনি বুদ্ধি ও উন্নতি লাভ ককন ॥১৬॥

⁽১৪) বয়স্ক বটুচাপল্যাৎ--পি।

পুত্রস্তে সদৃশস্তাত। বিশিষ্টো বা ভবিষ্যতি। সহাপ্রভাবসংযুক্তো দীপ্তিকীর্ত্তিকরঃ প্রভুঃ॥১৭॥ ভীষ্ম উবাচ।

ততঃ প্রণম্য দেবেশং যাদবং প্রুষর্যভম্।
প্রদক্ষণমুপারত্য প্রজগুত্তে সহর্ষয়: ॥১৮॥
সোহয়ং নাবাযণঃ শ্রীমান্ দীপ্ত্যা পরম্যা যুতঃ।
ব্রতং যণাবত্ততীর্ত্বা দ্বাবকাং প্রারাগ্যৎ ॥১৯॥
পূর্ণে চ দশ্যে মাসি পুরোহস্থ প্রমান্ত্রতঃ।
ক্রিন্যাং সন্মতো জঞ্জে শূরো বংশধরঃ প্রভো!॥২০॥
স কাসঃ সর্বভূতানাং সর্বভাবগতো নৃপ!।
অস্তরাণাং স্বাণাঞ্চ চরত্যন্তর্গতঃ সদা ॥২১॥

ভাবতকৌমুদী

পুত্র ইতি। দীপ্তর্বংশক্তোজ্জনতা, প্রভু: প্রভাবশালী ॥১৭॥
তত ইতি। যাদবং ষত্বংশীযং কৃষ্ণমৃ। উপার্ত্য পবিস্তম্য ॥১৮॥
ম ইতি। শ্রীমান্ ঐশ্বর্যবান্, দীপ্ত্যা ভেন্নদা, চীম্ব্ চরিমা ॥১৯॥
পূর্ণ ইতি। সমতো লোকপ্রিয়ং ॥২০॥

স ইতি। কামো নাম অভিলাদাপবপর্য্যায়, অতএব সর্বভ্তানাং সর্বভাবগত: সকলাবস্থাস্থিত: ১২১॥

তাত। আপনার তুল্য কিংব। আপনা অপেকাও উত্তম মহাপ্রভাবযুক্ত, বংশেব উচ্ছলভাকাৰী, কীতিজনক ও প্রভূষণালী আপনাব পুত্র হইবে'॥১৭॥

ভীন্ম বলিলেন—'ভাহাব পব সেই মহর্ষিবা দেবাধিপতি ও পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণকে নমস্কাব ও প্রদক্ষিণ কবিযা প্রস্থান কবিলেন ॥১৮॥

এই সেই ঐশ্বর্যাশালী ও মহাতেজা ক্ষ যথাবিধানে সেই ব্রত্তাচনণ ক্রিয়া পুন্রায় দ্বাবকানগরীতে আগমন ক্রিলেন ॥১৯॥

বাজা। দশস সাস পূর্ণ হইলে কক্মিণীব গর্ভে কৃষ্ণেব একটা লোকপ্রিয, বীব, বংশবক্ষক ও প্রসাশ্চর্য্য পুত্র জন্মগ্রহণ কবিল ॥২০॥

বাজা। কৃষ্ণেব সেই পুত্ৰেব নাম 'কাম', এই কাম সমস্ত প্ৰাণীব সমস্ত অবস্থাতেই চিত্তে থাকেন এবং দেবতা ও অস্ত্ৰকাণেৰ অস্তবে সৰ্ববদাই বিচৰণ ক্ৰেন ॥২১॥

তখন রাজা অর্জুন সেই বক্তাকে বলিলেন—'তুমি কে ?' তাহার পর বাযু তাঁহাকে বলিলেন—'আমি দেবদূত বায়। আমি আপনাকে হিতবাক্য বলিতেছি' ॥২৬॥

⁽২৪)---এতেষাং কুর্বভাং পাপম্—পি।

⁽২৫) নিরাসিয়স্তি বা রাজ্যাৎ হডোৎশাহং মহাব্রডাঃ—পি।

অৰ্জ্বন উবাচ।

অহে। স্বযাবং বিপ্রের্ ভক্তিরাগঃ প্রদর্শিতঃ। যাদৃশং পৃথিবীভূতং তাদৃশং ক্রহি সে দ্বিজস্॥২৭॥ বাযোকা সদৃশং কিঞ্চিদ্ক্রহি স্বং ব্রাহ্মণোত্তসম্। অপাং বৈ সদৃশং বক্ষেঃ সূর্য্যন্ত নভসোহপি বা॥২৮॥

ইতি শ্রীসহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাসনুশাসনপর্বাণি দানধর্শ্বে পবনার্জ্বনসংবাদে ত্রিংশদধিকশততমোহধ্যাযঃ॥०॥ *

ভারতকোমুদী

আহো ইতি। ভজিষ্কো রাগ: অন্তরাগ ইতি ভজিরাগ:। মধ্যপদলোপী সমাস:। পৃথিব্যা ভূতং গ্রাদি: প্রাণী ৪২৭।

বাযোরিতি। অপাং জলস্ত। নভসো গগনস্ত ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসদিদ্ধান্তবাসীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটাকাষাং ভারতকৌমুদীসমাখ্যাযামস্পাসন-পর্ববি দানধর্দ্বে ত্রিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

ভাবতভাবদীপঃ

সরস্বত্যা অসত্যং কথিতম্, চর্মবাসসং অজিনবস্থান্ ॥২০---২১॥ ব্রম্বোন্তরং সন্তম্ ॥২২॥ নিশাচরী অন্তহিতা সরস্বতী যদা নিশাচরী রাক্ষশুপি বিজ্ঞাভূৎ কম্তান্তে আন্তিকা ইতি ভাবঃ
॥২৩---২৬॥ পৃথিবীভূতং পৃথিব্যাত্মকং ভূতম্ ॥২৭---২৮॥

ইতি শ্রীমহাভারতে অমুশাসনপর্বাণি দানধর্ম্মে নৈলক্ষ্পীয়ে ভারতভাবদীপে
ত্রিংশদ্ধিকশততমোহধ্যায়: ॥১৩০॥

আর্জুন বলিলেন—'ওহে। আপনি ব্রাহ্মণগণেব প্রতি ইহাভক্তি ও অনুবাগ দেখাইলেন; সে যাহা হউক, এখন আপনি আমাব নিকট বলুন—পৃথিবীর অক্সাম্য প্রাণী যেমন, ব্রাহ্মণ কি তেমন ? ॥২৭॥

অথবা আপনি কিছু বলুন, উত্তম ব্রাহ্মণ কি বাযুব সদৃশ ? অথবা জলের তুল্য ? কিংবা অগ্নি, সূর্য্য ও আকাশেব সমান ?' ॥২৮॥

 [•] দিপকাশদ্ধিকশতভমোহধ্যায়:'—বদ বদ্ধ।

একত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ।

বায়ুরুবাচ।

শৃণু মৃঢ় । গুণান্ কাংশ্চিদ্ ব্রাহ্মণানাং মহাত্মনাম্।
যে ত্বরা কীর্ত্তিতা রাজংস্তেভ্যোহণ ব্রাহ্মণো বরঃ ॥১॥
ত্যক্ত্বা মহীত্বং ভূমিস্ত স্পর্দ্ধবাঙ্গনৃপত্ম হ।
নাশং জগাম তাং বিপ্রো ব্যক্তম্ভরত কণ্ঠপঃ ॥২॥
অজেয়া ব্রাহ্মণা রাজন্ । দিবি চেহ চ নিত্যদা।
অপিবত্তেজসা হাপঃ স্বর্মেবাঙ্গিরাঃ পুরা ॥৩॥
স তাঃ পিবন্ ক্ষীরমিব নাতৃপ্যত মহামনাঃ।
অপূর্রুম্মহোঘেন মহীং সর্বাঞ্চ পার্থিব । ॥৪॥

ভাবতকোমৃদী

শৃথিতি। বে পৃথিবীভূডাদয়, কীর্ত্তিতাঃ পূর্বমূক্তাঃ ॥১॥

ত্যক্তেরতি। ভূমি: পৃথিবী, অবনুপত্ত অবসাজত স্পর্করা মহীষ্মাত্মনো নানারপেণ দুত্তত্বা মহনীয়পৃথিবীত্বং ত্যক্তরা নাশমদৃত্যতাং জগাম গত্তমৃত্যতা বভূব; তদা চ বিপ্রা: ক্তাপঃ তাং ভূমিং ব্যস্তভয়ত অস্থাপয়ং ॥২॥

আজেয়া ইতি। ইহ মর্জ্যে। অপ: সর্বং জলম্, আ সমাক্ অপিবং । এ। স ইতি। মহান্ ওবং প্রবাহো ষস্ত তেন সম্ত্রেণ । ৪॥

বায়ু বলিলেন—'মূর্থ। তুমি মহাত্মা ব্রাহ্মণদের কভিপয় গুণ শ্রবণ কন। বাজা। তুমি যে পৃথিবী, ভূত প্রভৃতিব কীর্ত্তন কবিলে, তাহাদেব অপেকা ব্রাহ্মণ শ্রেষ্ঠ ॥১॥

একদা পৃথিবী অঙ্গবাজের সহিত স্পর্দ্ধাবশতঃ পৃথিবীত ত্যাগ করিয়া অদৃশ্য হইরা যাইবাব উপক্রম কবিয়াছিলেন; তখন ব্রাহ্মণ কশ্যুপ তাঁহাকে স্থগিত কবেন ॥২॥

বাজা ! অর্গে বা ইহলোকে বান্ধণেরা সর্বদাই অজেয়। দেখ, পূর্বকালে
মহিষ অঙ্গিবা নিজেব ব্রন্ধতেজে পৃথিবীব সমস্ত জল পান করিয়াছিলেন ॥৩॥
সহামনা অঙ্গিবা ছয়ের স্থায় সেই সমস্ত জল পান করিয়াও ভৃপ্তি লাভ

⁽৩) অকয়া বান্ধণা: · নিত্যণ:—পি।

তিশিন্নহঞ্চ কুদে বৈ জগত্যক্ত্বা ততো গতঃ।
ব্যতিষ্ঠমগ্নিহোত্তে চ চিরমঙ্গিরসো ভ্যাৎ ॥৫॥
অথ শগুশ্চ ভগবান্ গোতনেন পুরন্দরঃ।
অহল্যাং কাময়ানো বৈ ধর্মার্থঞ্চ ন হিংসিতঃ ॥৬॥
তথা সমুদ্রো নৃপতে। পূর্ণো মৃষ্টশ্য বারিণঃ।
ব্রাহ্মণৈরভিশপ্তশ্চ বভূব লবণোদকঃ॥৭॥
স্থবর্ণবর্ণো নির্ধুমঃ সঙ্গতোর্দ্ধশিখঃ কবিঃ।
কুদ্দেনাঙ্গিরসা শপ্তো গুণেরে তৈর্বিবর্ডজ্জতঃ॥৮॥
মহতশ্চ ণিতান্ পশ্য যে হাসন্ত মহোদধিম্।
হ্বর্ণধারিণা নিত্যমবশপ্তা দিজাতিনা॥৯॥

ভাবতকোমূদী

ভশিরিভি। ভশিন্ বাদ্ধণে কুদ্ধে গভি, অহং বায়ু: ।ধা

অথেতি। পুরন্দর ইশ্র:। ধন্মার্থং জগতো ধর্মরক্ষার্থম্, নিমন্তবভাবে নিষম্যাভাবাবগ্র-জাবাং ॥৬॥

তথেতি। এইক সধুরক্ত বারিণো জলক্ত। "করণে পৃষ্ঠ্যর্থক্ত চ" ইতি করণে বটা ॥৭॥ স্বর্ণেতি। সঙ্গুতা সংলগ্রা উদ্ধা শিখা বক্ত সং, কবির্বর্ণযিতা ॥৮॥

মহত ইতি। বে নগরপুরোঃ, মহোদিনি, আসস্ক নগরশু অমেধাশশু সার্গণায় অধ্যাসত, হশস্বঃ পাদপুরণে, তে নগরপুরোঃ নিভ্যঃ স্বর্ণধারিণা শোচনগারবর্ণযুক্তেন, বিজ্ঞাতিনা ব্রাহ্মণেন কপিলেন অবশপ্তাঃ। ভাংশ্চ হং মহতো রাজপুরান্ চূর্ণিভান্ ভেন কপিলশাপেন ভস্মীভূতান্ পশ্ত ॥১॥

কবেন নাই। বাজা! তাহাৰ পৰ (জলেৰ অভাবে সকল নষ্ট হয় দেখিয়া) আবাৰ মহাপ্ৰবাহযুক্ত সমুজদ্বাৰা সমগ্ৰ পৃথিবী পূৰ্ণ কৰিয়াছিলেন ॥৪॥

তাবপৰ সেই অঙ্গিবা ক্ৰুদ্ধ হইলে আমি তাহাৰ ভয়ে জগৎ ত্যাগ করিয়া তথা হইতে যাইয়। চিবদিন অগ্নিহোত্তে বহিষাছি ॥৫॥

ভগবান্ ইক্স কামবশতঃ গৌতমপত্মী অহল্যাব সংসর্গ কবেন; ডাহাতে গৌতম তাঁহাকে ("সহস্র ভগবান্ ভব" বলিয়া) অভিশাপ দেন, কিন্তু জগতের ধর্ম বক্ষার্থ তাঁহাকে বিনাশ করেন নাই ॥৬॥

বাজা! পূর্বে সমুদ্র মধ্ব জলে পরিপূর্ণ ছিল, কিন্তু ব্রাহ্মণের অভি-সম্পাতে পবে লবণ জল হইযা গিয়াছে ॥৭॥

পূর্বে অন্য় স্থাবর্ণ, ধ্মশৃষ্ঠ, উদ্ধাশিখ ও কবি ছিলেন, পরে ক্রুদ্ধ অদিরার শাপে সেই স্থাবর্ণপ্রভৃতি গুণবিহীন হইযা গিয়াছেন ॥৮॥

⁽१) · পূর্ণো মৃষ্টশ্চ বারিণ:—বন্ধ বর্দ্ধ। (৮) জুদ্ধোইন্দিরদা শপ্ত:—বন্ধ বর্দ্ধ।

সমোন ছং দ্বিজাতিভ্যঃ শ্রেষো বিদ্ধি নরাধিপ!।
গর্ভস্থান্ ব্রাহ্মণান্ সম্যুত্ত্র্নমন্ত্রি কিল প্রভুঃ ॥১০॥
দশুকানাং মহদ্রাজ্যং ব্রাহ্মণেন বিনাশিতম্।
তালজজ্ঞং মহাক্ষত্রমোর্বেণৈকেন নাশিতম্॥১১॥
ছয়া চ বিপুলং রাজ্যং বলং ধর্মাং শ্রুতং তথা।
দত্তাত্রেয়প্রসাদেন প্রাপ্তং পর্মত্র্লভ্ম্॥১২॥
ভাগ্নিং ছং যজ্বে নিত্যং কম্মাদ্রাহ্মণমন্ত্র্ন!।
স হি সর্বস্ত লোকস্ত হব্যবাট্ কিং ন বেৎসি তম্॥১০॥

ভাবতকোমূদী

সম ইতি। ন সমন্তেন ব্রান্ধণেন ন সমানঃ, শ্রেয়ো মঙ্গলম্ ॥১০॥
দশুকানামিতি। দশুকানাং তদাখ্যানাং ক্রিয়াণাম্, ব্রান্ধণেন শুক্রেণ। তালজ্জ্বং নাম
মহাক্ষরেং বিশালক্ষরিযকুলম্, শুর্বেণ মুনিনা ॥১১॥

স্বযেতি। স্বয়া স্ক্র্নেন। শ্রুতং শাস্তক্তানম্॥১২॥ স্বায়মিতি। স্ক্রে পুরুষদি, ব্রান্ধণং তৎস্ক্রপম্॥১৩॥

ভাবতভাবদীপঃ

শৃথিতি ॥১—৪॥ অহং বাযু: ॥৫—१। কবিরগ্নি: ॥৮॥ সহত: সগরপুতান্ আসম্ভ উপাসন্ত, স্বর্ণধারিণা শোভনে! ব্রাহ্মণবর্ণভক্ত ধারিণা ধত্র বিদ্যাতিনা কপিলেন।৯—১২॥ স্বর্গিং

বাজা। যে সগবপুত্রগণ সগবেব অশ্বনেধযজ্ঞের অশ্ব অন্বেষণ কবিবাব জন্ত মহাসমুজেব ভীরে যাইয়া অবস্থান কবেন; সর্ববদা স্বর্ণবর্ণযুক্ত আদণ কপিল ভাহাদিগকে অভিসম্পাত করেন; ভাহাতে সেই মহাবল সগরপুত্রেবা ভন্মীভূত হন, ইহা আপনি দেখুন ॥১॥

নবনাথ! আপনি সেই ব্রাহ্মণগণেব সমান নহেন; সেই ব্রাহ্মণগণ হইছে সকলেবই মঙ্গল হয়, ইহা আপনি অবগত হউন। এই জন্মই প্রভূষশালী লোকও গর্ভস্থিত ব্রাহ্মণগণকে সমীচীনভাবে নমস্কার কবেন॥১০॥

ত্তান্ধণ শুক্রাচার্য্য দশুকগণেব বিশাল বাজ্য ধ্বংস কবিয়াছেন এবং এক ঔর্বসুনি ভালজজ্বনাসক বিপুল ক্ষত্রিয় বংশ বিনাশ করিয়াছেন ॥১১॥

আপনিও দন্তাত্ত্রেয় মুনিব অনুগ্রহে পরম তুর্লভ বিশাল রাজ্য, বল, ধর্ম ও শাস্ত্রজ্ঞান লাভ করিয়াছেন ॥১২॥

অৰ্জুন! ব্ৰাহ্মণ প্ৰধান না হইলে আপনিই বা কেন প্ৰত্যহ ব্ৰাহ্মণৰূপী অগ্নিব পূজা কবেন? সেই অগ্নি সমস্ত লোকেব হব্যবাহী; আপনি কি তাঁহাকে জানেন না?॥১৩॥ অথবা ত্রান্ধণশ্রেষ্ঠ সমুভূতা মুপালকম্।
কর্ত্তারং জীবলোকস্থা কম্মাজ্জানন্ বিমুহ্ন দে। ১৪॥
তথা প্রজাপতির্ক্ত কামাজ্জান প্রভূরব্যয়ঃ।
যেনেদং নিখিলং বিশ্বং জনিতং স্থাবরং চরম্॥১৫॥
অগুজাতং তু ত্রন্ধাণং কেচিদিচ্ছস্ত্যপণ্ডিতাঃ।
অগুজিরাদ্বভূঃ শৈলা দিশোহস্তঃ পৃথিবী দিবস্॥১৬॥
দেউব্যং নৈতদেবং হি কথং জাযেদজে। হি দঃ।
স্মৃতসাকাশসতং তু তত্মাজ্জাতঃ পিতামহঃ॥১৭॥
তিষ্ঠেৎ কথমিতি ক্রহি ন কিঞ্চিদ্ধি তদা ভবেৎ।
অহঙ্কার ইতি প্রোক্তঃ সর্বতেজাগতঃ প্রভুঃ॥১৮৮

ভাবতকৌমুদী

অথবেতি। অন্তভ্ত: অবগতশাসোঁ অনুপাৰকো বৃক্ষকশ্চেতি ভন্ ॥১৪॥
তথেতি। অব্যক্তঃ প্রকৃতিস্বরূপঃ। জনিতং স্টুন্ ॥১৫॥
অগুদিতি। ভিন্নবিদীর্ণাং। বভুঃ প্রকাশস্তে স্ব, দিবং গগনন্ ১৬॥
অট্টব্যমিতি। অট্টব্যং পর্যালোচন্যা জ্ঞাতব্যন্। স্বভনন্দীকৃতন্ ॥১৭॥
ভাবতভাবদীপঃ

ব্রাশ্বণমিত্যধ্য: ॥১৩॥ অমুভূতং প্রতিভূতম্, অনুপালকং পোষকম্ ॥১৪—১৫॥ নম্ ব্রহ্মাণ্ডে জাতত্বাৎ কথমগুমজনযদিত্যব্রাহ—অণ্ডেতি। কেচিদিতি তরেত্যর্থ: ॥১৬॥ দূষ্যতি—ব্রট্র্যু-মিতি। অজ্বাদের একা ন অগুজাতঃ, অগুজত্বচনং ত্বস্ত প্রকারান্তরেণেত্যাহ—স্মৃতমিতি।

অথবা ব্রাহ্মণ যে শ্রেষ্ঠ বক্ষক, ইহা আপনি অমুভব কবিয়া থাকেন এবং ব্রাহ্মণ যে জীবলোকেব কর্ত্তা—ইহা জানিষাও আপনি কেন মুগ্ধ হইতে-ছেন ? ॥১৪॥

বন্ধা প্রজাপতি, প্রকৃতিস্বরূপ, সর্ব্বনিযম্ভা ও অবিনশ্বব। যিনি এই স্থাবব-জঙ্গমাত্মক সমগ্র জগৎ সৃষ্টি কবিয়াছেন ॥১৫॥

কতকণ্ণলি মূর্থ মনে কবে যে, ব্রহ্মা অণ্ড (ডিম) হইতে জন্মিয়াছেন। সেই অণ্ড ফুটিত হইলে তাহাব মধ্যে পর্বত, দিক্, জল, পৃথিবী ও আকাশ প্রকাশ পাইয়াছিল ॥১৬॥

পর্য্যালোচনা কবিযা দেখিতে হইবে যে, ইহা একপ নহে। কারণ, ব্রহ্মা কি করিয়া জন্মিবেন, কেন না, তিনি যে অজ। তবে ইহা যদি স্বীকার করা যায় যে, অণ্ড শব্দেব অর্থ আক।শ, তাহা হইতে ব্রহ্মা জন্মিয়াছেন ॥১৭॥ তস্থাগুছিখিতো ব্রহ্মা স রাজা লোকভাবনঃ। ইত্যুক্তঃ স তদা তৃষ্ণীসভূদায়ুস্ততোহব্রবীৎ ॥১৯॥ ইতি শ্রীসহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈঁয়াসিক্যাসনুশাসনপর্বাণি দানধর্ম্মে প্রনার্জ্বনসংবাদে একব্রিংশদধিকশততমোহধ্যায়ঃ॥।॥ #

ভারতকৌমূদী

এতন্মতমণি খণ্ডখতি তিঠে দিতি। স বন্ধা চেৎ আকাশরণাদণ্ডাব্দাযেত তদা স ক্র কথং তিঠেও। ইদানীং নিদাস্তমাহ অহমার ইতি। অহমার: সাংখ্যমতে তৃতীয়ত্ত্বম্। গড়ঃ প্রাপ্তঃ ॥১৮॥

তন্তেতি। রাজা লোকনিয়ন্তা, লোকান্ ভাবয়তি স্ফতীতি সং। সং অর্জ্ক্ন: ॥১৯॥
ইতি মহামহোপাখ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্ব্যবিরচিতাঘাং
মহাভারতটীকায়াং ভারতকৌমৃদীসমাখ্যায়ামহূশাসনপর্কণি
দানধর্ষে একজিংশদ্ধিকশভতমোহধ্যায়ঃ ॥॥

ভাবতভাবদীপঃ

আকাশন্ অব্যাক্তম্ ॥১ १॥ আকাশকঃ পিতামহঃ কিমাশ্রমণ তিঠেদিতি চেৎ কলিদ্রেমান্তং প্রতি ক্রহি তদা ন কিঞ্চিন্তবেদিতি। পিতাঃ তে নির্ধিষ্ঠানতে সতি ডক্ষনিদং সর্বাঃ শৃত্ত-মেব জায় কিঞ্চিন্তবাদিতার্থঃ। নম কোহবং প্রজাপতিপদেনোচ্যতে অভ আহ—অহমার ইতি প্রোক্ত ইতি। প্রতৃর্ব্যাপকঃ ষতঃ সর্বতেজাগতঃ জলচক্র্যায়েন কংলং চৈত্যুজ্যোতিঃ প্রাপ্ত:, বিতীয়াশ্রিভেতি সমাসঃ। অবং ভাবঃ—প্র্পিসদৃশাদব্যাক্তাকাশাত্থিতোহহমাব-রূপ উপ।ধিত্যেন সাক্ষী সর্বাত্মনাবিচ্চিন্নঃ সোহয়মহমারবিশিষ্টো বাহাং ব্যোমাদিকং। করিত-বান্। এবং শাল্রাম্ভবাভ্যাং জানাতি স ব্রাহ্মণো জগৎকর্তা তেন তব সাম্যং সম্ব্রেণ ভরক্বিত্র ক্লাচিদিপি ন সম্ভবতীতি ॥১৮॥ অভএব অতং নান্তি বক্ত্রগ্রেণ করনামাত্রতাৎ, কয়বর্ত প বন্ধা ব্রাহ্মণোহতীত্যুক্তং স বাহার্জ্ন ইতি বাষ্নোক্তঃ সংস্কৃষীমভূততো বায়্বব্রবিক্স্মাণ-মর্থমিতি শেবঃ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে অমুশাসনগর্বনি দানধর্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে একজিংশদধিকশতভমোহধ্যায়: ॥১৩১॥

তাহাতেও এই অনুপপত্তি হয় যে, তিনি কোখায় কি প্রকারে থাকিবেন, তাহা বল ? তাহা হইলে বন্ধা হইতে কিছুই হইতে পারে না। তবে সমস্ত তেজোময় ও প্রভাবশালী তৃতীয় তত্তকে অহকার বলা হইয়াছে ॥১৮॥

সেই অহস্কাবের অশু হইতে ব্রহ্মা উৎপন্ন হইয়াছিলেন; তিনি বাজাও জগতের স্ষ্টিকর্তা।' বায়ু এইরূপ বলিলে ডখন সর্জুন নীরব হইয়া রহিলেন; তদনস্তর বায়ু বলিতে লাগিলেন॥১৯॥

⁽১৯) নান্তাণ্ডাছ্বিতো ব্রহ্মা···বঙ্গ বর্দ্ধ। * '·· ব্রিপঞ্চাশদ্ধিকশতভ্যোহ্ধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ।

দ্বাত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ।

বায়ুক্লবাচ।

ইমাং ভূমিং দ্বিজাতিভা দিৎসুঠেব দক্ষিণাং পুরা।
আঙ্গো নাম নৃপো রাজংস্ততশ্চিন্তাং মহী যযৌ ॥১॥
ধারিণীং সর্বভূতানামযং প্রাপ্তবরো নৃপঃ।
কথমিচছতি মাং দাতুং দ্বিজেভ্যো ব্রহ্মণঃ স্থতাম্ ॥২॥
সাহং ত্যক্ত্বা গমিয়ামি ভূমিদ্বং ব্রহ্মণঃ পদম্।
অযং সরাষ্ট্রো নৃপতিশ্বাভূদিতি ততোহগমৎ ॥৩॥
ততন্তাং কশ্যপো দৃষ্ট্বা ব্রদ্ধন্তীং পৃথিবীং তদা।
প্রবিবেশ মহীং সজো মুক্ত্বাত্মানং সমাহিতঃ ॥৪॥

ভারতকৌমুদী

ইমামিতি। দিংস্পাত্মিছু:। মহী গা ভ্যি: ॥>॥
ধারিণীমিতি। প্রাপ্তবরো ব্রাহ্মণাদের ॥২॥
সেতি। পদং স্থানম্। সরাষ্ট্রো রাজ্যসমন্থিতঃ, অগমং ব্রহ্মলোকং গস্তমারভত ॥৩॥
ভাবতভাবদীপঃ

ইমামিতি ॥১—২। ভূমিত্বং ত্যক্ত্বা বন্ধণঃ পদং গমিলামীতি সহত্বঃ ।৩। আত্মানং দেহং ত্যক্ত্বা নিৰ্দ্ধীবং মহীদেহং প্ৰবিশ্ব সন্ধীবং বোগবলেন কুতবান্ ॥॥ ভূমিত্ব ধর্মোত্তর। ত্বধর্ম-

বায়্ বলিলেন—'বাজা। পূর্বকালে অঙ্গনামক রাজা ব্রাহ্মণগণকে যজ্ঞের দক্ষিণার্কপে এই পৃথিবীকে দান করিবার ইচ্ছা করিয়াছিলেন। তাহার পর পৃথিবী চিন্তা করিলেন—॥১॥

আমি সমস্ত ভূতকে ধারণ করিছেছি এবং ব্রহ্মার কল্পা; তথাপি এই অঙ্গরাজ ব্রাহ্মণের নিকট বব লাভ করিয়া সেই ব্রাহ্মণগণেব হস্তে কেন আমাকে দান করিবাব ইচ্ছা 'করিতেছেন ? ॥২॥

অতএব এই রাজা রাজ্যসমন্বিত না থাকেন, এই জন্ম আমি পৃথিবীদ ত্যাগ করিয়া ব্রহ্মলোকে যাইব; এইবাপ চিস্তা কবিয়া ব্রহ্মলোকের দিকে চলিলেন ॥৩॥

⁽२) ... अष्ट्रः श्रीभा वर्ता नृभः -- वष वर्ष ।

ঋদ্ধা সা সর্বতো জন্তে তৃণে বিধিন্দ দ্বিতা।

থার্মাতরা নফভয়া ভূমিরাসীততো নৃপ !।৫॥

এবং বর্ষ হল্রাণি দিব্যানি বিপুলব্রতঃ।

ক্রিংশতঃ কশ্যপো রাজন্! ভূমিরাসীদত দ্রিতঃ॥৬॥

অথাগম্য মহারাজ! নমস্কৃত্য চ কশ্যপম্।

গৃথিবী কাশ্যপী জন্তে হতা তত্য মহাত্মনঃ॥৭॥

এম রাজনীদৃশো বৈ ব্রাহ্মণঃ কশ্যপোহভবং।

অন্যং প্রক্রহি বা ছক্ষ কশ্যপাৎ ক্ষত্রিয়ং বরম্॥৮॥

সৃষ্ধীং বভূব নৃপতিঃ পবনস্কর্রবীৎ পুনঃ।

শৃণু রাজন্! উত্থ্যস্য জাতস্যাঙ্গিরসে কুলে।৯॥

ভারতকৌমুদী

তত ইতি। আশ্মানং খদেহম্, সমাহিতো যোগমবলম্য ॥॥

ঝদ্ধেতি। ঋদ্ধা শৈলবৃক্ষাদিভি: সম্পন্না , ধর্ম এব উত্তর: শ্রেষ্ঠো বস্তা: সা ॥৫।

এবমিতি। দিব্যানি দেবপরিমাণেন পরিমিতানি, ত্রিংশতন্তিংশৎ, অতদ্রিতঃ সাবধানঃ, ভূমিতংশ্বরূপ এবাসীৎ ॥৬॥

অথেতি। কশ্রপস্থাপত্যং স্থীতি কাশ্রপী, তক্ত মহাত্মনঃ কশ্রপস্থ হতা জজে, জাডা তদ্বেত আবিভাষাং। "কৌণী জ্যা কাশ্রপী ক্ষিতিঃ" ইত্যমরঃ ॥৭॥

এষ ইভি। হে রাজন্। অর্জ্ন! স্বমেব ক্ষত্রিয়ম্ অন্তং বৈশ্রাদিকং বা কশ্রপাদরং প্রক্রিছি। কাকুরিয়ম্ ॥৮॥

ভাহার পব মহর্ষি কশ্রপ সেই পৃথিবীকে ব্রহ্মলোকেব দিকে যাইছে দেখিয়া তখনই যোগাবলম্বনপূর্বক দেহ ভ্যাগ করিয়া ভৎক্ষণাৎ পৃথিবীর মধ্যে প্রবেশ করিলেন ॥৪॥

রাজা। তাহার পর সেই পৃথিবী সর্বাসম্বাও তৃণৌষধিযুক্তা হইলেন এবং ধর্মসম্পন্নাও ভয়বিহীনা বহিলেন ॥৫॥

রাজা! এইভাবে মহাত্রত কশ্যুপ দেবপরিমাণে ত্রিংশং সহস্র বংসর যাবং সর্ববদা সতর্কাবস্থায় পৃথিবী হইয়া রহিলেন ॥৬॥

মহারাজ। ভাহাব পর পৃথিবী আসিয়া কশ্যপকে নমস্কার কবিয়া সেই মহাত্মা কশ্যপের কন্সা কাশ্যপী হইলেন ॥৭॥

রাজা। এই কশ্যপ এইরূপ বাহ্মণ ছিলেন। এখন আপনিই বলুন দেখি, এই কশ্যপ হইতে ক্ষত্রিয় বা অস্ত কেহ শ্রেষ্ঠ কি না?' ॥৮॥

⁽t)--- দত্তা সা সর্বতো ব**জে**—পি।

ভদ্রা সোমস্থ ছুহিতা রূপেণ পরমা মতা।
তত্যান্ত্রল্যং পতিং সোম উত্তথ্যং সমপশ্যত ॥১০॥
সা চ তীব্রং তপন্তেপে মহাভাগা যশস্বিনী।
উত্তথ্যার্থে তু চার্বাঙ্গী পরং নিয়মমান্থিতা ॥১১॥
তত আহুর সোত্থ্যং দদাবত্রির্যশন্ধিনীম্।
ভার্যার্থে স চ জ্প্রাহ বিধিবদ্ভুরিদক্ষিণঃ ॥১২॥
তাং ক্ষকাময়ত শ্রীমান্ বরুণঃ পূর্বামেব হ।
স চাগম্য বনপ্রস্থং যমুনাযাং জহার তাম্॥১৩॥
জ্বলেশ্বন্ত হন্ধা তামনয়ৎ স্থং পুরং প্রতি।
পরমান্ত্রসঙ্কাশং ষট্সহল্রশতব্রদম্॥১৪॥

ভারতকৌমূদী

তৃফীমিতি। বৃপতিরর্জ্ন:। উতথ্যস্ত তদাধ্যস্ত মৃনে: ।।।

ভৱেতি। ভৱা নাম, সোমত চক্রত ॥১০॥

নেতি। উতথ্যার্থে পতিম্বেনোতথ্যলাভার্থে ।১১।

ডড ইডি। স প্রসিদ্ধ: সোমপিডা অন্তির্নাম মূনিঃ, উতথ্যসাহ্য তাঁমে বশবিনীং ভন্তাং দদৌ। সোতথ্যমিতি বিদর্গলোপেহশি সন্ধিরার্থঃ ॥১২॥

তামিতি। শ্রীমান্ শোভাবান্। বনপ্রস্থম্ অত্তেপোবনস্থানম্ ॥১৩॥

অলেডি। পরমাভূতদভাশম্ অভীবাশ্চর্যভূতম্, বট্ দহস্রাণি চ শতঞ্চ হ্রদা বত্র তৎ ॥১৪॥

তখন রাজা কার্ত্ববিগ্যার্জ্ন নীরব থাকিলেন; বাযু আবার বলিতে লাগিলেন—'রাজা। অঙ্গিরার বংশে সমুৎপন্ন উতথ্যের রন্তাস্ত প্রবণ ককন ॥৯॥

চন্দ্রের কম্মা ভন্তাকে সকলেই কপে পরসা স্থলবী বলিয়া মনে করিত।
চন্দ্র উত্তথ্যকে তাহার যোগ্য পতিকাপে দেখিযাছিলেন ॥১০॥

মহাভাগ্যবতী, যশস্বিনী ও স্থলরাবয়বা ভতা গুরুতর নিয়ম স্ববস্থন করিয়া পতিবপে উতথ্যকে লাভ করিবার জন্ম ভীব্র তপস্তা করিলেন #১১#

তদনস্তর চল্রের পিডা মহর্ষি অত্রি উতথ্যকে আহ্বান করিয়া আনিয়া তাঁহার হস্তে যশস্থিনী ভস্তাকে দান কবিলেন। যজ্ঞে প্রচুব দক্ষিণাদাভা উতথ্যও যথাবিধানে ভার্য্যার নিমিন্ত ভস্তাকে গ্রহণ কবিলেন॥১২॥

কিন্তু সুন্দর মূর্ত্তি বকণ পূর্ব্ব হইতেই ভজাকে কামনা করিতেন; স্মুতরাং তিনি যমুনাতীবস্থিত অতির তপোবনে আসিয়া ভজাকে অপহরণ করিলেন ॥১৩॥

⁽১•)---রপেণাপ্রতিমা ভূবি--পি।

ন হি রম্যতরং কিঞ্চিত্তস্মাদন্তৎ পুরোত্তমম্।
প্রাদাদৈরপ্সরোভিশ্চ দিব্যৈঃ কামৈশ্চ শোভিতম্॥১৫॥
তত্ত্ব দেবস্তয়া সার্জং রেমে রাজন্! জলেশরঃ।
অথাখ্যাতমূতখ্যায় ততঃ পত্মবমর্দনম্॥১৬॥
তচ্ত্রুত্বা নারদাৎ সর্বমৃতখ্যো নারদং তদা।
প্রোবাচ গচ্ছ ক্রহি স্থং বরুণং পরুষং বচঃ॥১৭॥
মদ্বাক্যামূঞ্চ মে ভার্যাং কস্মান্তাং হুতবানসি।
লোকপালোহসি লোকানাং ন লোকস্থ বিলোপকঃ॥১৮॥
সোমেন দন্তা ভার্যা মে স্বয়া চাপহৃতাত্ব বৈ।
ইত্যুক্তো বচনাত্তস্থ নারদেন জলেশ্বরঃ॥১৯॥

ভারতকোমুদী

म शैकि। निर्देशः पर्गीरियः कामाच शेकि कामार्देशः शमार्देशः ।১৫।

তত্ত্তে। তরা ভত্তরা। আখ্যাতং নারদেনোক্তম্ ॥১৬॥

छिनिछि। शब्द वक्ष्पञ्चाष्ट्रिकम्, शक्ष्यर निष्ट्रंत्रम् ।১१।

মদিতি। লোকানাং জগতাম, লোকত জনত বিলোপকো নাসি।১৮।

সোমেনেডি। সোমেন চম্রেণ। ডক্ষোভধ্যস্ত বচনাৎ ॥১৯॥

বরুণ ভাহাকে হরণ করিয়া নিজপুরে লইয়া গেলেন। সেই পুর্টীর মধ্যে ষটু সহস্র ও একশভ হুদ ছিল বলিয়া ভাহা পরম আশ্চর্যাস্বরূপই ছিল ॥১৪॥

সেই পুরটী বছতর প্রাসাদ, অন্সরোগণ ও স্বর্গীয় কাম্য বস্তুদারা শোভিত ছিল; স্মৃতরাং অশু কোন উৎকৃষ্ট পুরই মনোহর ছিল না ॥১৫॥

রাজা। সেইপুরে থাকিয়া,বরুণদেব ভজার সহিত রমণ করিতে লাগিলেন। ভাহার পর নারদ যাইয়া উতথ্যের নিকট তাঁহার ভার্যার সঙ্গমের কথা বলিলেন ॥১৬॥

ভখন উভথ্য নারদের মুখে সেই সমস্ত কথা শুনিয়া নারদকে বলিলেন— 'ভুমি বরুণের নিকটে যাও যাইয়া বরুণকে এই নিষ্ঠুর বাক্য বল—॥১৭॥

ভূমি আমার বাক্য অমুসারে আমার ভার্য্যাকে পরিভ্যাগ কর; কেন ভূমি ভাহাকে অপহরণ করিলে? ভূমি জগভের লোকপাল; কিন্তু লোকের লোপকারী নহ ॥১৮॥

চন্দ্র আমাকে ভার্য্যা দান করিয়াছেন; আর তুমি ভাহাকে এখন অপহরণ

⁽১৮) --- কন্মান্তং স্কৃতবানসি--- পি।

মৃক্ষ ভার্যামৃতথ্যস্ত কন্মান্তং ছতবানসি।
ইতি শ্রুদ্ধা বচস্তস্ত সোহথ তং বরুণোহরবীং ॥২০॥
মনৈষা স্থপ্রিয়া ভার্য্যা নৈনামুৎস্রুষ্ট্ মুৎসহে।
ইত্যুক্তো বরুণেনাথ নারদঃ প্রাপ্য তং মুনিমৃ।
উতথ্যমন্ত্রবীদ্বাক্যং নাতিছফীমনা ইব ॥২১॥
গলে গৃহীত্বা ক্ষিপ্তোহন্দ্রি বরুণেন মহামুনে।।
ন প্রয়ন্থতি তে ভার্য্যং যত্তে কার্য্যং কুরুত্ব তং ॥২২॥
নারদস্ত বচঃ শ্রুদ্ধা ক্রুদ্ধঃ প্রাক্তলদঙ্গিরাঃ।
ভাপিবত্তেজসা বারি বিষ্টভ্য স্থমহাতপাঃ ॥২০॥
শীয়মানে তু সর্বন্মিংস্তোবেহপি সলিলেশ্বরঃ।
শৃহন্তিভিক্ষ্যমাণোহপি নৈবামুঞ্চত তাং তদা ॥২৪॥

ভারতকৌমূদী

ম্কেতি। তত্ত নারদত্ত, তং নারদম্ ।২০॥
নমেতি। উৎশ্রেষ্টুং তাজুম্। বট্পাদোহয়ং প্লোকঃ ॥২১॥
গল ইতি। ক্লিপ্তঃ প্রত্যাখ্যাত ইত্যর্থঃ। কার্ব্যং কর্ত্ব্যম্ ।২২॥
নারদত্তেতি। অনিরা অনিরদঃ পুত্র উত্থাঃ, বারি সাধারণং জনম্ , বিষ্টভা ভছরিছা ॥২৩।
পীরেতি। ভিক্যমাণোহপি ভ্রায়া দানার প্রার্থমানোহপি ॥২৪।

করিয়াছ', উত্তথ্যের এই বাক্যামুসারে নারদ যাইয়া বকণকে এই কথা বলিলেন—॥১৯॥

'আপনি উতথ্যের ভার্যাকে পরিত্যাগ ককন, কেন আপনি তাহাকে অপহরণ করিলেন ?'। নারদের এই কথা শুনিযা বহুণ তাঁহাকে বলিলেন—॥২০॥

হিনি আমার প্রিয়তমা ভার্যা। অতএব আমি ইহাকে ত্যাগ করিতে ইচ্ছা করি না।' বরুণ এই কথা বলিলে, নারদ অনতিহাইচিত্ত হইয়াই যেন উত্তথ্য মুনির নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২১॥

'মহর্ষি! বরুণ আমাকে গলায় থাকা দিয়া তাডাইয়া দিয়াছেন; তিনি আপনার ভার্য্যাকে দান কবিবেন না; অতএব এখন আপনাব যাহা কর্ত্ব্য, ভাহা করুন' ॥২২॥

নারদের বাক্য শুনিয়া অতিমহাতপা উতথ্য ক্রুদ্ধ হইযা জ্লিযা উঠিলেন এবং তেচ্ছারা সমস্ত জল স্তব্ধ করিয়া পান করিয়া ফেলিলেন ॥২৩॥

⁽২॰) --- সোডণ্য বৰুণোহৰবীৎ—পি।

ততঃ ক্রুদ্ধেই ব্রবীদ্ভূমিমৃতথ্যে ব্রাহ্মণোত্মঃ।
দর্শয়ম স্থলং ভদ্রে! ষট্ সহত্রশতহ্রদম্ ॥২০॥
ততন্তনীরিণং জাতং সমৃদ্রশাবস্থিতঃ।
তত্মাদ্রেশান্নদীং চৈব প্রোবাচার্দো দিজোত্তমঃ॥২৬॥
অদৃশ্যা গচ্ছ ভীক্র! স্থং সরস্বতি! মক্রং প্রতি।
অপুণ্য এষ ভবতু দেশস্ত্যক্তন্ত্রমা শুভে!॥২৭॥
তত্মিন্ সংশোষিতে দেশে ভদ্রামাদার বারিপঃ।
আদদাচ্ছরণং গত্মা ভার্যামান্সিরসার বৈ ॥২৮॥
প্রতিগৃহ্য ভু তাং ভার্যামৃতথ্যঃ স্থমনাভবং।
মুমোচ চ জগদ্তু:খাদ্রুণক্ষৈব হৈহয়!॥২০॥

ভারতকৌমূদী

७७ है जि । यह महत्वानि गंडक इस यब ७९ ॥२८॥

ডভ ইভি। তং স্থলম্, ঈরিণং মকভূমিরণং জাতন্, সম্দ্রক ডম্মাদেশাদণসর্গিতঃ স্পঞ্চঃ, নদীং সরস্বতীম্ ॥২৬॥

অদৃখ্যেতি। অদৃখ্যা ভব, হে সরস্বতি ! নদি ! ॥২৭॥
তিন্দিন্নিতি । বারিপো জনরক্ষকো বরুণঃ । আদিরসায় উত্থ্যাব ॥২৮॥
প্রতীতি । স্থ্যনাঃ প্রসন্নচিত্তঃ । বিদর্গনোপেহণি সন্ধিরার্বঃ ॥২২॥

উতথ্য সমস্ত জল পান করিলেও এবং বন্ধুজনেরা ভজাকে দান করিবার জন্ম প্রার্থনা করিতে থাকিলেও বরুণ তখন ভজাকে ভ্যাগ করিলেন না ॥২৪॥

তাহার পর বাহ্মণশ্রেষ্ঠ উতথ্য ক্রুত্ধ হইয়া তত্তত্য ভূমিকে বলিলেন— ভিজে। তুমি আমাকে বট্ সহস্র ও শত সংখ্যক হুদযুক্ত স্থল দেখাও'॥২৫॥

ভূমি সেই স্থল দেখাইলে সেই স্থল মরুভূমি হইয়া গেল এবং সমূত্রও সেই দেশ হইতে অপস্ত হইল। তাহার পর ব্রাহ্মণশ্রেষ্ঠ উতথ্য তত্রত্য নদী সরস্বতীকে বলিলেন—॥২৬॥

'ভীক সরস্বতি। তুমি মরুভূমিতে গমন কর; সেখানে যাইয়া অদৃশ্রা হইয়া থাক। কল্যাণি। তুমি ত্যাগ করায় এই দেশ পুণ্যবিহীন হইয়া যাউক' ॥২৭॥

উতথ্য সেই দেশকে সংশোষিত করিলে বরুণ ভজাকে লইয়া উতথ্যের শরণাপন্ন হইয়া তাঁহাকে তাঁহার ভার্য্যা দান করিলেন ॥২৮॥

হৈহয়রাজ। উতথ্য ভার্য্যাকে গ্রহণ করিয়া প্রসন্ন চিত্ত হইলেন এবং (পুনবায় জল উৎপাদন করিয়া) জগৎকে ও বরুণকে ছঃখ হইতে মুক্ত, করিলেন ॥২৯॥ ততঃ স লকা তাং ভার্য্যাং বরুণং প্রাহ ধর্মবিং।
উতথ্যঃ স্থমহাতেজা যত্তচ্ শূণু নরাধিপ। ॥৩০॥
মথৈষা তপদা প্রাপ্তা ক্রোশতন্তে জলাধিপ।।
ইত্যুক্ত্বা তামুপাদার স্বমেব ভবনং যথো॥৩১॥
এম রাজনীদৃশো বৈ উতথ্যো ব্রাহ্মণর্যভঃ।
ব্রবীস্যহং ক্রহি বা স্বমূতথ্যাৎ ক্ষত্রিয়ং বরুম্॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাষাং বৈষাসিক্যামনুশাসনপর্ব্বণি দানধর্শ্বে পবনার্জ্বনসংবাদে দ্বাত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ॥০॥ #

ভারতকৌমুদী

তত ইতি। প্রাহ ববীতি শ্ব ১৩ ।

ময়েতি। ক্রোশত আত্মনে ভব্রাং দাতৃং চক্রমাহরয়তঃ ১৩ ।

এষ ইতি। ইত্যহং ববীমি। ক্ষত্রিয়ং বরমিতি কাকুঃ ১৩২ ।

ইতি মহামহোগাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকৌম্দীসমাধ্যায়ামহশাসনপর্বণি দানধর্মে বাজিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ ৪ । ।
ভাবতভাবদীপঃ

বলেন বন্ধলোকং গন্ধা নষ্টভয়াদীদিত্যর্থ: ॥৫॥ কশ্মণো ভূমিভূন্থাদীদিত্যধয়: ॥৬—১১॥
দোহজি: দোমণিতা উত্থামাহুয় তাং তদ্মৈ দদৌ। সোত্থামিতি সন্ধিরার্থ: ॥১২—১৫॥ দেবো
বক্ষণ:, তয়া ভল্কয়া ॥১৬—২৮॥ জগবন্ধণঞ্চ ত্ংথারা মোচ মোচয়ামাদ ॥২৯—৩২॥
ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্কণি দানধর্মে নৈশক্ষীয়ে ভারতভাবদীপে

ষাত্রিংশদধিকশততযোহধ্যায়ঃ ॥১৩২॥

নরনাথ! তাহার পব ধর্মজ্ঞ ও অতিমহাতেজ্ঞা উতথ্য সেই ভার্য্যাকে লাভ করিয়া বরুণকে যাহা বলিয়াছিলেন, তাহা আপনি শ্রবণ করুন ॥৩০॥

জলাধিপতি। আপনি ভজাকে দান কবিবাব জন্ম চল্রকে আহ্বান করিযা-ছিলেন; কিন্তু আমি তপোবলে ইহাকে পাইযাছি।' এই কথা বলিয়া উতথ্য ভজাকে লইয়া নিজের গৃহেই চলিয়া গেলেন ॥৩১॥

রাজা। আমি বলিতেছি, এই উতথ্য এইবাপ ব্রাহ্মণশ্রেষ্ঠ , এখন আপনিই বা বলুন দেখি, এই উতথ্য হইতে ক্ষত্রিয শ্রেষ্ঠ কি না ?' ॥৩২॥

 ^{&#}x27; -- চতু:পঞ্চাশদ্ধিকশভডমোহধ্যায়:'—বল বর্জ।

ত্ৰয়ন্ত্ৰিংশদ্ধিকশততমো২ধ্যায়ঃ

ভীম্ম উবাচ।

ইত্যুক্তঃ স নৃপস্থ ক্ষীমভূদায়ুস্ত তোহত্তবীং।
শূণু রাজনগন্ত্যক্ত মাহাত্মাং ত্রাহ্মণক্ত হ ॥ ।
অস্ত রৈনিজ্জিতা দেবা নিরুৎসাহাশ্চ তে কুতাঃ।
যজ্ঞাশ্চেষাং হৃতাঃ সর্বে পিতৃণাঞ্চ স্বধান্তথা ॥ ২॥
কর্মেজ্যা মানবানাঞ্চ দানবৈহৈ হৃদ্ধভ।।
ভবিশ্বর্য্যান্ত তো দেবাশ্চেরুঃ পৃথু নিভি শ্রুভিঃ,॥ ০॥
ততঃ কদাচিতে রাজন্! দীপ্তমাদিত্যবর্চসম্।
দদৃশুন্তেজসা যুক্তমগন্ত্যং বিপুলব্রতম্॥ ৪॥
অভিবাল্ত তু তং দেবাঃ পৃষ্ট্রা কুশলমেব চ।
ইদমু চুর্মহাত্মানং বাক্যং কালে জনাধিপ!॥ ৫॥

ভারতকৌমুদী

ইতীতি। নৃপ: কার্ত্তবীর্যাক্ত্নি:, তৃকীং প্রতিবাদাসম্ভবারীরব: ॥১॥
অন্তবৈরিতি। স্বধা: প্রাকারানি "স্বধা বৈ পিতৃধাসর"মিতি প্রতে: ॥२॥
কর্মেতি। ইজ্যা বজরপং কর্ম, দানবৈর্হ তমিত্যসূত্তি: ॥৩॥
তত ইতি। তে দেবা:, আদিত্যক্ত স্ব্যক্ষেব বর্চন্ডেজো বক্ত তম্ ॥৪॥

ভীম বলিলেন—'বায়ু এইরপে বলিলে, রাজা কার্ডবীর্যাজ্জুন নীরব থাকিলেন। তাহার পর বাযু পুনরায় বলিতে লাগিলেন—'রাজা! আমাণ অগস্ত্যের মাহাম্ম শ্রবণ করুন॥১॥

অসুবগণ দেবগণকে জয় কবিয়া তাঁহাদিগকে উৎসাহশৃষ্ঠ করিয়াছিল এবং তাঁহাদের প্রাপ্য সমস্ত যজ্ঞভাগ ও পিতৃলোকের শ্রাদ্ধান হবণ করিয়াছিল ॥২॥

হৈহয়বংশশ্রেষ্ঠ ! দানবেরা মানবগণেরও যজ্ঞকর্ম হরণ করিয়াছিল। তাছাব পর ঐশ্বর্যাভ্রন্ত দেবতারা যাইয়া পৃথিবীতে বিচরণ করিতে লাগিলেন; ইহা আমাদের শুনা আছে ॥৩॥

রাজা। তদনস্তর কোন সময়ে দেবতারা সুর্য্যের স্থায় তেজস্বী, বন্ধতেকে তেজীয়ান, উজ্জ্বল মূর্ত্তি ও মহাব্রতসম্পন্ন অগস্ভ্যকে দর্শন করিলেন ॥৪॥ দানবৈর্ধি ভয়াঃ স্ম তথৈশ্বর্যাচ্চ ভ্রংশিতাঃ।
তদস্মানো ভয়াতীব্রাক্রাহি স্থং মৃনিপুঙ্গব!॥৬॥
ইত্যুক্তঃ স তদা দেবৈরগস্তাঃ কুপিতোহভবং।
প্রজ্জাল চ তেজস্বী কালামিরিব সংক্ষযে॥৭॥
তেন দীপ্তাংশুজালেন নিদ য়া দানবাস্তদা।
অস্তরিক্ষান্মহারাজ! নিপেতৃস্তে সহস্রশঃ॥৮॥
দহ্মানাস্ত তে দৈত্যাস্তস্তাগস্ত্যস্ত তেজসা।
উভৌ লোকৌ পরিত্যজ্য গতাঃ কাষ্ঠাস্ত দক্ষিণাম্॥৯॥
বলিস্ত বজতে বজনশ্বমেধং মহীং গতঃ।
যেহত্যেহধঃস্থা মহীস্থাশ্চ তে ন দশ্ধা মহাস্থরাঃ॥১০॥

ভাবতকৌমুদী

অভীডি। কালে যোগ্যাবসরে ॥৫॥

দানবৈরিতি। ভগা: পরাজিতা:। ন: অসান 🖦

ইভীতি। সংক্ষমে প্রলয়কালে ॥१॥

ভেনেতি। ভেনাগভোন দীথাংভজালেন প্রজ্ঞলিত কিরণসমূহেন। ৮॥

দহেতি। লোকৌ স্বর্গমর্ক্তো। কাষ্টাং দিশন্॥॥॥

বলিরিতি। অধংস্থাঃ পাতালস্থিতাঃ ॥১০॥

নরনাথ। তখন দেবতাবা তাঁহাকে অভিবাদন করিয়া এবং অবসরক্রমে মঙ্গল জিজ্ঞাসা কবিয়া সেই মহাত্মাকে এই বাক্য বলিলেন—॥৫॥

'মুনিশ্রেষ্ঠ। আমবা দানবগণকর্ত্ব যুদ্ধে পবাজিত এবং ঐশ্বর্যান্তই হইয়াছি, অতএব আপনি আমাদিগকে গুক্তর ভ্য হইতে রক্ষা করুন' ॥৬॥

দেবগণ এই কথা বলিলে তখন তেজস্বী অগস্ত্য ক্রুদ্ধ হইলেন এবং প্রালয়কালে কালাগ্রিব স্থায় জলিতে লাগিলেন ॥৭॥

মহারাজ ৷ তখন মহযি অগস্ত্য প্রজ্ঞলিত কিবণসমূহদারা দগ্ধ করিতে লাগিলে, সেই সহস্র সহস্র দানব আকাশ হইতে পতিত হইল ॥৮॥

অবশিষ্ট সেই দৈত্যগণ অগস্ত্যের তেজে দগ্ধ হইতে থাকিয়া স্বর্গ ও মর্ত্ত্য পরিত্যাগ কবিয়া দক্ষিণ দিকে চলিয়া গেল ॥৯॥

কিন্তু বলি ভূতলে অক্সত্র থাকিয়া অশ্বমেধ্যজ্ঞ করিতেছিলেন, তিনি এবং অক্স যে সমস্ত মহাস্থ্ৰ পাতালে ও ভূতলে অক্সত্র ছিল, তাহারা দ্বা হইল না ॥১০॥

ততো লোকাঃ পুনঃ প্রাপ্তাঃ স্থারেঃ শান্তভারেনুপ।। অথৈনমক্রবন্ দেবা ভূমিষ্ঠানম্বরান্ জহি॥১১॥ ইত্যুক্তঃ প্ৰাহ দেবান্ স ন শক্তোহস্মি মহীগতান্। দক্ষ,ং তপো হি ক্ষীয়েন্মে ন শক্যামীতি পার্থিব ! ॥১২॥ এবং দগ্ধা ভগবতা দানবাঃ স্বেন তেজুসা। অগস্ত্যেন তদা রাজ্বংস্তপসা ভাবিতাত্মনা ॥১৩॥ ঈদৃশশ্চাপ্যগস্ত্যো হি কথিতন্তে ময়ানঘ।। ব্রবীস্যহং ক্রহি বা স্থমগস্ত্যাৎ ক্ষত্রিয়ং বরুম্ ॥১৪॥

ভীম্ম উবাচ।

ইত্যুক্তঃ স তদা ভৃফীমভূদায়ুস্ততোহত্ৰবীৎ। শৃণু রাজন্ ! বসিষ্ঠস্থ মুখ্যং কর্ম্ম যশস্থিনঃ ॥১৫॥

ভারতকৌমূদী

তত ইতি। লোকা: স্বৰ্গা:। শাস্তভৱৈৰ্নিবৃত্তভীতিভি: ॥১১॥ ইভীতি। মহীগতানস্থবান্। ক্ষীষেৎ ক্ষীয়েভ ॥১২॥ এবমিতি। ভাবিতাত্মনা সমর্থীকৃতত্বেন ॥১৩॥ ঈদৃশ ইভি। ঈদৃশ ইথং তপ:শক্তিশাৰী ॥১৪॥ हेजीकि। न कार्खवीशार्ब्द्नः। म्थाः व्यथानम् ॥>८॥

রাজা! তাহার পর দেবতাবা নির্ভয় হইয়া পুনরায় স্বর্গলোক লাভ করিলেন। তদনস্তব দেবতাবা অগস্ত্যকে বলিলেন—'পৃথিবীস্থিত অসুরগণকে বধ ককন' ॥১১॥

দেবতাবা এই কথা বলিলে, অগস্ত্য দেবগণকে বলিলেন—'আমি পৃথিবী-স্থিত অসুরগণকে দগ্ধ করিতে সমর্থ নহি। কাবণ, আমার ডপস্থা ক্ষীণ হইয়া যায় ; দেবরাজ। এই জন্মই আমি সমর্থ নহি'॥১২॥

বাজা! তপোবলে শক্তিশালী ভগবান্ অগস্ত্য এইভাবে নিজের তেজে তখন দানবগণকে দক্ষ কবিয়াছিলেন ॥১৩॥

নিষ্পাপ বাজা ৷ আমি আপনাব নিকটে অগস্ত্যকেও এইবপ বান্ধণই বলিলাম। আমি এইবাপ বলিতেছি; আপনিও বলুন দেখি, এইরাপ অগস্ত্য হইতে ক্ষত্ৰিয় শ্ৰেষ্ঠ কি না ?' ॥১৪॥

ভীম্ম বলিলেন—'বায়ু এইকাপ বলিলে, তখন কার্ত্তবীর্ঘ্যাৰ্চ্ছ্ন নীরবই রহিলেন; ভাহাব পব বাষু আবার বলিতে লাগিলেন—'রাজা! যশসী বসিষ্ঠেব একটী প্রধান কর্মের কথা শ্রবণ করুন ॥১৫॥

(১২)…ন শক্যামি মহীগভান্—পি।

আদিত্যাঃ সত্রসাসন্ত সরো বৈ সানসং প্রতি।
বিসিষ্ঠং মনসা গত্বা জাত্বা তত্ত্ব্য গৌববম্ ॥১৬॥
যজ্ঞমানাংস্ত তান্ দৃষ্ট্রা সর্বান্ দীক্ষামুকশিতান্।
হস্তুমৈচছন্ত শৈলাভাঃ খলিনো নাম দানবাঃ ॥১৭॥
অদুরান্ত ততন্তেষাং ব্রহ্মদন্তবরং সরঃ।
হতাহতা বৈ তত্তিতে জীবন্ত্যাপ্লুত্য দানবাঃ ॥১৮॥
তে প্রগৃহ্থ মহাঘোরান্ পর্বতান্ পরিঘান্ ক্রমান্।
বিক্ষোভযন্তঃ সলিলমুখিতাঃ শত্যোজনম্ ॥১৯॥
অভ্যক্তবন্ত দেবাংস্তে সহল্রাণি দশৈব হি।
তত্তির্দিতা দেবাঃ শবণং বাসবং যয়ুঃ ॥২০॥

ভাবতকোমুদী

আদিত্যা ইতি। আদিত্যা দেবাং, তহ্ম বসিষ্ঠশু, তৎ প্রসিদ্ধং গৌরবং তণদা গুরুত্বং জাত্মা, মনসা বসিষ্ঠং গত্মা আচার্য্যত্মা বিভাব্য, মানসং নাম সরং প্রতি মানসমরোবরতীরে, সূত্রং কঞিদ্বক্সম, আসম্ভ আরভ্য অবস্থিতাঃ ॥১৬॥

ষজেতি। দীক্ষা আরম্ভেন জমকশিতান্ উপবাসাদিনা ক্ষণীক্ষতদেহান্ ॥১৭॥
অদুরাদিতি। ব্রহ্মণা দত্তো বরঃ আনসাত্তেণ জীবনপ্রাপ্তিরপো যাচিতবিষ্যো যথৈ তৎ ॥১৮॥
ভ ইতি। শতবোজনং ব্যাপ্য বোদ্ধুং স্থিতা ইতি শেষঃ ॥১৯॥
অভীতি। অভ্যন্তবন্ধ বোদ্ধুমভ্যধাবন্। বাসব্যিক্রম্ ॥২০॥

একদা দেবতাবা বসিষ্ঠেব গুৰুত্ব জানিযামনে মনে তাঁহাকে ভাবিযা মানস-সবোবরেব তীবে এক যজ্ঞ আবস্ত কবিয়া অবস্থান কবেন ॥১৬॥

সেই দেবভারা সকলে দীক্ষিত হইযাযজ্ঞ কবিতে থাকায় তাঁহারা কুশদেহ ও তুর্বল হইযাছেন দেখিয়া পর্বতপ্রমাণ খলিনামক দানবগণ তাঁহাদিগকে বধ করিবাব ইচ্চা কবে ॥১৭॥

সেই দেবগণেৰ অনভিদ্বে একটা সবোৰৰ ছিল, ব্ৰহ্মা ভাহাকে বর দিয়াছিলেন যে, 'ইহাতে যে স্নান কবিবে, সে-ই পুনৰায় জীবিত হুইবে।' স্ত্তবাং সেই দানবেৰা দেবগণের সহিত যুদ্ধে নিহত হুইয়া সেই সবোৰবেৰ জলে অবগাহন কবিয়া পুনৰায় জীবিত হুইতে লাগিল ॥১৮॥

সেই দানবৈরা অতি ভীষণ পর্বত, পবিঘ ও বৃক্ষ গ্রহণ কবিয়া সেই সবোবরেব জল উদ্বেলিত কবিতে থাকিযা উত্থিত হইতে লাগিল এবং শত যোজন ব্যাপিয়া যুদ্ধার্থে প্রস্তুত হইতে থাকিল ॥১৯॥

⁽১৬) -- সরো বৈধানসং প্রতি--- পি।

স চ তৈর্ব্যথিতঃ শক্তো বসিষ্ঠং শরণং যথে।
ততোহভয়ং দদে তেভ্যো বসিষ্ঠো ভগবানৃষিঃ ॥২১॥
তদা তান্ ছংখিতান্ জ্ঞাত্বা আনৃশংস্থপরো মুনিঃ।
অযম্বেনাদহৎ সর্বান্ খলিনঃ স্বেন তেজসা॥২২॥
কৈলাসং প্রস্থিতাকৈব নদীং গঙ্গাং মহাতপাঃ।
আনয়ন্তৎসরো দিব্যং তয়া ভিষক্ষ তৎসরঃ ॥২৩॥
সরো ভিষং তয়া নভা সরয়ঃ সা ততোহভবৎ।
হতাশ্চ খলিনো যত্র স দেশঃ খলিনোহভবৎ ॥২৪॥
এবং সেন্দ্রা বসিষ্ঠেন রক্ষিতান্তিদিবৌকসঃ।
ত্রক্ষাদতবরাশ্চিব হতা দিত্যা মহাত্মনা ॥২৫॥

ভারতকৌমুদী

ষ ইভি। তৈর্দানবৈং, শক্ত ইক্র: ॥২১॥
ভানিভি। আনুশংক্তপরো দয়ালুং সন্। খলিনভাদাখ্যান্ দানবান্ ॥২২॥
কৈলাসমিভি। তৎসরো মানসং নাম, ভিরং ভগ্গভীরং কৃতম্, সমযুজ্যভ ইভ্যর্থ: ॥২৩॥
সর ইভি। সরব্র্নাম নদী। খলিনো নাম ।২৪॥
এবমিভি। বক্ষণা দভো বরো ষেভ্যন্তে ॥২৫॥

ক্রেমে সেই দশ সহস্র দানব দেবগণের দিকে ধাবিত হইল। তাহার পর দেবতারা সেই দানবগণ কর্তৃক পীড়িত হইয়া ইন্সের শরণাপন্ন হইলেন ॥২০॥

সেই ইন্দ্রও দানবগণ কর্তৃক পীড়িত হইয়া বাইয়া বসিষ্ঠের শরণাপর হইলেন। তাহার পর ভগবান্ বসিষ্ঠ ঋষি দেবগণকে অভয় দান করিলেন ॥২১॥

তখন বসিষ্ঠ মূনি দেবগণকে ছঃখিত জানিয়া দয়ালু হইয়া অয়ত্ব পূৰ্বকই ক্ৰিছের তেছে খলিনামক সমস্ত দানবকে দগ্ধ করিলেন ॥২২॥

ওদিকে গঙ্গানদী কৈলাদ পর্বতের দিকে প্রবাহিত হইড; কিন্তু মহাতপা বসিষ্ঠ ভাঁহাকে মানস সরোবরে আনিলেন; তখন গঙ্গা সেই দিব্য মানস সরোবরের সহিত মিলিত হইয়া গেলেন ॥২৩॥

ভাহার পর মানস সরোবব গলার সহিত মিলিত হইরা সর্যু হইল এবং 'খলি' নামক দানবেরা যে দেশে নিহত হইয়াছিল; সেই দেশও 'খলিন' নামে প্রসিদ্ধ হইয়া গেল ॥২৪॥

এইভাবে মহাত্মা বসিষ্ঠ ইন্দ্রের সহিত দেবগণকে রক্ষা করিয়াছিলেন এবং ব্রহ্মা যাহাদিগকে বর দিয়াছিলেন, সেই দৈত্যগণকেও সংহার করিয়াল ভিলেন ॥২৫॥ এতৎ কর্ম্ম বিদর্গন্য কথিতং হি ন্যান্য। বিবীম্যহং জহি বা ত্বং বিদিষ্ঠাৎ ক্ষত্রিযং বরম্ ॥২৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামসুশাসনপর্বাণি দানধর্ম্মে পবনার্জ্জনসংবাদে ত্রযন্ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ॥০॥ *

চতুস্ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ।

ভীশ্ব উবাচ।

ইত্যুক্তব্ৰুদ্ধনন্ত ফীমভূদাযুন্তগত্ৰবীৎ।
শূণু সে হৈহযঞ্চে ! কৰ্মাত্ৰেঃ হুমহাত্মনঃ॥১॥
ঘোরে তমস্তযুধান্ত সহিতা দেবদানবাঃ।
অবিধ্যুত শরৈন্তত্ৰ স্বৰ্ভামুঃ সোমভাস্করো॥২॥

ভাবতকৌমুদী

এতদিতি। হে অনন। নিম্পাণ অর্জুন।। বরমিতি কাকু: ॥২৬॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাসীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকাষাং ভারতকোমুদীসমাধ্যাযামহশাসনপর্মণি দানধর্মে অযন্তিংশদ্ধিকশততযোহধ্যায়ঃ ॥•॥

--:*:---

ইতীতি। অত্তেরত্তিনাসকদেবর্থেঃ ।১।

নিষ্পাপ রাজা। এই আমি বসিষ্ঠেব কর্মেব কথা বলিলাম। আমি ত বলিতেছি, এখন আপনিও বলুন দেখি, এই বসিষ্ঠ হইতে ক্ষত্রিয শ্রেষ্ঠ কিনা ?'॥২৬॥

----°#\$----

ভীম বলিলেন—'বাযু এইৰপ বলিলে রাজা কার্ত্বীর্যার্জুন নীরব থাকিলেন; তাহাব পব বাষু পুনবায বলিতে লাগিলেন, 'রাজা! ব্রাহ্মণ অগস্ত্যেব মাহাত্ম্য প্রবণ ককন ॥১॥

অথ তে তমসা গ্রস্তা নিহন্তন্তে স্ম দানবৈ:।
দেবা নৃপতিশার্দ্দূল! সহৈব বলিভিন্তদা ॥৩॥
অম্বরর্বধ্যমানান্তে ক্ষীণপ্রাণা দিবৌকসঃ।
অপশ্যন্ত তপশ্যন্তমিক্রিং বিপ্রাং তপোধনম্ ॥৪॥
অথৈনমক্রবন্ দেবাঃ শান্তক্রোধং জিতেক্রিয়ম্।
অম্বরেরিযুভির্বিদ্ধো চন্দ্রাদিত্যাবিমাবুভো ॥৫॥
বয়ং বধ্যামহে চাপি শক্রভিন্তমসারতে।
নাধিগচ্ছাম শান্তিঞ্চ ভয়াক্রায়স্থ নঃ প্রভো!॥৬॥
ঋষিক্রবাচ।

কথং রক্ষামি ভবতন্তেহক্রবংশ্চন্দ্রমা ভব। তিমিরত্মশ্চ সবিতা দস্ক্যহন্তা চ নো ভব॥৭॥

ভারতকৌমূদী

বোর ইতি। তমসি সন্ধকারে। বর্তান্ রাহ:। অতএব সোমণ্ডাস্করয়োরপসরণান্তমস আবির্ভাব ইতি ভাব: ॥২॥

অথেতি। সহৈব যুগপদেব ॥ आ

অন্তর্বৈবিতি। বধ্যমানা আহন্তমানাঃ, অতএব ক্ষীণপ্রাণাঃ করপ্রাপ্তবলাঃ ॥৪॥

অথেতি। শাস্তকোধং নিবৃত্তকোপম্। ঈষ্ভির্বাণেঃ॥৫॥

বযমিতি। তমসাবৃতে অন্ধকারাচ্ছরে সংযুগে । ৬।

পূর্বকালে একদা দেবগণ ও দানবগণ মিলিত হইয়া খোর অন্ধকারে যুদ্ধ করিতেছিলেন। তখন রাছ বাণদারা চক্র ও সূর্য্যকে বিদ্ধ করিয়াছিল ॥২॥

বাজশ্রেষ্ঠ ৷ তখন বলবান্ দানবেবা একদাই অন্ধকারাচ্ছন্ন দেবগণকে আহত করিতে লাগিল ॥৩॥

অস্থবেবা আঘাত করিতে থাকিলে, দেবগণেব শক্তি কয় প্রাপ্ত হইতে লাগিল। তখন তাঁহাবা তপস্থানিরত তপোধন ব্রাহ্মণ অত্রিকে দর্শন করিলেন ॥৪॥

তাহার পব দেবগণ ক্রোধর্শৃত্ম ও জিতেন্দ্রিয় অত্তিকে বলিলেন—'অম্বরেরা বাণদারা এই চন্দ্র ও সূর্য্য তুইজনকেই বিদ্ধ করিয়াছে ॥৫॥

প্রভাবশালী মহষি ! শক্ররা অন্ধকারারত বণস্থলে আমাদিগকেও আহত কবিতেছে, আমরা শান্তিলাভ কবিতেছি না; অতএব আপনি আমাদিগকে ভয় হইতে পবিত্রাণ করুন' ॥৬॥

এবমুক্তন্তদাত্তির্বৈ তমোকুদভবচ্ছনী।

অপশ্যৎ সোম্যভাবাচ্চ সোমবৎ প্রিযদর্শনঃ॥৮॥

দৃষ্ট্বা নাতিপ্রভং সোমং তথা সূর্য্যঞ্চ পার্থিব!।

প্রকাশমকরোদত্তিস্তপসা স্বেন সংযুগে॥৯॥

জগদ্বিতিমিরং চাপি প্রদীপ্রমকরোত্তদা।

ব্যক্ষয়চ্ছক্রেসজ্বাংশ্চ দেবানাং স্বেন তেজ্বনা॥১০॥

অত্রিণা দহ্যামানাংস্তান্ দৃষ্ট্বা দেবা মহাস্করান্।

পরাক্রেইপি তদা ব্যন্ত্রন্তিস্করক্ষিতাঃ।

উদ্ভাসিতশ্চ সবিতা দেবাস্ত্রাতা হতাস্করাঃ॥১১॥

ভারতকৌমুদী

কথমিতি। তিমিরদ্ধ অম্বকারনাশকঃ, সবিতা ত্র্যাঃ ॥ ॥

এবমিতি। তমোহদদ্ধকারহস্তা ত্র্যা:, শনী চক্রণচাভবং ॥।।।

দৃষ্টে,তি। নাতিপ্রভশ্ অতীক্ষরশিষ্।।>।

क्षांतिष्ठि । विषियिदमक्षकातम् श्रम्, अनीश्रः अकामम् ॥১०॥

অতিণেতি। ব্যন্নন্ বিনাশিতবন্ধ:। উদ্ভাগিতঃ পূর্বব্যেক্সরী জ্বাতঃ। তাতা রক্ষিতাঃ। হতাত্মরা ইতি বিদর্গলোপেহগি সন্ধিরার্থ:। যট্পাদোহমং শ্লোকঃ ॥১১॥

অত্রি বলিলেন—'আমি কি প্রকাবে আপনাদিগকে রক্ষা করিব ?' তখন দেবতারা বলিলেন—'আপনি অন্ধকারহন্তা চক্র ও সূর্য্য হউন এবং আমাদের সম্পত্তিহরণকারী দানবগণকে সংহাব ককন' ॥৭॥

দেবতারা এইকপ বলিলে, তখন অত্তি চক্র ও স্ব্য হইলেন এবং চক্রের স্থায় প্রিযদর্শন হইয়া শাস্তভাবে সমস্ত দর্শন করিতে লাগিলেন ॥৮॥

বাজা! অত্রি তখন চন্দ্র ও সূর্য্যকে অনধিক প্রভাযুক্ত দেখিয়া আপন তপোবলে বণস্থলে আলোক দান কবিলেন ॥৯॥

এবং তিনি আপন তেজে সমগ্র জগংকেই অন্ধকাবশৃন্ত ও আলোকযুক্ত করিলেন; আব দেবগণের শত্রুগণকে জয় করিলেন॥১০॥

অত্রি মহাস্থবগণকে দক্ষ কবিভেছেন দেখিয়া তখন অত্রিকর্ত্বক সুরক্ষিত দেবতারা প্রাক্রমদ্বাবা মহাস্থবগণকে বিনাশ কবিলেন। তৎকালে সূর্য্য পূর্বের ন্যায় তেজস্বী হইলেন, দেবগণ বক্ষা পাইলেন এবং অস্থবগণ নিহত হইল ॥১১॥

অত্তিণা তথ সামর্থ্যং কৃতমুত্তমতেজসা।

বিজেনাগ্রিদিতীয়েন জপতা চর্ম্মবাসসা॥১২॥

ফলভক্ষেণ রাজর্ষে। পশ্য কর্মাত্রিণা কৃতম্।

তস্থাপি বিস্তরেণোক্তং কর্মাত্রেঃ স্থমহাত্মনঃ।

ত্রবীম্যহং জহি বা ত্বমত্রিতঃ ক্ষত্রিয়ং বরম্॥১০॥

ইত্যক্তস্তর্জ্বনন্তৃফীমভূদায়্ন্ততোহত্রবীং।

শৃগু রাজন্। মহৎ কর্ম্ম চ্যবনস্থ মহাত্মনঃ॥১৪॥

অশ্বিনোঃ প্রতিসংশ্রুত্তা চ্যবনঃ পাকশাসনম্।

প্রোবাচ সহিতো দেবৈঃ সোমপাবশ্বিনো কুরু॥১৫॥

हेल खेबाह।

অস্মাভির্নিন্দিতাবেতো ভবেতাং সোমপো কথম। দেবৈর্ন সন্মিতাবেতো তস্মান্মৈবং বদস্থ নঃ ॥১৬॥

ভারতকৌমুদী

শবিণেতি। সমির্বিতীয়া সদৃশো ষশ্ত তেন ।>২।
ফলেতি। উজ্বং ময়া। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥>৩।
ইতীতি। চ্যবনশ্য ভদাধ্যক্ত মহর্ষে: ॥>৪।
শবিনোরিতি। প্রতিসংশ্রুতা ভবন্তৌ সোমণায়িনৌ করিয়ামীতি প্রতিজ্ঞায় ॥>৫।
শব্যাভিরিতি। নিশিতৌ চিকিৎসাব্যবসায়িস্বাৎ। সমিতৌ তুল্যৌ ॥>৬।

অগ্নির তুল্য মহাজেতা, জপকাবী ও মৃগচর্মপরিধায়ী ব্রাহ্মণ অতি দেব-গণের শক্তি বর্দ্ধিত করিলেন ॥১২॥

রাজ্যি! ফলভোজী অত্তির কর্ম দেখুন; আমি অতি মহাত্মা অত্তির কার্য্য বিস্তরক্রমে বলিলাম। আমি ত বলিতেছি, আগনিও বলুন দেখি, এই অত্তি ছইতে ক্ষত্রিয় প্রধান কি না ?' ॥১৩॥

বায়ু এই কথা বলিলে, অর্জুন নীরবই রহিলেন; তাহার পর বায়ু আবার বলিতে লাগিলেন—'রাজা। মহাত্মা চ্যবনের গুরুতর কার্য্যের কথা প্রবর্গ করুন ॥১৪॥

একদা চ্যবন অখিনীকুমারদ্বরেব নিকট তাঁহাদের সোমরস পানের প্রতি-শ্রুতি দিয়া ইন্দ্রকে বলিলেন—'দেবরাজ। আপনি দেবগণের সহিত মিলিড হইয়া অখিনীকুমারদ্বরকে সোমপায়ী করুন' ॥১৫॥

⁽১৬) **জন্মাভিবর্জিভাবেতৌ**—পি।

অখিভ্যাং সহ নেচ্ছামঃ সোমং পাতৃং মহাত্রত !। বদন্মদক্ষ্যসে বিপ্র ! তৎ করিয়াম তে বচঃ ॥১৭॥

চ্যবন উবাচ।

পিবেতামখিনো সোমং ভবদ্ভিঃ সহিতাবুভো।
উভাবেতাবপি হুরো সূর্য্যপুত্রো হুরেখর ! ॥১৮॥
ক্রিযতাং মদ্বচো দেবা যথা বৈ সমুদাহুতম্।
এতদ্বঃ কুর্ববিতাং শ্রেযো ভবেদ্বৈতদকুর্ববিতাম্॥১১॥

ইন্দ্র উবাচ।

অশ্বিভ্যাং সহ সোমং বৈ ন পাস্থামি দ্বিজ্ঞান্তম !। পিবল্বন্থে যথাকাসং নাহং পাতুমিহোৎসহে ॥২০॥

ভারতকৌমুদী

অবিভ্যামিতি। অবিভ্যাম্ অবিনীকুমারাভ্যাম্ ॥১ १॥

পিবেতামিতি। সহিতৌ মিলিতৌ সন্তৌ। স্থরৌ দেবৌ ॥১৮॥

ক্রিয়তামিতি। সম্পাস্ততমূক্তম্। শ্রেষো সম্পাস্থা১না

অখিভ্যামিতি। অত্যে দেবাঃ। উৎসতে শক্লোমি ॥২০॥

ইস্ত বলিলেন—'আমবা অশ্বিনীকুমাবদ্বথকে নিন্দিত বলিয়া গণ্য কবিয়াছি; স্তবাং ইহাবা সোমপায়ী হইবে কি প্রকাবে ? বিশেষতঃ, ইহাবা দেবগণের ভুল্যও নহে; অতএব আপনি আমাদিগকে এই প্রকাব বলিবেন না ॥১৬॥

মহাব্রত ব্রাহ্মণ। আমরা অধিনীকুমাবদেব দহিত সোম পান করিতে ইচ্ছ। করি না; অতএব আপনি অন্থ যাহা বলিবেন, আমবা আপনাব সেই বাক্য রক্ষা করিব' ॥১৭॥

চ্যবন বলিলেন—'দেববাজ। অধিনীকুমাবেরা নিশ্চয়ই আপনাদের সহিত সোম পান কবিবেন। কাবণ, উহাবাও সুর্য্যেব পুত্র বলিয়া দেবতা ॥১৮॥

দেবগণ। আমি যাহা বলিলাম, আপনাবা আমার সেই বাক্য রক্ষা ক্কন। ইহা ক্রিলে আপনাদের মঙ্গল হইবে; না ক্বিলে মঙ্গল হইবে না'॥১৯॥

ইন্দ্র বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমি অস্থিনীকুমারদেব সহিত সোমরস পান কবিব না; অন্ত দেবতারা ইচ্ছানুসাবে পান করিতে পারেন, কিন্তু আমি পান করিতে পাবি না'॥২০॥

চ্যবন উবাচ।

ন চেৎ করিয়সি বচো ময়োক্তং বলসূদন !। ময়া প্রমথিতঃ সতঃ সোমং পাস্থসি বৈ মথে॥২১॥

বায়ুরুবাচ।

ততঃ কর্ম্ম সমারক্ষং হিতায সহসাশিনোঃ।
চ্যবনেন ততো মন্ত্রৈরভিভূতাঃ শুরাভবন্ ॥২২॥
তত্ত্ব কর্ম সমারক্ষং দৃষ্ট্বেক্সঃ ক্রোধ্যুচ্ছিতঃ।
উদ্যায় বিপুলং শৈলং চ্যবনং সমুপাত্রবৎ।
তথা বজ্রেণ ভগবানমর্যাকুললোচনঃ ॥২৩॥
তমাপতত্তং দৃষ্ট্বৈর চ্যবনন্তপদান্নিতঃ।
অধ্স্তিং সিজ্যান্তভয়ত্তং সবজ্রং সহপর্বতম্ ॥২৪॥
অথেক্রেন্স মহাঘোরং সোহস্বক্ষত্রেমের হি।
মদং নাগাহুতিময়ং ব্যদিতাস্যং মহামুনিঃ।.২৫॥

ভারতকোমূদী

নেতি। প্রমণিতো নিপীড়িভ:, মথে বজে ॥২১॥ তত ইতি। স্থ্রাভবনিতি বিনর্গলোপেহিপ সন্ধিরার্থ: ॥২২॥ তদিতি। ক্রোধেন মৃচ্ছিত: কর্তব্যাকর্ত্তব্যজ্ঞানহীন:। বিপুলং বিশালম্, শৈলং পর্বতম্। বজ্ঞো সহ। ষট্পাদেহিষং শ্লোক: ॥২৩॥

তমিতি। অন্তম্ভবৎ নিস্পান্দমকরোৎ ॥>৪॥

চ্যবন বলিলেন—'বলাসুরনাশক। আপনি যদি স্বেচ্ছায় আমার বাক্য রক্ষানা করেন, তাহা হইলে আমাক'র্ছক নিপীড়িত হইষা এইক্ষণই যজে অশ্বিনীকুমাবদেব দহিত সোম পান করিবেন' ॥২১॥

বাষু বলিলেন—'ভাহাব পর চ্যবন তংক্ষণাং অশ্বিনীকুমারদেব হিতের জন্ম একটী যজ্ঞ আরম্ভ করিলেন। তদনস্তব চ্যাধনেব মস্ত্রের প্রভাবে দেবতারা অভিভূত হইলেন ॥২২॥

চ্যবন সেই কার্য্য আরম্ভ কবিয়াছেন দেখিয়া ভগবান্ ইন্দ্র ক্রোধে অধীর ও অসহিষ্ণুতাবশতঃ চঞ্চল নয়ন হইয়া একটা বিশাল পর্ব্দ ও বছ্র লইয়া চ্যবনের দিকে ধাবিত হইলেন ॥২৩॥

ইন্দ্র আসিতেছেন দেখিয়াই তপস্বী চ্যবন ব্দল সেচন করিয়া বদ্ধ ও পর্বতের সহিত তাঁহাকে স্তব্ধ করিলেন ॥২৪॥

⁽২৫) মদং সমাহতি**ময়**শ্—পি।

তত্ম দন্তসহত্রন্ত বভূব শতবোজনম্।

দিযোজনশতান্তত্ম দংষ্ট্রাঃ পরসদারুণাঃ।

হনুস্তত্মাভবদ্ভূমাবাত্যং চাত্মাম্পৃশদ্দিবম্ ॥২৬॥

জিহবামূলে স্থিতান্তত্ম সর্বে দেবাঃ সবাসবাঃ।

তিমেবাত্মসনুপ্রাপ্তা যথা মহন্তা মহার্নবে ॥২৭॥

তে সংমন্ত্র্য ততো দেবা মদন্ত্যাত্ম সমীপগাঃ।

অক্রবন্ সহিতাঃ শক্রং প্রণমান্ত্রৈ দ্বিজাতযে।

অবিভ্যাং সহ সোমঞ্চ পিবাম বিগতজ্বাঃ ॥২৮॥

ততঃ স প্রণতঃ শক্রুশ্চকার চ্যবনস্ত তৎ।

চ্যবনঃ ক্বতবানেতাবিশ্বনো সোমপায়িনো ॥২৯॥

ভাবতকৌমূদী

অথেতি। আছতিস্বম্ আছ্ড্যা জনিতম্, ব্যদিতাক্তং বিবৃতমূথ্য্ ।।২৫।।
তত্তেতি। দংষ্ট্রা দস্তমূলদেশাঃ। হত্তরধরনিয়ভাগঃ, আত্তম্ উর্জোঠদেশঃ, দিবং গগনস্।
বটুপাদোহয়ং শ্লোকঃ ॥২৬॥

জিছেতি। বাসবেন ইন্দ্রেণ সহেতি সবাসবাং, তিমে: তিমিনামকক্স জলজন্তো: ॥২৭॥
ত ইতি। সমীপগা উদ্বসন্নিধানস্থিতাং, অসৈ চ্যবনায়। বিগতজ্বান্তিরোহিতসন্তাপাং।
বটুপাদোহয়ং শ্লোকঃ ॥২৮॥

ভড ইভি। ভং বাক্যং সোমণান্মিত্যর্থ: ॥২৯॥

ভাহার পব মহর্ষি চ্যবন অভি ভীষণ আছডিময় ও বিবৃত বদন সদনামক ইন্দ্রের একটা শত্রু সৃষ্টি কবিলেন ॥২৫॥

মদের সহস্র দম্ভ শতযোজনব্যাপী এবং অতি ভীষণ দম্ভসূল দ্বিযোজন শত-ব্যাপী হইল এবং তাহাব অধবেব নিম্নদেশ ভূতলে -থাকিল, আর উদ্বোষ্ঠ আকাশ স্পর্শ কবিল ॥২৬॥

মহাসমুজে সংস্থাণ যেমন তিমিনামক জলজন্তুর মুখেব ভিতবে থাকে; তেমন ইল্রেব সহিত সকল দেবতা মদেব মুখেব ভিতবে জিহ্বামূলে থাকিলেন ॥২৭॥

তাহাব পব সেই মদেব উদবেব নিকটবর্তী সেই দেবঙাবা পবস্পব পরামর্শ কবিযা মিলিতভাবে ইন্দ্রকে বলিলেন—'এই ব্রাহ্মণকে নমস্থাব ককন এবং আমরা সম্ভাপশৃক্ত হইযা অধিনীকুমাবদ্বযেব সহিত সোম পান কবিব' ॥২৮॥

তাহাব প্ৰ ইন্দ্ৰ চাবনেব নিকট প্ৰণত হইলেন এবং দেবতাৰা সকলেও

ততঃ প্রত্যাহরৎ কর্ম মদঞ্চ ব্যভজন্মনিঃ।
আক্ষেয় মগয়ায়াঞ্চ পানে স্ত্রীয় চ বীর্যাবান্॥৩০॥
এতৈদে বিনর্না রাজন্! ক্ষয়ং ষান্তি ন সংশয়ঃ।
তত্মাদেতানরো নিত্যং দূরতঃ পরিবর্জয়েরেং॥৩১॥
এততে চ্যবনস্থাপি কর্ম রাজন্! প্রকীর্তিতম্।
ত্রবীম্যহং ক্রহি বা হং ক্রিয়ং ত্রাক্ষণাদ্বস্॥৩২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যামসুশাসনপর্বণি দানধর্ম্মে পবনার্জ্জ্নসংবাদে চতুস্ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥०॥ #

ভাবতকোমূদী

তত ইতি। প্রত্যাহরৎ সমাপিতবান্। ব্যভক্ষৎ বিভক্সান্থাপৎ, অক্ষের্ দ্যুতক্রীডান্থ, পানে স্থরাবাঃ, বীর্যবান্ তপঃশক্তিশালী ॥৩০॥

এতৈরিতি। এতৈ রক্ষাদিভিঃ। এতান্ দোবান্ ।৩১॥ এতদিতি। কর্ম তপোবলজনিতা জিয়া ।৩২॥

> ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতাষাং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাধ্যাষামহশাসন-পর্ববি দানধর্ম্বে চতুল্লিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥•॥

চ্যবনের বাক্য রক্ষা কবিলেন। এইভাবে চ্যবন সেই অশ্বিনীকুর্মাবিদগকে সোমপায়ী কবিয়াছিলেন ॥২৯॥

ভাহার পব তপপ্রভাবশালী চ্যবন যজকার্য্য সমাপ্ত কবিলেন এবং দ্যুভক্রীড়া, মুগয়া, সুবাপান ও খ্রীজাতি—এই চাবিটী স্থানে মদকে বিভক্ত করিয়া বাখিলেন ॥৩০॥

অভএব রাজা। এই চারিটা দোবে মানুষেবা ক্ষরপ্রাপ্ত হয়, এই বিষয়ে কোন সন্দেহ নাই; স্থৃভরাং মানুষ সর্বাদা এই চাবিটা দোষকে দূরে পবিত্যাগ করিবে ॥৩১॥

রাজা! এই আমি আপনার নিকট চ্যবনেরও কার্য্যেব কথা বলিলাম। আমি ত বলিতেছি; এখন আপনিও বলুন দেখি, ক্ষত্রিয় ব্রাহ্মণ হইতে শ্রেষ্ঠ কি না ?'॥৩২॥

⁽৩১) এতৈর্দোবৈর্নরো রাজন্। ক্ষয়ং যাতি ন সংশয:-- পি।

শ্চপঞ্চাশদ্ধিকশততমোহধ্যায়:'—বদ্ধ বর্দ্ধ ।

পঞ্চত্রিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ।

----:

ভীম্ম উবাচ।

ভূকীসাসীদর্জ্বস্ত পবনস্তব্রবীৎ পুনঃ।
শৃণু সে ব্রাহ্মণেষের মুখ্যং কর্মা জনাধিপ। r>॥
সদস্যাস্থমমুপ্রাপ্তা যদা সেন্দ্রা দিবৌকসঃ।
ভদৈব চ্যবনেনেহ ছতা তেষাং বহুদ্ধরা ॥২॥
উভো লোকো ছতো মছা তে দেবা ছুঃখিতাভবন্।
শোকার্ত্তাশ্চ মহাদ্বানো ব্রহ্মাণং শরণং যয়ঃ॥৩॥

দেব। ,উচুঃ।

মদাশুব্যতিষিক্তানাস্থাকং লোকপৃদ্ধিত। চ্যবনেন হতা ভূসিঃ কপৈশ্চৈব দিবং প্রভো!॥৪॥

ভারতকৌমুদী

ভূকীমিডি। ভূকীং প্রতিবাদাসম্ভবামীরবঃ ॥১॥

মদক্ষেতি। ইন্দ্রেণ সহেতি সেক্রা:। বর্ষরা অধিকৃতা পৃথিবী ॥२॥

উভাবিতি। লোকৌ বর্গমর্জ্যো, ক্ষতৌ আয়ম্ভীকৃতৌ। হঃবিতাভবন্নিতি বিসর্গলোপে-২পি সন্ধিরার্ধ: মুখ্য

মদেতি। মদশ্য তদাথাশ্য চাবনস্টশ্য জন্তোঃ আশ্রে মৃথে ব্যতিধিক্তানাং প্রবিটানাম্। কণৈতদাখ্যেরহুরিঃ, দিবং হুর্গঃ ॥৪॥

ভীম বলিলেন—'তখন অর্জুননীববই থাকিলেন এবং বায়ু পুনবায বলিডে লাগিলেন—'নরনাথ! আপনি আমাব নিকট ব্রাহ্মণগণেবই প্রধান কর্ম শ্রবণ ককন ॥১॥

ইন্দ্রপ্রভৃতি দেবগণ যখন মদের মুখ্যাধ্য প্রবিষ্ট ছিলেন, তখনই চ্যবন

তাহাদের পৃথিবী হবণ কবিলেন ॥২॥

'আমাদের স্বর্গ ও মর্ত্য—এই উভয লোকই হৃত হইযাছে' ইহা মনে করিয়া সেই দেবতারা তৃ:খিত ও শোকার্ত্ত হইলেন। তাহাব পর সেই মহাত্মাব! যাইযা ত্রন্ধাব শবণ লইলেন॥৩॥

দেবগণ বলিলেন—জগংপৃজিত প্রভু! আমরা মদেব মুখমধ্যে প্রবিষ্ট

ত্রকোবাচ।

গচ্ছধ্বং শরণং বিপ্রানাশু সেন্দ্রা দিবৌকসঃ।
প্রসাগ তামুভো লোকাববাক্ষ্যথ ষথা পুরা ॥৫॥
তে যয়ুঃ শরণং বিপ্রান্চুন্তে কান্ জয়ামছে।
ইত্যুক্তান্তে দ্বিজান্ প্রান্তর্জন্তহ কপানিতি ॥৬॥
ভূগতান্ হি বিজেতারো বয়মত্যক্রবন্ দ্বিজাঃ।
ততঃ কর্ম সমারবং ব্রাহ্মণৈঃ কপনাশনম্॥৭॥
তচ্প্রুত্বা প্রেষিতো দূতো ব্রাহ্মণেভ্যো ধনী কপৈঃ।
স চ তান্ ব্রাহ্মণানাহ ধনী কপবচো যথা ॥৮॥

ভাবতকোমুদী

গচ্ছধমিতি। তান্ বিপ্রান্, লোকে স্বর্গমর্জ্যে । ৫॥
ত ইতি। তে দেবাঃ, তে বিপ্রাঃ। ইহ ইদানীস্ ।৬॥
ভূগতানিতি। ভূগতান্ পৃথিবীস্থিতান্, স্বর্গস্থিতানামবিষয়ত্বাদিতি ভাবঃ ॥१॥
তদিতি। ধনী নাম, বথা কপানাং বচঃ তথা আহ ব্রবীতি শ্ব ॥৮॥
ভারতভাবদীপঃ

ভূকীমিডি।।১—৩। কপৈ: অহারবিশেবৈ: দিবং ভৌ:।।৪—৭। ধনী ভন্নামকো দুভ:।।৮—২৭।।

ইতি শ্রীমহাভারতে অমুশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে গঞ্চত্রিংশদধিকশতভমোহধ্যায়ঃ ॥১৩৫॥

থাকিলে, চ্যবন আমাদের পৃথিবী হরণ করিয়াছেন এবং কপনামক অস্থ্রেবা স্বর্গ হরণ কবিয়া লইয়াছে' ॥৪॥

বক্ষা বলিলেন—'ইন্দ্রপ্রভৃতি দেবগণ! ভোমরা সম্বর যাইয়া ব্রাহ্মণগণের শরণাপন্ন হও; ভাহাদিগকে প্রসন্ন কবিয়া পুর্বেব স্থায় উভয় লোকই লাভ করিতে পারিবে'॥৫॥

তখন দেবতারা যাইয়া ব্রাহ্মণগণের শ্বণাপন্ন হইলেন। পরে ব্রাহ্মণেরা বলিলেন—'আমবা কাহাদিগকে জয় করিব ?' ব্রাহ্মণেরা এইরপ বলিলে, দেবতাবা ব্রাহ্মণগণকে বলিলেন—'আপনাবা এখন কপনামক অস্থ্রগণকে জয় করুন' ॥৬॥

ভখন ব্রাহ্মণেবা বলিলেন—'আমবা পৃথিবীস্থিত কপগণকে জয় করিব।' ভাহার পর ব্রাহ্মণেবা কপনাশক কার্য্য আবস্ত কবিলেন ॥৭॥

ভাহা শুনিয়া কপেরা ব্রাহ্মণগণের নিকটে 'ধনী' নামে একজন দৃত প্রেবণ

ভবস্কি: সদৃশা: সর্বে কপা: কিমিহ বর্ততে।
সর্বের বেদবিদঃ প্রাজ্ঞা: সর্বে চ ক্রতুযাজিনঃ ॥ । ॥
সর্বের সত্যত্রতাশ্চিব সর্বে তুল্যা মহর্ষিভিঃ।
ব্রীশেচব রমতে তেয়ু ধারমন্তি প্রিয়ঞ্চ তে ॥ ১ / ॥
রথা দারান্ ন গচ্ছন্তি রথা মাংসং ন ভূঞ্জতে।
দীপ্রম্মিং জুহরতে চ শুরূণাং বচনে স্থিতাঃ ॥ ১ / ॥
সর্বে চ নিযভাত্মানো বালানাং সংবিভাগিনঃ।
উপেত্য শনকৈর্যান্তি ন সেবন্তি রজস্বলাম্।
স্বর্গতিশ্বৈর গচ্ছন্তি তথৈব শুভক্মিণঃ ॥ ১ ২ ॥
সভ্রুক্তবৎস্থ নামন্তি গভিণীর্দ্ধকাদিরু।
পূর্বাহ্মেরু ন দীব্যন্তি দিবা চৈব ন শেরতে ॥ ১ ৩॥

ভারতকৌমুদী

ভবম্ভিরিতি। ভবস্ভির্নিয়াণৈ:। কিং কথম্, ইহ বর্জতে কণানামনিষ্টং কর্মেতি শেয়ং ॥১॥ দর্ম ইতি। শ্রীঃ সম্পৎ, তেমু কণেমু ॥১•॥

বুপেডি। বুধা পুত্ৰাৰ্থতাং বিনা ।১১।

সর্ব ইতি। নিয়তাত্মান: সংৰত্চিত্তা:, সংবিভাগিন: সমাগ্বিভজ্যারাদিদাতার:, উপেত্য পদ্বানং প্রাণ্য। যটুপাদোহয়ং শ্লোক: ॥>২॥

অভূক্তেভি। ন দীবাস্তি ন ক্রীডস্তি, ন শেরতে ন স্বণস্তি ॥১৩।

কবিল। সেই ধনী যাইয়া কপগণেব বাক্য যেৰূপ ছিল, সেৰূপ বাক্যই ব্ৰাহ্মণ-গণকে বলিল—॥৮॥

'ব্রাহ্মণগণ। কপগণের অনিষ্ঠকারী আগনাদেব এই কার্য্য কেন আরম্ভ হইয়াছে ? কপেবা সকলেই আপনাদেব তুল্য, তাঁহাবা সকলেই বেদবিং ও প্রাক্ত এবং সকলেই যজ্ঞকাবী ॥১॥

কপের। সকলেই সভ্যপবাষণ এবং সকলেই মহর্ষিগণের ভূল্য , আর ভাঁহাদেব সম্পূদ্ বহিষাছে এবং ভাঁহাবা সম্পদ্ ধাবণ করেন ॥১০॥

কপের। অনর্থক ভার্য্যা গমন কবেন না, বুথা মাংস খান না, প্রজ্ঞলিত অগ্নিতে হোম করেন এবং গুরুজনেব আদেশে চলেন ॥১১॥

কপেবা সকলেই সংযত চিন্ত, বালকদিগকে ভাগ কবিয়া অন্নাদি দান করেন, পথে উপস্থিত হইয়া ধীরে ধীরে যান এবং বজস্বলা ন্ত্রী সম্ভোগ করেন না , স্বভরাং তাঁহার শুভ কর্মের ফলে স্বর্গে যাইবার অধিকাবী ॥১২॥ এতৈশ্চান্ডিশ্চ বহুভিগু গৈয়ু ক্তান্ কথং কপান্। বিজেম্বর্ণ নিবর্ত্তধ্বং নির্ত্তানাং স্থং হি বঃ ॥১৪॥ ব্রাহ্মণা উচুঃ।

কপান্ বয়ং বিজেয়ামো যে দেবাস্তে বয়ং য়ৢতাঃ।
তত্মাঘধ্যাঃ কপাস্মাকং ধনিন্! যাহি য়থাগতয়॥১৫॥
ধনী গছা কপানাহ ন বো বিপ্রা প্রিয়য়রাঃ।
গৃহীছাস্ত্রাণ্যতো বিপ্রান্ কপাঃ সর্বের সমাদ্রবন্॥১৬॥
সমুদগ্রাধ্বজান্ দৃষ্ট্রা কপান্ সর্বের দ্বিজাতয়ঃ।
ব্যস্তজন্ জ্বলিতানগ্রীন্ কপানাং প্রাণনাশনান্॥১৭॥
ব্রহ্মস্থটা হব্যভুজঃ কপান্ হত্মা সনাতনাঃ।
নভনীব য়থাভাণি ব্যরাজন্ত নরাধিপ।॥১৮॥

ভারতকৌমুদী

এতৈরিতি। স্থাং পরানিষ্টাকরণাৎ পরিশ্রমাভাষাচেতি ভাবঃ ॥১৪॥ কপানিতি। যে দেবান্তে দেবা এব বষং ভূদেবদ্বাদিতি ভাবঃ। কপাশ্বাকমিতি বিসর্গলোপেহিশি সন্ধিরার্যঃ ॥১৫॥

ধনীতি। বো যুদাকম্। সমাস্তবন্নভ্যধাবন্ ॥১৬॥ সমিতি। সমুদগ্রধ্বজান্ উচ্চকেতৃন্। ব্যস্কন্ শুকিপন্॥১৭॥

গভিণী ও বৃদ্ধপ্রভৃতি ভোজন ন। কবিলে কপেরা ভোজন করেন না এবং ভাহাবা পূর্ব্বাহে খেলা কবেন না বা দিবসে নিজা যান না ॥১৩॥

এই সকল গুণ এবং অস্থায় বহুতব গুণযুক্ত কপদিগকে আপনারা কেন জয় করিবেন ? নিবৃদ্ধ হউন; আপনাবা নিবৃদ্ধ হইলে আপনাদের সুধই হইবে' ॥১৪॥

ব্রাহ্মণের। বলিলেন—'আমবা কপগণকে জয় করিব। কারণ, দেবগণ যাহা, আমরাও তাহাই। অতএব কপগণ আমাদের বধ্য; স্কুতবাং ধনী। তুমি যেমন আসিয়াছ, তেমন চলিয়া যাও' ॥১৫॥

ধনী যাইয়া কপগণকে বলিল—'বাক্ষণগণ আপনাদের প্রিয় কার্য্যকারী হইলেন না।' তাহার পব কপেবা সকলে অন্ত্র ধাবণ করিয়া ব্রাহ্মণগণের দিকে ধাবিত হইল ॥১৬॥

তখন ব্রাহ্মণেরা সকলে উচ্চ ধ্বন্ধ কপগণকে দেখিয়া তাহাদের প্রাণনাশক প্রজ্ঞলিত অগ্নি নিক্ষেপ কবিলেন ॥১৭॥

⁽১৬) · म তু গছা কণানাহ--পি।

হত্বা বৈ দানবান্ দেবাঃ সর্কে সন্তুষ সংযুগে।
তেনাভ্যজানন্ হি তদা ব্রাক্ষাণৈনিহতান্ কপান্॥১৯॥
অথাগন্য মহাতেজা নারদোহকথ্যদিভো!।
যথা হতা মহাভাগৈন্তেজনা ব্রাক্ষাণঃ কপাঃ॥২০॥
নাবদস্থ বচঃ শ্রুত্বা শ্রীতাঃ সর্কে দিবোকসঃ।
প্রশশংস্ক্রিজাংশ্চাপি ব্রাক্ষাণাংশ্চ যশস্বিনঃ॥২১॥
তেষাং তেজন্তথা বীর্যাং দেবানাং বর্ষে ততঃ।
অবাপ্পুবংশ্চাসরত্বং ত্রিষ্ লোকেষু প্রজিতন্॥২২॥
ইত্যুক্তবচনং বায়ুমর্জ্বনঃ প্রভ্যুবাচ হ।
প্রতিপুজ্য সহাবাহো! যত্তচ্শুণু যুধিষ্ঠির।॥২০॥

ভাবতকোমুদী

ব্ৰংক্তি। ব্ৰহ্মস্টা বাহ্মণোৎপাদিতা, হ্ব্যভূজ: অগ্নয়ং, স্নাতনাং হাগ্নিনং। ইন্শস্থঃ সম্ভাবনাযাম্। অলাণি মেঘাঃ ॥১৮॥

হত্তে। দানবান্ শর্গন্থান্, সভ্য় মিলিখা ॥>৯॥

অথেতি। আগম্য দেবানাং সমীপে উপস্থায ॥২०॥

নারদক্তেতি। दिखान् ক্ষত্রিয়বৈস্থান্ তেষামণি ত্রান্ধণসহকারিথাদিতি ভাবঃ ॥২১॥

তেষামিতি। ততো ত্রান্ধণাস্গ্রহাৎ অহরবধান ॥২২॥

নরনাথ। তখন ব্রাহ্মণগণোৎপাদিত সেই অগ্নি সকল কপগণকে বধ করিয়া আকাশে উঠিয়া স্থাযী হইয়া মেঘেব স্থায় প্রকাশ পাইতে লাগিল ॥১৮॥

ওদিকে সেই দেবতারা সকলে মিলিত হইয়া যুদ্ধে স্বর্গস্থিত দানবগণকে বধ করিয়া তখনও ব্রাক্ষণেরা যে মর্ত্ত্যস্থিত কপগণকে বধ করিয়াছেন, তাহা জানিতে পারেন নাই ॥১৯॥

রাজা। তাহার পব মহাতেজা নাবদ দেবগণেব নিকটে উপস্থিত হইয়া বলিলেন যে, 'মহাত্মা ব্রাহ্মণেবা অগ্নিদাবা মর্ত্ত্যস্থিত কপগণকে বধ করিযা-ছেন' ॥২০॥

নাবদেব বাক্য গুনিযা দেবভাবা সকলেই সম্ভষ্ট হইলেন এবং সেই দ্বিজগণও যশস্বী ব্রাহ্মণগণের প্রশংসা করিলেন ॥২১॥

ব্রাহ্মণগণের অনুগ্রহ ও অমুর সংহারবশতঃ দেবগণের তেজ ও বল বৃদ্ধি পাইল এবং তাঁহার। ত্রিভূবনপুঞ্জিত অমবছ লাভ করিলেন' ॥২২॥

⁽২১) - ব্ৰাহ্মণঞ্চ ষণন্থিনম্—পি।

অৰ্জুন উবাচ।

জীবাম্যহং ব্রাহ্মণার্থং সর্বাধা সততং প্রভা।।
ব্রহ্মণ্যো ব্রাহ্মণেভ্যুন্ট প্রণ্যামি চ মিত্যুনঃ ॥২৪॥
দত্তাব্রেরপ্রসাদাচ্চ ময়া প্রাপ্তমিদং বলম্।
লোকে চ পরমা কীর্ত্তির্দ্মশ্চাচরিতো মহান্ ॥২০॥
ভাহো! ব্রাহ্মণকর্মাণি ময়া মারুত। তত্ত্তঃ।
ছয়া প্রোক্তানি কার্থসেন প্রুতানি প্রযুতন চ ॥২৬॥

বায়ুরুবাচ।

ব্রাহ্মণান্ ক্ষাত্রধর্মেণ পালয়স্বেন্দ্রিয়াণি চ।
ভৃগুভ্যন্তে ভয়ং ঘোরং ততু কালান্তবিশ্বতি ॥২৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহজ্রাং সংহিতায়াং বৈয়াসিক্যামনুশাসনপর্বাণি
দানধর্মে পবনার্জ্বনসংবাদে পঞ্চত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ॥।॥
*

ভারতকৌমুদী

ইতীতি। ইতি ইখন, উজানি বচনানি বেন তং বায়ুন্ ॥২৩॥
জীবামীতি। ব্রহ্মণ্ডো ব্রাহ্মণহিতকারী ॥২৪॥
দত্তেতি । দত্তাব্রেয়ক তদাখ্যক মুনে: প্রসাদাৎ ॥২৫॥
অহো ইতি। হে মারুত। বায়ো। প্রযুক্তন সংখতচিত্তেন ॥২৬॥
ব্রাহ্মণানিতি। ইব্রিয়াণি চ পালয়স্ব সংখনয়। ভ্রতভাা গুভূবংশীয়েভ্যো রামাদিত্যা,
ঘোরং মহৎ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাদদিদাস্থবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমূদীদমাধ্যায়ামফুশাদন-পর্ব্ধণি দানধুশ্রে পঞ্চত্তিংশদ্ধিকশতত্যোহধ্যায়ঃ ॥•॥

মহাবাছ যুধিষ্ঠির! বায়ু এই সকল কথা বলিলে, অর্জুন তাঁহার সম্মান কবিয়া যাহা বলিয়াছিলেন; ডাহা তুমি শ্রবণ কর ॥২৩॥

অর্জুন বলিলেন—'প্রভু বাষু! আমি সর্বপ্রকারে ব্রাহ্মণগণের জ্যুই জীবন ধারণ করিব, সর্বদা ব্রাহ্মণগণের হিডকারী হইব এবং ব্রাহ্মণগণকে নমস্কার করিব ॥২৪॥

আমি মহর্ষি দন্তাত্তেয়ের অমুগ্রহে এই শক্তি ও জগতে পরম কীর্তি লাভ করিয়াছি এবং গুরুতর ধর্মাচরণও করিতে পারিয়াছি ॥২৫॥

দেব বায়ু ! আপনি যে সকল ব্রাহ্মণকার্য্যের কথা বলিলেন, আমি একাগ্র-চিত্ত হইয়া সে সমস্তই শুনিয়াছি' ॥২৬॥

^{* &#}x27;...সপ্তপঞ্চাশদ্ধিকশতভমোহধ্যায়:'—বঙ্গ বর্ত্ত।

ষট্ ব্ৰিংশদধিকশততমোহধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

ব্রাক্ষণানর্চনে রাজন্! সততং 'সংশিতব্রতান্।
কিং তু কর্ম্মোদযং দৃষ্ট্বা তানর্চনি জনাধিপ! ॥১॥
কাং বা ব্রাক্ষণপূজায়াং ব্যৃষ্টিং দৃষ্ট্বা মহাব্রত!।
তানর্চনি মহাবাহো! সর্বমেত্রদম্ব মে ॥২॥

ভীশ্ব উবাচ।

এষ তে কেশবং দর্কমাখ্যাশুতি মহামতিং।
বৃষ্টিং ভ্রাহ্মণপূজাযাং দৃষ্টবৃষ্টির্মহাভ্রতং ॥৩॥
বলং শ্রোত্রে বাগ্মনশ্চকুষী চ জ্ঞানং তথা স্থবিশুদ্ধং মমাদ্য।
দেহস্থাসো নাতিচিরাদ্মতো মে ন চাতি তুর্ণং দবিতাদ্য যাতি ॥৪॥

ভারতকোমুদী

ব্ৰাহ্মণানিতি। সংশিতব্ৰতান্ দৃচনিয়মান্, কর্মোদয়ম্ ইইকার্য্যোৎপত্তিম্ ॥১॥
কামিতি। বৃষ্টিং ফলম্ "বৃষ্টিং ফলে সমুকৌ চ" ইত্যমর: ॥২॥
এব ইতি। দৃষ্ট্য বৃষ্টিং ফলং বেন সং ॥৩॥
বলমিতি। অবিশুদ্ধং নির্দোষ্য, অতো বজুমুহামীতি ভাবং। তথাপি দেহস্ম স্থাসন্ত্যাগং
অতো ন ব্রবীমীত্যাশয়:। সবিতা স্থাঃ যাতি অন্তমিতি শেষং॥৪॥

বায় বলিলেন—'রাজা! আপনি ক্ষত্রিযধর্মায়সারে ব্রাহ্মণগণকে পালন করুন এবং ইন্দ্রিয়গুলিকে সংযত রাখুন; কিন্তু ভৃগুবংশীযগণ হইতে আপনার দারুণ ভয়ের সম্ভাবনা আছে; তবে তাহা কালক্রমে হইবে' ॥২৭॥

-:*:--

যুধিষ্ঠির বলিলেন—'ক্ষত্রিয়শ্রেষ্ঠ। আপনি ত সর্বনাই নিযমনিষ্ঠ ব্রাহ্মণ-গণের সেবা করেন; কিন্তু নরনাথ। কি ফল দেখিয়া তাঁহাদের সেবা করেন ? ॥১॥ মহাবাহু মহাব্রত। আপনি ব্রাহ্মণসেবায় কি ফল দেখিয়া তাঁহাদের সেবা করেন ? এই সমস্ত আপনি আমার নিকট বলুন'॥২॥

ভীম বলিলেন—'যুধিষ্ঠির। এই মহামতি কৃষ্ণ তোমার নিকট সমস্ত ফল বলিবেন। কেন না, এই মহাব্রত ব্রাহ্মণসেবার ফল দেখিবাছেন ॥আ উক্তা ধর্মা যে প্রাণে মহান্তো রাজন্ । বিপ্রাণাং কর্মির্যাণাং বিশাঞ্চ। তথা শূর্যাণাং ধর্মমুপাসতে চ শেষং কৃষ্ণাতুপশিক্ষম্ব পার্থ ! ॥৫॥ অহং ছেনং বেদ্যি তত্ত্বেন কৃষ্ণং যোহয়ং ঘল্টাস্থ বলং প্রাণম্ । অনেয়াত্মা কেশবঃ কৌরবেন্দ্র ! সোহয়ং ধর্মং বক্ষ্যতি সংশয়েয়ু ॥৬॥ কৃষ্ণঃ পৃথ্বীমস্তজ্ঞ থং দিবঞ্চ কৃষ্ণস্থ দেহান্দেদিনী সংবভূব । বরাহোহয়ং ভীমবলঃ পুরাণঃ সপর্বতান্ ব্যস্তজ্তি দিশশ্চ ॥৭॥ অস্থ চাধোহথান্তরিক্ষং দিবঞ্চ দিশশ্চতক্রো বিদিশশ্চতক্রঃ । স্প্তিন্তথৈবেয়মন্প্রসূতা স নির্মানে বিশ্বমিদং পুরাণম্ ॥৮॥ অস্থ নাভ্যাং পুক্তরং সম্প্রসূতং যত্ত্রোৎপন্নঃ স্বয়্যেমবামিতোজাঃ । যেনাচ্ছিন্নং তত্তমঃ পার্থ ! ঘোরং যত্তিষ্ঠত্যর্ণবং তর্জ্জয়ানম্ ॥৯॥

ভারতকৌমুদী

উক্তা ইতি। যং শেষং ধর্মন্, উপাসতে লোকাঃ সেবস্কে, তং কুফার্পশিক্ষর ।৫।
আহমিতি। তত্ত্বেন যাথার্থেনে। অমেরাত্মা অজ্ঞেরকপ: ॥৬॥
কৃষ্ণ ইতি। থমাকাশম্। সোহরং কুষ্ণ: ॥৭॥
আত্তেতি। দিবং স্বর্গ:। অমুপ্রস্তা অস্মান্ত্র্পনা ॥৮॥

দৈহিক বল, কর্ণযুগল, বাক্য, মন, নয়নদ্বয় ও জ্ঞান—এই সমস্তই আমার এখনও অতি বিশুদ্ধই আছে; কিন্তু অনতিচিবকাল মধ্যেই দেহত্যাগ আমাব অভিপ্রোড; দবে অতি সম্বন্ধে; কিন্তু আৰু সূর্য্য অন্ত যাইভেছেন ॥৪॥

পৃথানন্দন বাজা! পুরাণশাস্ত্রে প্রাক্ষণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শ্বুগণেব পক্ষে যে সকল প্রশস্ত ধর্ম উক্ত আছে এবং মানুষ অবশিষ্ট যে ধর্মের সেবা করে, ভাষা ভূমি কুফের নিকট হইভে শিক্ষা কবিবে ॥৫॥

কৌরবশ্রেষ্ঠ ! ইনি যে এবং ইহাব যে চিরস্তন শক্তি আছে, ভাহা আমি যথার্থরূপে জানি এবং এই কৃষ্ণকেও আমি সভ্যভাবে অবগত আছি। এই সেই অজ্ঞেয়ন্থরূপ কৃষ্ণ ভোমার সন্দিশ্ধ বিষয়ে ধর্ম বলিবেন ॥৬॥

এই কৃষ্ণপৃথিবী, আকাশ ও স্বৰ্গ সৃষ্টি কবিয়াছেন, এই কৃষ্ণেব দেহ হইতেই পৃথিবী উৎপন্ন হইয়াছে; ইনিই সেই ভীষণ বলশালী আদিবরাহ এবং ইনিই পর্বত ও দিক্ সকল সৃষ্টি করিয়াছেন ॥৭॥

আকাশ, স্বৰ্গ, চারিটী দিক্ ও চাবিটী বিদিক্ ইহাব নীচে রহিয়াছে, এই সৃষ্টি ইহা হইতেই হইয়াছে এবং ইনিই এই প্রাচীন জগৎ নির্মাণ করিয়া-ছেন ॥৮॥

⁽৯) -- তৰ্জ্জমানম্ -- পি।

কৃতে যুগে ধর্ম আসীৎ সমগ্রস্ত্রেতা কালে জ্ঞানমনুপ্রপন্নঃ।
বলং চাসীদ্বাপরে পার্থ! কৃষ্ণঃ কলো হুধর্মঃ ক্ষিতিমেবাজগাম॥১০॥
স এব পূর্বং নিজ্ঞখান দৈত্যান্ স পূর্বদেবশ্চ বভূব সম্রাট্।
স ভূতানাং ভাবনো ভূতভব্যঃ স বিশ্বস্থাস্থ জগতশ্চাভিগোপ্তা॥১১॥
যদা ধর্ম্মো গ্লাভি বংশেহস্থরাণাং তদা কৃষ্ণো জাযতে মানুষেরু।
ধর্মে স্থিছ। স তু বৈ ভাবিতাত্মা পবাংশ্চ লোকানপরাংশ্চ পাতি॥১২॥

ভারতকৌমুদী

আন্তেতি। পুদরং পদ্মম্, সম্প্রস্তং জাতম্, অমিতৌজা ব্রদ্ধা। আচ্চিল্লং সমাগুৎসারিতম্, তমঃ অদ্ধকারম্। তৎ প্রসিদ্ধং বং তমঃ, তর্জ্ঞ্মানং গর্জ্জ্জ্ম্ অর্থং সমূলং ব্যাপ্য তিঠতি ম । না ক্রত ইতি। ক্বতে সভ্যে। সমগ্রশত্তুপাৎ। অন্প্রপন্ন: স ধর্মঃ প্রাপ্তঃ। বলং ধর্মরিকিকা শাক্তঃ ॥১০॥

স ইতি। পূর্বদেবো নারাযণ:। ভাবন উৎপাদক:। অভিপোপ্তা সর্বতো রক্ষক: ॥১১॥ খদেতি। গ্লাভি ক্ষীযতে, অস্থ্যাণাম্ অস্ত্রস্থভাবানাং মাস্থ্যাণাম্, ভাবিতাত্মা দ্যাভ্বিত-চিন্তঃ, পরান্ উৎকৃষ্টান্, অপরান্ নিকৃষ্টাংক লোকান্ পাতি রক্ষতি ॥১২॥

ভাবতভাবদীপ:

বান্ধণানিতি। কর্ম্মোদয়ং ফলোদয়ম্ ॥১—আ ন চেতি ত্ংথিতক্স দিনং মহন্তবতীতার্থঃ
॥৪—१॥ অক্স চাধ ইত্যাকাশাদেরুপর্গপরি অয়মেবান্তীত্যক্তম্ ॥৮॥ অর্ণবং তর্জ্জয়ানমিড্যগাধত্মপারত্বং চোক্তম্ ॥>॥ কৃত ইতি। জ্ঞানমকর্জব্যকোটেরপ্যপন্থানাৎ ত্রেভাযাং
বিবেক আসীৎ, দ্বাপরে তু দ্বিতীয়কোটেঃ সাম্যাদ্বলং প্রধানমাসীয় ধর্মঃ, কাপৌ ত্বধ্ম এব
বলবানিতি ভাবঃ ॥১০॥ স এব প্রকাদেব আদিদেবো দৈত্যারিজ্বান এএব সম্রাট্ বলিরূপী

পৃথানন্দন। ইহারই নাভিমগুলে একটা পদ্ম জন্মিযাছিল, যে পদ্মে অমিত-ভেজা স্বয়ং ব্রহ্মা জন্মিযাছিলেন, যে ব্রহ্মা সেই ভয়ন্কর অন্ধকাব অপসারিত কবেন; যে সেই অন্ধকাব গর্জনশীল সমুদ্র ব্যাপিয়া বহিয়াছিল ॥১॥

পৃথানন্দন ! সত্যযুগে চতুষ্পাদ্ ধর্ম ছিল , ত্রেভাযুগে সেই ধর্মজ্ঞান আশ্রয করে, দ্বাপবযুগে এই কৃষ্ণ ধর্মেব বক্ষক শক্তিম্বরূপ ছিলেন, আব কলিযুগে অধর্ম পৃথিবীতে আসিয়াছে ॥১০॥

এই কৃষ্ণই পূর্বেদৈত্য সংহার কবিয়াছিলেন, এই নাবায়ণই সম্রাট্ ইয়া আসিডেছেন, ইনিই প্রাণিগণেব স্ষ্টিকর্তা, ভূত ও ভবিষ্যৎ কাল এবং ইনিই এই সমস্ত জগতেব বক্ষক ॥১১॥

যথন অনুরস্বভাব মনুষ্মবংশে ধর্ম ক্ষীণ হইতে থাকে, তখন এই কৃষ্ণ মনুষ্ম মধ্যে জন্মগ্রহণ কবেন এবং এই দযার্জ চিত্ত নাবাযণ ধর্মে থাকিয়া উৎকৃষ্ট ও নিকৃষ্ট লোকদিগকে রক্ষা করেন ॥১২॥ ত্যাজ্যং ত্যক্ত্বা চাহ্যরাণাং বধায় কার্য্যাকার্য্যে কারণকৈব পার্থ!।
কৃতং করিষ্যন্ ক্রিয়তে চদেবো রাহুং সোমং বিদ্ধি চ শক্রমেনমৃ॥১:॥
স বিশ্বকর্মা স হি বিশ্বরূপঃ স বিশ্বভূগ্ বিশ্বস্থগ্ বিশ্বজিচ্চ।
স শূলভূচ্ছোণিতভূৎ করালস্তং কর্মাভর্বিদিতং বৈ স্তবন্তি ॥১৪॥
তং গন্ধর্বাণামপ্ররুমাঞ্চ নিত্যমুপতিষ্ঠন্তে বিবুধানাং শতানি।
তং রাক্ষসাশ্চ পরিসংবদন্তি রায়স্পোষঃ স বিজিগীযুরেকঃ ॥১৫॥
তমধ্বরে শংসিতারঃ স্তবন্তি রথান্তরে সামগাশ্চ স্তবন্তি।
তং ব্রাক্ষণা ব্রক্ষমন্ত্রীঃ স্তবন্তি তক্ষৈ হবিরধ্বর্য্যরঃ কল্পয়ন্তি॥১১॥

ভারতকোমুদী

ত্যাজামিতি। ত্যাজ্যমধর্ষম্, দেবেন ক্বতং ক্রিয়তে, দেবং করিয়ংশ্চ ॥১০॥
স ইতি। বিশ্বকর্মা দেবশিল্পী, বিশ্বরূপো গীতাষাং প্রসিদ্ধা, বিশ্বত্প বহিং, বিশ্বত্প
বিধাতা, বিশ্বজিলারাল্পাঃ, শূলভূল্মহাদেবাঃ, শোণিতভূদ্দেহী, করালো ভীষণো নুসিংহঃ কর্মজিহিরণ্যাক্ষবধাদিভিঃ, বিদিত্দীশ্বত্যা জ্ঞাতং তং মুনরঃ স্কবস্থি॥১৪॥

ভমিতি। পরিসংবদন্তি অভিটুবন্তি। রায়োঃ ধনতা পোবো রক্ষক:, বিজিগীর্চ্ টান্ বিজেত্মিচ্ছঃ ॥১৫॥

ত্মিতি। সংশিতারো বক্তার:, রখান্তরে তদাখ্যসামবেদভাগবিশেষে। অধ্বর্গবো বন্ধ্-র্কেদীয়া ঋতিজ্ঞ: ॥১৬॥

পৃথানন্দন। ইনি অসুরগণেব বধেব জন্ম অধর্ম ত্যাগ করিয়া কর্ত্তব্য, অকর্ত্তব্য ও কাবণ অবলম্বনপূর্বক কার্য্য করিয়াছেন, কবিতেছেন ও করিবেন; আব তুমি ইহাকে রাহু, চক্র ও ইন্দ্র বলিয়া অবগত হও॥১৩॥

ইনি বিশ্বকর্মা, ইনি বিশ্বক্রপ, ইনি বিশ্বভোজী অগ্নি, ইনি জগৎস্ষ্টিকানী ব্রহ্মা, ইনি বিশ্বজয়ী নাবায়ণ, ইনি মহাদেব, ইনি এখন শ্বীরধারী, ইনি ভীষণ মূর্ত্তি নুসিংহ এবং কর্মানুসারে ইহার মাহাত্ম্য জানিয়া মুনিরা ইহার ভব করেন ॥১৪॥

শত শত দেবতা, গন্ধর্ব ও সঞ্সরা ইহার উপাসনা করেন, রাক্ষসেরাও ইহাব স্তব কবে, ইনি ধনরক্ষক এবং একক ইনিই ছুষ্টুদিগকে জয় করিবার ইচ্ছা করেন ॥১৫॥

বেদপাঠকেবা যজ্ঞে ইহারই স্তব করেন, সামগায়ীবা রথস্তরনামক সামবেদ ভাক্ গান কবিবার সময়ে ইহাবই স্তুতি গাহিয়া থাকেন, ব্রাহ্মণেবা ব্রহ্মমন্ত্র-দ্বারা ইহারই স্তুতি করেন এবং যাজ্ঞিকেবা ইহার জন্মই হবি কল্পনা কবিয়া থাকেন ॥১৬॥

⁽১৩) - বহ্নিং সোমস্-পি।

শ পৌরাণীং ব্রহ্মগুহাং প্রবিষ্টো মহীসত্রং ভারতাত্রে দদর্শ।

শ চৈব গামুদ্ধারাগ্র্যকর্মা বিক্ষোভ্য দৈত্যানুরগান্ দানবাংশ্চ ॥১৭॥
তং ঘোষার্থে গীভিরিক্রাঃ স্তবন্তি স চাপীশো ভারতৈকঃ পশ্নাম।
তত্ম ভক্ষান্ বিবিধান্ বেদযন্তি ভমেবার্ছো বাহনং বেদয়ন্তি ॥১৮॥
তত্মান্তরিক্ষং পৃথিবী দিবঞ্চ সর্বাং বশে তিষ্ঠতি শাশ্বতত্ম।
স কুস্তে রেতঃ সক্ষত্রে স্বরাণাং যত্রোৎপন্নম্বিমান্তর্বসিষ্ঠম্ ॥১৯॥

ভারতকৌমূদী

স ইতি। পৌরাণীং চিরস্তনীম, বন্ধ এব গুছা ছম্প্রবেশছাৎ তাম, হে ভারত। সোহয়ং নারায়ণঃ অগ্রে মহী পৃথিব্যেব সঅং জলস্তাচ্ছাদনং তৎ দদর্শ। "সত্তমাচ্ছাদনে বজ্ঞে সদাদানে বনেহপি চ" ইত্যমরঃ। গাং পৃথিবীম, উদ্ধার বরাহরপেণ ॥১৭॥

তমিতি। বোষার্থে আভীরপলীরক্ষার্থে অভিবৃষ্টিনিবারণায় গোবর্জনধারণকালে, পীর্ভি-র্বাগ্ ভি:, ইন্দ্রা ইন্দ্রাদয়ো দেবা:। পশ্নাং প্রাণিনান্। আঞ্চৌ যুদ্ধে, বাহনং জ্যপ্রাণকম্ ॥১৮॥ তক্তেতি। শাখতক্ত নিভাক্ত। স্বরাণাং মিত্রাবরূপয়ো:॥১৯॥

ভারতভাবদীপ:

পূর্বনেবো নৈত্যো বভূব ॥>>॥ গাডি গায়তি ॥>২॥ এবসেনং রাহং সোমং শক্রঞ্চ বিদ্ধি ॥>৬॥ শোণিতভূচ্ছরীরী ॥>৪॥ রায়: ধনশু পোব: পোবক: ॥>৫—>৬॥ মহীসত্তং পৃথিব্যাশ্ছাদনং মজনমিতি বাবং। "সত্তং ঘটে মহাদানাচ্ছাদনারণ্যকৈতবে" ইতি মেদিনী ॥> ৭॥ বোষার্থে গোবর্ধনোকরণকালে, ঘোষোহস্থনাদো বা বৃষ্ট্যর্থমিতার্থ:। পশ্নাং গবাং জীবানাঞ্চ বাহনং

ভরতনন্দন ! ইনি গুঠাব স্থায চ্প্রবেশ চিরস্তন ব্রহ্মে প্রবেশ করিয়াছেন, ইনি প্রথমে জলের আচ্ছাদকরূপে পৃথিবী দর্শন করিয়াছিলেন এবং এই শ্রেষ্ঠ-কর্মা নারায়ণই ববাহরূপে দৈত্য, দানব ও নাগদিগকে বিক্ষুর্ক করিয়া পৃথিবীকে উদ্ধার করিয়াছিলেন ॥১৭॥

ভরতনন্দন! অতি বৃষ্টিতে যখন গোপপল্লী বিধ্বস্ত হইতেছিল; তখন ইনি গোবদ্ধনপর্বতে উত্তোলন করিয়া সেই বৃষ্টি নিবারণ করিতে থাকিলে, ইন্দ্রপ্রভৃতি দেবভারা নানা বাক্যদারা ইহাব স্তব করিয়াছিলেন; ইনি প্রাণি-গণের একসাত্র ঈশ্বর; মুনিগণ ইহার নানাবিধ খাছ্য নির্দেশ করেন এবং যোদ্ধারা যুদ্ধে ইহাকে জয়প্রাপক বলিয়া মনে করেন ॥১৮॥

পৃথিবী, আকাশ ও স্বৰ্গপ্ৰভৃতি সমস্ত পদাৰ্থই এই নিড্য প্রমেশ্বরের বশে রহিয়াছে এবং ইনি মিত্র ও বরুণদেবের শুক্র কুস্তে নিক্ষেপ করেন, যাহাডে স্ববি বসিষ্ঠ উৎপন্ন হন ॥১৯॥

স সাতরিশ্বা বিভুরশ্ববাজী স রশ্মিবান্ সবিতা চাদিদেবঃ।
তেনামুরা বিজিতাঃ সর্ব এব তদ্বিজ্ঞান্তৈর্বিবজিতানীহ ত্রীণি॥২০॥
স দেবানাং সামুষাণাং পিতৃণাং তমেবাহুর্যজ্ঞবিদাং বিতানম্।
স এব কালং বিভজনু দেতি তস্খোত্তরং দক্ষিণং চায়নে দ্বে॥২১॥
তক্তিবোর্দ্ধং তির্যাগধশ্চরন্তি গভস্তয়ো মেদিনীং ভাসয়ন্তঃ।
তং ব্রাহ্মণা বেদবিদো জুষন্তি তস্খাদিত্যো ভামুপযুজ্য ভাতি॥২২॥
স মাসি সাম্পধ্রকৃদ্বিধতে তমধ্বরে বেদবিদঃ পঠন্তি।
স এবোক্তশ্চক্রমিদং ত্রিনাভি সপ্তাশ্বযুক্তং বহতে বৈ ত্রিধাম॥২০॥

ভারতকৌমুদী

স ইতি। মাতরিখা বায়ং, বিভূ: প্রভূং, অথৈবঁজতি গচ্ছতীতি অখবাজী। ডক্ত বামন-রূপিণো নারায়ণক্ত বিক্রান্তিগ্রিভিঃ পাদক্ষেণেঃ, জীণি ভূবনানি বিজিতানি ।২০॥

স ইতি। দেবাদীনাষ্ ঈশ্বর ইভি শেবং, বিভানং বিভৃতং ষজ্ঞস্। বিভজন্ দিনরাজি-রূপেণ বিভজীকুর্বন্ ॥২১॥

তত্মেতি। তত্ম স্থ্যবপত্ম, গভন্তয়ঃ কিরণাঃ। ক্ষম্ভি সেবস্থে, ভাং দীপ্তিম্, উপযুজ্য আত্মনি গৃহীত্মা ॥২২॥

স ইতি। অধ্বরকৃদ্যজ্ঞকর্তা, বিধতে জগতো মঙ্গলং করোতি। জিনাভি শীতগ্রীমবর্ণাযুক্তম, ইদং চক্রং বংসবঃ, জিধাম প্রাতর্যধ্যাহনায়ংকালীনতেজাযুক্তম্ ॥২৩॥

ভাবতভাবদীপঃ

জন্মপ্রাণকৃষ্ ॥১৮॥ স্থরাণাং মিত্রাবকণয়োঃ বেডঃ কুন্তে সম্থলে ॥১৯॥ বিক্রাকৈঃ পাদবিক্ষেণৈঃ, জীণি ভূবনানি ॥২০॥ দেবানামাত্মেডি শেষঃ ॥২১॥ জুষ্তে সেবস্তে ॥২২॥ বিধত্তেহধ্বরমিতার্থাৎ,

ইনি বায়; ইনি ঘোটকগামী, প্রভাবশালী ও রশ্মিযুক্ত আদিদেব সুর্য্য; ইনি সমস্ত অসুবকে জয় কবিয়াছেন এবং ইহারই ভিন পাদক্ষেপে ত্রিভূবন ব্যাপ্ত হইয়াছিল ॥২০॥

ইনি দেবগণ, পিতৃগণ ও মনুযাগণেব নিয়স্তা, মুনিরা ইহাকেই যাজ্ঞিকগণের যজ্ঞ বলেন, ইনিই দিন ও রাত্রিরূপ কাল বিভাগ কবিয়া উদিত হন এবং ইহারই উত্তর ও দক্ষিণ নামক তুইটা অয়ন হইয়া থাকে ॥২১॥

ইহাবই কিরণ সকল পৃথিবীকে প্রকাশ কবিতে থাকিয়া উপরে, নীচে ও পার্শ্বে বিচরণ করে; বেদবিৎ ব্রাক্ষণেরা ইহারই সেবা করেন এবং সূর্য্য ইহারই দীপ্তি গ্রহণ করিয়া প্রকাশ পান ॥২২॥

ইনি প্রত্যেক মাসে যজ্ঞ করিয়া জগতের মঙ্গল কবেন, বেদবিদ্ যাজ্ঞিকেরা যজ্ঞে ইহারই মাহাত্ম্য পাঠ করিয়া থাকেন; শীত, গ্রীত্ম ও বর্ধারূপ তিন্টী

⁽২০)…বিভুরগ্রধান্দী…পি। (২০) বহুতে বৈ ত্রিধামা—পি।

মহাতেজাঃ সর্বগঃ সর্বাসিংহঃ কুষ্ণো লোকান্ ধার্যতে যথৈকঃ।
হংসং তমোত্মঞ্চ তমেব বীর! কুষ্ণং সদা পার্থ। কর্তারমেহি ॥২৪॥
য একদা কক্ষগতো মহাত্ম৷ তুষ্টো বিভুঃ খাণ্ডবে ধূমকেতুঃ।
স রাক্ষসান্ত্রগাংশ্চাবজিত্য সর্বব্রগঃ সর্ব্যাম্যে জুহোতি ॥২৫॥
স এব পার্থায খেত্যখং প্রায়চ্ছৎ স এবাখানথ সর্বাংশ্চকার।
স বন্ধুরস্তস্থ রথস্ত্রিচক্রস্তিরাশ্চতুরশ্বস্তিনাভিঃ ॥২৬॥

ভাবতকোমুদী

মহেতি। সর্বেষ্ বীরেষ্ সিংহ ইব সর্ববিংহ:। তমোছমক্ষজারনাশকৃষ্, হংসং স্থ্যম্। ু এহি জানীহি ॥২৪॥

ৰ ইভি। কক্ষণতন্ত্ৰলয়ং, থাওবে বনে ধৃমকেতুরিয়িঃ ।২০।

স ইতি। স প্রসিদ্ধা কৃষ্ণ এব পার্থায় অর্জুনাষ বেতমখং প্রায়ক্তৎ অগ্নিরপেণ কপিধ্বজ্বেরপে দন্তবান্, অখানখবদ্গতিশীলান্ সর্বান্ জক্ষান্ চকার। স কৃষ্ণ:, বরুর উন্নতাবনতঃ অসমান ইত্যর্থ:, ত্রীণি সন্থরজন্তমাংক্রেব চক্রাণি বস্তা সঃ, ত্রিবৃৎ দানবজ্ঞতীর্থস্থানজনিতধর্মঃ শিরো বস্তা সঃ, চন্থার: কালদৈবেশরেচ্ছাসক্রা অখাশ্চালকা বস্তা সঃ, তিলো জ্ঞানকর্মভক্তয়ো নাভৌ মধ্যে বস্তা স তাদৃশঃ, তস্তা জগতঃ রুণো বাহকশ্চালক্ষ্য ॥২৬॥

ভাবতভাবদীপ:

ত্তিনাভি শীতোক্ষর্ষ্টিকালগর্ভং চক্রং সংবংসবষ্, ত্তিধাসেতি বর্ষবাডোক্ষপ্রকারম্ ।২৩। হংসং কুর্যাম্ ।২৪—২৫। বন্ধুরক্তক্ত সংসারবণক্ত বোক্তা, ত্তিচক্রং সন্থরক্তমোময়ং, তিব্চ্ছিরা উদ্ধ-মধ্যাধোগতিফলঃ, চতুরশ্বঃ কালাদৃষ্টেশরেচ্ছাম্মক্রাশ্চমারোহ্যা যক্ত, ত্তিনাভিঃ শুক্রং কৃষ্ণং

ঋতু যাঁহাৰ মধ্যে বহিয়াছে, ইনিই সেই বংসৰ এবং প্রাতঃ, মধ্যাহ্ন ও সাযংকালে দীপ্তিবাহী ইহাৰই সপ্তাশ্বযুক্ত মণ্ডল জগতে মঙ্গল বিধান করে ॥২৩॥

বীব পৃথানন্দন! মহাতেজা, সর্বতে গামী এবং সকল বীবেব নিকটে সিংহ-স্থবপ, এই এক যে কৃষ্ণ ত্রিভূবন ধাবণ কবেন; সেই কৃষ্ণকেই অন্ধকাবনাশক সূর্ব্য ও জগতেব কর্তা বলিয়া ভূমি অবগত হও ॥২৪॥

মহাত্মা ও প্রভাবশালী যিনি কোন সময়ে সম্ভষ্ট হইয়া খাওববনে তৃণলগ্ন অগ্নিকপ ধাবণ কবেন; তিনিই তখন সর্ব্বেত্ত বিচবণ কবিতে থাকিয়া নাগ ও বাক্ষসগণকে জয় কবিয়া সকলকেই অগ্নিতে নিক্ষেপ কবিয়াছিলেন ॥২৫॥

এই কৃষ্ণই অগ্নিকপে খান্তবদাতের পূর্বে অর্জ্নকে খেতবর্ণ অখ দান কবিযাছিলেন, এই কৃষ্ণই সমস্ত জঙ্গন পদার্থকে গমনশীল কবিয়াছেন এবং সন্ত্, বজ ও তম—এই ভিনটি গুণ যাঁহাব চক্রস্বরূপ, দান, যজ্ঞ ও তীর্থস্নানজনিত ধর্মাই যাঁহাব মস্তক; কাল, অদৃষ্ট, ঈশ্ববেচ্ছা ও সঙ্কল্প—এই চারিটি যাঁহার অধ, দ বিহায়ো ব্যদ্ধাৎ পঞ্চনাভিঃ দ নির্মানে গাং দিবসন্তরিক্ষম্।
দোহরণ্যানি ব্যক্তজ্ঞৎ পর্বতাংশ্চ হৃষীকেশোহমিতদীপ্তাগ্নিতেজাঃ ॥২৭॥
অলভ্যয়বৈ দরিতো জিঘাংদন্ শক্রং বক্তং প্রতরন্তং নিরাদ।
দ মহেল্রঃ স্তুয়তে বৈ মহাধ্বরে বিপ্রৈরেক ঋক্দহল্যৈ পুরাণৈঃ ।২৮॥
ছর্বাদা বৈ তেন নাভ্যেন শক্যো গৃহে রাজন্! বাদয়িতুং মহৌজাঃ।
তমেবাহুঋ ষিমেকং পুরাণং দ বিশ্বকৃদিদধাত্যাত্মভাবান্ ॥২৯॥
বেদাংশ্চ যো বেদয়তেহধিদেবো বিধীংশ্চ যশ্চাশ্রেষতে পুরাণান্।
কামে বেদে লোকিকে যৎ ফলঞ্চ বিশ্বকৃদেনঃ সর্বস্বেতৎ প্রতীহি ॥০॥

ভারতকৌমূদী

স ইভি। বিহায় আকাশম্, পঞ্চভূতানি নাভৌ মধ্যে ষম্ম সঃ, গাং পৃথিবীম্ অমিডদীগ্রে রয়েরিব ডেজো ষম্ম সঃ ॥২৭॥

অলত্যাদিতি। জিঘাংসন্ হস্তমিচ্ছন, সবিতো নদী:, জাসদগ্রকণে নালত্যাৎ বনাদীন, তদা চ বছাং প্রহরত্তং প্রহারায় নিক্তিয়, শক্ষিত্রং নিরাস বিম্থং চকার। মহেক্তংস্কর্প: ॥২৮॥

ত্বাসা ইতি। তেন ক্ষেন, মহোজা ত্বসা ম্নি: গৃহে বাসয়িত্ং শক্যো ন প্নরজেন অকারণকোধনতাং। ঋষিং নারায়ণম্। আত্মভাবান্ যোগিনাং জগবে অরপাণি ॥२॥

বেদানিতি। বেদয়তে শিয়ান্ জ্ঞাপয়তি অধিদেবো বৈপায়নরপঃ, বিধীন্ যজ্ঞাদীনান্। কামে কামব্যাপারে বিষক্সেনো নারায়ণ এব লোকানাং প্রবর্ত্তক ইতি শেষঃ ॥৩০॥

আর জ্ঞান, কর্ম ও ভক্তি যাঁহার নাভি অর্থাৎ মধ্যদেশ; সেই উর্গতাবনত জগতেব রথ ইনিই (বাহক ও পবিচালক ইনিই) ॥২৬ঃ

পৃথিবীপ্রভৃতি পঞ্চূতাত্মক ইনিই আকাশ সৃষ্টি করিয়াছেন এবং পৃথিবী, স্বর্গ ও খণ্ডাকাশ নির্মাণ করিয়াছেন আব অত্যুজ্জল অগ্নির স্থায় তেজস্বী এই ক্ষেই বন ও পর্বতে সকল উৎপাদন করিয়াছেন ॥২৭॥

ইনি পরশুরামরূপে নদীগুলিকে সংহার কবিবাব ইচ্ছা করিয়া পর্বত ও বন অতিক্রম করিতেছিলেন; তখন ইন্দ্র বস্ত্র প্রহার কবিবার উপক্রম করিলে ইনি তাঁহাকে নিরম্ভ্র কবেন এবং ব্রাহ্মণেবা মহাযক্তে প্রাচীন সহস্র মন্ত্রদারা মহেন্দ্ররূপী এই এক কৃষ্ণকেই স্তব করিয়া থাকেন ॥২৮॥

রাজা ! ইনিই মহাতেজা তুর্বাসা মুনিকে অতিথিবপে গৃহে বাস করাইতে পারিয়াছিলেন; কিন্তু অত্যে পারে নাই, মুনিরা একমাত্র ইহাকেই সেই নারায়ণ ঋষি বলেন এবং জগতের স্ষ্টিকর্তা এই নারায়ণই যোগিগণেব জদয়ে নিজ মূর্ত্তি প্রকাশ করিয়া থাকেন ॥২৯॥ জ্যোতীংষি শুক্লানি হি সর্বলোকে

ত্রযো লোকা লোকপালান্ত্রয*চ।

ত্রযোহগ্রয়ো ব্যাহ্যতব*চ তিন্ত্রঃ

সর্বে দেবা দেবকীপুত্র এব ॥৩১॥

স বৎসরঃ স ঋতুঃ সোহর্দ্ধমাসঃ

সোহহোরাত্রঃ স কলা বৈ স কাষ্ঠাঃ।

মাত্রা মূহুর্ত্রাশ্চ লবাঃ ক্ষণাশ্চ

বিষ্তৃক্রেনঃ সর্বমেতৎ প্রতীহি ॥৩২॥

চন্দ্রাদিত্যে গ্রহনক্ষত্রতারাঃ সর্বাণি পর্ব্বাণ্যথ পৌর্ণসাসম্।
নক্ষত্রযোগা ঋতব*চ পার্থ। বিশ্বক্ষেনাৎ সর্বমেতৎ প্রসূত্য্ ॥৩৩॥
রুদ্রাদিত্যা বসবোহথাখিনো চ সাধ্যা*চ বিশ্বে মরুতাং গণা*চ।
প্রজাপতিদে বিমাতা দিতি*চ সর্ব্বে ক্ষাদৃষ্যদৈচ্ব সপ্ত ॥৩৪॥

ভাৰতকৌসুদী

জ্যোতীংৰীতি। পৰ্বলোকে ভক্লানি নিৰ্ম্বলানি জ্যোতীংৰি স্থ্যাদীনি ভেজাংসি, জ্যো লোকাঃ স্বৰ্গমৰ্ত্ত্যপাতালরূপাঃ, জ্যো লোকপালা ইন্দ্ৰসমাত্ৰাস্ক্মঃ, জ্যোহন্নয়ো দক্ষিণানি-গাহিপত্যাহ্বনীয়াঃ, জ্বিলো ব্যাক্ত্যো ভূভূ বিংশঃ ॥৩১॥

স ইতি। কলাদিপরিসাণানি জ্যোতিষে জ্বেয়ানি ॥৩২॥ চন্দ্রেভি। বিষক্সেনাৎ নারাযণাৎ, প্রস্তম্ৎপন্নম্ ॥৩৩॥

যিনি আশ্রমসামী বেদব্যাসকপে শিশ্বগণকে বেদ অধ্যয়ন কবান, যিনি যাজ্ঞিককপে প্রাচীন বিধি সকল অবলম্বন করেন এবং কাম, কশ্ম, বৈদিক কর্মা ও লৌকিক কর্মো যে সকল ফল হয়, ভাহাও এই নারায়ণই সম্পাদন করেন। যুধিন্তির ! এমন কি, তুমি এই সমস্ত পদার্থকেই নারায়ণ বলিয়া অবগভ হও॥৩০॥

সমস্ত জগতে নির্মাল তেজ, স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল এই ত্রিভূবন, ইন্স, সম্রাট্ ও বাস্থ্যকি এই তিনজন লোকপাল, দক্ষিণাগ্নি, গার্হপত্য ও আহবনীয এই তিনটি ব্যাক্ততি এবং সমস্ত দেবতা; এই সমস্তই এক কৃষ্ণ ॥৩১॥

যুধিষ্ঠির! তুমি ইহাও অবগত হও যে, বংসব, ঋতু, অর্দ্ধ মাস, অহোরাত্র, কলা, কাষ্ঠা, মাত্রা, মৃহূর্ত্ত, লব ও ফণ এ সমস্তই এক নারায়ণ ॥৩২॥

পৃথানন্দন! চন্দ্র, সূর্য্য, নবগ্রহ, অসংখ্য নক্ষত্র, গুবপ্রভৃতি তারা, সমস্ত পর্ব্ব, পূর্ণিমা ডিথি, নক্ষত্রের যোগ ও ছয ঋতু এই সমস্তই এক নাবায়ণ হইতে উৎপন্ন হইয়াছে ॥৩১॥ বায়ুভূ দ্বা বিক্ষিপতে চ বিশ্বমগ্নিভূ দ্বা দহতে বিশ্বরূপঃ।
আপো ভূদ্বা সজ্জয়তে চ সর্বং ব্রহ্মা ভূদ্বা স্তজতে বিশ্বসজ্ঞান্ ॥৩৫॥
বেজঞ্চ যদেদয়তে চ বেজং বিধিশ্চ যশ্চ শ্রেষতে বিধেয়ম্।
ধর্মেচ বেদেচ বলেচ সর্বং চরাচরং কেশবং দ্বং প্রতীহি॥৩৬॥

জ্যোতির্ভূতঃ পরমোহসৌ পুরস্তাৎ প্রকাশতে যৎপ্রভন্না বিশ্বরূপঃ। অপঃ স্ফ্বা সর্বভূতাত্মযোনিঃ পুরাকরোৎ সর্বমেবাথ বিশ্বমৃ॥৩৭॥

ভারতকোমূদী

কলেতি। বিখে দেবাং, মকতাং বাযুনাম্ ॥৩৪॥ বাযুরিতি। আপো জলম্। বিশ্বসভ্বান্ জগৎসমূহান্ ॥৩৫॥

বেছামিতি। যৎ, বেছাং বেদে ভবং জ্ঞানম্, যচাস্তঃকরণম্, বেছাং জ্ঞোয়ং বেদযতে জ্ঞাপযতি, ধো বিধিশ্চ বিধেয়াং প্রশ্নতে বিষয়ীকর্মোতি, ধর্মেচ বেদেচ বলে শক্তোচ স্বদন্তি, তৎ সর্বাং চরাচরাং জ্বসস্থাবরক্রণাং বস্তু দ্বং কেশবং প্রতীহি ॥৩৬॥

জ্যোতিরিতি। অসৌ বিশ্বরণ: রুফ: প্রন্তাৎ পূর্ব্বম, পরমো জ্যোতিভূতি: সন্, বৎ প্রকাশতে অ, নর্বেষামের ভূতাত্মনাং প্রাণিদেহানাং যোনি: কারণীভূত: অসৌ চ পুরা পূর্বম্ অপো জলং স্ট্রা অধানস্তরং সর্বাং বিশ্বসকরোৎ ॥৩৭॥

ভাবতভাবদীপঃ

শুক্লক্কফং চেত্তি ত্রিবিধকর্মপর্ত: ॥২৬॥ পঞ্চনাভি: পঞ্চভূতানাং নাভিরাশ্রয ইত্যর্থ: ॥২৭॥ নিরাস পরাভূতবান ॥২৮—২৯॥ বিধীনগ্নিহোত্রাদীন্ ॥৩০—৩৫॥ বেলং বেদপ্রতিপাল্বম্, বেলং

একাদশ কজে, দ্বাদশ আদিত্য, অষ্ট বস্থ, অশ্বিনীকুমাবদ্বয়, সাধ্যগণ, বিশ্বে-দেবগণ, বাযুগণ, ব্রহ্মা, দেবমাতা অদিতি ও সপ্তবি; ইহাবা সকলেই এক কৃষ্ণ হইতেই উৎপন্ন হইয়াছেন ॥৩৪॥

এই বিশ্বনপী নাবায়ণ বাষু হইয়া জ্বগৎ সঞ্চালিত কবেন, জাগ্নি হইয়া দক্ষ কবিয়া থাকেন, জল হইয়া সকল মগ্ন কবেন এবং ব্ৰহ্মা হইয়া জ্বগৎ সৃষ্টি কবিয়া থাকেন ॥৩৫॥

যুধিষ্ঠিব! যে জ্ঞান বেদে আছে, যে অন্তঃকবণ জ্ঞেষ পদার্থকৈ জানায, যে বিধি বিধেয়কে বিষয় কবে এবং ধর্মে, বেদেও লোক যোগ্যভায় যাহা আছে, স্থাবব-জঙ্গমাত্মক সেই সমস্তকেই তুমি কৃষ্ণ বলিষা অবগত হও ॥৩৬॥

এই বিশ্বৰূপ নাবায়ণ প্ৰথমে প্ৰনাভেজ্বৰূপ হইয়া প্ৰভাৱাৰা যে প্ৰকাশ পাইয়াছিলেন; পৰে আবাৰ সৰ্বভূডেৰ কাৰণ হইয়া, পূৰ্ব্বে জল সৃষ্টি কৰিয়া, পৰে সমগ্ৰ জগৎ যে সৃষ্টি কৰিয়াছেন, সেই প্ৰকাশ ও সৃষ্টি উভযুই ইনি ॥৩৭॥ শাতৃত্বংপাতান্ বিবিধান্যভূতানি সেবান্ বিত্যুৎ সর্বসৈরাবতঞ। সর্বং কুৎস্নং স্থাবরং জঙ্গমঞ্চ বিশ্বালানং বিষ্ণুমেনং প্রতীহি ॥৩০। বিশ্বাবাসং নিশুণং বাস্তদেবং সম্বর্ধণং জীবভূতং বদন্তি। ততঃ প্রত্যান্সমনিরুদ্ধং চতুর্থ-মাজ্ঞাপ্যত্যান্মযোনির্দ্ধহান্যা॥৩॥

স পঞ্চধা পঞ্জনোপপন্নং সঞ্চোদযন্ বিশ্বসিদং সিস্ফুঃ। ততশ্চকারাবনিমারুতে চ থং জ্যোতিরন্তশ্চ তথৈব পার্থ।॥৪০॥

ভাবতকৌমূদী

ঋতৃনিতি। ঋতৃন্ বসস্তাদীন্, উৎপাতান্ দিবানাতসভূমিজাহপদ্রবান্, বিবিধাল্লভূতানি গদ্ধন্নগরদর্শনাদীনি, মেঘান্, বিহাৎ বিহাতম্, ক্লীবস্বমার্থম্, ঐরাবতং সর্বং পুগুরীকাদিকং গ্রন্থ এডনা

বিখেতি। মহাত্মাযমাত্মযোনিঃ কৃষ্ণঃ আত্মানং বিখাবাসং দগদাগাবং নিশুণিং বাহ্নদেবং পুৰুষম্, ভগেব চ জীবভূতম্, সম্বৰণং প্ৰকৃতিম্, ভতঃ প্ৰত্যম্মং মহত্তম্ম, চতুৰ্থমনিক্ষমহন্বারম্, আজ্ঞাপয়তি তত্তক্ষেব্ প্ৰকাশম্যতি তত্তক্ষ্যোগাৎ। ম্নযশ্চাপি তৎ সর্পায়েব বদস্তি ॥৩৯॥

দ ইতি। হে পার্থ। স নারাষণ এব পঞ্চা কিত্যাদিগঞ্ঞকারম্, পঞ্চানৈর্দেশাস্থর-পিতৃমান্থবিত্র্যগ্ভিরুপপন্নম্, ইদং বিখং জগৎ সিস্ফু: অষ্ট্র্মিচ্ছু: সন্, সঞ্চোদযং তত্তৎ-কারণানি নিযোজ্যন্, ততোহ্বনিসাক্তী ভূমিপবনৌ, ধমাকাশম্, জ্যোভিন্তেলঃ তথৈব অস্তো জলঞ্চ চকার ॥৪০॥

ভাবতভাবদীপঃ

জ্যেম্।৩৬—৩৮॥ অনিক্ষমহ্মাব্য ।৩৯॥ পঞ্চধা পঞ্চপ্রকারং দেবাস্তর্মসম্মাপদভির্যাগ্-রূপেণ পঞ্চলাঃ পঞ্চভানি তৈরুপপন্নং বিখং সিস্ফ্রাজাণযভীতি পূর্ব্বোদ্বয়ঃ ।৪০॥

পৃথানন্দন। ঋতু, উৎপাত, নানাবিধ আশ্চর্য্য, মেঘ, বিছ্যুৎ, ঐবাবত, অন্ত সমস্ত দিগ্গন্ধ, সমস্ত স্থাবব ও সমস্ত জন্ম পদার্থকে তুমি বিশ্বাদ্মা বিষ্ণৃ বলিয়া বিশ্বাস কব ॥৩৮॥

আজুযোনি ও সহাত্মা নাবায়ণ জ্ঞানিগণকে এই সকল জ্ঞানাইয়া দিতেছেন যে, বাস্থদেব নিজে জগতেব আধাব, নিগুণ পুৰষ ৫ জীবস্বলপ, সহৰ্ষণ প্ৰকৃতি, প্ৰজ্যায় সহজ্জ এবং চতুৰ্থ অনিকদ্ম সহস্থাৰ, ভাষাৰ পৰ মুনিবাণ্ড ভাষাই বলেন ॥৩৯॥ স স্থাবরং জঙ্গমঞ্চৈবমেতৎ চতুর্বিবং লোক্ষিমঞ্চ কুত্রা।
ততো ভূমিং ব্যদধাৎ পঞ্চবীজাং গ্রোঃ পৃথিব্যাং ধ্যাস্থাতি ভূরি বারি ॥৪১॥
তেন বিশ্বং কৃতমেতদ্ধি রাজন্! স জীব্যত্যাত্মানৈবাত্মযোনিঃ।
ততো দেবানস্থরান্মানবাংশ্চ লোকানৃষীংশ্চাপি পিতৃন্ প্রজাশ্চ।
সমাসেন বিধিবৎ প্রাণিলোকান্ সর্বান্ সদা ভূতপতিঃ সিস্কুঃ ॥৪২॥
শুভাশুভং স্থাবরং জঙ্গমঞ্চ বিশ্বক্সেনাৎ সর্বমেতৎ প্রতীহি।
যদ্বর্ততে ঘচ্চ ভবিয়তীহ সর্বং হোতৎ কেশবং স্থং প্রতীহি॥৪০॥
মৃত্যুক্তিব প্রাণিনামন্তকালে সাক্ষাৎ কৃষ্ণঃ শাশ্বতো ধর্মবাহঃ।
ভূতঞ্চ যচ্চেই ন বিদ্য কিঞ্চিদ্বিশ্বক্সেনাৎ সর্বমেতৎ প্রতীহি॥৪৪॥

ভারতকৌমূদী

ন ইতি। চতুর্বিধং জরায়্জাগুজবেদজোন্তিজ্জরপম্। পঞ্চ পঞ্চমং গদ্ধতন্মাত্রং বীজং বস্তান্তান্, স্তৌঃ বর্গোহণি তেন বিধীযতে, ভূরি বারি জলং পৃথিবাাং ধ্যাস্ততি স্থাপয়িষ্টতি। ভবিষ্যৎ কল্পাপক্ষা ভবিশ্বস্থাজিঃ ॥৪১॥

তেনেতি। প্রজাঃ পশুপক্ষিপ্রভৃতীঃ। সমাসেন সংক্ষেপেণ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৪২॥ শুভেডি। বিশ্বক্ষেনালারায়ণাজ্জাতমিতি শেষঃ ॥৪৩॥

এই নারায়ণই এই জগৎকে পঞ্চ প্রকাবে দেবতা, পিতৃলোক, অসুর,
মনুষ্য ও ভির্যাগ জাতিযুক্ত কবিয়া সৃষ্টি কবিতে অভিলাষী হইয়া সেই
সকলের কারণগুলিকে নিযুক্ত কবিতে থাকিয়া তাহার পব পৃথিবী, বায়্ক,
আকাশ, তেজ ও জল সৃষ্টি কবেন ॥৪০॥

এই সেই কৃষ্ণই জরাযুজ, অগুজ; স্বেদজ ও উদ্ভিজ্জবাপ চতুর্বিধ প্রাণী এবং স্থাবন ও জঙ্গমাত্মক এই জগং সৃষ্টি কবিষা তাহার পর গন্ধ ভশাত্র হইছে পৃথিবী ও স্বর্গ সৃষ্টি করিয়াছেন; আর সেই পৃথিবীতে প্রচুর জল রাথিয়া-ছেন ॥৪১॥

বাজা। তিনি এই বিশ্ব নির্মাণ কবিয়াছেন এবং সেই আত্মযোনি নারায়ণই আপনাদ্বাবা সকলকে জীবিত রাখিতেছেন। তাহার পর সেই ভূতপতি নারায়ণই দেবতা, অসুর, মানুষ, ঋষিগণ, পিতৃগণ ও পশুপক্ষিপ্রভৃতি সমন্ত প্রাণীদিগকে যথাবিধানে সর্বদা শৃষ্টি করিতে ইচ্ছা করেন.॥৪২॥

যুধিষ্ঠির! সেই নাবায়ণ হইতে শুভাশুভ স্থাবব ও জঙ্গমপ্রভৃতি এই সমন্তই জিম্মাছে বলিয়া তুমি বিশ্বাস কব; আর যাহা হইতেছে ও যাহা হইবে, সেসমন্তই নারায়ণ বলিয়া তুমি অবগত হও ॥৪৩॥

যৎ প্রশস্তঞ্চ লোকেরু পুণ্যং যদ্ধ শুভাশুভগ্ ।
তৎ সর্বং কেশবোহচিন্ত্যো বিপবীতসতঃ পবস্ ॥৪৫॥
এতাদৃশঃ কেশবোহতশ্চ ভূযে। নারাযণঃ পবসশ্চাব্যযশ্চ ।
সধ্যাগ্রন্তশ্র জগতস্তস্কুষশ্চ বুভ্ষতাং প্রভবশ্চাব্যযশ্চ ॥৪৬॥
ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যামনুশাসনপর্বাণি
দানধর্শ্যে ভগবন্যাহাত্যো ষট ্ত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ #

ভাবতকৌমুদী

মৃত্যুরিতি। শাখতো নিত্য:, ধর্মবাহো ধর্মরক্ষকঃ। ইহ যচ্চ ভূতমতীতং তৎ কিঞ্চিদ্পি ন বিদ্ম জানীম:। বিস্গাভাব আর্বঃ ॥৪৪॥

যদিতি। অতঃপরং কেশবাদন্তৎ ঘটপটাদিকম্, বিপরীতং সম্ভিরং সামিকমসদিতার্থ: ॥৪৫॥ এতেতি। কেশবো দৃশ্যমানোহযং ক্লফ এতাদৃশঃ, অতঃ অস্মাচ্চ পরমা শ্রেষ্ঠঃ অব্যয়ো নিত্যক নারাযণঃ তুরীযরক্ষরপত্তাৎ, ভূমক ব্রীমি তরুষক্ষিবস্থিত জগতঃ, মধ্যাভতত্ত, বৃভ্বতাং ভবিতৃং স্থাতুমিচ্ছতাং প্রাণিনাং প্রভবত্যস্বাদিতি প্রভবঃ কারণম্, ন বিভতে ব্যয়ো নাশো যুসাদিত্যব্যয়ং রক্ষকক, অনেনাধ্যাযেন "সর্বাং থবিদং ব্রক্ষে"তি শ্রুতার্থা বিবরণেনাক্তঃ ॥৪৬॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচাধ্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতাযাং মহাভারতটীকাষাং ভারতকোমুদীসমাখ্যাযামস্শাসন-পর্বাণ দানধন্দ্রে বট্তিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ ।•॥ ভারতভারদীপঃ

চতুর্বিধং জ্বাযুজানি, পঞ্বীজাং চতুর্বিধভূতগ্রাম: কর্ম চ তেবাং বীজভূতাম্ ॥৪১—৪৪॥ অতঃ কেশবাদ্যং পরং কল্লাতে তদিপরীতম্ অসমার্গ ইতার্থ: ॥৪৫—৪৬॥

ইতি শ্রীমহাভারতে অমুশাসনপর্বাণি দানধর্ম্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে বটুত্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥১৩৬॥

নিত্য ও ধর্মবক্ষক কৃষ্ণই প্রাণিগণেব অস্তকালে সাক্ষাৎ মৃত্যুস্বরূপ হট্যা থাকেন। এই জগতে যাহা হট্য়া গিযাছে, তাহার কিছুই আমবা জানি না; তবে নাবায়ণ হইতেই এই সমস্ত হইতেছে বলিয়া তুমি বিশ্বাস কব ॥৪৪॥

জগতে যাহা প্রশস্ত, যাহা পবিত্র এবং যাহা শুভ ও সশুভ, সে সমন্তই সচিন্তনীয় নাবায়ণস্বৰূপ, কিন্তু নাবায়ণ ভিন্ন যাহা কল্পনা কব, ভাহা মিথ্যা ॥৪৫॥

এইবাপ এই কৃষ্ণ, ইহা হইতেও উত্তম ও অক্ষয় নাবায়ণ; আবত বলিতেছি, বিভামান এই জগতেব আদি, মধ্য ও অন্তেব এবং জীবনার্থী প্রাণি-গণেব উৎপত্তিব কারণ এই নাবায়ণ এবং বক্ষাব কারণত নাবায়ণ' ॥৪৬॥

অন্তপঞ্চাশদ্ধিকশততমোহধ্যাঘঃ—বদ বর্দ্ধ।

সপ্তিঃশদ্ধিকশতত্যোহধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ।

জহি ত্রাক্মণপূজায়াং ব্যুষ্টিং ত্বং মধুসূদন !। বেত্তা ত্বমস্থ চার্থস্থ বেদ ত্বাং হি পিতামহঃ॥১॥ বাহ্মদেব উবাচ।

শৃণুষাবহিতো রাজন্ ! দ্বিজানাং ভরতর্বভ ! ।

যথাতত্ত্বন বদতো গুণান্ বৈ কুরুসত্তম ! ॥२॥

দারবত্যাং সমাসীনং পুরা মাং কুরুনন্দন ! ।
প্রচ্যুন্নঃ পরিপপ্রচছ ত্রাহ্মাণেঃ পরিকোপিতঃ ॥৩॥

কিং ফলং ত্রাহ্মণেষন্তি পূজায়াং মধুসূদন ! ।

ঈশ্বরত্বং কুতন্তেষাং ইতিব চ পরত্র চ ॥৪॥

ভারতকোমুদী

ব্রহীতি। ব্যষ্টিং ফলম্। রুক্টা কিং ব্রবীভীত্যপেক্ষায়াময়ং প্রশ্ন:। বেদ জানাতি, পিতামহো ভীমঃ। অভএবাদং মাং হয়ি প্রশ্নকরণায় নিযোজয়ভীতি ভাবঃ ॥১॥

मृन्दर्थि । विकानाः वाक्तशानाः खर्शानिषि मधकः ॥२॥

দারেতি। দারবত্যাং দারকায়াং পুর্যাম, সমাসীনং স্থিতম্। প্রত্যুমো নাম মম পুত্রং, পরিকোপিত উৎপাদিতক্রোধঃ ।৩॥

কিমিডি। ঈশর্বং ফলজননসামর্থান্, ইহ লোকে পরত্র লোকে চ ॥৪॥

যুধিষ্ঠির বলিলেন—'কৃষ্ণ! তুমি ব্রাহ্মণপূজার কল বল। কারণ, তুমি এই বিষয় জান, পিতামহও তোমাকে জানেন'॥১॥

কৃষ্ণ বলিলেন—'ভবতশ্রেষ্ঠ। কৌরবপ্রধান বাজা। আমি যথায়থভাবে ব্রাহ্মণগণেব গুণ বলিভেছি, আপনি অবহিত হইয়া তাহা শ্রবণ করুন ॥২॥

কৌরবনন্দন! আমি পূর্বে একদা দ্বারকাপুবীতে বসিয়া আছি, এমন সময়ে প্রহায় ব্রাহ্মণগণেব উপবে ক্রুদ্ধ হইয়া আসিয়া আসার নিকট জিজ্ঞাসা কবিল—॥৩॥

'মধুস্দন! ব্রাহ্মণগণের সম্মান কবায় কি ফল আছে? কিপ্রকারই বা তাঁহাবা ইহলোকে ও পরলোকে মানুষের ফল জনাইতে সমর্থ হন ? ॥৪॥ সদা দিজাতীন্ সম্পূজ্য কিং ফলং তত্ত্ব সানদ!।

এতদ্ক্রহি স্ফুটং সর্বং স্থসহান্ সংশ্যোহত্ত্র মে ॥৫॥
ইত্যুক্তে বচনে তস্মিন্ প্রছ্যুদ্ধেন তথা স্থহ্য়।
প্রত্যক্রবং সহারাজ! যত্তচ্শুণু সমাহিতঃ ॥৬॥
ব্যুষ্টিং ব্রাহ্মণপূজাযাং রোক্সিণেয! নিবাধ মে।
এতে হি সোমরাজান ঈশ্বরাঃ স্থপত্তংখযোঃ॥৭॥
ভাস্মিন্ লোকে রৌক্সিণেয়! তথামুদ্মিংশ্চ পুত্রক!।
ব্যাহ্মণপ্রভবং সোম্যাং ন মেহত্রান্তি বিচারণা॥৮॥
ব্যাহ্মণপ্রতিপূজাযামায়ুং কীর্ত্তির্ধশো বলম্।
লোকা লোকেশ্বরাক্ষেব সর্বের ব্রাহ্মণপূজ্কাঃ॥২॥

ভারতকৌমুদী

সদেতি। কিং ফলং লভদে। তত্ত বান্ধণেৰ্, হে মানদ। সন্মানকারিন্। ॥ । ইতীতি। সমাহিত একাগ্রচিত্তঃ সন্॥ ॥

বৃষ্টিমিতি। বৃষ্টিং ফলম্। ক্ষরিণ্যা অপত্যমিতি রৌক্মিণেয়ন্তৎসম্বোধনম্। এতে বান্দণাঃ, সোমশ্চক্রো রাজা যেবাং তে, লোকানাং স্থগতঃধয়োর্বিধানে ঈখরাঃ সমর্থাঃ॥৭॥

স্মিরিতি। স্মৃমিন্ পরলোকে চ। বান্ধণাৎ প্রভব্তীতি তৎ, সৌমাং শোভনং ভব্রমিতার্থ: মদা

ভারতভাবদীপঃ

বান্ধণমিতি ॥>— গ। সৌম্যং কল্যাণম্ ,৮— ৫৬॥
ইতি শ্রীমহাভারতে অইশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষীয়ে ভারতভাবদীপে
সপ্তবিংশদধিকশত্তমোহধ্যায়ঃ ॥>৩ গ।

বাহ্মণগণের সম্মানকারক। আপনি সর্বদা বাহ্মণগণের পূজা করিয়া কি ফল লাভ করেন'—এই সমস্ত বিষয় আপনি প্রপষ্ট করিয়া বলুন। কাবণ, এই বিষয়ে আমার গুরুতর সংশ্য রহিয়াছে' ॥৫॥

মহারাজ ! প্রহায় সেই ভাবে এই কথা বলিলে আমি যাহা বলিযা-ছিলাম, তাহা আপনি মনোযোগী হইয়া শ্রবণ ককন—॥৬॥

'রুক্মিণীনন্দন। তুমি আমার নিকট ব্রাহ্মণপূজাব ফল শ্রবণ কব। চন্দ্র ব্রাহ্মণগণের রাজা; স্মুডরাং ইহারা লোকের সুখ-ছঃখবিধানে সমর্থ ॥৭॥

রুব্নিণীনন্দন পুত্র। ইহলোকে ও পরলোকে বাহ্মণ হইতে যে লোকের মঙ্গল হয়: এ বিষয়ে আমাব কোন বিচাব নাই ॥৮॥ ত্রিবর্গে চাপবর্গে চ যশঃ শ্রীরোগশান্তিয়।
দেবতাপিতৃপূজাস্থ সন্তোয়াশৈচব নো দ্বিজাঃ ॥১০॥
তৎ কথং বৈ নাদ্রিয়েয়নীশ্বরোহস্মীতি পুত্রক!।
না তে মন্থান হাবাহো! ভবছত্র দ্বিজান্ প্রতি ॥১১॥
ব্রাহ্মণা হি মহদ্ভূত্যস্মিন্ লোকে পরত্র চ।
ভশ্ম কুর্যুর্জগদিদং ক্রুদ্ধাঃ প্রত্যক্ষদশিনঃ ॥১২॥
অন্তানপি স্বজেয়ুশ্চ লোকান্ লোকেশ্বরাংস্তথা।
কথং তেরু ন বর্তেরন্ সমাগ্জানাঃ স্থতেজসঃ ॥১৩॥
ভবসন্ মদ্গৃহে তাত। ব্রাহ্মণো হরিপিঙ্গলঃ।
চীরবাসা বিল্বদণ্ডী দীর্ষশ্যঞ্যঃ কুশো মহান্ ॥১৪॥
দীর্ষেভ্যশ্চ সন্মুয়োভ্যঃ প্রমাণাদধিকো ভূবি।

স স্বৈরং চরতে লোকান্ যে দিব্যা যে চ মানুষাঃ ॥১৫॥ (যুগাকম্)

ভারতকৌমুদী

ব্রান্থণেতি। "শৌর্যাদিপ্রতবা কীর্ন্তির্দানাদি: প্রতবং বশ:" ইতি মহান্ত: ॥>॥

ত্রীতি। ত্রিবর্গে ধর্মার্থকামেয়ু, অপবর্গে মুক্তো চ তত্তৎ কার্য্যে ইত্যর্থ:, যশ:প্রভৃতিকামনায়াঞ্চ। নঃ অস্থাকম্॥>০॥

তৎকথমিতি। ঈশবো ধনী। সন্থা: ক্রোধ: ॥১১॥ ব্রাহ্মণা ইতি। ভূতং প্রাণী। অস্ত বিষয়স্ত বয়ং প্রত্যক্ষদশিন: ॥১২॥ অন্তানিতি। লোকেশ্বরান্ নুগতীন্। ন বর্ত্তেরন্ অবনতা ন ভবেয়ু: ॥১৩॥

ব্রাহ্মণপূজায় আয়ু, কীর্ন্তি, যশ ও বল হয়। বিশেষতঃ, সাধাবণ লোক এবং লোকপ্রধানেবা সকলেই ব্রাহ্মণগণের পূজা কবেন ॥৯॥

ধর্ম, অর্থ, কাম ও মৃক্তির কার্য্যে যশ, সম্পদ্ ও বোগনিবৃত্তি কামনায় এবং দেবতা ও পিতৃসেবায় ব্রাহ্মণগণকে সম্ভষ্ট কবা আমাদের উচিত ॥১০॥

পুত্ৰ ৷ আমি 'ধনী' এইকপ মনে কবিয়া কেন ব্ৰাহ্মণগণেৰ আদর না করিব ৷ মহাবাছ ৷ ভোমারও যেন ব্ৰাহ্মণগণেৰ প্ৰতি ক্ৰোধ না হয় ॥১১॥

ব্রাহ্মণগণ ইহলোকে ও প্রলোকে এক মহাপ্রাণী; স্থতরাং তাঁহাবা কুদ্দ হইয়া এই জগৎ দক্ষ করিতে পারেন, ইহা আমরা প্রত্যক্ষ দেখিয়াছি ॥১২॥

এবং তাঁহাবা অস্ম জগৎ ও বাজগণকে সৃষ্টি কবিতে পাবেন; অতএব সমীচীন বৃদ্ধিসম্পন্ন কিংবা ডেজম্বী লোকেরা বান্ধণগণের নিকটে কেন অবনত থাকিবেন না ॥১॥ ইযাং গাথাং গাথমানশ্চম্বরেরু সভাস্প চ।
ছর্বাসসং বাস্যথেৎ কো ব্রাহ্মণং সৎকৃতং গৃহে ॥১৬॥
রোষণঃ সর্বভূতানাং সূক্ষোহপ্যপকৃতে কৃতে।
পরিভাষাঞ্চ সে প্রুত্মা কোহনু দছাৎ প্রতিপ্রেযম্ ॥১৭॥
যো মাং কশ্চিদ্বাস্থীত ন স মাং কোপ্যেদিতি।
যন্মানাদ্রিয়তে কশ্চিত্ততোহহং সম্বাস্থ্য ॥১৮॥
স স্ম ভূঙ্তে সহস্রাণাং বহুনাসন্থেকদা।
একদা সোহল্পকং ভূঙ্তে ন চৈবৈতি পুন্গৃহান্॥১৯॥

ভাবতকৌসুদী

অবসদিতি। হরিপিত্বকা কপিরিব পিত্বলবর্ণা। চীরবাসা কৌপীনবস্তা। বৈরং বেচ্ছয়া, দিবাা: স্বর্গীয়াঃ ॥১৪—১৫॥

ইমানিতি। গাথাং গানবছকৈর্জাচন, গায়মান আদীৎ ॥১৬॥

রোষণ ইতি। রোষণ: স্বভাবত এব ক্রোধী, অপকৃতে অপকারে। পরিভাষাং নিয়ম-কারিনীং বাচম, প্রতিশ্রষম্ আশ্রষম্ ॥> १॥

य ইতি। ইতিশবো গাধাসমাপ্ত্যর্থ:। নাদ্রিয়তে তং ছ্র্বাসসম্, অহং কৃষ্ণ: ॥১৮॥ ছ্র্বাসম: স্বভাবমাহ স ইতি। পুনগৃহান্ ন চৈবেতি আচমনায বহির্গতেতি শেষ: ॥১৯॥

বৎস। একলা আমাব গৃহে পিঙ্গলবর্ণ, কৌপীনধাবী, বিঘদগুৰুক্ত, দীর্ঘশাঞ্চ, মহাকুশ এবং জগতে দীর্ঘাকৃতি সন্মুগণ হইতেও প্রমাণে অধিক এক ব্রাহ্মণ বাস কবিয়াছিলেন। তিনি ইচ্ছানুসাবে স্বর্গলোক ও মনুম্বালোকে বিচরণ কবিতে পাবিতেন ॥১৪—১৫॥

তিনি প্রান্তরে ও সভাষ এই গাথা গাহিষা বেড়াইতেন, 'কোন্ ব্যক্তি ব্রাহ্মণ হুর্ব্বাসাকে আদব কবিষা গৃহে বাস করাইবে ॥১৬॥

কোন প্রাণী অত্যন্ত অল্প অপকার কবিলেও ছর্কাসা ভাহার উপর ক্রুদ্ধ হইযা থাকেন। আমাব এই নিযম বাক্য শুনিয়া কোন্ ব্যক্তি আমাকে আশ্রয দান কবিবে ॥১৭॥

যে কোন লোক আমাকে বাস করাইবে, সে আমাকে ক্রুদ্ধ কবিতে পারিবে না।' পুত্র। যখন এইকপ নিযমবাক্য শুনিয়া কেহই সেই হুর্বাসাকে বাস কবাইল না, তখন আমি ভাহাকে বাস করাইলাম ॥১৮॥

তিনি এক সমযেই বহু সহস্র লোকেব ভোজ্য অন্ন ভোজন করিতেন, আবাব এক সমযে অল্প ভোজন কবিতেন এবং ভোজনের পরে আচমন করিবার জন্ম বাহিবে যাইযা, আর গৃহে আসিতেন না ॥১৯॥

^{(&}gt;৬) ইমা গাথা গায়মান:-- शि।

অকস্মাচ্চ প্রহুগতি তথাকস্মাৎ প্ররোদিতি।
ন চাস্থ বয়সা তুল্যঃ পৃথিব্যামভবন্তদা ॥২০॥
অথ স্বাবস্থং গছা স শ্ব্যান্তরণানি চ।
কন্তাশ্চালস্কৃতা দথ্যা ততো ব্যপগতঃ পুনঃ ॥২১॥
অথ মামত্রবীদ্ভূয়ঃ স মুনিঃ সংশিতত্ততঃ।
কৃষ্ণ! পায়সমিচ্ছামি ভোক্তুমিত্যেব সম্বরঃ ॥২২॥
তদৈব তু ময়া তস্থা চিত্তজ্ঞেন গৃহে জনঃ।
সর্ব্বাণ্যমানি পানানি ভক্ষ্যাশ্চোচাবচান্তথা ॥২০॥
ভবস্তু সংকৃতানীহ পূর্বমেব প্রচোদিতঃ।
ততোহহং জ্বামানং বৈ পায়সং প্রত্যবেদয়ম্ ॥২৪॥ (মুশ্মকম্)
তং ভুক্তিব্ব স তু কিপ্রং ততো বচনমত্রবীৎ।
ক্রিপ্রাঙ্গানি লিম্পন্থ পায়সেনেতি স স্মা হ ॥২৫॥

ভারতকৌমুদী

অকন্মাদিতি। অকন্মাৎ বিনাকারণসিভ্যর্থ: ॥২•॥

অপেতি। স্বাবস্থং নিজ্বাসগৃহষ্। ক্তাশ্চিত্রিডা:। ব্যপগতো বহির্গড: ॥২১॥

অধেতি। সংশিতরতো দৃঢ়বৈধনিয়মঃ ॥২২॥

তদেতি। উচ্চাৰচা নানাবিধা: পদার্থা:। সংক্রতানি স্থসম্পাদিতানি, প্রচোধিতঃ সম্পাদয়িত্মাদিটো জন ইতি পূর্বেণ সহ সম্বঃ। জলমানম্ অত্যক্ষম্॥২৩—২৪॥

ভমিতি। তং পায়দম্, "পরমারস্ক পায়দঃ" ইভাষর: ।২৫॥

তিনি বিনা কারণে হাসিতেন এবং বিনা কাবণে কাঁদিভেন; কিছ তংকালে বয়সে তাঁহার তুল্য পৃথিবীতে কেহ ছিল না ॥২০॥

তাহাব পব তিনি নিজের বাসগৃহে যাইয়া শ্যার আন্তরণবস্ত্র এবং অলঙ্কুত কন্সাগণেব চিত্রপট দগ্ধ কবিয়া তাহাব পর আবাব বাহিরে যাইতেন ॥২১॥

তদনস্তর দৃঢ়নিয়মশালী সেই তুর্কাসা মুনি পুনরায় আমাকে স্থর বলিতেন—'কৃষণা আমি পায়স ভোজন করিতে ইচ্ছা করি'॥২২॥

আমি মুনির মনোভাব জানিভাম বলিয়া পূর্বেই গৃহের লোকদিগকে এইবাপ আদেশ করিয়া রাখিয়াছিলাম যে, ,সর্বপ্রকাব অন্ন ও পানীয় এবং নানাবিধ খাজ্জব্য যেন স্থলব ভাবে প্রস্তুত থাকে; স্তরাং আমি তখনই অত্যক্ষ প্রমান্ন ভাঁহাকে নিবেদন করিভাম ॥২৩—২৪॥ অবিষ্ঠিপাৰ চ ততঃ কৃতবানিশ্ব তত্তথা।
তেনোচ্ছিটেন গাত্রাণি শিবশৈচবাভ্যমৃক্ষযম্ ॥২৬॥
স দদশ তদাভ্যাসে মাতরং তে শুভাননাম্।
তামপি শ্বয়মানাং স পায়সেনাভ্যলেপয়ং ॥২৭॥
মুনিঃ পায়সদিশ্বাঙ্গীং রথে তূর্ণমযোজ্বাং।
তমাক্রহ্ম রথং চৈব নির্যুখী স গৃহান্ মম ॥২৮॥
অগ্নিবর্ণো জ্বলন্ ধীমান্ স দিজো রথধ্র্যবং।
প্রতোদেনাভুদদালাং ক্রক্সিণীং মম পশ্যতঃ ॥২৯॥
ন চ মে স্তোক্ষপ্যাসীদৃহ্থেমীর্যাকৃতং তদা।
তথা স রাজমার্গেণ মহতা নির্যুখী বহিঃ॥০০॥

ভারতকোমুদী

অবীতি। অবিমৃশ্য কর্ত্তবাসকর্ত্তবাং বেত্যবিবিচ্য ॥২৬॥

স ইতি। অভ্যাসে নিকটে, মাতরং ক্লেন্ত্রীম, স্থমানামীযক্ষসন্থীম্ ॥২९॥

ম্নিরিভি। পাষ্যেন দিগ্ধানি লিপ্তানি জ্ঞানি যক্ষাভাং রংক্সিণীম্ ॥২৮॥

অস্ত্রীভি। র্থধ্র্যবং র্থবাহক্ষসন্থমিব, প্রভোদেন কশ্যা, অভূদং অব্যথমং ॥২৯॥

বেভি। ভোকমন্ত্রমণি। স ত্র্বাসাঃ ॥৩০॥

তখন তিনি সেই পায়স ভোজন কবিষাই সম্বর আমাকে এই কথা বলিতেন—'এই পায়সদ্বাবা সম্বর আমাব অঙ্গ লেপন কর'॥২৫॥

ভাহাব পৰ আমি কোন বিবেচনা না কবিধাই সেই প্রকাবেই ভাহা করিলাম অর্থাৎ সেই উচ্ছিষ্ট পাযসদ্বাবা চূর্ব্বাসাৰ সমস্ত অক্স ও মস্তক লিপ্ত করিয়া দিলাম ॥২৬॥

প্রত্যায়! তখন তিনি নিকটে তোমার স্থম্খী জননীকে দর্শন করিলেন। তংকালে তিনি পাযসদ্বারা কল্পিণীৰ অঙ্গও লেপিয়া দিলেন, তাহাতে কল্পিণী হাসিতে লাগিলেন ॥২৭॥

ক্রমে: ছর্ব্বাসা পায়সলিপ্তদেহা কক্মিণীকে সম্বর এক বথে সংযুক্ত কবিলেন এবং সেই বথে আবোহণ কবিয়া ডিনি আমার গৃহ হইডে নির্গত হইলেন ॥২৮॥

পরে সেই জ্ঞানী ব্রাহ্মণ অগ্নিব ক্যায় জ্ঞালিতে থাকিয়া আমাৰ সাফাতেই কশাদ্বারা বালিকা ক্স্মিণীকে ব্যবাহী অশ্বেব ক্যায় আঘাত ক্রিতে লাগিলেন ॥২৯॥

তথন ঈর্ব্যানিবন্ধন আমাৰ অল্প তৃঃখও হটল না তিনি কিন্তু সেট ভাবে বিশাল রাজপথে বাহিবে নির্গত হটলেন॥৩০॥ তদ্দৃষ্ট্বা মহদাশ্চর্য্যং দাশার্হা জাতমন্তবঃ।
তত্তাজল্পনিথঃ কেচিৎ সমাভাষ্য পরস্পরম্॥৩১॥
ত্রাহ্মণা এব জায়েরমান্তো বর্ণঃ কথঞ্চন।
কো ছেনং রথমাস্থায় জীবেদন্তঃ পুমানিহ ॥৩২॥
আশীবিষবিষং তীক্ষং ততন্তীক্ষতরো দ্বিজঃ।
তত্মাশীবিষদগ্মস্থা নাস্তি কশ্চিচিকিৎসকঃ॥৩৩॥
তত্মিন্ ব্রজতি ত্র্দ্ধর্যে প্রাস্থালক্রমণী পথি।
তন্মামর্ষত শ্রীমাংস্ততন্ত্র্গমচোদন্ত ॥৩৪॥
ততঃ পরমসংক্রুদ্ধা রথাৎ প্রস্কন্যা স দ্বিজঃ।
পদাতিরুৎপথেনৈব প্রাদ্রবদ্দিক্যিণামুখঃ॥৫॥

ভারতকৌমূদী

ভদিভি। দাশার্হা যাদবাং, জাভো মহাং ক্রোধো বেষাং তে ॥০১॥ ব্রান্ধণা ইভি। এনং কল্মিণীচালিভম্, আস্থায় আক্ষ্ ॥৩২॥ আশীভি। আশীবিষদ্ধীক্ষবিষঃ সর্পং। ব্রন্ধা ব্রান্ধণ এব আশীবিষদ্ধেন দগ্ধশ্য ॥৩৩॥ ভশ্মিভি। ভশ্মিন্ তুর্ঝাসিন। অসর্বয়ত অসহত, শ্রীমান্ তপন্তেজ্ঞাশোভাবান্, অচোদরং ক্রিণীং প্রৈয়াং ॥৩৪॥

ডত ইতি। প্রস্কন্য পতিত্ব।। পদাতিঃ পাদচারী ॥৩৫॥

সেই গুৰুতৰ আশ্চৰ্য্য ব্যাপাৰ দেখিয়া যত্বংশীয়েবা ক্ৰুদ্ধ হইলেন এবং তাঁহাদেৰ মধ্যে কেহ কেহ পরস্পান সম্বোধন কৰিয়া পৰস্পার এইৰূপ বলিডে লাগিলেন—॥৩১॥

'এই জগতে ব্রাহ্মণবাই জন্মগ্রহণ কবেন; কিন্তু অস্থাবর্ণ কোন প্রকারে জন্মগ্রহণ কবে না। না হইলে, অস্থা কোন্ মানুষ এইৰূপ বথে আবোহণ করিয়া জীবিত থাকে ॥৩২॥

মহাসর্পের বিষদশ্ব প্রাণীব পক্ষে কেহই চিকিৎসক নাই ॥৩৩॥

তুর্দ্ধর্য তুর্বাস। সেই ভাবে চলিতে লাগিলে রুক্মিণী; পথে পড়িয়া গেলেন কিন্তু তেজস্বী তুর্বাসা ভাহা সহ্য করিলেন না; তৎপরে তিনি তাঁহাকে সম্বর চালাইয়া দিলেন ॥৩৪॥

ভদনন্তব সেই ব্ৰাহ্মণ অত্যস্ত ক্ৰুদ্ধ হইয়া রথ হইতে লাফাইয়া পড়িয়া অপথে পাদচাবে দক্ষিণ মুখে দৌড়াইলেন ॥৩৫॥

⁽৩৪)…ভাং নামৰ্বযত শ্ৰীমান্—পি। (৩৫) প্ৰাধাৰদক্ষণামুখ:—পি।

তথ্ব পায়সাদিশ্বঃ প্রসীদ ভগবনিতি ॥৩৬॥
ততো বিলোক্য তেজস্বী ব্রাক্ষণো মানুবাচ হ।
জিতঃ ক্রোধস্থবা কৃষ্ণ ! প্রকৃত্যিব মহাভুজ । ॥৩৭॥
ন তেহপবাধনিহ বৈ দৃষ্টবানিশ্ব স্ক্রত !।
প্রীতোহশ্বি তব গোবিন্দ । রণু কাসান্ যথেপিসতান্ ॥৩৮॥
প্রসমস্ত চ মে তাত । পশ্য ব্যুষ্টিং যথাবিধি।
যাবদ্দেবসমুখাণামন্নে ভাবো ভবিশ্বতি ॥৩৯॥
যথৈবান্নে তথা তেষাং স্ববি ভাবো ভবিশ্বতি ॥৪০॥
ব্রিষু লোকেষু ভাবচ্চ বৈশিক্যং প্রতিপৎস্তমে।
ভ্রেষঃ সর্বলোকস্থ ভবিশ্বনি জনার্দ্দন ! ॥৪১॥ (বিশেষকম্)

ভাবতকোমূদী

তমিতি। পাষসেন আদিখো লিপ্তগাতো২হম্ ॥৩৬॥
তত ইতি। প্রকৃত্যা সভাবেনৈব ॥৩৭॥
নেতি। হে স্ব্রভা শোভননিষম । ॥৩৮॥
প্রসন্মতি। ব্যৃষ্টিং মৎপ্রসাদমলম্। ভাবঃ অভিলামঃ, ভবিয়তি স্থাক্সতি। বৈশিষ্ট্যং
প্রাধান্তম্, প্রতিপৎক্রসে লক্সসে ॥৩৯—৪১॥

ব্ৰাহ্মণশ্ৰেষ্ঠ ছুৰ্বাসা অপথে ধাবিত হইলে, 'ভগবন্। প্ৰসন্ন হউন' এই কথা বলিযা আমিও পায়সলিগু অবস্থায় সেই ভাবেই তাহাব পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইলাম ॥৩৬॥

তদনস্তর তেজস্বী ছ্র্বাসা আমাকে দেখিয়া বলিলেন—'মহাবাহু। কৃষ্ণ। ভূমি স্বভাবতই ক্রোধ জয় করিয়াছ॥৩৭॥

স্বত। তোমাব কোন অপরাধ আমি দেখিতে পাই নাই, অতএব গোবিন্দ! আমি ভোমাব উপব সন্তুষ্ট হইযাছি। স্থতরাং তুমি ইচ্ছায়্রূপ বর প্রার্থনা কব ॥৩৮॥

বংস। আমার প্রাসম হওযাব ফল তুমি যথ।বিধানে দর্শন কব। দেবতা ও মনুষ্যুগণের যত কাল অয়েব উপরে মনের আকর্ষণ থাকিবে এবং সল্লেব উপবে যেমন আকর্ষণ রহিবে, তত কাল তেমন ভাবে তোমার উপরে তাহাদের আকর্ষণ থাকিবে। আব যত কাল জগতে তোমার পবিত্র বীর্ত্তি রহিবে, তত কাল যতে ভিন্নঞ্চ দয়ঞ্চ যক্ত কিঞ্চিদ্বিনাশিতম্।
সর্বং তথৈব দ্রফাইসি বিশিক্ষং বা জনার্দন!॥৪২॥
যাবদেতৎ প্রলিপ্তং তে গাত্রেম্ মধূস্দন!।
অতো মৃত্যুভয়ং নাস্তি যাবদিক্ষসি চাচ্যুত!॥৪৩॥
ন তু পাদতলে লিপ্তে কম্মাতে পুত্রকাল্য বৈ।
নৈতমে প্রিয়মিত্যেবং স মাং প্রীতোহত্রবীভদা।৪৪॥
ইত্যুক্তোহহং শরীরং স্বং দদর্শ শ্রীসমাযুতম্।
রুক্ষিণীং চাত্রবীৎ প্রীতঃ সর্বস্ত্রীণাং বরং যশঃ।
কীর্ত্তিং চামুভ্রমাং লোকে সমবাক্ষ্যসি শোভনে!॥৪৫॥
ন ছাং জরা বা রোগো বা বৈবর্গ্য চাপি ভাবিনি!।
স্প্রক্ষ্যন্তি পুণ্যগন্ধা চ কৃষ্ণমারাধ্যিশ্বসি ॥৪৬॥

ভারতকৌমুদী

ষদিতি। বদ্দ্রবাম, ভিন্নং বিদীর্ণম্। তথৈব পূর্ববরূপমের ॥৪২॥
বাবদিতি। এতৎ পরমান্নম্। বাবৎ জীবিত্সিচ্ছিদি ভাবদেব জীবিত্সনীতি শেব: ॥৪৩॥
নেতি। পাদভলে চরণভলবয়ম্। নৈতরে প্রিয়ং ময়া তে পাদস্পর্শানোচিত্যাৎ ॥৪৪॥
ইতীতি। শ্রীদমাযুতং শোভাসম্পান্নম্। বটুপাদোহয়ং প্লোক: ॥৪৫॥
নেতি। বৈবর্গ্যং ছন্চিন্তমা বর্ণমনিন্তা, হে ভাবিনি। সংস্কভাবে। ॥৪৬॥

তুমি ত্রিভূবনে শ্রেষ্ঠহ লাভ করিবে এবং ব্দ্রনার্দ্দন। তুমি সমস্ত লোকেব অত্যস্ত প্রিয় হইবে ॥৩৯—৪১॥

জনার্দন! ভোমার যে যে জব্য বিদীর্ণ বা দক্ষ হইয়াছে এবং যে কিছু জব্য বিনষ্ট হইয়া গিয়াছে; সে সমস্ত তুমি সেই সেইকপই কিংবা তদপেকা উৎকৃষ্ট দেখিতে পাইবে ॥৪২॥

মধুস্দন। ভোমার গাত্রে যখন এই পায়স লিগু করা হইয়াছে, ভখন আর ভোমার মৃত্যু ভয় নাই এবং অচ্যুত। তুমি যভ কাল জীবিত থাকিতে ইচ্ছা কর, ভত কাল জীবিত থাকিবে ॥৪৩॥

পুত্র। আজ তোমাব চরণযুগলের তলদেশ পায়সদারা লিপ্ত করি নাই কেন জান ? ইহা আমার প্রিয় নহে।' ত্র্বাসা সম্ভষ্ট হইয়া তখন আমাকে এইরূপ বলিয়াছিলেন ॥৪৪॥

তুর্বাসা এইরূপ বলিলে আমি দেখিলাম, আমার শরীরটী পরম স্থলর হইরাছে। তারপব তিনি সম্ভষ্ট হইয়া কল্পিণীকেও বলিলেন—'শোভনে। তুমি জগতে সকল স্ত্রীলোকেব মধ্যে উত্তম যশ ও সর্বোত্তম কীর্ত্তি লাভ কবিবে ॥৪৫॥ বোড়শানাং সহজ্ঞাণাং বধুনাং কেশবস্তু হ।
বরিষ্ঠা চ সলোক্যা চ কেশবস্তু ভবিষ্যসি ॥৪৭॥
তব মাতরমিত্যুক্ত্বা ততো মাং পুনরব্রবীৎ।
প্রস্থিতঃ সমহাতেজা তুর্বাসাগিরিব জ্বলন্ ॥৪৮॥
এবৈব তে বৃদ্ধিরস্তু ব্রাহ্মণান্ প্রতি কেশব!।
ইত্যুক্ত্বা স তদা পুত্র! তত্তৈবাস্তরধীযত ॥৪৯॥
তশ্মিমস্তর্হিতে চাহমুপাংশুব্রতমাচরম্।
যৎ কিঞ্চিদ্রাহ্মণো ক্রয়াৎ সর্বাং কুর্য্যামিতি প্রভো!॥৫০॥
এতদ্ব্রতমহং কৃষ্যা মাত্রা তে সহ পুত্রক!।
ততঃ পরমহাউাত্মা প্রাবিশং গৃহমেব চ॥৫১॥

ভারতকৌসুদী

বোড়শানামিতি। কেশবক্ত সলোক্যা সমানস্থানা ৪৪ গা ভবেতি। তুর্বাসায়িরিতি বিদর্গলোপেংশি সন্ধিরার্থ: ৪৪৮॥ এবেতি। মাং প্রতি বাদৃশী, এবৈব তাদৃক্তেব ৪৪২॥ তন্মিরিতি। উপাংশুব্রতং নির্দ্ধনে জ্পাদিরূপং নিয়মম্। ইতি সন্ধ্রা ৪৫০॥ এতদিতি। মাজা কৃষ্মিণ্যা। পুত্রকেত্যকুক্সপারাং কপ্রত্যায়: ৪৫১॥

সংস্বভাবে। জরা, রোগ বা বিবর্ণতা কখনও ভোমাকে স্পর্শ করিবে না এবং তুমি পবিত্র সৌবভশালিনী হইয়া কুষ্ণের সেবা করিবে ॥৪৬॥

কুন্ধের বোড়শ সহস্র স্ত্রীর মধ্যে তুমিই শ্রেষ্ঠা এবং কুন্ধের সমান স্থান-পাতিনী হইবে' ॥৪৭॥

বংস! অভি মহাতেজা হুর্কাসা ভোমার মাতাকে এই কথা বলিযা অগ্নির স্থায় জ্বলিতে থাকিয়া প্রস্থানে প্রবৃত্ত হইযা পুনবায আমাকে বলিলেন—॥৪৮॥

'কেশব। ব্রাহ্মণগণেব প্রতি ভোমার যেন এই প্রকারই বৃদ্ধি হয়।' পুত্র। এই কথা বলিয়া তিনি তখন সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥৪৯॥

প্রভাবশালী পুত্র ! ডিনি মস্তাহত হইলে 'বান্ধণ যাহা বলিবেন, আমি সেই সমস্তই করিব' এইকপ সম্বন্ধ করিয়া আমি উপাংশুব্রতের অমুষ্ঠান করিলাম ॥৫০॥

পুতা! ভোমার মাভা কক্মিণীর সহিত মিলিড হইয়া আমি এই ব্রড করিয়া ভাহার পর স্বষ্টচিত্তে গৃহে প্রবেশ কবিলাম ॥৫১॥

মহাভারতে

প্রবিষ্টমাত্রশ্চ গৃহে সর্বং পশ্যামি তন্নবম্।
যদ্ভিন্নং যদ্ধ বৈ দশ্বং তেন বিপ্রেণ পুত্রক!॥৫২॥
ততোহহং বিস্ময়ং প্রাপ্তঃ সর্ববং দৃষ্ট্রা নবং দৃঢ়ম্।
লপ্জ্যঞ্জ মনসা রোক্মিণেয়! সদা দিজান্॥৫০॥
ইত্যহং রোক্মিণেয়শ্য পৃচ্ছতো ভরতর্বভ!।
মাহাত্মাং দিজমুখ্যস্থ সর্ববমাখ্যাতবাংস্কদা ॥৫৪॥
তথা স্বমপি কোন্তেয়! ত্রাহ্মণান্ সততং প্রভো!।
পূজয়স্ব মহাভাগান্ বাগ্ ভির্দানেশ্চ নিত্যদা ॥৫৫॥
এবং ব্যুষ্টিমহং প্রাপ্তো ত্রাহ্মণশ্য প্রসাদজাম্।
বচ্চ মামাহ ভীম্মোহ্যং তৎ সত্যং ভরতর্বভ!॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতারাং বৈয়াসিক্যামনুশাদনপর্বাণি দানধর্ম্মে তুর্বাসোভিক্ষায়াং সপ্তত্তিংশদধিকশততমোহধ্যাযঃ॥।॥ #

ভারতকৌযুদী

প্রবিষ্টেতি। তৎ দ্রবাস, নবং নৃতনম্। ভিন্নং বিদীর্ণম্ ॥৫২॥
তত ইতি। হে রৌক্মিণেয় ! কন্মিণীপুত্র । বিজ্ঞান্ রাক্ষণান্ ॥৫৩॥
উপসংহরতি ইতীতি। রৌক্মিণেয়স্থ সন্নিধাবিতি শেষঃ ॥৫৪॥
তথেতি। বাগ্ভিগৌরবস্ফকবাক্যৈঃ ॥৫৫॥
এবমিতি। ব্যুষ্টিং ফলম্। আহ পুর্বাং ববীতি স্ম ॥৫৬॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রহিরদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতান্নাং মহাভারতটীকান্নাং ভারতকৌমুদীসমাখ্যান্নামস্থাসনপর্বাণ দানধন্মে সপ্তক্রিংশদ্ধিকশততমোহধ্যান্তঃ ॥০॥

পুত্র! আমি গৃহে প্রবেশ করিয়াই দেখিলাম, ত্র্বাসা যে জব্য বিদীর্ণ বা দক্ষ করিয়াছিলেন, সে সমস্তই নৃতন হইয়া গিয়াছে ॥৫২॥

কক্মিণীনন্দন! ভাহার পব আমি সমস্ত বস্তুই নৃতন ও দৃঢ় দেখিয়া বিস্ময়াপর হইলাম এবং মনে মনে সর্বদা ব্রাহ্মণগণেব গৌবব কবিতে লাগিলাম।৫৩॥

ভবতশ্রেষ্ঠ ! প্রহায় প্রশ্ন কবিলে আমি তাহাব নিকট ব্রাহ্মণশ্রেষ্ঠগণের সমস্ত মাহাত্ম্য এইকপে বলিয়াছিলাম ॥৫৪॥

কুস্তীনন্দন রাজা! আপনিও সর্বাদা বাক্য ও দানদ্বাবা মহাভাগ ব্রাহ্মণ-গণেব সেইবাপ পূজা কবিতে থাকুন ॥৫৫॥

^{* &#}x27;…একোনবট্ট্যধিকশভডমোহধ্যায়ঃ'—বঙ্ক বৰ্দ্ধ।

অষ্টব্ৰিংশদধিকশততমোহধ্যায়ঃ।

----**----

যুধিষ্ঠির উবাচ।

তুর্বাসসঃ প্রসাদাত্তে যন্তদা মধুসূদন।।
অবাপ্তমিহ বিজ্ঞানং তল্মে ব্যাখ্যাতুমইসি॥১॥
মহাভাগ্যঞ্চ যন্তস্ত নামানি চ মহাত্মনঃ।
তত্ত্তো জ্ঞাতুমিচ্ছামি সর্বং মতিমতাং বর!॥২॥

বাহ্নদেব উবাচ।

হস্ত তে কীর্ত্তিযিয়ামি নসস্কৃত্য কপদিনে। যদবাপ্তং নযা রাজন্! শ্রেযো যচ্চার্ছিলতং যশঃ॥ প্রাথতঃ প্রাতরুত্থায় যদধীয়ে বিশাংপতে!। প্রাঞ্জলিঃ শতরুদ্রীয়ং তদ্মে নিগদতঃ শৃণু॥৪॥

ভারতকৌমূদী

ত্বাদদ ইতি। তে থবা। বিজ্ঞানং বৃদ্ধি: ॥১॥
মহেতি। মহাভাগ্যং মাহাত্ম্যম্। মহাত্মনো মহাদেবত ॥২॥
হস্তেতি। কণৰ্দিনে শ্লিকাৰ্য ভোয়ো মদলম্ ॥৩॥

ভাৰতভাৰদীপঃ

ত্বাসন ইতি। অত্ত ত্তিপুরদাহ: শ্রদারহিতানাং নিন্দার্থ:, উণাসকানাং স্থূলক্ষ্মকারণ-দেহত্ত্বিদ্ধপাণাং তিক্তণাং পুরা দাহেন সংসারানর্থনিবৃত্তির্মহাদেবক্ত ত্তিপুরহন্তঃ প্রদীপেষ্ ভবতশ্রেষ্ঠ। ব্রাক্ষণের অনুগ্রহে আমি এইবাপ ফল পাইয়াছিলাম; স্মৃতরাং এই ভীম্ম আমার সম্বন্ধে যাহা বলিলেন, তাহা সত্যু' ॥৫৬॥

--:#:---

ষ্থিষ্ঠিব বলিলেন—'মধুস্দন। তুমি তখন ছর্বাসাব অনুগ্রহে যে জ্ঞান লাভ কবিয়াছিলে, তাহা আমাব নিকট বলিতে পার ॥১॥

জ্ঞানিশ্রেষ্ঠ। আমি বথার্থকপে মহাত্মা মহাদেবেব মাহাত্ম্য ও নাম সমস্ত জানিতে ইচ্ছা করি'॥২॥

কৃষ্ণ বলিলেন—'বাজা। আমি তংকালে যে মঙ্গল লাভ করিয়াছিলাম এবং যে যশ অর্জন কবিয়াছিলাম, মহাদেবকৈ নমস্কার কবিয়া ভাগা আমি আপনাব নিকট বলিতেছি॥আ প্রজাপতিন্তৎ সক্তকে তপসোহন্তে মহাতপাঃ।
শক্ষরস্বস্থলতাত ! প্রজাঃ স্থাবরজঙ্গমাঃ ॥৫॥
নাস্তি কিঞ্চিৎ পরং ভূতং মহাদেবাদ্বিশাংপতে !।
ইহ ত্রিম্বপি লোকেরু ভূতানাং প্রভবা হি সঃ ॥৬॥
ন চৈবোৎসহতে স্থাতুং কশ্চিদগ্রে মহাত্মনঃ।
নহি ভূতং সমং তেন ত্রিয়ু লোকেরু বিভাতে ॥৭॥
গক্ষেনাপি হি সংগ্রামে তস্ত ক্রুদ্ধস্ত শত্রবঃ।
বিসংজ্ঞা হতভূয়িষ্ঠা বেপস্তে চ পতস্তি চ ।৮॥
খোরঞ্চ নিনদং তস্ত পর্জ্জ্র্যনিনদোপমম্।
শ্রেষ্থা বিশীর্ষ্যেদ্ছদয়ং দেবানামপি সংযুগে ॥৯॥

ভারতকৌসুদী

প্রবন্ধ ইতি। অধীরে পঠানি। শতক্ষরীয়ং প্রবন্ধন্ ॥৪॥
প্রক্রেতি। প্রকাপতির্ক্ষা, তৎ শতক্ষরীয়ন্ ॥৫॥
নেতি। পরমৃৎকৃষ্টন্, ভূতং প্রাণী। প্রভবত্যক্ষাদিতি প্রভবঃ কারণন্ ॥৬॥
ন চেতি। উৎসহতে শক্ষোতি, মহাজ্মনো মহাদেবক্স ॥৭॥
গান্ধেনেতি। হতা ভূষিষ্ঠা বহুবো বেবাং তে, বেপস্তে কম্পন্তে ॥৮॥
বোর্নিতি। পর্ক্রন্নদোপনং নেদগর্ক্জনতুলান্ ॥১॥

নরনাথ! আমি প্রাভ:কালে গাত্রোখান করিয়া সংযত ও কুডাঞ্চলি হইয়া যাহা পাঁঠ করিয়া থাকি; সেই শভক্ষনীয় প্রবন্ধ আমি আপনাব নিক্ট বলিতেছি, আপমি প্রবণ কক্ষন ॥৪॥

মহাতেপা ব্রহ্মা তপস্তা করিবার পরে সেই শতরুজীয় রচনা করেন এবং মহাদেব স্থাবর-জঙ্গন সমস্ত প্রাণী সৃষ্টি করিয়াছেন ॥৫॥

নরনাথ। মহাদেব অপেক্ষা কোন প্রাণী এই স্বগতে উৎকৃষ্ট নাই। কারণ, ডিনি ত্রিভূবনে সকল প্রাণীর উৎপাদক ॥৬॥

মহাত্মা সহাদেবের সম্মুখে কেহই থাকিতে সমর্থ হয় না। কারণ, ত্রিভূবনে তাঁহার ভূল্য কোন প্রাণী নাই ॥৭॥

যুদ্ধে ক্রুদ্ধ মহাদেবের গদ্ধেও শক্ররা অচৈড ছা হইয়া যায়, অনেকে নিহড হয়, বহু লোক কাঁপিতে থাকে এবং অনেকে পভিত হয়।৮॥

যুদ্ধে মেঘ গর্জনের ভূল্য তাঁহার ভয়ঙ্কব গর্জন শুনিয়া দেবগণের হৃদয়ও বিশীর্ণ হয় ॥৯॥ যাংশ্চ ঘোরেণ রপেণ পশ্যেৎ ক্রুদ্ধঃ পিনাকধৃক্।
ন স্থ্রা নাস্থরা লোকে ন গন্ধর্বা ন পদ্নগাঃ।
ক্পিতে স্থমেধন্তে তশ্মিদ্ধপি গুহাগতাঃ॥১০॥
প্রজাপতেশ্চ দক্ষস্ত যজতো বিততে ক্রতো।
বিব্যাধ ক্পিতো যজ্ঞং নির্ভযন্ত ভবস্তদা॥১১॥
ধকুষা বাণমূৎস্জ্য সঘোষং বিননাদ চ।
তে ন শর্মা কুতঃ শান্তিং বিষাদং লেভিরে স্থরাঃ॥১২॥
বিদ্ধে চ সহসা যজ্ঞে কুপিতে চ মহেশ্বরে।
তেন জ্যাতলঘোষেণ সর্বে লোকাঃ সমাক্লাঃ॥১০॥
বস্থ্রবশাঃ পার্থ! বিষেত্নশ্চ স্থরাস্থরাঃ।
আপশ্চুকুভিরে চৈব চকস্পে চ বস্তম্বরা॥১৪॥

ভারতকৌমুদী

বামিতি। পিনাকগুড্মহাদেব:। স্থ্যানয়োন স্থাত্মর্মস্তীতি শেব:। গুহাগতা অদৃষ্ঠ-স্থানস্থা অপি তে তন্মিন্ স্থূপিতে স্থাং নৈধন্তে ন লভন্তে। ষট্পাদোহবং শ্লোক: ॥১০॥

প্রজেভি। বিভতে বিভারং গডে, ক্রভৌ ভশ্মিন্ বজে। ভবো মহাদেব: ।১১।

४ष्ट्रदिक्ति । अरहायः अनक्षम्, উৎल्ट्का निक्निशा । भर्ष कृथम् ॥১२॥

বিদ্ধ ইতি। জ্ঞাতলঘোৰেণ ধছপ্ত পশবেন, সমাকুলা অভবন্ ।১৩।

বভূব্রিতি। আপো জলম্, চুক্ভিরে সঞ্চেলুঃ ।১৪।

মহাদেব ক্র্ম হইয়া ভ্যম্বন মূর্ত্তিতে যাহাদেন প্রতি দৃষ্টিপাত করেন, তাহারা দেবতা, অস্ত্রর, গদ্ধর্বে বা নাগই হউন না কেন, তাঁহার সম্মুখে থাকিতে সমর্থ হন না। তিনি ক্রেম্ম হইলে অদৃশ্য স্থানস্থিত শক্রবাও শান্তি লাভ করে না ॥১০॥

দক্ষ প্রজ্ঞাপতি যজ্ঞ করিতে থাকিলে এবং তাঁহার সেই যজ্ঞ বিস্তার লাভ কবিলে তখন মহাদেব ক্রুদ্ধ হইযা নির্ভয চিত্তে সেই যজ্ঞকে বিদ্ধ করিলেন ॥১১॥

তিনি ধমুদারা সশব্দে বাণক্ষেপ কবিষা গব্দেন করিলেন। তাহাতে দেবতারা কি করিয়া সুখ বা শাস্তি পাইবেন ? বিষাদই অমুভব কবিলেন ॥১২॥

যজ্ঞ সহসা বিদ্ধ হইলে এবং মহাদেব ক্ৰুদ্ধ থাকিলে, সেই ধমুগুণিব শব্দে সকল লোক ভয়ে আকুল হইয়া পড়িল ॥১৩॥

পৃথানন্দন। ক্রমে দেবগণ ও অসুবগণ অবশ ও বিষয় হইলেন, জল সকল উদ্বেলিত হইল এবং পৃথিবী কাঁপিতে লাগিল ॥১৪॥ ব্যদ্রবন্ গিরয়*চাপি জোঃ পফাল চ সর্বশঃ।
অন্ধেন তসদা লোকাঃ প্রার্ত। ন চকাশিরে।
প্রণফী জ্যোতিষাং ভাশ্চ সহ সূর্য্যেণ ভারত ! ॥১০॥
ভূশং ভীতান্ততঃ শান্তিং চক্রুঃ স্বস্ত্যয়নানি চ।
ঝ্যয়ঃ সর্বভূতানামাত্মনশ্চ হিতৈষিণঃ ॥১৬॥
ততঃ সোহভ্যদ্রবদ্দেবান্ রুজো রোজপরাক্রমঃ।
ভগস্থ নয়নে ক্রুন্ধঃ প্রহারেণ ব্যশাত্মহ ॥১৭৮
পূর্বাণ চাভিত্রদ্রাব পাদেন চ রুষান্তিঃ।
প্রোভাশং ভক্ষয়তো দশনাংশ্চ ব্যশাত্মহ ॥১৮॥
ততঃ প্রণেমুর্দ্দেবাস্তে বেপমানাঃ শ্ম শঙ্করম্।
প্রশ্চ দন্দধে রুজো দীপ্তং স্থনিশিতং শরম্ ॥১৯॥
রুজ্স্থ বিক্রমং দৃষ্ট্রা ভীতা দেবাঃ সহর্ষিভিঃ।
ততঃ প্রসাদ্যামান্তঃ সর্বে তে বিরুধোভ্রমাঃ ॥২০॥

ভাবতকৌমুদী

ব্যস্ত্রবরিতি। ব্যস্তবন্ অকম্পন্ত, ভো: বর্গ:, পফাল পম্পন্দ। অন্ধেন অদ্ধত্তনকেন। জ্যোতিষাং নক্ষত্রাদীনাম্ ভা দীপ্তরঃ। বট্পাদোহযং শ্লোক: ।১৫॥

ভূশমিতি। শান্তিং বামদেব্যগানাদিম্, স্বস্তায়নানি বিষ্ণুপ্জাদীনি ॥১৬॥
তত ইতি। ভগত্ত তদাখ্যত্ত দেবত্ত, ব্যশাত্যং অপাত্যং ॥১৭॥
প্ৰণমিতি। প্ষণং স্থ্যম্। পুরোডাশং ষজ্ঞীষপিষ্টকবিশেষম্, দশনান্ দন্তান্ ॥১৮॥
তত ইতি। বেপমানা: কম্পমানা:। দীপ্তমুজ্জলম্ ॥১৯॥

পর্বত সকল ঘ্রিতে থাকিল, স্বর্গলোক কাঁপিয়া উঠিল এবং লোক সকল গাঢ় অন্ধকারে আর্ত হইয়া প্রকাশ পাইল না। ভবতনন্দন। সুর্ব্যের সহিত নক্ষত্রপ্রভৃতির দীপ্তি নষ্ট হইয়া গেল ॥১৫॥

তাহাৰ পৰ ঋষিগণ সভ্যস্ত ভীত হইয়া সমস্ত প্ৰাণিগণেৰ ও নিজেদেব হিত কামনা কবিয়া শাস্তি ও স্বস্তায়ন কবিতে লাগিলেন ॥১৬॥

ভদনস্তব ভীষণ পৰাক্রমশালী মহাদেব ক্রুদ্ধ হইয়া দেবগণেব প্রতি ধাবিড হইলেন এবং এক প্রহারে ভগদেবেব নয়নযুগল বিনষ্ট করিলেন ॥১৭॥

ক্রমে তিনি ক্রুদ্ধ হইয়া পাদচাবে সূর্য্যের প্রতি ধাবিত হইলেন, সূর্য্য তখন পুবোডাশ ভক্ষণ কবিতেছিলেন, সেই অবস্থায় তাঁহার দম্ভ সকল নিপাতিত কবিলেন ॥১৮॥

তাহার পব সেই দেবতাবা কাঁপিতে থাকিয়া মহাদেবকে নমস্কাব কবিতে লাগিলেন; ওদিকে মহাদেব সুধাব ও উজ্জ্বল একটা বাণ সন্ধান কবিলেন ॥১৯॥

জেপুশ্চ শতরুদ্রীয়ং দেবাঃ কৃত্বাঞ্জলিং তদা।

সংস্তৃযমানস্ত্রিদশৈঃ প্রসদাদ মহেশ্ববঃ ॥২১॥

রুদ্রেশ্য ভাগং যজে চ বিশিক্তং তে ত্বকল্পযন্।
ভযেন ত্রিদশা রাজন্। শরণঞ্চ প্রপেদিরে ॥২২॥
তেন চৈব হি তুফেন স যজ্ঞঃ সন্ধিতোহভবৎ।
যদ্যচ্চাপহৃতং তত্র তন্তবৈধান্তজীবয়ৎ ॥২৩॥
অস্তরাণাং পুরাণ্যাসংস্ত্রীণি বীর্য্যবতাং দিবি।
আযসং রাজতং চৈব সৌবর্ণসিপি চাপবম্ ॥২৪॥
নাশকত্তানি মঘবা ভেজুং সর্ব্বামুধৈবিপি।
অথ সর্ব্বেহ্মবা রুদ্রং জগ্মুঃ শরণসদ্দিতাঃ ॥২৫॥
তত উচুর্মহাত্মানো দেবাঃ সূর্বে সমাগতাঃ।
রুদ্রে । রৌদ্রা ভবিয়ন্তি পশবঃ সর্ব্বকর্মস্থ ॥২৬॥

ভারতকৌমূদী

করতে । প্রশাদরামান্ত: তবেন, বিবুধোত্তমা দেবপ্রেটা: ॥२०॥
ক্রেপ্রেতি। শতক্তীয়ং ক্রনাম প্রবন্ধন্য । জিদশৈর্দেবে: ॥२১॥
ক্রেতেতি। বিশিষ্টং প্রধানম্। প্রপেদিরে প্রাপু: ॥२२॥
তেনেতি। সন্ধিত: সম্পূর্ণ:। অবক্রীব্যং অপ্রয়ং ॥२৩॥
অন্তর্গামিতি। অন্তর্গাং বিভারালিপ্রভূতীনাম্। আযদং লৌহ্মদম্ ॥२৪॥
নেতি। তানি পুরাণি, মঘবা ইক্র: ॥२৫॥

ঋষিগণেৰ সহিত দেবতাবা সহাদেবেব বিক্রম দেখিয়া ভীত হইলেন।
তাহাব পর সেই সকল দেবশ্রেষ্ঠগণ মহাদেবকে প্রসন্ন কবিতে লাগিলেন॥২॰
তখন দেবগণ সঞ্জলি বন্ধন কবিয়া শতক্জীয জ্বপ কবিতে থাকিলেন
সেইভাবে দেবতাবা স্তব কবিতে থাকিলে মহাদেব প্রসন্ন হইলেন॥২১॥

বাজা। ক্রমে তাঁহাবা যজ্ঞে মহাদেবেৰ প্রধান ভাগ কল্পনা কবিলেন এবং ভযে তাঁহার শ্বণাপন্ন হইলেন ॥২২॥

মহাদেব সম্ভষ্ট হইযা সেই যজ্ঞকে সম্পূর্ণ কবিলেন এবং সেই যজে যাহ। যাহা বিনষ্ট কবিয়াছিলেন, তাহা ভাহা আবাৰ পূৰণ কবিলেন ॥২৩॥

বিহ্যুদ্মালিপ্রভৃতি বলবান্ অস্থবগণেব আকাশে লৌহম্য, বৌপ্যম্য ও স্থবর্ণময় তিনটা পুর ছিল ॥২৪॥

ইন্দ্র সমস্ত অন্ত্রদ্বাবাও সেই পুবঞ্চলিকে বিদীর্ণ কবিতে পারেন নাই। তাহাব পর পীড়িত সকল দেবতা মহাদেবেব শবণাপর হইলেন ॥২৫॥ জহি দৈত্যান্ সহপুরৈর্লোকাংস্তায়স্থ যানদ!।

স তথোক্তস্তথেত্যুক্ত্বা কৃষা বিষ্ণুং শরোক্তমন্ ॥২৭॥
শল্যমগ্রিং তথা কৃষা পুষাং বৈবস্বতং বসম্।
বেদান্ কৃষা ধকুঃ সর্বান্ জ্যাঞ্চ সাবিত্রীমূক্তমাম্ ॥২৮॥
ব্রহ্মাণং সারথিং কৃষা বিনিযুজ্য চ সর্বশঃ।
ব্রিপর্বণা ত্রিশল্যেন তেন তানি বিভেদ সঃ ॥২৯॥ (বিশেষকম্)
শরেণাদিত্যবর্ণেন কালাগ্রিসমতেজসা।
তেহস্করাঃ সপুরাস্তত্ত্ব দগ্ধা রুদ্রেণ ভারত!॥৩০॥
তং চৈবাঙ্কগতং দৃষ্ট্বা বালং পঞ্চশিখং পুনঃ।
তমা জিজ্ঞাসমানা বৈ কোহ্যমিত্যব্রবীন্তদা ॥৩১॥
অস্যুস্তশ্চ শক্রস্থ বদ্ধেণ প্রহ্রিয়াতঃ।
সবক্রং স্তম্ভ্রয়ামাস তং বাহুং পরিঘোপমম্॥৩২॥

ভারতকোমুদী

তত ইতি। বৌদ্রা কল্পদেবতাকা:, সর্বকর্মস্থ ষঞ্জাদির্ ।২৬।
জহীতি। হে মানদ। মাননীয়ের্ পৌরবকারক। শল্যং বামাগ্রন্ধ, পুঝং বামপুক্ষ্ম,
বৈবস্বতং ক্র্যগোত্তম্। জ্ঞাং গুণম্। সর্বশং সর্বান্ধ দিক্ষু বিনিযুজ্য গল্কং সম্প্রেয়। জ্রীণি পর্বাণি গ্রন্থিদেশা ষক্ষ তেন, জ্রীণি শল্যানি অগ্রভাগা ষক্ষ তেন, তেন শরেণ, তানি পুরাণি ॥২৭—২০।
শরেণেতি। আদিত্যবর্ণেন ক্র্যাবত্ত্বলেন। পুরিঃ সহেতি স পুরাঃ ॥৩০॥
তমিতি। তং মহাদেব্যেব, অক্রগতম্ উম।য়াঃ ক্রোডক্ষ্তিম্ ॥৩১॥

ভদনস্তর উপস্থিত মহাত্মা দেবভারা সকলে মহাদেবকে বলিলেন—'রুজ। কজই সমস্ত কার্য্যের পশুগণের দেবতা হইবে ॥২৬॥

মান্দাতা মহাদেব ৷ আপনি এই তিনটা পুরের সহিত দৈত্যগণকে সংহার ককন, লোকদিগকে রক্ষা করুন ৷' দেবতারা সেইবাপ বলিলে, মহাদেব 'ভাহাই হউক' এই কথা বলিয়া বিষ্ণুকে উত্তম বাণ, অগ্নিকে তাহার ফলক, যমকে পুখা, সমস্ত বেদকে ধন্ম, উত্তম সাবিত্রীকে গুণ এবং ব্রহ্মাকে সার্থি করিয়া, আব তাঁহাকে সকল দিকে যাইবাব অনুমতি দিয়া তিনটা পর্ব্ব ও তিনটা ফলকযুক্ত সেই বাণদ্বাবা সেই তিনটা পুবকে বিদীর্ণ করিলেন ॥২৭—২৯॥

ভরতনন্দন। মহাদেব কালাগ্নিব স্থায় তেজস্বী ও সূর্য্যের স্থায় উজ্জ্বল সেই বাণদ্বারা পুরগুলির সহিত সেই অসুরগণকে দগ্ধ করিলেন॥৩০॥

হঠাৎ তিনি পঞ্চশিখাযুক্ত বালক হইয়া ক্রোড়ে বহিয়াছেন দেখিয়া জানিতে ইচ্ছা কবিয়া তখন পার্ববতী বলিলেন—'এই কে ?' ॥৩১॥ ন সংবুব্ধিরে চৈব দেবাস্তং ভুবনেশ্রম্। সপ্রজাপত্তযঃ সর্কে ভিস্মিন্মুমূহুরীশ্বরে ॥৩৩॥ ততো ধ্যাত্বা চ ভগবান্ ব্রহ্মা তমমিতৌজসমৃ। অবং শ্রেষ্ঠ ইতি জ্ঞাত্বা ববন্দে তমুসাপতিমূ ॥৩৪॥ ততঃ প্রসাদয়াগান্থরুগাং রুত্রঞ্চ তে স্থরাঃ। বভূব স তদা বাহুর্বলহস্তর্যথা পুরা ॥৩৫॥ म চাপি ভাক্ষণো ভূষা তুর্বাদ। নাম বীর্য্যবান্। ৰারবত্যাং মম গৃহে চিরং কালমুপাবদৎ ॥৩৬॥

ভাবতকৌমূদী

ষশ্যত ইতি। বক্সেণ সংহতি সব্জন্তম, গুভয়ামাস স বাল এব ।৩২। নেতি। প্রজাপতিনা বন্ধণা সহেতি তে, মুমূহর্বোধাভাবাৎ।।৩৩।। তত ইতি। অসিতৌজনম্ অণরিসিততেজনম্ ।।৩৪।। তত ইতি। বলহন্তরিক্রন্ত, বথা পুরা পূর্ববৎ সক্রিয়া ॥৩৫॥ স ইতি। বীৰ্য্যবান্ ভপত্তেজোযুক্ত:। বারবত্যাং নগৰ্যায় ॥৩॥

ভারতভাবদীপঃ

ভবতীতি প্রদর্শনার্থন 🗈 — ৩ 🕫 তং চৈবেতি। এবমধ্যাত্মং জিপুরদাহেইপি সংশারাত্মক: সুদ্ধ: প্রপঞ্চো বাবদেহণাতং বাধিতামুবুত্তামূবর্ত্তত এব। তং বালং হিরণাগর্ভাধ্যং সুস্ম সমষ্টিরূপং পুরুদমুরকগভং জীবন্মুক্তপ্রতীতিগোচরং জিঞাসমানা উমাত্রক্ষবিভাষ্যা কৃৎস্ববাবে ক্লতেংগ্যয়ং কোহৰশিষ্ট ইভ্যব্ৰবীৎ পৃষ্টবভী, তল্প মহাদেৰতক্ষ প্ৰভাগনন্তবাদহত্তৰমেবোভৰং দদৌ। অতএব তং স্ক্রসমষ্টিং ক ইভি বেদে বদস্তি—"প্রকাপডির্ফো ক" ইভি। তত্ম নামৈব क हे जि अजिहिज्य । अनः नर्सवाधानजार नर्दाः स्वयम् । ज्या भक्त वाहरा छ। या प्राप्त वाहरा छ।

তথন ইক্স অস্থা কৰিয়া বজ্ঞদারা প্রহার কবিবার উপক্রম করিলে, বজ্ঞ-সমষিত পরিঘতুল্য ইন্দ্রের সেই বাহুকে বালকটা স্তব্ধ করিয়া ফেলিলেন ॥৩২॥১ সেই বাল ফটা যে ত্রিভূবনের অধিপতি—ইহা দেবতারা বৃঝিতে পারিলেন না; স্থুতরাং ব্রহ্মার সহিত সকল দেবতা সেই বালকটান বিংযে মোহযুক্ত

হইলেন ॥৩৩॥

ভাহার পর ভগবান্ ব্রহ্মা ধ্যান করিয়া ইনি সর্বশ্রেষ্ঠ এইভাবে অমিত-তেজা সেই বালকটাকে উমাপতি মহাদেব জানিযা নমস্থার করিলেন ৫৩৪॥

তদনস্তর সেই দেবভারা গুবছারা পার্ব্বভী ও মহাদেবকে প্রসন্ন কবিলেন। তখন ইন্দ্রের সেই বাহু পূর্বের স্থায় হইল ॥৩৫॥

বিপ্রকারান্ প্রযুগ্ কে সা হ্ববহুনাম বেশানি।
তামুদারতয়া চাহং চক্ষমে চাতিছঃসহান্॥৩৭॥
স বৈ রুদ্রঃ স চ শিবঃ সোহয়িঃ সর্বরঃ স সর্বজিৎ।
স চৈবেক্রশ্চ বায়ুশ্চ সোহয়িনো স চ বিছ্যুতঃ॥৬৮॥
স চন্দ্রমাঃ স চেশানঃ স সূর্য্যো বরুণশ্চ সঃ।
স কালঃ সোহস্তকো মৃত্যুঃ স যমো রাজ্যহানি চ ॥৩৯॥
মাসার্দ্রমাসা ঋতবঃ সন্ধ্যে সংবৎসরশ্চ সঃ।
স ধাতা স বিধাতা চ বিশ্বকর্মা স সর্ববিৎ ॥৪০॥
নক্ষজাণি গ্রহাশ্চৈব দিশোহধ প্রদেশস্তথা।
বিশ্বসূর্ত্তিরমেয়াত্মা ভগবান্ পরমন্ত্যুতিঃ॥৪১॥

ভাবতকৌমুদী

বিপ্রেভি। বিপ্রকারান্ উপস্রবান্। চক্ষমে সেছে ।৩৭।

স ইতি। রুদ্রো রৌদ্রকর্মকারী সংহারকত্বাৎ, শিবো সঙ্গলম্য:, অগ্নি: সর্বাধিকডেজা:, সর্বাঃ সকলমৃত্তিকত্বাৎ ॥৩৮॥

স ইতি। ঈশানো নাম দিক্পতি:। অন্তক্য অন্তিমে বন্ধনকর্তা, মৃত্যু: প্রাণনাশক্য, ধ্যঃ সংযমবিধায়কঃ ।৩৯॥

মাদেতি। অর্দ্ধমানঃ পক্ষ:, ধাতা নাম কশ্চিদ্দেবঃ, বিশ্বকর্মা দেবশিল্পী ॥৪০॥ নক্ষত্রাণীতি। প্রদিশো বিদিশঃ। অমেযাত্মা অজ্ঞেয়স্বভাবঃ ॥৪১॥

তিনি তুর্বাসা নামে তেজস্বী ব্রাহ্মণ হইয়া দাবকানগবে আমাব গৃহে দীর্ঘ কাল বাস করিয়াছিলেন ॥৩৬॥

তৎকালে তিনি আমাব গৃহে বহুতর উপত্তব করিয়াছিলেন; কিন্তু আমি উদাবতানিবন্ধন অভি হুঃসহ সেই উপত্তবগুলি সহু করিয়াছিলাম ॥৩৭॥

তিনি কল, তিনি শিব, তিনি অগ্নি, তিনি সর্কবিজ্যী সর্ব, তিনি ইন্দ্র, তিনি বায়ু, তিনি অধিনীকুমাবদ্ধয় এবং তিনি বিছাৎ ॥৩৮॥

তিনি চক্র, তিনি ঈশান, তিনি সুর্য্য, তিনি বরুণ, তিনি কাল, তিনি অন্তক, মৃত্যু ও যম এবং তিনি দিন ও বাত্রি ॥৩৯॥

তিনি মাস, পক্ষ, ঋতু, সন্ধ্যা ও সংবৎসব, তিনি ধাতা, তিনি বিধাতা, তিনি বিশ্বকর্মা, তিনি সর্ববিজ্ঞ ॥৪ ॰॥

অজ্যেশ্বরূপ ও মহাতেজা ভগবান্ মহাদেব নক্ষত্র, গ্রহ, দিক্, বিদিক্ ও বিশ্বরূপ ॥৪১॥ একধা চ দ্বিধা চৈব বহুধা চ স এব হি।
শতধা সহস্রধা চৈব তথা শতসহস্রধা ॥৪২॥
ঈদৃশঃ স মহাদেবো ভূযশ্চ ভগবানতঃ।
নহি শক্যা গুণা বক্তুমুপি বর্ষশতৈবপি॥৪৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতাযাং বৈযাসিক্যাসনুশাসনপর্ব্বণি দানধর্ম্মে ঈশ্ববপ্রশংসাযাম্ অফট্রিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥০॥ #

ভাৰতকোমূদী

একধেতি। একধা ব্রহ্মরপত্বাৎ, বিধা জীবব্রহ্মরপত্বাৎ, বহুধা সাংখ্যমতে পুরুষরপত্বাৎ, "পুরুষবহুত্বং সিদ্ধ"মিতি সাংখ্যকারিকোক্তেঃ, শতধা শতপর্কবজ্ঞরপত্বাৎ, সহস্রধা চণ্ডীবাহ-রূপত্বাৎ "দিশো ভূজসহস্ত্রেণ সমস্তাদ্ব্যাণ্য সংস্থিত।"মিতি সার্কণ্ডেষপুরাণোক্তেঃ, শতসহস্রধা লক্ষপ্রবারঃ চমুরপত্বাৎ। তৃতীষ্ণাদে অক্ষরাধিক্যমার্বর্ ॥৪২॥

ঈদৃশ ইতি। ভগবান্ স মহাদেবঃ অভ: অস্মাদীদৃশাদপি ভূযো বছরপঃ বছরপং দধাতি বা ॥৪৩॥

> ইতি মহামহোপাধ্যাদ-ভারতাচার্য্য-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতাদাং মহাভারতটীকাদাং ভারতকৌমূদীসমাথ্যামামস্থাসন-পর্বাণি দানধর্মে অইজিংশদধিকশততমো২ধ্যামঃ ॥•॥ ভারতভারদীপঃ

ত্তিপুরত্বং বাহুকৃতং কর্ম ন স্পৃশতীতি দর্শিতম্ ॥৩১—৪১॥ একধা ব্রহ্মরূপেণ। বিধা ব্রহ্ম ভেদেন। বহুধেত্যাদি প্রপঞ্চরপেণ॥৪২—৪৩॥

ইতি শ্রীমহাভারতে অনুশাসনপর্বাণি দানধর্মে নৈলক্ষ্পীযে ভারতভাবদীপে অইতিংশদধিকশততমোহধ্যায়ঃ ॥১৩৮॥

তিনি একরূপ, ছইরূপ, বহুরূপ, শতরূপ, সহস্ররূপ ও লক্ষরপ হইযা থাকেন ॥৪২॥

সেই মহাদেব এইকপ কিংবা ভগবান মহাদেব ইহা অপেফাও বহু কপ হইযা থাকেন; স্মৃতবাং বহু শত বৎসবেও তাঁহাৰ সকল গুণ বলা যায় না'॥৪৩॥

⁽৪৩) ভূমশ্চ ভগবানথ-পি। * ' । মষ্টাধিকশতভমোহণ্যায়:'--বদ বর্জ।

উনচত্বারিংশদ্ধিকশততমোহধ্যায়ঃ।

বাস্থদেব উবাচ।

যুধিন্তির! মহাবাহো! মহাভাগ্যং মহাত্মনঃ।
ক্রুক্ত বহুরূপক্ত বহুনাম্নো নিবাধ মে ॥১॥
বদত্যগ্রিং মহাদেবং তথা স্থাণুং মহেশ্বরম্।
একাক্ষং ত্রান্তকং চৈব বিশ্বরূপং শিবং তথা ॥২॥
দ্বে তন্ তক্ত দেবক্ত বেদজা ত্রাক্ষণা বিছঃ।
ঘোরামক্যাং শিবামক্যাং তে তনু বহুধা পুনঃ ॥৩॥
উগ্রা ঘোরা তমুর্ধাক্ত সোহগ্লিবিহ্যুৎ স ভাক্ষরঃ।
শিবা সোম্যা চ যা ক্বক্ত ধর্মস্তাপোহথ চন্দ্রমাঃ ॥৪॥
আত্মনোহর্দ্ধন্ত তক্তাগ্রিঃ সোমোহর্দ্ধং পুনক্রচ্যতে।
ভ্রক্ষচর্য্যে চরত্যেক। শিবা চাক্ত তমুস্তথা ॥৫॥

ভারতকোমূদী

যুধীতি। মহাভাগ্যং মাহাত্মাম্। নিবোধ শৃণু ॥১॥
বদতীতি। স্থাণুং বন্ধরপত্যা স্থিরস্থাৎ। একাকং ললাটগতৈকনয়নম্ ॥২॥
বে ইতি। তন্ দেহোঁ। বোরাং ভীষণাং রুক্তরপত্মাৎ ॥৩॥
উত্তোতি। অক্ত মহাদেবক্ত। আপো জলম্ ॥৪॥
আতান ইতি। অর্ধুগ্ররপম্, দিতীযমর্ধং শিবরপম্ ॥৫॥

কৃষ্ণ বলিলেন—'মহাবাস্থা জ্যেষ্ঠপাণ্ডব! আপনি আমাব নিকট বছ ৰূপ ও বহু নামা মহাল্পা মহাদেবের মাহাল্য শ্রবণ করুন॥১॥

মুনিগণ বলেন—মহাদেব অগ্নি, স্থাণু, মহেশ্বব, একনয়ন, ত্রিনয়ন, বিশ্ববাপ ও শিব ॥২॥

